# ঢাকা বোর্ড–২০২৩

বিষয় কোড 152

সময় : ৩০ মিনিট

## ফিন্যান্স ও ব্যাংকিং : বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[২০২৩ সালের সিলেবাস অনুযায়ী]

*[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান–১।]*

*প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।*

**১. অর্থায়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধরন কোনটি?**
ক ব্যবসায় অর্থায়ন খ পারিবারিক অর্থায়ন
গ আন্তর্জাতিক অর্থায়ন ঘ সরকারি অর্থায়ন

**২. তহবিল সংগ্রহের প্রক্রিয়াকে মূলত কী বলে?**
ক ব্যয় সিদ্ধান্ত খ আয় সিদ্ধান্ত
গ বিনিয়োগ সিদ্ধান্ত ঘ তারল্য সিদ্ধান্ত

**৩. অর্থের সময়মূল্য নির্ধারণের মূল কারণ কী?**
ক সুদের হার খ দ্রব্যমূল্য বৃদ্ধি
গ দ্রব্যমূল্য হ্রাস ঘ মানুষের দৃষ্টিভঙ্গি

**□ নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব তোহা তার ব্যাংক হিসাবে যতবার ইচ্ছা লেনদেন করতে পারেন। প্রতিমাসে নির্দিষ্ট পরিমাণ টাকা জমা দেয়ার জন্য তিনি একটি হিসাব খুলতে চান।

**৪. জনাব তোহার হিসাবটি কোন ধরনের হিসাব?**
ক সঞ্চয়ী হিসাব খ স্থায়ী হিসাব
গ চলতি হিসাব ঘ বিমা সঞ্চয়ী হিসাব

**৫. জনাব তোহার জন্য কোন হিসাবটি উপযুক্ত হবে?**
ক ঋণ আমানতি হিসাব খ স্কুল সঞ্চয়ী হিসাব
গ বিমা সঞ্চয়ী হিসাব ঘ ডিপোজিট পেনশন স্কিম

**৬. লিমা নিজস্ব অর্থায়নে "আরোগ্য নিকেতন" নামে একটি নার্সিং হোম প্রতিষ্ঠা করেন? মূলধন বাজেটিং এর মাধ্যমে তিনি কোন সিদ্ধান্ত নেবেন?**
ক ঔষধ ক্রয় খ মূল্য নির্ধারণ
গ প্যাড তৈরি ঘ এক্সরে মেশিন ক্রয়

**৭. 'X' প্রকল্পের আয়ুষ্কাল ৫ বছর, প্রারম্ভিক বিনিয়োগ ১ লক্ষ টাকা, প্রতি বছর আয় ৪০ হাজার টাকা। 'X' প্রকল্পের পে-ব্যাক সময় কত?**
ক ২ বছর খ ২.৫ বছর গ ৩ বছর ঘ ৩.৫ বছর

**৮. আগামী বছর কোম্পানির বিক্রয় কমে যাওয়ার আশঙ্কায় ঝুঁকি কীভাবে কমানো যায়?**
ক উৎপাদন বাড়িয়ে খ ক্রয় বাড়িয়ে
গ দাম বাড়িয়ে ঘ অগ্রিম বিক্রয় করে

**৯. "গ্রাহকের প্রয়োজন মিটাতে সর্বদা নগদ টাকা রাখতে হবে।"– ইহা ব্যাংকের কোন নীতি?**
ক নিরাপত্তা নীতি খ মুনাফা নীতি
গ তারল্য নীতি ঘ প্রাচুর্য নীতি

**১০. যে ব্যাংকের একাধিক শাখা থাকে তাকে কী বলে?**
ক শাখা ব্যাংকিং খ চেইন ব্যাংকিং
গ গ্রুপ ব্যাংকিং ঘ একক ব্যাংকিং

**১১. সাধারণত ব্যাংকের চেক কী হিসাবে ব্যবহৃত হয়?**
ক মূলধনের বিকল্প হিসাবে খ বিনিময়ের মাধ্যমে হিসাবে
গ অর্থ হিসাবে ঘ উপহার হিসাবে

**১২. বাণিজ্যিক ব্যাংকের মৌলিক উদ্দেশ্য কোনটি?**
ক মুনাফা অর্জন খ মূলধন গঠন
গ জনকল্যাণ ঘ কর্মসংস্থান সৃষ্টি

**১৩. বিনিয়োগকারীরা যুক্তিসংগত মূল্যে তাদের সম্পদ বিক্রয় করতে না পারলে কোন ঝুঁকি তৈরি হয়?**
ক ব্যবসায়িক ঝুঁকি খ আর্থিক ঝুঁকি
গ তারল্য ঝুঁকি ঘ সুদ হারের ঝুঁকি

**১৪. প্রকল্প মূল্যায়নের সহজ ও জনপ্রিয় পদ্ধতি কোনটি?**
ক গড় মুনাফার হার পদ্ধতি খ পে-ব্যাক সময় পদ্ধতি
গ নিট বর্তমান মূল্য পদ্ধতি
ঘ অভ্যন্তরীণ মুনাফার হার পদ্ধতি

**১৫. একটি দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড নির্ভর করে–**
i. ব্যাংক ব্যবস্থার উপর ii. আর্থিক প্রতিষ্ঠানের উপর
iii. সামাজিক প্রতিষ্ঠানের উপর
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১৬. সুদের হার ১০% হলে ৫০০ টাকার ১ বছর পরের ভবিষ্যৎ মূল্য কত হবে?**
ক ৫১০ টাকা খ ৫৩০ টাকা গ ৫৪০ টাকা ঘ ৫৫০ টাকা

**১৭. জনাব আসিক তার ব্যাংক হিসাব হতে কোনো সুদ পান না। তার হিসাবটি কোন ধরনের?**
ক সঞ্চয়ী খ স্থায়ী গ চলতি ঘ ঋণ আমানতি

**□ নিচের উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব হাসান একজন মুদি দোকানদার। তিনি ফ্রিজে মালামাল রাখেন। সম্প্রতি তিনি আরও একটি ফ্রিজ ক্রয় করে দোকান সম্প্রসারণের কথা ভাবছেন।

**১৮. জনাব হাসানের এ সিদ্ধান্তটি কোন ধরনের?**
ক স্বল্পমেয়াদি বিনিয়োগ খ দীর্ঘমেয়াদি বিনিয়োগ
গ লভ্যাংশ সিদ্ধান্ত ঘ অর্থায়ন সিদ্ধান্ত

**১৯. জনাব হাসানের সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রয়োজন–**
ক মুনাফার হার নির্ধারণ খ ব্যাংক ঋণ গ্রহণ
গ মূলধনী আয়-ব্যয় প্রাক্কলন ঘ বাট্টা হার নির্ণয়

**২০. ব্যাংকিং সেবাকে সহজ করা হয়েছে–**
i. মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ii. অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে
iii. ক্রেডিট কার্ডের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ iii ঘ i, ii ও iii

**২১. বৈদেশিক লেনদেন নিষ্পত্তির জন্য কোন ব্যাংক প্রতিষ্ঠিত হয়েছে?**
ক শিল্প ব্যাংক খ বিনিয়োগ ব্যাংক
গ বিনিময় ব্যাংক ঘ আমদানি-রপ্তানি ব্যাংক

**২২. বাণিজ্যিক ব্যাংকের প্রধান কাজ কোনটি?**
ক মূলধন বিনিয়োগ করা খ নোট ইস্যু করা
গ কর্মসংস্থান করা ঘ অর্থ স্থানান্তর করা

**২৩. বাণিজ্যিক ব্যাংক কমিশন আদায় করে কখন?**
ক প্রত্যয়পত্র ইস্যু করে খ ঋণ গ্রহণ করে
গ ঋণ প্রদান করে ঘ আমানত গ্রহণ করে

**২৪. জনাব নাজিফ ইলেকট্রনিক ব্যাংকিং সেবা নিতে চান। তার গ্রহণ করা উচিত–**
i. ট্রাভেলার্স চেক ii. ডেবিট কার্ড iii. ক্রেডিট কার্ড
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**২৫. একমালিকানা ও অংশীদারি কারবারে কোন ধরনের ঝুঁকি অনেক বেশি?**
ক আর্থিক ঝুঁকি খ ব্যবসায়িক ঝুঁকি
গ তারল্য ঝুঁকি ঘ সুদ হারের ঝুঁকি

**২৬. কোন কার্ডে ব্যাংক হিসাব থাকার বাধ্যবাধকতা নেই?**
ক ক্রেডিট কার্ড খ ডেবিট কার্ড
গ এটিএম কার্ড ঘ এনি ব্রাঞ্চ ব্যাংকিং

**□ নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
সজিব কম ঝুঁকিপূর্ণ একটি খাতে ৫০ লক্ষ টাকা বিনিয়োগ করেছে যার দলিলে পরিপক্বতার তারিখ উল্লেখ রয়েছে। কিছুদিন পর বাজারে সুদের হার বেড়ে যাওয়ায় সজিব বেশ শঙ্কায় পড়েন।

**২৭. সজিব কোন খাতে বিনিয়োগ করেছেন?**
ক সাধারণ শেয়ার খ বিল
গ অগ্রাধিকার শেয়ার ঘ ডিবেঞ্চার বন্ড

**২৮. সজিবের শঙ্কায় থাকার কারণ কী?**
ক সুদের পরিমাণ কমে যাবে
খ পরিচালন খরচ অপরিশোধিত থাকবে
গ বিনিয়োগের মূল্য কমে যাবে
ঘ দেউলিয়া হওয়ার আশঙ্কা রয়েছে

**২৯. মেশিন ক্রয়, কাঁচামাল ক্রয়, শ্রমিকদের মজুরি প্রদান কোন ধরনের অর্গায়নের অন্তর্ভুক্ত?**
ক পারিবারিক অর্থায়ন খ সরকারি অর্থায়ন
গ কারবারি অর্থায়ন ঘ আন্তর্জাতিক অর্থায়ন

**৩০. তহবিল বিনিয়োগের মূল উদ্দেশ্য কোনটি?**
ক উৎপাদন খ বণ্টন গ মুনাফা অর্জন ঘ অর্থায়ন

**■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ঢাকা বোর্ড–২০২৩

বিষয় কোড 1 5 2

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স ও ব্যাংকিং : সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

[২০২৩ সালের সিলেবাস অনুযায়ী]

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে কমপক্ষে তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে কমপক্ষে তিনটিসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ফিন্যান্স অংশ

১। জনাব আদনান সাহেব প্রাথমিক অবস্থায় শুধুমাত্র চিকিৎসা বিষয়ক বই বিক্রয় করতে গিয়ে ঝুঁকির সম্মুখীন হন। তিনি পরবর্তী ব্যবস্থা হিসাবে কবিতার বই, গল্পের বই, ধর্মীয় বইসহ শিক্ষণীয় বই বিক্রি করা শুরু করেন। ফলে তার অধিক মুনাফা অর্জিত হয়।

ক. সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী? ১
খ. উপযুক্ততার নীতি প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২
গ. আদনান সাহেব এর প্রাথমিক কার্যক্রম ব্যবসায়িক কোন নীতি? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আদনান সাহেবের পরবর্তী পদক্ষেপের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

২। জনাব সাকি ১০% সুদে গ্রামীণ মহাজন থেকে ১০,০০,০০০ টাকা ঋণ সংগ্রহ করে পাইকারী ব্যবসায় শুরু করেন। ব্যবসায়ের প্রতিদিনের বিক্রয়লব্ধ বেশিরভাগ অর্থ দ্বারা পুনরায় পণ্য ক্রয় করেন।

ক. জাতীয় আয় বৃদ্ধিতে প্রত্যক্ষ ভূমিকা রাখে কোনটি? ১
খ. পারিবারিক অর্থায়নের প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২
গ. সাকি সাহেবের অর্থায়ন কোন শ্রেণির? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, সাকি সাহেব "তারল্য বনাম মুনাফা" নীতি অনুসরণ করেছেন? তোমার মতামত দাও। ৪

৩। নিধু একটি রেফ্রিজারেটর এর শোরুম দেয়ার চিন্তা করেন। স্থানীয় ব্যাংকসমূহের নিকট ঋণ গ্রহণের প্রস্তাব করায় 'A' ব্যাংক ২০% বার্ষিক চক্রবৃদ্ধি সুদে এবং 'B' ব্যাংক ১০% মাসিক চক্রবৃদ্ধি সুদে ৫ বছর পর ঋণ পরিশোধ করার শর্তে ১০,০০,০০০ টাকা ঋণ প্রদানে সম্মত হয়।

ক. কোন পদ্ধতি অনুসরণ করে বর্তমান মূল্য নির্ণয় করা হয়? ১
খ. চক্রবৃদ্ধিকরণ এর প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২
গ. 'A' ব্যাংক থেকে ঋণ নিলে কত টাকা পরিশোধ করতে হবে? ৩
ঘ. 'A' ব্যাংক ও 'B' ব্যাংক এর মধ্যে কোনটি থেকে ঋণ গ্রহণ সুবিধাজনক? গাণিতিক যুক্তি দাও। ৪

৪। জনাব বাদল ৬ বছর পর ৬০,০০০ টাকা পাওয়ার আশায় কিছু টাকা ব্যাংকে জমিয়ে রাখতে চান 'X' ব্যাংক ১০% হারে সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে। 'Y' ব্যাংক ৯.৫% হারে মাসিক চক্রবৃদ্ধির প্রস্তাব দিয়েছে।

ক. দীর্ঘমেয়াদি প্রকল্প মূল্যায়নে কীসের সাথে তুলনা করতে হয়? ১
খ. সুযোগ ব্যয় প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২
গ. 'X' ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? নির্ণয় কর। ৩
ঘ. 'Y' ব্যাংকের প্রকৃত সুদের হার (EAR) নির্ণয় কর। ৪

৫। আবিদ সাহেবের গোধূলি প্রকল্পের ৫ বছরের আয় যথাক্রমে ২৫%, ৩০%, ২০%, ১৫% ও ২৫%। অপরদিকে সন্ধ্যা প্রকল্পের আয় যথাক্রমে ২০%, ২৫%, ১৫%, ২০%, ২৫%।

ক. অনিশ্চয়তা থেকে কীসের সৃষ্টি হয়? ১
খ. ঝুঁকি কীভাবে পরিমাপ করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. 'গোধূলি' প্রকল্পের ঝুঁকি নির্ণয় কর। ৩
ঘ. 'গোধূলি' ও 'সন্ধ্যা' প্রকল্পের মধ্যে কোনটি গ্রহণ করা উচিত? গাণিতিক যুক্তি উপস্থাপন কর। ৪

৬। জনাব রানা এর দুটি প্রকল্পের তথ্য নিম্নরূপ :
চাঁদ প্রকল্পের বিনিয়োগের পরিমাণ ৫০,০০০ টাকা। ৩ বছরে তার বিক্রয়ের পরিমাণ যথাক্রমে ৪০,০০০; ৫০,০০০ ও ৬৫,০০০ টাকা। চলতি ব্যয়, বিক্রয়ের ১০%। স্থায়ী খরচ ১০,০০০ টাকা। অপরপক্ষে সুরুজ প্রকল্পের পে-ব্যাক সময় ৪ বছর।

ক. IRR এর পূর্ণরূপ কী? ১
খ. মূলধন বাজেটিং কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. চাঁদ প্রকল্পের গড় মুনাফা নির্ণয় কর। ৩
ঘ. পে-ব্যাক এর ভিত্তিতে জনাব রানা এর কোন প্রকল্প গ্রহণ যুক্তিযুক্ত? বিশ্লেষণ কর। ৪

### ব্যাংকিং অংশ

৭। গ্রামের স্বল্প আয়ের লোকজন তাদের আয়ের একটি নির্দিষ্ট অংশ সাফা ব্যাংকে জমা রাখেন। সাফা ব্যাংক পরোক্ষভাবে মুদ্রা প্রচলন করে। অপরদিকে নোট ও মুদ্রা প্রচলন করে মারওয়া ব্যাংক।

ক. চেইন ব্যাংকের মুখ্য উদ্দেশ্য কী? ১
খ. 'কৃষি ব্যাংক' কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাফা ব্যাংক কার্যভিত্তিক কোন শ্রেণির? ব্যাখ্যা কর। ৩
ঘ. সাফা ও মারওয়া ব্যাংকের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৮। মি. বরুন ৩০ লক্ষ টাকা গৃহ নির্মাণ ঋণের জন্য 'GT ব্যাংকের' নিকট আবেদন করেন। এ জন্য তার সক্ষমতা ও জমি বন্ধক সংক্রান্ত কাজ সম্পন্ন করেন। 'GT ব্যাংক' ২০০৫ সালে বৈধ কার্যক্রম সম্পাদনের মাধ্যমে চালু হয়।

ক. ব্যাংক ব্যবসায়ে সফলতার পূর্বশর্ত কোনটি? ১
খ. ব্যাংকের তারল্য নীতিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ব্যাংকটি প্রতিষ্ঠায় কোন প্রতিষ্ঠানের অনুমতির দরকার হয়েছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. বরুন-কে ঋণদান কার্যক্রমটি উদ্দীপকের ব্যাংকটির জন্য যুক্তিসংগত কিনা বিশ্লেষণ কর। ৪

৯। সৌদি প্রবাসি রিয়াদ নিজ দেশে অর্থ পাঠানোর জন্য 'P' ব্যাংকে একটি হিসাব খোলেন এবং রিয়াদ এর পাঠানো অর্থ দিয়ে প্রতিমাসে ৫০০ টাকা একটি বিশেষ হিসাবে স্থানান্তর করেন যা দিয়ে নির্দিষ্ট সময় শেষে মুনাফাসহ আসল ফেরত পাবেন।

ক. ATM এর পূর্ণরূপ কী? ১
খ. কোন হিসাবে জমাতিরিক্ত অর্থ উত্তোলন করা যায়? ব্যাখ্যা কর। ২
গ. রিয়াদ এর বিশেষ হিসাবটি কোন হিসাব? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের 'P' ব্যাংকটি রিয়াদ-কে কীভাবে সফলতার সাথে মুনাফা প্রদান করে? বিশ্লেষণ কর। ৪

১০। জনাব তাহসিন একজন ব্যাবসায়ী। 'বোর্ড' ব্যাংকে তার একটি হিসাব রয়েছে যা থেকে তিনি যতবার ইচ্ছা টাকা তুলতে পারেন। তিনি বেড়াতে কুয়াকাটা যান। সেখানে বেশ সস্তায় পণ্য ক্রয়ের সুযোগ হয় যা ঐ ব্যাংকের সাহায্যে সময়মতো কিনতে সমর্থ হন। বাংলাদেশের সব জেলায় তাদের শাখা রয়েছে।

ক. এসএমএস ব্যাংকিং কী? ১
খ. ডেবিট কার্ড প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব তাহসিন এর কোন ধরনের হিসাব রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বোর্ড ব্যাংকের সেবা ব্যবসায়ীদের কাজকে সহজ করে দেয়।– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১১। জনাব বিকাশ পেনশন থেকে প্রাপ্ত টাকা একটি ব্যাংকে জমা রাখেন যা থেকে প্রতিমাসে নির্দিষ্ট পরিমাণ মুনাফা গ্রহণ করেন। তার ৭ম শ্রেণিতে পড়ুয়া মেয়ের জন্য ঐ ব্যাংকে একটি আলাদা হিসাব খোলেন। মেয়ে উক্ত হিসাবে টিফিন ও উপহারের টাকা জমা রাখে।

ক. রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাব কাদের জন্য? ১
খ. এনি ব্রাঞ্চ ব্যাংকিং বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২
গ. জনাব বিকাশ এর মেয়ের পরিচালিত হিসাবটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব বিকাশ এর ব্যাংক হিসাবটির ধরন বিশ্লেষণ কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | খ | ৩ | ক | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ক | ১১ | খ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | গ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | গ |

## সৃজনশীল

### ফিন্যান্স অংশ

**প্রশ্ন ▶ ০১** জনাব আদনান সাহেব প্রাথমিক অবস্থায় শুধুমাত্র চিকিৎসা বিষয়ক বই বিক্রয় করতে গিয়ে ঝুঁকির সম্মুখীন হন। তিনি পরবর্তী ব্যবস্থা হিসাবে কবিতার বই, গল্পের বই, ধর্মীয় বইসহ শিক্ষণীয় বই বিক্রি করা শুরু করেন। ফলে তার অধিক মুনাফা অর্জিত হয়।

ক. সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী? ১

খ. উপযুক্ততার নীতি প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২

গ. আদনান সাহেব এর প্রাথমিক কার্যক্রম ব্যবসায়িক কোন নীতি? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আদনান সাহেবের পরবর্তী পদক্ষেপের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

### ১নং প্রশ্নের উত্তর

**ক** সরকারি অর্থায়নের মূল লক্ষ্য জনকল্যাণ/সমাজকল্যাণ।

**খ** ব্যবসায়ের চলতি মূলধন স্বল্পমেয়াদি উৎস এবং স্থায়ী মূলধন দীর্ঘমেয়াদি উৎস হতে সংগ্রহের নীতিকে উপযুক্ততার নীতি বলে।

উপযুক্ততার নীতি অনুসারে ব্যবসায়ীগণ বিভিন্ন স্থায়ী ব্যয় যেমন– মেশিন ক্রয়, দালানকোঠা নির্মাণ প্রভৃতির জন্য দীর্ঘমেয়াদি উৎস ব্যবহার করে থাকেন। সাধারণত বাণিজ্যিক ব্যাংক, বিনিয়োগ ব্যাংক, বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান এ দীর্ঘমেয়াদি অর্থ প্রদান করে। আবার প্রতিষ্ঠানের বিক্রয়লব্ধ আয় দ্বারা চলতি মূলধনের সংস্থান করা হয়। কারণ দীর্ঘমেয়াদি উৎস দ্বারা চলতি ব্যয় নির্বাহ করা হলে উপার্জিত আয় হতে ঋণের সুদ পরিশোধ করা অসম্ভব হয়ে যায়।

**গ** জনাব আদনান সাহেবের প্রাথমিক কার্যক্রমটি হচ্ছে ব্যবসায় অর্থায়নের ঝুঁকি ও বৈচিত্র্যায়ণ নীতি।

কোনো বিনিয়োগকারী যখন তার অর্থ একটি পণ্যে বা সম্পদে বিনিয়োগ না করে একাধিক পণ্যে বিনিয়োগ করেন, তাকে ব্যবসায় অর্থায়নের বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টনের নীতি বলে। কারবারে একাধিক পণ্য হলেও বৈচিত্র্যপূর্ণ হলে কারবারে ঝুঁকি হ্রাস পায়।

উদ্দীপকে জনাব আদনান তিনি প্রাথমিক অবস্থায় শুধুমাত্র চিকিৎসা বিষয়ক বই বিক্রি করে ঝুঁকির সম্মুখীন হন। তিনি পরবর্তীতে কবিতার বই, গল্পের বই, ধর্মীয় বইসহ শিক্ষণীয় বই বিক্রি শুরু করেন। যার ফলে তার অধিক মুনাফা অর্জিত হয়। পণ্যে বৈচিত্র্যায়ণ থাকায় জনাব আদনান সে অধিক মুনাফা অর্জনে সক্ষম হন।

তাই বলা যায় যে, আদনান সাহেবের প্রাথমিক কার্যক্রম ব্যবসায়ের ঝুঁকি বণ্টন ও বৈচিত্র্যায়ণ নীতি।

**ঘ** জনাব আদনান সাহেবের পরবর্তী পদক্ষেপের যৌক্তিকতা মূল্যায়ন করা হলো :

উদ্দীপকে জনাব আদনান তিনি প্রথমে চিকিৎসা বিষয়ক বই বিক্রয় করতে গিয়ে ঝুঁকিতে পড়েন। তিনি পরবর্তীতে কবিতার বই, গল্পের বই, ধর্মীয় বইসহ শিক্ষণীয় বই বিক্রি করা শুরু করেন। ফলে সে ব্যবসায় হতে অধিক মুনাফা লাভ করে। ব্যবসায়ে ঝুঁকি বণ্টন ও বৈচিত্র্যায়ণ নীতি অনুসরণ করার ফলে ঝুঁকি হ্রাস ও বৈচিত্র্যপণ্য হওয়ায় বিক্রয় অধিক হয়। ব্যবসায়ে একই ধরনের পণ্য বা পণ্যে বৈচিত্র্যায়ণ না থাকলে অধিক ক্রেতার সমাগম হয় না। নির্দিষ্ট সংখ্যক ক্রেতা দোকানে যায়। এই নীতি প্রয়োগ করার ফলে জনাব আদনানের ব্যবসায়ে মুনাফা বৃদ্ধি পায়।

কেননা শুধুমাত্র একটি নির্দিষ্ট পণ্যের ক্রেতা সামান্য। কিন্তু বৈচিত্র্যপূর্ণ পণ্যের ক্রেতা অধিক। এক্ষেত্রে এক বা একাধিক পণ্যের চাহিদা কমে বিক্রয় হ্রাস পেলেও, অন্যান্য পণ্য বিক্রয় থেকে ক্ষতি পুষিয়ে নেওয়া সম্ভব হয়। এভাবে জনাব আদনান তিনি তার ব্যবসায়ে বিভিন্ন ধরনের বই বিক্রি করে, অধিক ক্রেতার আগমন তার কাছে হয়। যার ফলে কোনো নির্দিষ্ট বইয়ের ক্রেতা তার দোকানে আসবে না। পণ্যে বৈচিত্র্য সৃষ্টি করায় সকল ক্রেতার সমাগত হবে।

তাই বলা যায় যে, ব্যবসায়ে ঝুঁকি বণ্টন ও বৈচিত্র্যায়ণ নীতি মুনাফা অর্জনে অধিক কার্যকর।

**প্রশ্ন ▶ ০২** জনাব সাকি ১০% সুদে গ্রামীণ মহাজন থেকে ১০,০০,০০০ টাকা ঋণ সংগ্রহ করে পাইকারী ব্যবসায় শুরু করেন। ব্যবসায়ের প্রতিদিনের বিক্রয়লব্ধ বেশিরভাগ অর্থ দ্বারা পুনরায় পণ্য ক্রয় করেন।

ক. জাতীয় আয় বৃদ্ধিতে প্রত্যক্ষ ভূমিকা রাখে কোনটি? ১

খ. পারিবারিক অর্থায়নের প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২

গ. সাকি সাহেবের অর্থায়ন কোন শ্রেণির? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, সাকি সাহেব "তারল্য বনাম মুনাফা" নীতি অনুসরণ করেছেন? তোমার মতামত দাও। ৪

### ২নং প্রশ্নের উত্তর

**ক** জাতীয় আয় বৃদ্ধিতে প্রত্যক্ষ ভূমিকা রাখে উৎপাদনমুখী বিনিয়োগ।

**খ** পারিবারিক অর্থায়ন হলো পরিবারের সুষ্ট পরিচালনার জন্য পরিকল্পনা মাফিক তহবিলের উৎস নির্ধারণ ও ব্যবস্থাপনা প্রক্রিয়া।

পারিবারিক অর্থায়নের ক্ষেত্রে পরিবারের আয়ের উৎস ও পরিমাণ নির্ধারণ করে, সেই আয় কীভাবে ব্যয় করলে পরিবারের সকল সদস্যদের সর্বাঙ্গীন মঙ্গল হয়। অনির্ধারণ করা, পরিবারের ব্যয় গুলোর ভেতর অগ্রাধিকারের ভিত্তিতে অধিক গুরুত্বপূর্ণ ব্যয়গুলো পূরণ করা হয়।

**গ** সাকি সাহেবের অর্থায়ন হচ্ছে বহিস্থ তহবিলের স্বল্পমেয়াদি অর্থায়নের অন্তর্গত।

স্বল্পমেয়াদি তহবিল হতে ১ বছর বা তার চেয়ে কম সময়ের জন্য অর্থায়ন করা হয়। স্বল্পমেয়াদি উৎস হতে তুলনামূলক খরচ কম হয় অর্থসংস্থানে। স্বল্পমেয়াদি তহবিলের উৎসগুলো হচ্ছে– ক্রেতা হতে অগ্রিম, গ্রাম্য মহাজন হতে সুদের বিনিময়ে ঋণ, মজুদ মাল বন্ধকীকরণ, বাণিজ্যিকপত্র, স্বল্পমেয়াদি ব্যাংক ঋণ।

উদ্দীপকে জনাব সাকি ১০% সুদে গ্রামীণ মহাজন থেকে ১০,০০,০০০ টাকা ঋণ সংগ্রহ করে পাইকারী ব্যবসায় শুরু করেন। বহুকাল পূর্ব থেকেই গ্রামের বিত্তশালী ব্যক্তিরা স্বল্পমেয়াদে দরিদ্র ব্যক্তিদের ঋণ প্রদান করে আসছে। এক্ষেত্রে ঋণ পরিশোধের মেয়াদ উত্তীর্ণ হলে গ্রহীতাকে বড় অংকের সুদ প্রদান করতে হয়। গ্রাম্য মহাজনরা এ ঋণের দিনভিত্তিক, মাসভিত্তিক, সপ্তাহভিত্তিক সুদ আদায় করে থাকে। তাই বলা যায় যে, জনাব সাকি স্বল্পমেয়াদি অর্থায়নের বহিস্থ তহবিল থেকে অর্থায়ন করেছে।

**ঘ** উদ্দীপকে জনাব সাকি সাহেব "তারল্য বনাম মুনাফা" নীতি অনুসরণ করেননি।

তারল্য ও মুনাফার মধ্য উপযুক্ত ভারসাম্য বজায় রাখার নীতি হচ্ছে তারল্য বানাম মুনাফা নীতি। ব্যবসায় তারল্য ও মুনাফা মধ্যে ভারসাম্য বজায় রেখে আর্থিক ব্যবস্থাপনা করতে হয়।

"তারল্য বনাম মুনাফা" নীতি অনুযায়ী নগদ অর্থ (তারল্য) ও বিনিয়োগের (মুনাফা) মধ্য সমন্বয় করা হয়। হাতে নগদ অর্থ বেশি রাখলে মুনাফা কমে যায়। অন্যদিকে অতিরিক্ত অর্থ বিনিয়োগ করলে ব্যবসায় তারল্য ঘাটতি দেখা দেয়।

উদ্দীপকে জনাব সাকি তিনি ব্যবসায়ের প্রতিদিনের বিক্রয়লব্ধ অর্থ বেশির ভাগ দ্বারা পুনরায় পণ্য ক্রয় করেন। তিনি তার ব্যবসায়ের তারল্য ও মুনাফার সমন্বয় করতে পারেনি। নগদ অর্থ ও বিনিয়োগের মধ্যে ভারসাম্য বজায় রেখে, ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনা করতে হয়। তিনি বিক্রয়ের বেশিরভাগ অর্থ দ্বারা পণ্য ক্রয় করেন, অর্থাৎ বিনিয়োগ। যার ফলে তার ব্যবসায়ে তারল্য (নগদ অর্থ) ঘাটতি হবে, যার ফলে সে পরিচালন ব্যয়, অর্থাৎ দৈনন্দিন খরচ ব্যয় করতে পারবেন না। তিনি মুনাফার আশায় বেশিরভাগ অর্থ বিনিয়োগ করেন। এতে তার ব্যবসায়ে তারল্য ঘাটতি দেখা দেবে।

তাই বলা যায়, তিনি "তারল্য বনাম মুনাফা" নীতি অনুসরণ করেনি।

**প্রশ্ন ▸ ০৩** নিধু একটি রেফ্রিজারেটর এর শোরুম দেয়ার চিন্তা করেন। স্থানীয় ব্যাংকসমূহের নিকট ঋণ গ্রহণের প্রস্তাব করায় 'A' ব্যাংক ২০% বার্ষিক চক্রবৃদ্ধি সুদে এবং 'B' ব্যাংক ১০% মাসিক চক্রবৃদ্ধি সুদে ৫ বছর পর ঋণ পরিশোধ করার শর্তে ১০,০০,০০০ টাকা ঋণ প্রদানে সম্মত হয়।

ক. কোন পদ্ধতি অনুসরণ করে বর্তমান মূল্য নির্ণয় করা হয়? ১
খ. চক্রবৃদ্ধিকরণ এর প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২
গ. 'A' ব্যাংক থেকে ঋণ নিলে কত টাকা পরিশোধ করতে হবে? ৩
ঘ. 'A' ব্যাংক ও 'B' ব্যাংক এর মধ্যে কোনটি থেকে ঋণ গ্রহণ সুবিধাজনক? গাণিতিক যুক্তি দাও। ৪

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** বাট্টাকরণ প্রক্রিয়া অনুসরণ করে বর্তমান মূল্য নির্ণয় করা হয়।

**খ** যে পদ্ধতিতে প্রতি বছর সুদাসলের উপর সুদ ধার্য করে ভবিষ্যৎ মূল্য নির্ধারণ করা হয় তাকে চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি বলে।

সরল সুদের ক্ষেত্রে শুধু আসলের উপর সুদ গণনা করা হয়। কিন্তু চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিতে প্রতি বছর সুদাসলের উপর সুদ গণনা করা হয়। যেমন : আসল ১০০ টাকা ও সুদের হার ১০% ধরলে ১ বছর পর সুদ হবে (১০০ × ১০%) = ১০ টাকা। ভবিষ্যৎ মূল্য দাঁড়াবে {১০০ + (১০০ × ১০%)} = ১১০ টাকা। দ্বিতীয় বছর এই ১১০ টাকাকে আসল ধরে তার উপর দ্বিতীয় বছরের ১০% হারে সুদ ধার্য করলে সুদ হবে (১১০ × ১০%) = ১১ টাকা। এভাবে প্রথম বছরের সুদাসলকে দ্বিতীয় বছরের আসল ধরে তার উপর দ্বিতীয় বছরের সুদ ধার্য করার প্রক্রিয়াকে বলা হয় চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি।

**গ** 'A' ব্যাংকের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করা হলো:
এখানে, বর্তমান মূল্য (PV) = ১০,০০,০০০ টাকা
মেয়াদ (n) = ৫ বছর
সুদের হার (i) = ২০% বা ০.২০
আমরা জানি, ভবিষ্যৎ মূল্য, $(FV) = PV(১ + i)^n$
$= ১০,০০,০০০ (১ + ০.২০)^৫$
$= ২৪,৮৮,৩২০$ টাকা।
∴ 'A' ব্যাংক থেকে ঋণ নিলে ২৪,৮৮,৩২০ টাকা পরিশোধ করতে হবে।

**ঘ** 'B' ব্যাংকের ভবিষ্যৎ মূল্য নির্ণয়:
এখানে, বর্তমান মূল্য (PV) = ১০,০০,০০০ টাকা
মেয়াদ (n) = ৫ বছর
সুদের হার (i) = ১০% বা ০.১০
চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ১২ বার
আমরা জানি,

$$ভবিষ্যৎ\ মূল্য\ (FV) = PV\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}$$
$$= ১০,০০,০০০\left(১ + \frac{০.১০}{১২}\right)^{৫ \times ১২}$$
$$= ১০,০০,০০০(১.০০৮৩৩৩৩৩)^{৬০}$$
$$= ১০,০০,০০০ \times ১.৬৪৫৩০৮৯$$
$$= ১৬,৪৫,৩০৮.৯৩৫\ টাকা।$$

এখানে, 'A' ব্যাংক থেকে ঋণ নিলে তাকে ৫ বছর পর ২৪,৮৮,৩২০ টাকা পরিশোধ করতে হবে। 'B' ব্যাংক থেকে ঋণ নিলে ৫ বছর পর তাকে ১৬,৪৫,৩০৮.৯৩৫ টাকা পরিশোধ করতে হবে। অর্থাৎ 'A' ব্যাংক থেকে ঋণ নিলে তাকে (২৪,৮৮,৩২০ – ১৬,৪৫,৩০৮.৯৩৫) = ৮,৪৩,০১১ টাকা বেশি দিতে হবে। তাই 'B' ব্যাংক থেকে ঋণ নেওয়া লাভজনক।

**প্রশ্ন ▸ ০৪** জনাব বাদল ৬ বছর পর ৬০,০০০ টাকা পাওয়ার আশায় কিছু টাকা ব্যাংকে জমিয়ে রাখতে চান 'X' ব্যাংক ১০% হারে সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে। 'Y' ব্যাংক ৯.৫% হারে মাসিক চক্রবৃদ্ধির প্রস্তাব দিয়েছে।

ক. দীর্ঘমেয়াদি প্রকল্প মূল্যায়নে কীসের সাথে তুলনা করতে হয়? ১
খ. সুযোগ ব্যয় প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২
গ. 'X' ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? নির্ণয় কর। ৩
ঘ. 'Y' ব্যাংকের প্রকৃত সুদের হার (EAR) নির্ণয় কর। ৪

## ৪নং প্রশ্নের উত্তর

**ক** দীর্ঘমেয়াদি প্রকল্প মূল্যায়নে বর্তমান ব্যয়ের সাথে ভবিষ্যৎ আয়ের মধ্য তুলনা করতে হয়।

**খ** কোনো একটি প্রকল্পে বিনিয়োগের ফলে অন্য যেকোনো প্রকল্পের আয়ের সুযোগ ত্যাগ করাকে সুযোগ ব্যয় বলে।

উদাহরণস্বরূপ কোনো এলাকায় জমির মূল্য ১০ বছরে দ্বিগুণ হয়। পক্ষান্তরে, ব্যাংকের সঞ্চয়ী হিসাবে সুদের হার ৮%। এক্ষেত্রে দুটি প্রকল্পের মধ্যে একটি গ্রহণ করতে হবে এবং অন্যটিকে ত্যাগ করতে হবে। মনে করি জমি ক্রয়ে বিনিয়োগ করা হলো এবং সঞ্চয়ী হিসাবের প্রকল্প ত্যাগ করা হলো। এক্ষেত্রে জমি ক্রয়ের সুযোগ ব্যয় হবে ৮% সুদের হার।

**গ** 'X' ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে, তা নির্ণয় করা হলো :

এখানে, ভবিষ্যৎ মূল্য (FV) = ৬০,০০০ টাকা

মেয়াদ (n) = ৬ বছর

সুদের হার (i) = ১০% বা ০.১০

আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য (PV)} = \frac{FV}{(১ + i)^n}$$

$$= \frac{৬০,০০০}{(১ + ০.১০)^৬}$$

$$= \frac{৬০,০০০}{১.৭৭১৫৬১}$$

= ৩৩,৮৬৮.৪৩ টাকা

∴ জনাব বাদলকে 'X' ব্যাংকে ৩৩,৮৬৮.৪৩ টাকা জমা রাখতে হবে।

**ঘ** 'Y' ব্যাংকের প্রকৃত সুদের হার নির্ণয় করা হলো :

এখানে,

সুদের হার (i) = ৯.৫% বা ০.০৯৫

চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ১২ বার

আমরা জানি,

$$\text{প্রকৃত সুদের হার, EAR} = \left\{\left(১ + \frac{i}{m}\right)^m - ১\right\} \times ১০০$$

$$= \left\{\left(১ + \frac{০.০৯৫}{১২}\right)^{১২} - ১\right\} \times ১০০$$

$$= (১.০৯৯২৪৭৫৮৪ - ১) \times ১০০$$

= ৯.৯২%

∴ 'Y' ব্যাংকের প্রকৃত সুদের হার ৯.৯২%।

**প্রশ্ন ▸ ০৫** আবিদ সাহেবের গোধূলি প্রকল্পের ৫ বছরের আয় যথাক্রমে ২৫%, ৩০%, ২০%, ১৫% ও ২৫%। অপরদিকে সন্ধ্যা প্রকল্পের আয় যথাক্রমে ২০%, ২৫%, ১৫%, ২০%, ২৫%।

ক. অনিশ্চয়তা থেকে কীসের সৃষ্টি হয়? ১

খ. ঝুঁকি কীভাবে পরিমাপ করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. 'গোধূলি' প্রকল্পের ঝুঁকি নির্ণয় কর। ৩

ঘ. 'গোধূলি' ও 'সন্ধ্যা' প্রকল্পের মধ্যে কোনটি গ্রহণ করা উচিত? গাণিতিক যুক্তি উপস্থাপন কর। ৪

## ৫নং প্রশ্নের উত্তর

**ক** অনিশ্চয়তা থেকে ঝুঁকির সৃষ্টি হয়।

**খ** প্রকৃত ফলাফল প্রত্যাশিত ফলাফল থেকে ভিন্ন হওয়ার সম্ভাবনা হচ্ছে ঝুঁকি।

আদর্শ বিচ্যুতি দ্বারা ঝুঁকি পরিমাপ করা হয়। এটি ঝুঁকি পরিমাপের একটি পরিসংখ্যানিক পদ্ধতি।

$$\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\frac{\Sigma(\text{আয় হার} - \text{গড় হার})^২}{n - ১}}$$

সাধারণত আদর্শ বিচ্যুতির বড় মান অধিক ঝুঁকি এবং ছোট মান কম ঝুঁকি নির্দেশ করে।

**গ** 'গোধূলি' প্রকল্পের ঝুঁকি নির্ণয় করা হলো:

'গোধূলি' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয়,

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয় – গড়) | ব্যবধানের বর্গ |
|---|---|---|---|
| ১ | ২৫ | (২৫ – ২৩) = ২ | ৪ |
| ২ | ৩০ | (৩০ – ২৩) = ৭ | ৪৯ |
| ৩ | ২০ | (২০ – ২৩) = – ৩ | ৯ |
| ৪ | ১৫ | (১৫ – ২৩) = – ৮ | ৬৪ |
| ৫ | ২৫ | (২৫ – ২৩) = ২ | ৪ |
| যোগফল = | ১১৫ | ব্যবধানের বর্গের যোগফল = | ১৩০ |
| গড় আয় | $\frac{১১৫}{৫} = ২৩\%$ | ব্যবধানের বর্গের গড় $= \frac{১৩০}{n-১} = \frac{১৩০}{৫-১}$ | = ৩২.৫ |

∴ আদর্শ বিচ্যুতি $= \sqrt{৩২.৫} = ৫.৭০\%$

∴ 'গোধূলি' প্রকল্পের ঝুঁকির পরিমাণ ৫.৭০%।

**ঘ** 'সন্ধ্যা' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করা হলো :

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয় – গড়) | ব্যবধানের বর্গ |
|---|---|---|---|
| ১ | ২০ | (২০ – ২১) = – ১ | ১ |
| ২ | ২৫ | (২৫ – ২১) = ৪ | ১৬ |
| ৩ | ১৫ | (১৫ – ২১) = – ৬ | ৩৬ |
| ৪ | ২০ | (২০ – ২১) = – ১ | ১ |
| ৫ | ২৫ | (২৫ – ২১) = ৪ | ১৬ |
| যোগফল = | ১০৫ | ব্যবধানের বর্গের যোগফল = | ৭০ |
| গড় আয় | $\frac{১০৫}{৫} = ২১\%$ | ব্যবধানের বর্গের গড় $= \frac{৭০}{n - ১} = \frac{৭০}{৫ - ১}$ | = ১৭.৫ |

∴ আদর্শ বিচ্যুতি $= \sqrt{১৭.৫} = ৪.১৮\%$

∴ জনাব আবিদ সাহেবের 'সন্ধ্যা' প্রকল্প গ্রহণ করা উচিত। কেননা এর ঝুঁকির পরিমাণ ৪.১৮% অপরদিকে 'গোধূলি' প্রকল্পের ঝুঁকি ৫.৭০% 'সন্ধ্যা' প্রকল্পের তুলনায় 'গোধূলি' প্রকল্পের ঝুঁকি বেশি। তাই তার উচিত 'সন্ধ্যা' প্রকল্প গ্রহণ করা।

**প্রশ্ন ▶ ০৬** জনাব রানা এর দুটি প্রকল্পের তথ্য নিম্নরূপ :
চাঁদ প্রকল্পের বিনিয়োগের পরিমাণ ৫০,০০০ টাকা। ৩ বছরে তার বিক্রয়ের পরিমাণ যথাক্রমে ৪০,০০০; ৫০,০০০ ও ৬৫,০০০ টাকা। চলতি ব্যয়, বিক্রয়ের ১০%। স্থায়ী খরচ ১০,০০০ টাকা। অপরপক্ষে সুরুজ প্রকল্পের পে-ব্যাক সময় ৪ বছর।

ক. IRR এর পূর্ণরূপ কী? ১
খ. মূলধন বাজেটিং কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. চাঁদ প্রকল্পের গড় মুনাফা নির্ণয় কর। ৩
ঘ. পে-ব্যাক এর ভিত্তিতে জনাব রানা এর কোন প্রকল্প গ্রহণ যুক্তিযুক্ত? বিশ্লেষণ কর। ৪

### ৬নং প্রশ্নের উত্তর

**ক** IRR এর পূর্ণরূপ হচ্ছে Internal Rate of Return

**খ** মূলধন বাজেটিং বলতে দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের মূল্যায়ন প্রক্রিয়াকে বুঝায়।

মূলধন বাজেটিং-এর মাধ্যমে প্রকল্পের আয়-ব্যয় প্রাক্কলন করে সম্ভাব্য লাভজনকতা বিশ্লেষণ করে সেই মোতাবেক সিদ্ধান্ত গ্রহণ করা হয়। কোনো একটি বিনিয়োগের ক্ষেত্রে ঝুঁকির আশঙ্কাও এ প্রক্রিয়ায় জানা সম্ভব। এছাড়া একাধিক বিকল্প বিনিয়োগ খাত থাকলেও এ প্রক্রিয়ার মাধ্যমে সর্বোত্তম বিকল্পটি নির্বাচন করা যায়।

**গ** 'চাঁদ' প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় করা হলো :

| বিবরণ | পরিমাণ (টাকায়) | | |
|---|---|---|---|
| | বছর-১ | বছর-২ | বছর-৩ |
| বিক্রয় | ৪০,০০০ | ৫০,০০০ | ৬৫,০০০ |
| বাদ: চলতি ব্যয় (১০%) | (৪,০০০) | (৫,০০০) | (৬,৫০০) |
| স্থায়ী খরচ | (১০,০০০) | (১০,০০০) | (১০,০০০) |
| অবচয় | (১৬,৬৬৬) | (১৬,৬৬৬) | (১৬,৬৬৬) |
| নিট মুনাফা | ৯,৩৩৪ | ১৮,৩৩৪ | ৩১,৮৩৪ |

এখানে, গড় নিট মুনাফা $= \frac{৯,৩৩৪ + ১৮,৩৩৪ + ৩১,৮৩৪}{৩}$

$= ১৯,৮৩৪$ টাকা

$\therefore$ গড় বিনিয়োগ $= \frac{৫০,০০০ + ০}{২} = ২৫,০০০$ টাকা

$\therefore$ গড় মুনাফার হার $= \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$

$= \frac{১৯,৮৩৪}{২৫,০০০} \times ১০০$

$= ৭৯.৩৩৬\%$

**নোট :** বার্ষিক অবচয় $= \frac{\text{প্রাথমিক বিনিয়োগ}}{\text{আয়ুষ্কাল}}$

$= \frac{৫০,০০০}{৩}$

$= ১৬,৬৬৬$ টাকা

$\therefore$ 'চাঁদ' প্রকল্পের গড় মুনাফার হার ৭৯.৩৩%

**ঘ** 'চাঁদ' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করা হলো:

| বিবরণ | বছর-১ (টাকায়) | বছর-২ (টাকায়) | বছর-৩ (টাকায়) |
|---|---|---|---|
| নিট মুনাফা | ৯,৩৩৪ | ১৮,৩৩৪ | ৩১,৮৩৪ |
| (+) অবচয় | ১৬,৬৬৬ | ১৬,৬৬৬ | ১৬,৬৬৬ |
| নগদ প্রবাহ | ২৬,০০০ | ৩৫,০০০ | ৪৮,৫০০ |

সারণিতে নির্ণীত নগদ প্রবাহ ব্যবহার করে প্রকল্পটির পে-ব্যাক সময় নিম্নরূপে নির্ণয় করা হলো–

| বছর | বার্ষিক নগদ প্রবাহ (টাকায়) | ক্রমযোজিত নগদ আন্তঃপ্রবাহ (টাকায়) |
|---|---|---|
| ০ | – ৫০,০০০ | – ৫০,০০০ |
| ১ | ২৬,০০০ | – ২৪,০০০ |
| ২ | ৩৫,০০০ | ১১,০০০ |
| ৩ | ৪৮,৫০০ | ৫৯,৫০০ |

$\therefore$ পে-ব্যাক সময় $= ১ + \frac{২৪,০০০}{৩৫,০০০}$ বছর

$= (১ + ০.৬৮৫৭১৪)$ বছর

$= ১.৬৮$ বছর

$\therefore$ 'চাঁদ' প্রকল্পের পে-ব্যাক ১.৬৮ বছর।

তাহলে জনাব রানার উচিত 'চাঁদ' প্রকল্প গ্রহণ করা। কেননা সুরুজ প্রকল্পের পে-ব্যাক ৪ বছর। পে-ব্যাক সময় যত কম প্রকল্প ততোই গ্রহণযোগ্য। তাই তার 'চাঁদ' প্রকল্প গ্রহণ করা উচিত।

## ব্যাংকিং অংশ

**প্রশ্ন ▶ ০৭** গ্রামের স্বল্প আয়ের লোকজন তাদের আয়ের একটি নির্দিষ্ট অংশ সাফা ব্যাংকে জমা রাখেন। সাফা ব্যাংক পরোক্ষভাবে মুদ্রা প্রচলন করে। অপরদিকে নোট ও মুদ্রা প্রচলন করে মারওয়া ব্যাংক।

ক. চেইন ব্যাংকের মুখ্য উদ্দেশ্য কী? ১
খ. 'কৃষি ব্যাংক' কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাফা ব্যাংক কার্যভিত্তিক কোন শ্রেণির? ব্যাখ্যা কর। ৩
ঘ. সাফা ও মারওয়া ব্যাংকের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

### ৭নং প্রশ্নের উত্তর

**ক** চেইন ব্যাংকের মুখ্য উদ্দেশ্য হচ্ছে– পারস্পরিক উন্নতি সাধন।

**খ** দেশের কৃষিক্ষেত্রে উন্নয়নের লক্ষ্যে কৃষকগণকে বিভিন্ন মেয়াদের ঋণ প্রদানসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানের লক্ষ্যে যে ব্যাংক কাজ করে, তাকে 'কৃষি ব্যাংক' বলে।

বাংলাদেশ কৃষি প্রধান দেশ। কৃষি ব্যাংকের কাজ হচ্ছে কৃষকদের ঋণ প্রদান করা, যার ফলে কৃষকেরা মূলধন পাবে সহজেই। কৃষি ব্যাংক কৃষকদের বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান করে থাকে। মূলত কৃষি খাতের উন্নয়নের জন্য 'কৃষি ব্যাংক' প্রয়োজন।

**গ** উদ্দীপকের সাফা ব্যাংকের কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী এটি একটি বাণিজ্যিক ব্যাংক।

মুনাফা অর্জনের উদ্দেশ্য জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ করে এবং যে আমানত হতে ঋণ প্রদানসহ বিভিন্ন ব্যাংকিং সেবায় নিয়োজিত ব্যাংককে বাণিজ্যিক ব্যাংক বলে। গ্রাহকের আমানতকৃত অর্থ হতে বাণিজ্যিক ব্যাংক ঋণ দানের মাধ্যমে মুনাফা অর্জন করে।

উদ্দীপকের গ্রামের স্বল্প আয়ের লোকজন তাদের আয়ের একটি অংশ সাফা ব্যাংকে জমা রাখে। সাফা ব্যাংক পরোক্ষভাবে মুদ্রা প্রচলন করে। বৈশিষ্ট্য বিবেচনায় সাফা ব্যাংক হচ্ছে বাণিজ্যিক ব্যাংক। আমানত গ্রহণ ও ঋণদান তাই ব্যাংকের প্রধান কাজ। বাণিজ্যিক ব্যাংক পরোক্ষভাবে মুদ্রা প্রচলন করে থাকে। ব্যাংকের চেক, কার্ড, বিল ইত্যাদির দ্বারা মুদ্রা প্রচলন করে থাকে। তাই কার্যভিত্তিক শ্রেণি অনুসারে 'সাফা ব্যাংক' একটি বাণিজ্যিক ব্যাংক।

**ঘ** 'সাফা' ব্যাংক হচ্ছে একটি বাণিজ্যিক ব্যাংক ও 'মারওয়া' ব্যাংক হচ্ছে কেন্দ্রীয় ব্যাংক। বাণিজ্যিক ব্যাংক ও কেন্দ্রীয় ব্যাংকের সম্পর্ক তুলে ধরা হলো :

দেশের মুদ্রাবাজারকে সুসংগঠিত আকারে পরিচালিত করার উদ্দেশ্যে কেন্দ্রীয় ব্যাংক গঠিত হয়। এ ব্যাংক মুদ্রা বাজার নিয়ন্ত্রণ, ঋণ নিয়ন্ত্রণ, অর্থ সরবরাহ ইত্যাদি কাজ সম্পাদন করে। অন্যদিকে, বাণিজ্যিক ব্যাংক মুনাফা অর্জনের উদ্দেশ্যে আমানত গ্রহণ ও ঋণদান করে থাকে।

উদ্দীপকের সাফা ব্যাংক গ্রামের স্বল্প আয়ের লোকদের আয়ের একটি অংশ আমানত হিসেবে গ্রহণ করে। ব্যাংক পরোক্ষভাবে মুদ্রা প্রচলন করে। অর্থাৎ, ব্যাংকটি হলো বাণিজ্যিক ব্যাংক। অপরদিকে, মারওয়া ব্যাংক নোট ও মুদ্রা প্রচলন করে। আর এ কাজের অধিকার শুধুই কেন্দ্রীয় ব্যাংকের।

বাণিজ্যিক ব্যাংকের অনুমোদন ও তালিকাভুক্তি করে থাকে কেন্দ্রীয় ব্যাংক। এ ব্যাংক নিকাশ ঘরের সাহায্যে বাণিজ্যিক ব্যাংকের আন্তঃব্যাংকিং দেনা-পাওনা নিষ্পত্তি করে। বাণিজ্যিক ব্যাংকগুলোর আর্থিক সংকটে ঋণের শেষ আশ্রয়স্থল হিসেবে কাজ করে। কেন্দ্রীয় ব্যাংক উপদেষ্টা ও পরামর্শদাতা হিসেবে বাণিজ্যিক ব্যাংকের ব্যাংকিং কার্যক্রম তদারকি করে। বাণিজ্যিক ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণে সহায়তা করে। কেন্দ্রীয় ব্যাংকের পক্ষে পরোক্ষভাবে মুদ্রা প্রচলন করে। কেন্দ্রীয় ব্যাংকের সাথে একত্রিত হয়ে দেশের অর্থনৈতিক উন্নয়নে কাজ করে।

**প্রশ্ন ▶ ০৮** মি. বরুন ৩০ লক্ষ টাকা গৃহ নির্মাণ ঋণের জন্য 'GT ব্যাংকের' নিকট আবেদন করেন। এ জন্য তার সক্ষমতা ও জমি বন্ধক সংক্রান্ত কাজ সম্পন্ন করেন। 'GT ব্যাংক' ২০০৫ সালে বৈধ কার্যক্রম সম্পাদনের মাধ্যমে চালু হয়।

ক. ব্যাংক ব্যবসায়ে সফলতার পূর্বশর্ত কোনটি? ১
খ. ব্যাংকের তারল্য নীতিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ব্যাংকটি প্রতিষ্ঠায় কোন প্রতিষ্ঠানের অনুমতির দরকার হয়েছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. বরুন-কে ঋণদান কার্যক্রমটি উদ্দীপকের ব্যাংকটির জন্য যুক্তিসংগত কিনা বিশ্লেষণ কর। ৪

### ৮নং প্রশ্নের উত্তর

**ক** ব্যাংক ব্যবসায়ে সফলতার পূর্বশর্ত হচ্ছে– ব্যাংকের ওপর গ্রাহকের অবস্থা।

**খ** মক্কেলদের দাবি পূরণ করার সামর্থ্য সংরক্ষণের নীতিকে তারল্য নীতি বলে।

আমানতকারী যখন টাকা তুলতে চায় তখন তাদের নগদ টাকা দিতে হয়। আবার এটা বিবেচনায় রেখে যদি আমানতের সব টাকা ব্যাংক তরল অবস্থায় রেখে দেয় তবে ব্যাংকের কোনো বিনিয়োগ হবে না এবং ব্যাংকটির কোনো মুনাফাও হবে না। সুতরাং সার্থক ব্যাংক ব্যবসায় মানে হলো সঠিক তারল্য নীতি। যেখানে অতিরিক্ত তারল্যও থাকবে না আবার তারল্যের সংকটও হবে না। তাই এই তারল্য নীতি ব্যাংক ব্যবসায়ের অন্যতম মূলনীতি হিসেবে বিবেচিত হয়।

**গ** উদ্দীপকের ব্যাংকটি প্রতিষ্ঠায় কেন্দ্রীয় ব্যাংকের অনুমতি দরকার হয়েছিল।

ব্যাংক মুদ্রাবাজারে অভিভাবক এবং বাণিজ্যিক ব্যাংকের ব্যাংকার হিসেবে কাজ করে থাকে। এটি নতুন ব্যাংক প্রতিষ্ঠার অনুমতি ও তালিকাভুক্তির কাজ করে থাকে।

উদ্দীপকে বর্ণিত 'GT' ব্যাংক ২০০৫ সালে বৈধ কার্যক্রম সম্পাদনের মাধ্যমে চালু হয়। যা একটি বাণিজ্যিক ব্যাংক। তাই ব্যাংকটির প্রতিষ্ঠার জন্য কেন্দ্রীয় ব্যাংকের অনুমোদন প্রয়োজন হয়েছিল। সাধারণত বাণিজ্যিক ব্যাংক দেশের বিদ্যমান ব্যাংকিং আইনের আওতায় এবং কেন্দ্রীয় ব্যাংকের অনুমতি সাপেক্ষে গঠিত হয়। এর ফলে ব্যাংকটি বৈধ্যতা পায়। যে ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের অনুমতি দ্বারা গঠিত হয়। উক্ত ব্যাংকের ওপর গ্রাহকের আস্থা ও বিশ্বাস থাকে। তাই বলা যায় যে, 'GT' ব্যাংক গঠনে কেন্দ্রীয় ব্যাংকের অনুমতি দরকার হয়েছিল।

**ঘ** নিরাপত্তার নীতি অনুযায়ী মি. বরুন-কে ঋণদান কার্যক্রমটি উদ্দীপকের 'GT' ব্যাংকটির জন্য যুক্তিসংগত।

ঋণের অর্থ পরিশোধ করার সক্ষমতা ও জমি বন্ধক সংক্রান্ত কাজ সম্পাদিত হয়েছে। স্থায়ী সম্পদ জামানত রেখে যে ঋণ নেওয়া হয়। তাকে বন্ধকী ঋণ বলে। ঋণের নিরাপত্তা নিশ্চিত করার জন্য ব্যাংককে পর্যাপ্ত জামানত গ্রহণের পাশাপাশি ঋণগ্রহীতার আর্থিক সচ্ছলতা ও সরবরাহকৃত তথ্য যাচাই করতে হয়।

উদ্দীপকে জনাব বরুন 'GT' ব্যাংক থেকে ৩০ লক্ষ টাকা গৃহ নির্মাণ ঋণের জন্য আবেদন করেন। এজন্য তার সক্ষমতা ও জমি বন্ধক সংক্রান্ত কাজ সম্পাদন করেন। তাই তার সক্ষমতা ও স্থায়ী সম্পদ বন্ধক সংক্রান্ত বিষয় ইত্যাদি যাচাই করবে। উদ্দীপকের বরুন উক্ত কাজ সম্পাদন করেছেন। অর্থাৎ ব্যাংক সরবরাহকৃত দলিল ও তথ্য যাচাই করে নিশ্চিত হয়েছে।

কোনো ব্যক্তি যদি ঋণ পরিশোধ করতে ভবিষ্যতে অক্ষম হয়ে পড়ে। সেক্ষেত্রে ব্যাংক জামানতকৃত সম্পদ বিক্রয় করে ঋণের টাকা আদায় করে থাকে। যেহেতু সে ঋণ পরিশোধের সক্ষমতা ও জমি বন্ধক সংক্রান্ত কাজ সম্পাদিত করেছেন। তাই মি. বরুনকে ঋণ প্রদান করা যুক্তিসংগত হবে।

**প্রশ্ন ▶ ০৯** সৌদি প্রবাসি রিয়াদ নিজ দেশে অর্থ পাঠানোর জন্য 'P' ব্যাংকে একটি হিসাব খোলেন এবং রিয়াদ এর পাঠানো অর্থ দিয়ে প্রতিমাসে ৫০০ টাকা একটি বিশেষ হিসাবে স্থানান্তর করেন যা দিয়ে নির্দিষ্ট সময় শেষে মুনাফাসহ আসল ফেরত পাবেন।

ক. ATM এর পূর্ণরূপ কী? ১
খ. কোন হিসাবে জমাতিরিক্ত অর্থ উত্তোলন করা যায়? ব্যাখ্যা কর। ২
গ. রিয়াদ এর বিশেষ হিসাবটি কোন হিসাব? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের 'P' ব্যাংকটি রিয়াদ-কে কীভাবে সফলতার সাথে মুনাফা প্রদান করে? বিশ্লেষণ কর। ৪

## ৯নং প্রশ্নের উত্তর

**ক** ATM এর পূর্ণরূপ হচ্ছে Automated Teller Machine.

**খ** চলতি হিসাবে জমাতিরিক্ত অর্থ উত্তোলন করা যায়।

এ হিসাব সাধারণত ব্যবসায়ীরা খুলে থাকেন। এ হিসাবে গ্রাহকদের কোনো প্রকার সুদ প্রদান করা হয় না। ব্যবসায়ীরা এ হিসাব খুলে নানাবিধ ব্যাংকিং সেবা গ্রহণ করে বিধায় ব্যাংকের আয়ও হয়ে থাকে। এজন্যই চলতি হিসাবে জমাতিরিক্ত অর্থ উত্তোলন করা যায়।

**গ** রিয়াদ এর বিশেষ হিসাবটি হচ্ছে ডিপোজিট পেনশন স্কিম হিসাব।

ডিপোজিট পেনশন স্কিম এ হিসাবের মাধ্যমে প্রতি মাসে নির্দিষ্ট সময়ের মধ্য নির্দিষ্ট পরিমাণ টাকা জমা দিতে হয়। এভাবে দীর্ঘমেয়াদে টাকা জমা করে এবং মেয়াদ শেষে একবারে সুদসহ আসল ফেরত প্রদান করা হয়। একটি নির্দিষ্ট পরিমাণ টাকার অংক জমা দেয়ায়, সময়ান্তে সুদসহ সকল টাকা জমাকারীকে ফেরত দেওয়া হয়।

উদ্দীপকে রিয়াদের পাঠানো অর্থ দিয়ে প্রতি মাসে একটি বিশেষ হিসাবে স্থানান্তর করা হয়, যা নির্দিষ্ট সময় শেষে মুনাফাসহ আসল ফেরত দেয়া হবে। তার এই হিসাবের কার্যক্রম ডিপোজিট পেনশন স্কিম হিসাবের সাথে সাদৃশ্যপূর্ণ। তাই বলা যায়, রিয়াদের বিশেষ হিসাবটি হচ্ছে ডিপোজিট পেনশন স্কিম হিসাব।

**ঘ** উদ্দীপকের ‘P’ ব্যাংকটি একটি বাণিজ্যিক ব্যাংক। বাণিজ্যিক ব্যাংক তার ব্যবসায় হতে বিভিন্নভাবে আয় করে থাকে। যার ফলে রিয়াদে সফলতার সাথে মুনাফা প্রদান করে।

বাণিজ্যিক ব্যাংক ব্যবসা প্রতিষ্ঠান ও ভোক্তাদের ঋণ প্রদান করে, সুদ গ্রহণ করে, যা আয়ের প্রধান উৎস। এছাড়াও বাণিজ্যিক ব্যাংক বিভিন্ন লাভজনক খাতে বিনিয়োগ করে, মুনাফা অর্জন করে। যেমন– শেয়ার, ঋণপত্র, সরকারি সিকিউরিটি ইত্যাদি লাভজনক খাতে বিনিয়োগ করে থাকে। বাণিজ্যিক ব্যাংক বৈদেশিক মুদ্রা বিনিময়, লকার ভাড়া ইত্যাদি থেকে আয় করে থাকে। বাণিজ্যিক প্রতিনিধি হিসেবে কাজ করে কমিশন আদায় করে থাকে।

উদ্দীপকে সৌদি প্রবাসী রিয়াদ তার দেশে টাকা পাঠানোর জন্য ‘P’ ব্যাংকে হিসাব খোলেন ও প্রতি মাসে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ জমা প্রদানে, মেয়াদ শেষে তাকে মুনাফাসহ আসল ফেরত প্রদান করা হবে। বাণিজ্যিক ব্যাংক বিভিন্নভাবে আয় করে থাকে, বিধায় তাকে সফলতার সাথে মুনাফা প্রদান করতে সক্ষম।

**প্রশ্ন ▸ ১০** জনাব তাহসিন একজন ব্যাবসায়ী। ‘বোর্ড’ ব্যাংকে তার একটি হিসাব রয়েছে যা থেকে তিনি যতবার ইচ্ছা টাকা তুলতে পারেন। তিনি বেড়াতে কুয়াকাটা যান। সেখানে বেশ সস্তায় পণ্য ক্রয়ের সুযোগ হয় যা ঐ ব্যাংকের সাহায্যে সময়মতো কিনতে সমর্থ হন। বাংলাদেশের সব জেলায় তাদের শাখা রয়েছে।

ক. এসএমএস ব্যাংকিং কী? ১
খ. ডেবিট কার্ড প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব তাহসিন এর কোন ধরনের হিসাব রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বোর্ড ব্যাংকের সেবা ব্যবসায়ীদের কাজকে সহজ করে দেয়।– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

## ১০নং প্রশ্নের উত্তর

**ক** মোবাইল এসএমএসের মাধ্যমে বিভিন্ন ব্যাংকিং সেবা প্রদান করাকে, এসএমএস ব্যাংকিং বলে।

**খ** ডেবিট কার্ড হচ্ছে একটি ইলেকট্রনিক প্লাস্টিক কার্ড। ডেবিট কার্ড ব্যবহার করে গ্রাহক তার হিসাব থেকে টাকা জমা থাকা সাপেক্ষে ব্যবহার করে টাকা উত্তোলন করা যায়। আবার টাকা উত্তোলন না করেই, বিল পরিশোধ করা যায়। অর্থাৎ নগদ টাকা ছাড়া কেনাকাটা করা যায়। ২৪ ঘণ্টা টাকা উত্তোলনের সুযোগ থাকে, তাই ডেবিট কার্ড প্রয়োজন।

**গ** উদ্দীপকের ‘বোর্ড ব্যাংক’-এ জনাব তাহসিনের চলতি হিসাব রয়েছে।

যে ব্যাংক হিসাবের মাধ্যমে প্রতিদিন যতবার খুশি টাকা জমা রাখা যায় এবং প্রয়োজন মতো চাহিবামাত্র যতবার খুশি ততোবার টাকা উত্তোলন করা যায় তাকে চলতি হিসাব বলে। সাধারণত ব্যবসায়ীরা এ ধরনের হিসাব খুলে থাকে।

উদ্দীপকে উল্লিখিত জনাব তাহসিন একজন ব্যবসায়ী। তার ‘জাবেদ ব্যাংক’-এ একটি হিসাব রয়েছে। যা থেকে তিনি যতবার ইচ্ছা টাকা উত্তোলন পারেন। এ হিসাবের মাধ্যমেই তিনি চট্টগ্রাম বেড়াতে গিয়ে সস্তায় ব্যবসায়িক পণ্য পাওয়ায় তার মূল্য পরিশোধে সমর্থ হন। কারণ তার হিসাবে টাকা উত্তোলনের ক্ষেত্রে কোনো বাধ্যবাধকতা নেই। অতএব বলা যায়, ‘জাবেদ ব্যাংক’-এ তাহসিন চলতি হিসাব রয়েছে।

**ঘ** ইলেকট্রনিক ব্যাংকিং-এর বিভিন্ন পণ্য ও সেবার মধ্যে ব্যাংকের অন্যতম একটি সেবা এ্যানি ব্রাঞ্চ ব্যাংকিং বা অনলাইন ব্যাকিং, যা তাহসিনের মতো ব্যবসায়ীদের কাজকে সহজ করে দেয়।

যে ব্যাংকিং সেবার মাধ্যমে কোনো গ্রাহক ব্যাংকের যেকোনো একটি শাখায় হিসাব খোলে অন্য যেকোনো শাখায় লেনদেন করতে পারে তাকে এ্যানি ব্রাঞ্চ ব্যাংকিং বা অনলাইন ব্যাংকিং বলে। যেমন : ঢাকার ধানমন্ডিতে ব্যাংকের একটি শাখায় হিসাব খুলে চট্টগ্রামে উক্ত ব্যাংকের যেকোনো শাখায় লেনদেন করা যাবে।

উদ্দীপকে জনাব তাহসিন ঢাকার একজন ব্যবসায়ী। ‘জাবেদ ব্যাংক’ এ তার একটি হিসাব রয়েছে। তিনি একবার চট্টগ্রামে বেড়াতে গিয়ে ঐ ব্যাংকের কল্যাণে বেশ সস্তায় তার ব্যবসায়িক পণ্য কিনতে সমর্থ হন। তার কাছে কোনো এটিএম কার্ড না থাকলেও জাবেদ ব্যাংকের শাখা বাংলাদেশের যেকোনো জেলায় থাকাতে তিনি চট্টগ্রামে ঐ ব্যাংকের শাখা থেকে অর্থ উত্তোলনের সুযোগ পান।

উদ্দীপকে উল্লিখিত বোর্ড ব্যাংকের একাধিক শাখা থাকায় এ্যানি ব্রাঞ্চ ব্যাংকিং সেবা চালু করা ঐ ব্যাংকের জন্য সম্ভব হয়েছে। যার ফলে এই ব্যাংকিং সেবা গ্রহণের মাধ্যমে উক্ত ব্যাংকের গ্রাহকরা বাংলাদেশের যেকোনো শাখা থেকে কোনো এটিএম কার্ড না থাকলেও চেকের মাধ্যমে অর্থ উত্তোলনের সুযোগ পাবে। যা জনাব আরিফের পক্ষে সম্ভব হয়েছিল। বোর্ড ব্যাংকে এ্যানি ব্রাঞ্চ ব্যাংকিং সেবা চালু না থাকলে জনাব তাহসিনের ব্যবসায়িক পণ্য ক্রয় অসম্ভব হয়ে পড়তো। কারণ ঐ ব্যাংকের কোনো কার্ডের ব্যবস্থা ছিল না। অতএব পরিশেষে বলা যায়, ব্যাংকের একটি সেবা আরিফের মতো ব্যবসায়ীদের কাজকে সহজ করে দেয়– উক্তিটি যথার্থ।

**প্রশ্ন ▶ ১১** জনাব বিকাশ পেনশন থেকে প্রাপ্ত টাকা একটি ব্যাংকে জমা রাখেন যা থেকে প্রতিমাসে নির্দিষ্ট পরিমাণ মুনাফা গ্রহণ করেন। তার ৭ম শ্রেণিতে পড়ুয়া মেয়ের জন্য ঐ ব্যাংকে একটি আলাদা হিসাব খোলেন। মেয়ে উক্ত হিসাবে টিফিন ও উপহারের টাকা জমা রাখে।

ক. রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাব কাদের জন্য? ১

খ. এ্যানি ব্রাঞ্চ ব্যাংকিং বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. জনাব বিকাশ এর মেয়ের পরিচালিত হিসাবটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব বিকাশ এর ব্যাংক হিসাবটির ধরন বিশ্লেষণ কর। ৪

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** যেসব বাংলাদেশী নাগরিক নিয়মিত বিদেশ সফর করেন, তাদের জন্য রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাব।

**খ** এ্যানি ব্রাঞ্চ ব্যাংকিং এর মাধ্যমে গ্রাহক এক জায়গায় বা একটি শাখায় হিসাব খুলে দেশের অন্য যেকোনো শাখায় তার লেনদেন করতে পারে। যেমন– ঢাকার মোহাম্মদপুর ব্যাংকের শাখায় হিসাব খুলে সিলেটের ব্যাংকের যেকোনো শাখায় লেনদেন করতে পারে। যা হচ্ছে শাখা ব্যাংকিং কার্যক্রম।

**গ** জনাব বিকাশের মেয়ের পরিচালিত হিসাবটি হচ্ছে স্কুল সঞ্চয়ী হিসাব।

স্কুলের শিক্ষার্থীদের সঞ্চয় প্রবণতা বৃদ্ধি করার উদ্দেশ্যে ব্যাংকে যে হিসাব খোলা রাখার ব্যবস্থা করা হয়। তাকে স্কুল সঞ্চয়ী হিসাব বলে। শিক্ষার্থীরা তাদের সঞ্চিত টাকা ৩ হিসাবের দ্বারা জমা রাখতে পারে।

উদ্দীপকে জনাব বিকাশ তার ৭ম শ্রেণিতে পড়ুয়া মেয়ের জন্য ব্যাংকে আলাদা একটি হিসাব খুলেন। তার মেয়ে উক্ত হিসাবে টিফিন ও উপহারের টাকা জমা রাখে। শিক্ষার্থীর নামে হিসাব খুলে টাকা জমা রাখা যায় স্কুল সঞ্চয়ী হিসাবে। তাই বলা যায় যে, তার মেয়ের পরিচালিত হিসাবটি হচ্ছে স্কুল সঞ্চয়ী হিসাব।

**ঘ** জনাব বিকাশ এর পরিচালিত হিসাবটি হচ্ছে স্থায়ী হিসাব।

একটি নির্দিষ্ট সময় বা মেয়াদের জন্য যে হিসাব খোলা হয়, তাকে স্থায়ী হিসাব বলে। নির্দিষ্ট মেয়াদ শেষে গ্রাহককে সুদসহ আসল পরিশোধ করা হয়ে থাকে। এ হিসাবে ব্যাংক গ্রাহকদের উচ্চ হারে সুদ প্রদান করে থাকে।

উদ্দীপকে জনাব বিকাশ পেনশন থেকে প্রাপ্ত কিছু টাকা একটি ব্যাংকে জমা রাখেন। যা থেকে প্রতিমাসে নির্দিষ্ট পরিমাণ গ্রহণ করেন। তার এই হিসাবটি হচ্ছে স্থায়ী হিসাব। কারণ স্থায়ী হিসাব খুললে গ্রাহক প্রতিমাসে সুদ বা মুনাফা অংশ ব্যাংক থেকে সংগ্রহ করতে পারবেন। যেহেতু জনাব বিকাশ ব্যাংকে অর্থ জমা রাখা সাপেক্ষে প্রতি মাসে নির্দিষ্ট পরিমাণ মুনাফা গ্রহণ করে, তাই বলা যায় যে, তার পরিচালিত হিসাবের ধরনটি হচ্ছে স্থায়ী হিসাব।

# রাজশাহী বোর্ড–২০২৩

বিষয় কোড 152

সময় : ৩০ মিনিট

## ফিন্যান্স ও ব্যাংকিং : বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[২০২৩ সালের সিলেবাস অনুযায়ী]

*[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান–১।]*

*প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।*

**১. কোন নীতি অনুসারে ব্যাংক দেশের বিভিন্ন স্থানে এটিএম বুথ স্থাপন করে।**
ক সেবার নীতি খ বিনিয়োগ নীতি গ তারল্য নীতি ঘ উন্নয়নের নীতি

**২. নিচের কোনটির অর্থায়ন প্রক্রিয়া ভিন্ন?**
ক সাজঘর বিউটি পার্লার খ আলম হেয়ার কাটিং
গ রাব্বী জেনারেল স্টোর ঘ ফতুল্লা লিঃ

**৩. সুদাসলের উপর যে সুদ প্রদান করা হয়, তাকে কী বলে?**
ক প্রকৃত সুদ খ চক্রবৃদ্ধি সুদ
গ চক্রবৃদ্ধিকরণ প্রক্রিয়া ঘ বাট্টাকরণ প্রক্রিয়া

**৪. ঝুঁকি ও অনিশ্চয়তার ক্ষেত্রে প্রযোজ্য–**
i. অনিশ্চয়তা থেকে ঝুঁকির সৃষ্টি হয় ii. সব অনিশ্চয়তা ঝুঁকি নয়
iii. পরিমাপযোগ্য অনিশ্চয়তাই ঝুঁকি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৫. জনাব মারুফ ৩ বছর পূর্বে একটি প্রকল্পে অর্থ বিনিয়োগ করেন, যার আয় হার যথাক্রমে ৭%, ১০% ও ১৩%। প্রকল্পটির গড় আয় কত?**
ক ১০% খ ১৭% গ ২০% ঘ ২৩%

**৬. বন্ডে বিনিয়োগকারীকে কোন ঝুঁকির সম্মুখীন হতে হয়?**
ক ব্যবসায়িক খ তারল্য গ সুদহারের ঝুঁকি ঘ আর্থিক

**৭. রাসায়নিক শিল্প প্রতিষ্ঠানগুলো কোন সংস্থার অধীন?**
ক BCIC খ ADB গ IDB ঘ BSCIC

**৮. বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধিত্বমূলক কাজ কোনটি?**
ক বিল বাট্টাকরণ খ চেকের অর্থ আদায়
গ প্রত্যয়পত্র ইস্যু ঘ শেয়ার বিক্রয়

**৯. মি. বাশার "নদীয়া ব্যাংক"– এ অর্ধ-বার্ষিক চক্রবৃদ্ধিতে ৫ লক্ষ টাকা জমা রাখেন। এক্ষেত্রে m এর মান কত?**
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

**১০. বৈদেশিক লেনদেন নিষ্পত্তির জন্য কোন ব্যাংক প্রতিষ্ঠিত?**
ক বিনিয়োগ খ বিনিময় গ আন্তর্জাতিক ঘ বিদেশি

**১১. শিল্প কারখানা নির্মাণের জন্য ঋণ প্রদান করে কোন ব্যাংক?**
ক রূপালী ব্যাংক লি. খ সোনালী ব্যাংক লি.
গ বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লি. ঘ অগ্রণী ব্যাংক লি.

□ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
গাড়ি ব্যবসায়ী মি. আবিরের কুয়াশা ব্যাংকে একটি হিসাব আছে যার মাধ্যমে তিনি ব্যবসায়িক লেনদেন সম্পন্ন করেন। তিনি নিয়মিত জাপান থেকে গাড়ির যন্ত্রাংশ আমদানি করেন।

**১২. মি. আবিরের কুয়াশা ব্যাংকে কোন হিসাব আছে?**
ক সঞ্চয়ী খ চলতি
গ বৈদেশিক মুদ্রা স্থায়ী ঘ রেসিডেন্ট ফরেন কারেন্সি

**১৩. কুয়াশা ব্যাংক মি. আবিরের পক্ষে–**
i. প্রত্যয়পত্র ইস্যু করে
ii. ক্রেতা-বিক্রেতার দেনা পাওনা পরিশোধে সহায়তা করে
iii. বিনিয়োগকারীর মধ্যে মুনাফা বণ্টন করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৪. লাভ-লোকসান সমবণ্টনের কথা বলা হয়েছে ইসলামি ব্যাংকের কোন সেবায়?**
ক মুদারাবা খ মুরাবাহা গ ইজারা ঘ মুসারাকা

**১৫. যৌথ মূলধনি ব্যাংকের মূলধন গঠিত হয় কীভাবে?**
ক ঋণ গ্রহণের মাধ্যমে খ শুধু পরিচালকগণের অর্থে
গ শেয়ার ইস্যুর মাধ্যমে ঘ আমানত গ্রহণের মাধ্যমে

**১৬. নিচের কোন ব্যাংকিং পণ্যটি ব্যবহার করতে ব্যবহারকারীর ব্যাংক হিসাবে অর্থ থাকা আবশ্যক?**
ক ক্রেডিট কার্ড খ ডেবিট কার্ড গ পে-অর্ডার ঘ ব্যাংক ড্রাফট

**১৭. অর্থায়ন ব্যবসায়ের কী?**
ক ভাষা খ প্রাণ গ মূল চালিকাশক্তি ঘ স্পন্দন

**১৮. কোন দশকে বিশ্বব্যাপী আমদানি রপ্তানির প্রতিবন্ধকতা ব্যাপকভাবে হ্রাস পায়?**
ক ১৯৬০ খ ১৯৭০ গ ১৯৮০ ঘ ১৯৯০

**১৯. অর্থের বহিঃপ্রবাহের সাথে জড়িত–**
i. কাঁচামাল সংগ্রহ ii. পরিচালন ব্যয় নির্বাহ iii. সেবা প্রদান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২০. বার্ষিক সুদের হার ৫% হলে ১ বছর পরে ১০০০ টাকার বর্তমান মূল্য কত?**
ক ৯৫২.৩৮ টাকা খ ৬৬৬.৬৭ টাকা
গ ১০৫০.০০ টাকা ঘ ১৫০০.০০ টাকা

**২১. ব্যাংক তহবিলের প্রাথমিক ও প্রধান উৎস কোনটি?**
ক সংরক্ষিত তহবিল খ ধার গ্রহণ গ পরিশোধিত মূলধন ঘ আমানত

□ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রাতুল তার সঞ্চিত ৫ লক্ষ টাকা বার্ষিক ৬% হার সুদে ব্যাংকে বিনিয়োগ করতে চাইলে বন্ধুর পরামর্শে নিজ এলাকায় জমি ক্রয় করেন, যার মূল্য ৮ বছর পর দ্বিগুণ হয়।

**২২. জনাব রাতুলের জমি ক্রয়ের সুযোগ ব্যয় কত?**
ক ৯% খ ৮% গ ৭% ঘ ৬%

**২৩. জনাব রাতুলের–**
i. সিদ্ধান্ত গ্রহণে রুল ৭২ এর প্রয়োগ হয়েছে
ii. ব্যাংকে টাকা রাখা অধিক লাভজনক ছিল
iii. বন্ধুর পরামর্শ যুক্তিযুক্ত ছিল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৪. কোনটির ক্ষেত্রে অর্থের সময়মূল্যের গুরুত্ব অপরিসীম?**
ক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ খ ঋণের কিস্তি হ্রাস করা
গ সুদের হার নির্ধারণ ঘ আর্থিক অবস্থা নিরূপণ

□ **নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
সম্প্রতি আমাদের দেশে তৈরি পোশাক শিল্পের ব্যাপক প্রসার ঘটায় এই শিল্পের শ্রমিকদের উন্নতিকল্পে গাজীপুরের পোশাক শিল্প এলাকায় "লেবার ওয়েলফেয়ার ব্যাংক" নামে একটি নতুন ব্যাংক চালু হতে যাচ্ছে।

**২৫. শ্রমিকদের জন্য বিশেষ এই ব্যাংকটি ব্যাংকের কোন শ্রেণি-বিভাগের অন্তর্গত?**
ক কার্যভিত্তিক খ মালিকানাভিত্তিক
গ অঞ্চলভিত্তিক ঘ বিশেষ গ্রাহকভিত্তিক

**২৬. উদ্দীপকের ব্যাংকটি স্থাপিত হলে–**
i. শ্রমিকদের মধ্যে সঞ্চয় প্রবণতা সৃষ্টি হবে
ii. শ্রমিকদের বেতন ভাতা বৃদ্ধি পাবে
iii. শ্রমিকদের জীবনযাত্রার মানোন্নয়ন হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৭. পণ্য বৈচিত্র্যায়ন বলতে কী বুঝায়?**
ক পণ্যের গুণগতমান বৃদ্ধি খ বিভিন্ন পণ্যের সমাহার
গ বিভিন্ন রঙের একই পণ্য ঘ চটকদার বিজ্ঞাপন

**২৮. ব্যাংকের কোন হিসাবের আমানতকারী সুদ পায় না?**
ক স্থায়ী খ সঞ্চয়ী গ চলতি ঘ ডিপিএস

**২৯. প্রাইভেট ব্যাংক গঠনে সর্বনিম্ন কতজন পরিচালক দরকার হয়?**
ক ১৩ খ ১০ গ ৭ ঘ ২

**৩০. একজন চাকরিজীবী ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে গ্রাহক পরিচিতি ফরমে উল্লেখ করবে–**
i. ব্যয়ের খাত ii. আয়ের উৎস iii. কর্মস্থলের ঠিকানা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# রাজশাহী বোর্ড–২০২৩

বিষয় কোড 152

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স ও ব্যাংকিং : সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

[২০২৩ সালের সিলেবাস অনুযায়ী]

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে কমপক্ষে তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে কমপক্ষে তিনটিসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ফিন্যান্স অংশ

১। টাঙ্গাইলের মাসুমের একটি ফটোকপির দোকান আছে। কিছু দিন পর তিনি ফটোকপির পাশাপাশি মোবাইল রিচার্জের ব্যবসায় শুরু করেন। অধিক আয়ের আশায় তিনি ব্যাংক থেকে ৬ বছর মেয়াদি ঋণ নিয়ে কম্পিউটার ক্রয় করে কম্পোজ এবং প্রিন্টিং চালু করার সিদ্ধান্ত নেন।

ক. আয় সিদ্ধান্তের অপর নাম কী? ১

খ. অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থায়ন ব্যাখ্যা কর। ২

গ. জনাব মাসুমের কম্পিউটার ক্রয়ের জন্য গৃহীত ঋণ অর্থায়নের কোন নীতির অন্তর্গত? বর্ণনা কর। ৩

ঘ. একই সাথে একাধিক পণ্যের ব্যবসায় জনাব মাসুমের ঝুঁকি হ্রাসে সহায়তা করবে– মতামত দাও। ৪

২। চাকরিজীবী জনাব হাসান আগামী ৫ বছর পর ১০,০০,০০০ টাকা পাবার আশায় বর্তমানে কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চান। 'তরী ব্যাংক' তাকে বার্ষিক ৯% হারে সুদের প্রস্তাব দেয়। অপর দিকে সেতু ব্যাংক ৮% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব দিয়েছে।

ক. বাট্টাকরণ প্রক্রিয়ার মাধ্যমে অর্থের কোন মূল্য নির্ণয় করা হয়? ১

খ. সুযোগ ব্যয় ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. জনাব হাসানকে তরী ব্যাংকে কত টাকা রাখতে হবে? নির্ণয় কর। ৩

ঘ. কোন ব্যাংকে টাকা জমা রাখা জনাব হাসানের জন্য সঠিক সিদ্ধান্ত হবে? মতামত দাও। ৪

৩। মিসেস রোমানা ব্যাংক থেকে ঋণ নিয়ে গরু মোটাতাজাকরণ প্রকল্পে ও মৎস্য প্রকল্পে বিনিয়োগ করেছেন। তিনি প্রকল্প দুইটি পরিচালনা করতে গিয়ে বর্তমানে অর্থের সংকটে পড়েন। ফলে ঋণকৃত অর্থ পরিশোধ করতে পারছেন না। এখন তিনি একটি প্রকল্পের কার্যক্রম বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেন। গরু মোটা তাজাকরণ প্রকল্পের গত ৫ বছরের আয়ের হার যথাক্রমে ১৬%, ১৮%, ১০%, ৬%, – ৫%। মৎস্য চাষ প্রকল্পের গড় আয় ৯% এবং আদর্শ বিচ্যুতি ৮.২৫%।

ক. অনিশ্চয়তার পরিমাপযোগ্য অংশকে, কী বলে? ১

খ. ঝুঁকি মুক্ত আয় বলতে কী বুঝায়? ২

গ. প্রকল্প দুটি পরিচালনার ক্ষেত্রে মিসেস রোমানা কোন ঝুঁকির সম্মুখীন হয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মিসেস রোমানার কোন প্রকল্পটি ঝুঁকি বিবেচনায় চালু রাখা উচিত বলে তুমি মনে কর? ৪

৪। মি. ইফরান একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী। তিনি তার প্রতিষ্ঠানে একটি নতুন মেশিন স্থাপনের পরিকল্পনা করছেন। মেশিনটির ব্যয় হবে ৩,০০,০০০ টাকা। আয়ুষ্কাল ৫ বছর এবং কর হার ৩০%। উক্ত মেশিন থেকে আগামী ৫ বছরে যথাক্রমে ৯০,০০০ টাকা ১,০০,০০০ টাকা, ১,১০,০০০ টাকা, ১,২০,০০০ টাকা ও ৮০,০০০ টাকা আয় হবে বলে আশা করা হচ্ছে। চলতি খরচ আয়ের ২০%।

ক. কোনটি থেকে প্রতিষ্ঠানের নগদ আন্তঃপ্রবাহ ঘটে? ১

খ. মূলধন বাজেটিং অনুমান নির্ভর করে? ২

গ. মি. ইফরানের বিনিয়োগের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. মি. ইফরানের মেশিনটি স্থাপন যুক্তিযুক্ত হবে কিনা পে-ব্যাক সময় নির্ণয়ের মাধ্যমে মতামত দাও। ৪

৫। রনি ও জনি লাভ লোকসান সমবণ্টনের শর্তে চুক্তিবন্ধ হয়ে নিজস্ব অর্থায়নে একটি পাইকারী ঔষধের দোকান চালু করেন। অল্প দিনেই তারা সফলতা লাভ করেন। অধিক লাভের আশায় তারা প্রতিষ্ঠানটির বিক্রয় আয়ের অর্থ ৯% সুদে একটি ব্যাংকে জমা রাখার সিদ্ধান্ত নেন। এ ক্ষেত্রে জনি প্রয়োজনীয় অর্থ হাতে রেখে অবশিষ্ট অর্থ ব্যাংকে রাখার পরামর্শ দেন।

ক. কোন ধরনের অর্থায়ন সাধারণত অলাভজনক? ১

খ. পারিবারিক অর্থায়ন বলতে কী বুঝায়? ২

গ. রনি ও জনির অর্থায়ন কোন শ্রেণির? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনির প্রদত্ত পরামর্শ অর্থায়নের নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। জনাব নাজিম 'ক' ব্যাংক হতে মাসিক ১% হারে ৪,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করে। উক্ত টাকা 'খ' ব্যাংকে ৮ বছরের জন্য ৯.৫% হারে মাসিক চক্রবৃদ্ধিতে রাখতে চান। অপর দিকে তার বন্ধু শফিক স্থানীয় বউ বাজার মোড়ে একটি জায়গা কেনার পরামর্শ দেন। যার মূল্য একই সময়ে দ্বিগুণ হবে।

ক. সুদের হারের কারণে বর্তমান ও ভবিষ্যৎ সময়ের মধ্যে কিসের পার্থক্য সৃষ্টি হয়? ১

খ. চক্রবৃদ্ধিকরণ সুদ কী? ব্যাখ্যা কর। ২

গ. জনাব নাজিমের গৃহীত ঋণের প্রকৃত সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব নাজিমের ঋণকৃত টাকা ব্যাংকে জমা রাখা অথবা জায়গা ক্রয় কোনটিতে বিনিয়োগ করে অধিক লাভবান হবেন বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

### ব্যাংকিং অংশ

৭। সিলেটের বিখ্যাত ব্যবসায়ী জনাব হাফিজ 'সেতু ব্যাংক' এর একটি ব্যাংক হিসাবের মাধ্যমে যাবতীয় লেনদেন নিষ্পত্তি করেন। সম্প্রতি তিনি কাতারের একজন আমদানিকারকের নিকট হতে গার্মেন্টস পণ্য ক্রয়ের প্রস্তাব পেয়েছেন। ক্রেতা নতুন হওয়ায় প্রস্তাবটি গ্রহণে সিদ্ধান্তহীনতায় ভুগছেন। এসময় কাতারের একটি ব্যাংক লেনদেন সংক্রান্ত নিশ্চয়তা দিলে জনাব হাফিজ প্রস্তাবটি গ্রহণ করেন।

ক. ব্যাংক ব্যবসায়ের সফলতার পূর্বশর্ত কোনটি? ১

খ. ব্যাংক কীভাবে ঋণ আমানত সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২

গ. জনাব হাফিজ এর সেতু ব্যাংকে কোন ধরনের হিসাব রয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. জনাব হাফিজ এর কাতারের আমদানিকারকের প্রস্তাবটি গ্রহণ করার কারণ বিশ্লেষণ কর। ৪

৮। জনাব রায়হান কাঠ দিয়ে সুন্দর সুন্দর শো-পিস তৈরি করে বিক্রয় করেন। সফলতাও অর্জন করেন। ইরা ব্যাংক তাকে সাহায্য করতে ঋণ প্রদান করে। কিন্তু ব্যাংকটি ঋণ প্রদানের ক্ষেত্রে সচেতন না হওয়ার জন্য সমস্যায় পড়েছে।

ক. সর্বনিম্ন কতদিনের মেয়াদি আমানত করা হয়? ১

খ. ব্যাংক কীভাবে অর্থের নিরাপত্তা দিয়ে থাকে? ব্যাখ্যা কর। ২

গ. কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী 'ইরা ব্যাংক' কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. "একটি বিশেষ নীতি মেনে চললে 'ইরা ব্যাংক' সমস্যাটি কাটিয়ে উঠতে সক্ষম হবে।" মূল্যায়ন কর। ৪

৯। ধরলা ব্যাংকের প্রধান কার্যালয় ঢাকার মতিঝিলে অবস্থিত। ব্যাংকটি সারাদেশে তার বিভিন্ন কার্যালয়ের মাধ্যমে ব্যাংকিং সেবা দিয়ে আসছে। ব্যাংকটি নতুন নতুন সেবা ও পণ্য যেমন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাংকিং ইত্যাদির মাধ্যমে গ্রাহকদের দৈনন্দিন জীবনে লেনদেনের বিভিন্ন কাজ সহজ করে থাকে।

ক. ব্যাংকিং ব্যবসায়ের তহবিলের মূল উৎস কী? ১

খ. পরিশোধিত মূলধন বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ. অঞ্চল ভিত্তিক শ্রেণি অনুযায়ী ধরলা ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উদ্দীপকে উল্লিখিত ব্যাংকিং সেবার মাধ্যমে গ্রাহকদের জীবন যাত্রার মানোন্নয়ন হয়েছে? মতামত দাও। ৪

১০। নাবিল ও জামিল দুই বন্ধু প্লাস্টিক কার্ড দ্বারা যাবতীয় ব্যয় নির্বাহ করেন। সম্প্রতি তারা সিলেটে বেড়াতে যান। সেখানে নাবিল একটি সুপার শপ হতে কেনাকাটার মূল্য তার কার্ডের মাধ্যমে পরিশোধ করতে ব্যর্থ হন। এমতাবস্থায় তার বন্ধু জামিল তার কার্ড দিয়ে মূল্য পরিশোধ করেন। ব্যাংক হিসাবে টাকা না থাকলেও কার্ড ব্যবহারের ক্ষেত্রে জামিলকে তার বন্ধুর মত বিরূপ অবস্থার মুখোমুখি হতে হয় না।

ক. কোন প্রতিষ্ঠান বাণিজ্যিক ব্যাংককে তালিকাভুক্ত ব্যাংক হিসাবে স্বীকৃতি দেয়? ১

খ. এনি ব্রাঞ্চ ব্যাংকিং বলতে কী বুঝায়? ২

গ. লেনদেন সম্পাদনে নাবিল কোন ধরনের কার্ড ব্যবহার করেন? বর্ণনা কর। ৩

ঘ. কার্ড ব্যবহারের ক্ষেত্রে জামিলকে নাবিলের মত পরিস্থিতির সম্মুখীন না হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

১১। স্বেচ্ছায় অবসর গ্রহণকারী জনাব নাসিম তার প্রতিষ্ঠান থেকে এককালীন ২৫ লক্ষ টাকা পান। ছেলের বিদেশে উচ্চ শিক্ষা অর্জনের জন্য ২০ লক্ষ টাকা ৪ বছরের জন্য অনন্যা ব্যাংকের একটি ব্যাংক হিসাবে জমা রাখেন। বর্তমানে তিনি ই-কমার্স ব্যবসায় শুরু করেন। এ ব্যবসায়ের আয় থেকে তিনি ৫,০০০ টাকা করে প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে জমা করার শর্তে ৫ বছর মেয়াদি শৈলী ব্যাংকে একটি হিসাব চালু করেন।

ক. কোন ব্যাংকিং পণ্য হতে ২৪ ঘণ্টা টাকা উত্তোলন করা যায়? ১

খ. বিমা সঞ্চয়ী হিসাব বলতে কী বুঝায়? ২

গ. জনাব নাসিম শৈলী ব্যাংকে কোন ধরনের হিসাব চালু করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব নাসিমের অনন্যা ব্যাংকে উক্ত হিসাবটি খোলার যুক্তিকতা বিশ্লেষণ কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | ঘ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | গ | ৭ | ক | ৮ | খ | ৯ | ক | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ক | ২১ | গ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | গ |

## সৃজনশীল

### ফিন্যান্স অংশ

**প্রশ্ন ▸ ০১** টাঙ্গাইলের মাসুমের একটি ফটোকপির দোকান আছে। কিছু দিন পর তিনি ফটোকপির পাশাপাশি মোবাইল রিচার্জের ব্যবসায় শুরু করেন। অধিক আয়ের আশায় তিনি ব্যাংক থেকে ৬ বছর মেয়াদি ঋণ নিয়ে কম্পিউটার ক্রয় করে কম্পোজ এবং প্রিন্টিং চালু করার সিদ্ধান্ত নেন।

ক. আয় সিদ্ধান্তের অপর নাম কী? ১

খ. অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থায়ন ব্যাখ্যা কর। ২

গ. জনাব মাসুমের কম্পিউটার ক্রয়ের জন্য গৃহীত ঋণ অর্থায়নের কোন নীতির অন্তর্গত? বর্ণনা কর। ৩

ঘ. একই সাথে একাধিক পণ্যের ব্যবসায় জনাব মাসুমের ঝুঁকি হ্রাসে সহায়তা করবে– মতামত দাও। ৪

### ১নং প্রশ্নের উত্তর

**ক** আয় সিদ্ধান্তের অপর নাম অর্থায়ন সিদ্ধান্ত।

**খ** যেসব প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন নয় বরং জনকল্যাণ সেসব প্রতিষ্ঠানের অর্থায়নকে অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থায়ন বলা হয়।

সমাজে এমন কিছু প্রতিষ্ঠান বা সংস্থা আছে, যা মানবকল্যাণে বা দরিদ্র ও সুবিধা বঞ্চিত মানুষের সেবায় নিয়োজিত। এধরনের প্রতিষ্ঠান পরিচালনার জন্য অর্থ বা অর্থ সমতুল্য পণ্য বা সেবার প্রয়োজন আছে এবং সেই অর্থের দক্ষ ব্যবস্থাপনারও প্রয়োজন আছে। এক্ষেত্রে অর্থায়ন যে ভূমিকা রাখে তা হচ্ছে, অর্থ ও অর্থ সমতুল্য সম্পদ সংগ্রহের উৎস চিহ্নিতকরণ এবং তার সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে প্রতিষ্ঠানটির সেবামূলক উদ্দেশ্যকে সফল করে।

**গ** জনাব মাসুমের কম্পিউটার ক্রয়ের জন্য গৃহীত ঋণ অর্থায়নের উপযুক্ততার নীতির অন্তর্গত।

এ নীতি অনুযায়ী স্বল্পমেয়াদি তহবিল থেকে সংগ্রহ করা হয় চলতি মূলধন। তবে স্থায়ী মূলধন দীর্ঘমেয়াদি তহবিল থেকে সংগৃহীত হয়।

উদ্দীপকে জনাব মাসুমের একটি ফটোকপির দোকান আছে। তিনি কম্পিউটার ক্রয়ের জন্য ব্যাংক থেকে ঋণ নেন। তার ব্যবসায়ের জন্য কম্পিউটার ক্রয় এক ধরনের স্থায়ী খরচ। ঋণটির মেয়াদ ছিল ৬ বছর। ৫ বছরের বেশি সময়ের জন্য ঋণ হলো দীর্ঘমেয়াদি। এক্ষেত্রে জনাব মাসুম ঋণের অর্থ স্থায়ী খরচের জন্য ব্যবহার করেছেন। এখানে দীর্ঘমেয়াদি তহবিলের মাধ্যমে স্থায়ী মূলধনের সংস্থান করা হয়েছে। তাই বলা যায়, জনাব মাসুম অর্থায়নের উপযুক্ততার নীতি অনুসরণ করেছেন।

**ঘ** একই সাথে একাধিক পণ্যের ব্যবসায় জনাব মাসুমের ঝুঁকি হ্রাসে সহায়তা করবে– এ বিষয়ে আমি একমত।

কারবার বৈচিত্র্যায়ণের নীতি অনুযায়ী বিনিয়োগকারী তার সমুদয় অর্থ একটি খাতে বিনিয়োগ না করে একাধিক খাতে বিনিয়োগ করেন। ব্যবসায়ের পণ্য বা সেবা যত বেশি বৈচিত্র্যপূর্ণ হয় ঝুঁকিও তত বেশি হ্রাস পায়।

উদ্দীপকে জনাব মাসুমের একটি ফটোকপির দোকান আছে। কিছুদিন পর এর পাশাপাশি তিনি মোবাইল রিচার্জের ব্যবসায় শুরু করেন। পরবর্তীতে অধিক আয়ের আশায় তিনি কম্পোজ ও প্রিন্টিং ব্যবসায় চালু করার উদ্দেশ্যে ব্যাংক থেকে ৬ বছর মেয়াদি ঋণ নিয়ে কম্পিউটার ক্রয়ের সিদ্ধান্ত নেন। অর্থাৎ জনাব মাসুম প্রথমে একটি পণ্য নিয়ে ব্যবসায় শুরু করলেও পরবর্তীতে আরো দুই ধরনের পণ্যের সংযোজন ঘটান।

জনাব মাসুমের ব্যবসায়ে পণ্য সংযোজনের মাধ্যমে পণ্যের বৈচিত্র্যায়ণ ঘটেছে। এক্ষেত্রে হাবিবের ব্যবসায়ে একটি পণ্যের মুনাফার পরিমাণ কমে গেলেও অন্য পণ্যের মুনাফা দ্বারা তা পুষিয়ে নেওয়া সম্ভব হবে। অর্থাৎ পণ্য বৈচিত্র্যায়ণ তার ব্যবসায়ের ঝুঁকিকে হ্রাস করবে।

**প্রশ্ন ▸ ০২** চাকরিজীবী জনাব হাসান আগামী ৫ বছর পর ১০,০০,০০০ টাকা পাবার আশায় বর্তমানে কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চান। 'তরী ব্যাংক' তাকে বার্ষিক ৯% হারে সুদের প্রস্তাব দেয়। অপর দিকে সেতু ব্যাংক ৮% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব দিয়েছে।

ক. বাট্টাকরণ প্রক্রিয়ার মাধ্যমে অর্থের কোন মূল্য নির্ণয় করা হয়? ১

খ. সুযোগ ব্যয় ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. জনাব হাসানকে তরী ব্যাংকে কত টাকা রাখতে হবে? নির্ণয় কর। ৩

ঘ. কোন ব্যাংকে টাকা জমা রাখা জনাব হাসানের জন্য সঠিক সিদ্ধান্ত হবে? মতামত দাও। ৪

### ২নং প্রশ্নের উত্তর

**ক** বাট্টাকরণ প্রক্রিয়ার দ্বারা অর্থের বর্তমান মূল্য নির্ণয় করা হয়।

**খ** কোনো একটি প্রকল্পে বিনিয়োগের ফলে অন্য যেকোনো প্রকল্পের আয়ের সুযোগ ত্যাগ করাকে সুযোগ ব্যয় বলে।

উদাহরণস্বরূপ কোনো এলাকায় জমির মূল্য ১০ বছরে দ্বিগুণ হয়। পক্ষান্তরে, ব্যাংকের সঞ্চয়ী হিসাবে সুদের হার ৮%। এক্ষেত্রে দুটি প্রকল্পের মধ্যে একটি গ্রহণ করতে হবে এবং অন্যটিকে ত্যাগ করতে হবে। মনে করি, জমি ক্রয়ে বিনিয়োগ করা হলো এবং সঞ্চয়ী হিসাবের প্রকল্প ত্যাগ করা হলো। এক্ষেত্রে জমি ক্রয়ের সুযোগ ব্যয় হবে ৮% সুদের হার।

**গ** জনাব হাসানকে তরী ব্যাংকে বর্তমানে কত টাকা রাখতে হবে। তার বর্তমান মূল্য নির্ণয় করা হলো:

এখানে,

ভবিষ্যৎ মূল্য (FV) = ১০,০০,০০০ টাকা

সময় (n) = ৫ বছর

সুদের হার (i) = ৯% বা ০.০৯

আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য (PV)} = \frac{FV}{(১ + i)^n}$$

$$= \frac{১০,০০,০০০}{(১ + ০.০৯)^৫}$$

$$= \frac{১০,০০,০০০}{১.৫৩৮৬২৩}$$

= ৬,৪৯,৯৩১.৩৮ টাকা

∴ জনাব হাসানকে 'তরী' ব্যাংকে ৬,৪৯,৯৩১.৩৮ টাকা জমা রাখতে হবে।

**ঘ** কোন ব্যাংকে টাকা জমা রাখা হাসানের জন্য সঠিক সিদ্ধান্ত হবে। তা নির্ণয় করা হলো :

'সেতু ব্যাংক' এর জমাকৃত বর্তমান টাকার পরিমাণ নির্ণয় :

এখানে,

ভবিষ্যৎ মূল্য (FV) = ১০,০০,০০০ টাকা

সময় (n) = ৫ বছর

সুদের হার = ৮% বা ০.০৮

চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ১২ বার [মাসিক চক্রবৃদ্ধি]

আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য (PV)} = \frac{FV}{\left(১ + \frac{i}{m}\right)^{m \times n}}$$

$$= \frac{১০,০০,০০০}{\left(১ + \frac{০.০৮}{১২}\right)^{১২ \times ৫}}$$

$$= \frac{১০,০০,০০০}{১.৪৮৯৮৪৫৭}$$

= ৬,৭১,২১০.৪৪ টাকা

∴ জনাব হাসানের জন্য সঠিক সিদ্ধান্ত হবে 'তরী ব্যাংক' এ অর্থ জমা রাখা। কেননা 'তরী ব্যাংকে' 'সেতু ব্যাংক' থেকে (৬,৭১,২১০.৪৪ – ৬,৪৯,৯৩১) = ২১,২৭৯.৪৪ টাকা কম জমা রেখে ১০,০০,০০০ টাকা পাবেন।

**প্রশ্ন ▶ ০৩** মিসেস রোমানা ব্যাংক থেকে ঋণ নিয়ে গরু মোটাতাজাকরণ প্রকল্পে ও মৎস্য প্রকল্পে বিনিয়োগ করেছেন। তিনি প্রকল্প দুইটি পরিচালনা করতে গিয়ে বর্তমানে অর্থের সংকটে পড়েন। ফলে ঋণকৃত অর্থ পরিশোধ করতে পারছেন না। এখন তিনি একটি প্রকল্পের কার্যক্রম বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেন। গরু মোটা তাজাকরণ প্রকল্পের গত ৫ বছরের আয়ের হার যথাক্রমে ১৬%, ১৮%, ১০%, ৬%, – ৫%। মৎস্য চাষ প্রকল্পের গড় আয় ৯% এবং আদর্শ বিচ্যুতি ৮.২৫%।

ক. অনিশ্চয়তার পরিমাপযোগ্য অংশকে, কী বলে? ১

খ. ঝুঁকি মুক্ত আয় বলতে কী বুঝায়? ২

গ. প্রকল্প দুটি পরিচালনার ক্ষেত্রে মিসেস রোমানা কোন ঝুঁকির সম্মুখীন হয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মিসেস রোমানার কোন প্রকল্পটি ঝুঁকি বিবেচনায় চালু রাখা উচিত বলে তুমি মনে কর? ৪

### ৩নং প্রশ্নের উত্তর

**ক** অনিশ্চয়তার পরিমাপযোগ্য অংশকে ঝুঁকি বলে।

**খ** যেসব বিনিয়োগের প্রকৃত আয় সবসময় প্রত্যাশিত আয়ের সমান হয় তাকে ঝুঁকিমুক্ত আয় বলে।

দেশের সরকার কর্তৃক ইস্যুকৃত ট্রেজারি বিল ও ট্রেজারি বন্ড থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত আয় হিসেবে গণ্য হয়। ঝুঁকিমুক্ত বিনিয়োগ থেকে প্রাপ্ত আয় নির্দিষ্ট থাকে বলে অর্থাৎ নির্দিষ্ট হারে আয় দেওয়া হয় বলে প্রাপ্ত আয়কে ঝুঁকিমুক্ত আয় হিসেবে গণ্য করা হয়।

**গ** প্রকল্প দুটি পরিচালনার ক্ষেত্রে মিসেস রোমানা 'আর্থিক ঝুঁকির' সম্মুখীন হয়েছে।

দায় পরিশোধের অক্ষমতা থেকে যে ঝুঁকির সৃষ্টি হয়। তাকে আর্থিক ঝুঁকি বলে। প্রতিষ্ঠানে ঋণের পরিমাণ বেশি হলে, আর্থিক ঝুঁকি হয়।

উদ্দীপকে মিসেস রোমানা ব্যাংক থেকে ঋণ নিয়ে গোরু মোটাতাজাকরণ ও মৎস্য প্রকল্পে বিনিয়োগ করেন। ফলে ঋণকৃত অর্থ পরিশোধ করতে পারছেন না। দায় পরিশোধ করতে না পারায় আর্থিক ঝুঁকির সৃষ্টি হয়। ঋণ মূলধন ব্যবহার করা হলে, ব্যবসায়টি যদি লাভজনক না হয় এবং তাহলে ব্যবসায়টি দায় পরিশোধ না করতে পেরে, আর্থিক ঝুঁকিতে পড়ে। কেননা ঋণকৃত অর্থের সাথে সুদ ও পরিশোধ করতে হয়। তাই বলা যায় যে, মিসেস রোমানা প্রকল্প দুটি পরিচালনা করতে গিয়ে, আর্থিক ঝুঁকির সম্মুখীন হয়েছেন।

**ঘ** গরু মোটাতাজাকরণ প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করা হলো :

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয় – গড়) | ব্যবধানের বর্গ |
|---|---|---|---|
| ১ | ১৬ | (১৬ – ৯) = – ৭ | ৪৯ |
| ২ | ১৮ | (১৮ – ৯) = ৯ | ৮১ |
| ৩ | ১০ | (১০ – ৯) = ১ | ১ |
| ৪ | ৬ | (৬ – ৯) = – ৩ | ৯ |
| ৫ | – ৫ | (– ৫ – ৯) = – ১৪ | ১৯৬ |
| যোগফল = | ৪৫% | ব্যবধানের বর্গের যোগফল = | ৩৩৬ |
| গড় আয় | $\frac{৪৫}{৫} = ৯\%$ | ব্যবধানের বর্গের গড় $= \frac{৩৩৬}{n - ১} = \frac{৩৩৬}{৫ - ১}$ | = ৮৪ |

∴ আদর্শ বিচ্যুতি $= \sqrt{৮৪} = ৯.১৬\%$

∴ গরু মোটাতাজা করণ প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৯.১৬%

∴ মিসেস রোমানার উচিত মৎস্য চাষ প্রকল্প ঝুঁকি বিবেচনায় চালু রাখা। কেননা গরু মোটাতাজা প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৯.১৬% যা মৎস্য প্রকল্পের তুলনায় অধিক ঝুঁকি। তাই মৎস্য প্রকল্প চালু রাখা উচিত ঝুঁকি বিবেচনায়।

**প্রশ্ন ▶ ০৪** মি. ইফরান একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী। তিনি তার প্রতিষ্ঠানে একটি নতুন মেশিন স্থাপনের পরিকল্পনা করছেন। মেশিনটির ব্যয় হবে ৩,০০,০০০ টাকা। আয়ুষ্কাল ৫ বছর এবং কর হার ৩০%। উক্ত মেশিন থেকে আগামী ৫ বছরে যথাক্রমে ৯০,০০০ টাকা ১,০০,০০০ টাকা, ১,১০,০০০ টাকা, ১,২০,০০০ টাকা ও ৮০,০০০ টাকা আয় হবে বলে আশা করা হচ্ছে। চলতি খরচ আয়ের ২০%।

ক. কোনটি থেকে প্রতিষ্ঠানের নগদ আন্তঃপ্রবাহ ঘটে? ১
খ. মূলধন বাজেটিং অনুমান নির্ভর করে? ২
গ. মি. ইফরানের বিনিয়োগের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. মি. ইফরানের মেশিনটি স্থাপন যুক্তিযুক্ত হবে কিনা পে-ব্যাক সময় নির্ণয়ের মাধ্যমে মতামত দাও। ৪

## ৪নং প্রশ্নের উত্তর

**ক** বিক্রয় থেকে প্রতিষ্ঠানের নগদ আন্তঃপ্রবাহ ঘটে।

**খ** ভবিষ্যতের তথ্য-উপাত্তের ওপর ভিত্তি করে মূলধন বাজেটিং করা হয় বলে এটি অনুমাননির্ভর।

মূলধন বাজেটিং-এ অধিকাংশ অনুমানই ভবিষ্যতের ওপর নির্ভরশীল। একটি স্থায়ী সম্পত্তি যেমন– মেশিনটিতে বিনিয়োগ করা উচিত কি না এই সিদ্ধান্তটি ঐ মেশিনটিতে উৎপাদিত পণ্যটির ভবিষ্যতে বিক্রয় বাবদ ও উৎপাদিত খরচের ওপর নির্ভর করে। ভবিষ্যতের এই তথ্য-উপাত্ত একটি অনুমাননির্ভর যা বাস্তবসম্মত নাও হতে পারে। তাই মূলধন বাজেটিং সবসময় অনুমাননির্ভর হয়।

**গ** মি. ইফরানের বিনিয়োগের গড় মুনাফার হার নির্ণয় করা হলো:

| বিবরণ | পরিমাণ (টাকায়) | | | | |
|---|---|---|---|---|---|
| | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ | বছর-৫ |
| বিক্রয় | ৯০,০০০ | ১,০০,০০০ | ১,১০,০০০ | ১,২০,০০০ | ৮০,০০০ |
| বাদ : চলতি ব্যয় (২০%) | (১৮,০০০) | (২০,০০০) | (২২,০০০) | (২৪,০০০) | (১৬,০০০) |
| অবচয় | (৬০,০০০) | (৬০,০০০) | (৬০,০০০) | (৬০,০০০) | (৬০,০০০) |
| করযোগ্য মুনাফা বা ক্ষতি | ১২,০০০ | ২০,০০০ | ২৮,০০০ | ৩৬,০০০ | ৪,০০০ |
| বাদ : কর (৩০%) | (৩,৬০০) | (৬,০০০) | (৮,৪০০) | (১০,৮০০) | (১,২০০) |
| নিট মুনাফা | ৮,৪০০ | ১৪,০০০ | ১৯,৬০০ | ২৫,২০০ | ২,৮০০ |

এখানে, গড় নিট মুনাফা $= \frac{৮,৪০০ + ১৪,০০০ + ১৯,৬০০ + ২৫,২০০ + ২,৮০০}{৫}$

$= ১৪,০০০$ টাকা

$\therefore$ গড় বিনিয়োগ $= \frac{৩,০০,০০০ + ০}{২}$

$= ১,৫০,০০০$ টাকা

আমরা জানি, গড় মুনাফার হার $= \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$

$= \frac{১৪,০০০}{১,৫০,০০০} \times ১০০$

$= ৯.৩৩\%$

নোট: অবচয় $= \frac{\text{প্রাথমিক বিনিয়োগ + ভগ্নাবশেষ মূল্য}}{\text{আয়ুষ্কাল}}$

$= \frac{৩,০০,০০০ + ০}{৫}$

$= ৬০,০০০$ টাকা

$\therefore$ মি. ইফরানের গড় মুনাফার হার ৯.৩৩%।

**ঘ** মি. ইফরানের মেশিনটি স্থাপন যুক্তিযুক্ত হবে কিনা পে-ব্যাক নির্ণয়ের মাধ্যমে মতামত প্রদান করা হলো:

| বিবরণ | বছর-১ (টাকায়) | বছর-২ (টাকায়) | বছর-৩ (টাকায়) | বছর-৪ (টাকায়) | বছর-৫ (টাকায়) |
|---|---|---|---|---|---|
| নিট মুনাফা | ৮,৪০০ | ১৪,০০০ | ১৯,৬০০ | ২৫,২০০ | ২,৮০০ |
| (+) অবচয় | ৬০,০০০ | ৬০,০০০ | ৬০,০০০ | ৬০,০০০ | ৬০,০০০ |
| নগদ প্রবাহ | ৬৮,৪০০ | ৭৪,০০০ | ৭৯,৬০০ | ৮৫,২০০ | ৬২,৮০০ |

সারণিতে নির্ণীত নগদ প্রবাহ ব্যবহার করে প্রকল্পটির পে-ব্যাক সময় নিম্নরূপে নির্ণয় করা হলো–

| বছর | বার্ষিক নগদ প্রবাহ (টাকায়) | ক্রমযোজিত নগদ প্রবাহ (টাকায়) |
|---|---|---|
| ০ | – ৩,০০,০০০ | – ৩,০০,০০০ |
| ১ | ৬৮,৪০০ | – ২,৩১,৬০০ |
| ২ | ৭৪,০০০ | – ১,৫৭,৬০০ |
| ৩ | ৭৯,৬০০ | – ৭৮,০০০ |
| ৪ | ৮৫,২০০ | ৭,২০০ |
| ৫ | ৬২,৮০০ | ৭০,০০০ |

$\therefore$ পে-ব্যাক সময় $= ৩ + \frac{৭৮,০০০}{৮৫,২০০}$ বছর

$= ৩.৯১$ বছর

$\therefore$ মি. ইফরানের জন্য মেশিন স্থাপন যুক্তিযুক্ত হবে, কেননা তিনি ৩.৯১ বছরের মধ্যই তার বিনিয়োগকৃত অর্থ ফেরত পাবেন।

**প্রশ্ন ▶ ০৫** রনি ও জনি লাভ লোকসান সমবণ্টনের শর্তে চুক্তিবন্ধ হয়ে নিজস্ব অর্থায়নে একটি পাইকারী ঔষধের দোকান চালু করেন। অল্প দিনেই তারা সফলতা লাভ করেন। অধিক লাভের আশায় তারা প্রতিষ্ঠানটির বিক্রয় আয়ের অর্থ ৯% সুদে একটি ব্যাংকে জমা রাখার সিদ্ধান্ত নেন। এ ক্ষেত্রে জনি প্রয়োজনীয় অর্থ হাতে রেখে অবশিষ্ট অর্থ ব্যাংকে রাখার পরামর্শ দেন।

ক. কোন ধরনের অর্থায়ন সাধারণত অলাভজনক? ১
খ. পারিবারিক অর্থায়ন বলতে কী বুঝায়? ২
গ. রনি ও জনির অর্থায়ন কোন শ্রেণির? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনির প্রদত্ত পরামর্শ অর্থায়নের নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

## ৫নং প্রশ্নের উত্তর

**ক** সরকারি অর্থায়ন সাধারণত অলাভজনক হয়।

**খ** পারিবারিক অর্থায়ন হলো পরিবারের সুষ্ঠ পরিচালনার জন্য পরিকল্পনামাফিক তহবিলের উৎস নির্ধারণ ও ব্যবস্থাপনা প্রক্রিয়া।

পারিবারিক অর্থায়নের ক্ষেত্রে পরিবারের আয়ের উৎস ও পরিমাণ নির্ধারণ করে, সেই আয় কীভাবে ব্যয় করলে পরিবারের সকল সদস্যদের সর্বাঙ্গীন মঙ্গাল হয়। অনির্ধারণ করা, পরিবারের ব্যয় গুলোর ভেতর অগ্রাধিকারের ভিত্তিতে অধিক গুরুত্বপূর্ণ ব্যয়গুলো পূরণ করা হয়।

**গ** রনি ও জনির অর্থায়ন হচ্ছে ব্যবসায় অর্থায়ন।

অর্থায়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধরন হচ্ছে ব্যবসায় অর্থায়ন। মুনাফা অর্জন প্রতিটি কারবারের প্রধান উদ্দেশ্য। ব্যবসায় অর্থায়নের মাধ্যমে অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত হয়। ব্যবসায় প্রতিষ্ঠান তার তহবিল সংগ্রহ ও বিনিয়োগের জন্য যে অর্থায়ন প্রক্রিয়া ব্যবহার করে, সেটাই ব্যবসায় অর্থায়ন।

ব্যবসায় প্রতিষ্ঠানগুলোকে ৩ ভাগে ভাগ করা হয়। একমালিকানা ব্যবসায়, অংশীদারি ব্যবসায় ও যৌথ মূলধনি ব্যবসায়।

উদ্দীপকে রনি ও জনি লাভ-লোকসান সমবণ্টনের শর্তে চুক্তিবন্ধ হয়ে নিজস্ব অর্থায়নে একটি পাইকারী ঔষধের দোকান চালু করেন। অল্প দিনেই তারা সফলতা লাভ করেন। তাদের ব্যবসায়টি হচ্ছে অংশীদারি কারবার। এই ব্যবসায়ে চুক্তির ভিত্তিতে গঠিত হয় ও লাভ-লোকসান চুক্তির ভিত্তিতে বণ্টন হয়। ব্যবসায়ে তহবিল সংগ্রহের উৎস মালিকের নিজস্ব মূলধন, ব্যাংক ঋণ ইত্যাদি। তাই বলা যায় যে, জনি ও রনির অর্থায়ন হচ্ছে ব্যবসায় অর্থায়ন।

**ঘ** জনির প্রদত্ত পরামর্শ হচ্ছে অর্থায়নের 'তারল্য বনাম মুনাফা নীতি'।

তারল্য বনাম মুনাফানীতি অনুযায়ী তারল্য ও মুনাফার মধ্যে উপযুক্ত ভারসাম্য বজায় রাখা হয়। ব্যবসায়ে অধিক তারল্য বিরাজ করলে বিনিয়োগ কম হয়, ফলে মুনাফা হ্রাস পায়। অনুরূপভাবে অধিক মুনাফা অর্জনের উদ্দেশ্যে অধিক বিনিয়োগ করলে তারল্য ঘাটতি দেখা দেয়।

উদ্দীপকে রনি ও জনি লাভ-লোকসান সমবণ্টনের শর্তে চুক্তিবন্ধ হয়ে নিজস্ব অর্থায়নে একটি পাইকারী ঔষধের দোকান চালু করেন। অল্প দিনেই তারা সফলতা লাভ করেন। এক্ষেত্রে তারা অধিক লাভের আশায় বিক্রয়ের আয়ের অর্থ ব্যাংকে জমা রাখার সিদ্ধান্ত নেন। কিন্তু জনি প্রয়োজনীয় অর্থ হাতে রেখে অবশিষ্ট অর্থ ব্যাংকে রাখার পরামর্শ দেন। প্রয়োজনীয় অর্থ হাতে রাখার ফলে ব্যবসায়ে পরিচালন খরচ মেটাতে পারবে ও অবশিষ্ট অর্থ ব্যাংকে রাখার ফলে মুনাফা পাবে। যার ফলে তারল্য ও মুনাফায় ভারসাম্য থাকবে।

তাই বলা যায় যে, জনির পরামর্শ হচ্ছে অর্থনীতির তারল্য বনাম মুনাফা নীতির আলোকে।

**প্রশ্ন ▶ ০৬** জনাব নাজিম 'ক' ব্যাংক হতে মাসিক ১% হারে ৪,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করে। উক্ত টাকা 'খ' ব্যাংকে ৮ বছরের জন্য ৯.৫% হারে মাসিক চক্রবৃদ্ধিতে রাখতে চান। অপর দিকে তার বন্ধু শফিক স্থানীয় বউ বাজার মোড়ে একটি জায়গা কেনার পরামর্শ দেন। যার মূল্য একই সময়ে দ্বিগুণ হবে।

ক. সুদের হারের কারণে বর্তমান ও ভবিষ্যৎ সময়ের মধ্যে কিসের পার্থক্য সৃষ্টি হয়? ১
খ. চক্রবৃদ্ধিকরণ সুদ কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব নাজিমের গৃহীত ঋণের প্রকৃত সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. জনাব নাজিমের ঋণকৃত টাকা ব্যাংকে জমা রাখা অথবা জায়গা ক্রয় কোনটিতে বিনিয়োগ করে অধিক লাভবান হবেন বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

### ৬নং প্রশ্নের উত্তর

**ক** সুদের হারের কারণে বর্তমান ও ভবিষ্যৎ সময়ের মধ্যে অর্থের মূল্যের পার্থক্য ঘটে।

**খ** যে পদ্ধতিতে প্রতি বছর সুদাসলের উপর সুদ ধার্য করে ভবিষ্যৎ মূল্য নির্ধারণ করা হয় তাকে চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি বলে।

সরল সুদের ক্ষেত্রে শুধু আসলের উপর সুদ গণনা করা হয়। কিন্তু চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিতে প্রতি বছর সুদাসলের উপর সুদ গণনা করা হয়। যেমন : আসল ১০০ টাকা ও সুদের হার ১০% ধরলে ১ বছর পর সুদ হবে (১০০ × ১০%) = ১০ টাকা। ভবিষ্যৎ মূল্য দাঁড়াবে {১০০ + (১০০ × ১০%)} = ১১০ টাকা। দ্বিতীয় বছর এই ১১০ টাকাকে আসল ধরে তার উপর দ্বিতীয় বছরের ১০% হারে সুদ ধার্য করলে সুদ হবে (১১০ × ১০%) = ১১ টাকা। এভাবে প্রথম বছরের সুদাসলকে দ্বিতীয় বছরের আসল ধরে তার উপর দ্বিতীয় বছরের সুদ ধার্য করার প্রক্রিয়াকে বলা হয় চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি।

**গ** জনাব নাজিমের গৃহীত ঋণের প্রকৃত সুদের হার নির্ণয় করা হলো :

এখানে,
মাসিক সুদের হার = ১%
∴ বার্ষিক সুদের হার (i) = ১২% বা ০.১২
চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ১২ বার
আমরা জানি,

$$\text{প্রকৃত সুদের হার (EAR)} = \left\{\left(১ + \frac{i}{m}\right)^{m} - ১\right\} \times ১০০$$
$$= \left\{\left(১ + \frac{০.১২}{১২}\right)^{১২} - ১\right\} \times ১০০$$
$$= \left\{(১ + ০.০১)^{১২} - ১\right\} \times ১০০$$
$$= ১২.৬৮\%$$

∴ জনাব নাজিমের গৃহীত ঋণের প্রকৃত সুদের হার ১২.৬৮%।

**ঘ** জনাব নাজিম যদি উক্ত টাকা ব্যাংকে জমা রাখে, তাহলে তিনি কত টাকা পাবেন, তা নির্ণয় করা হলো :

এখানে,
বর্তমান মূল্য (PV) = ৪,০০,০০০ টাকা
সময় (n) = ৮ বছর
সুদের হার (i) = ৯.৫% বা ০.০৯৫
চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ১২ বার
আমরা জানি,

$$\text{ভবিষ্যৎ মূল্য (FV)} = PV\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}$$
$$= ৪,০০,০০০\left(১ + \frac{০.০৯৫}{১২}\right)^{৮ \times ১২}$$
$$= ৪,০০,০০০(১.০০৭৯১৬)^{৯৬}$$
$$= ৪,০০,০০০ \times ২.১৩১৭৫১$$
$$= ৮,৫২,৭০০.৬০৯ \text{ টাকা}$$

∴ তিনি ব্যাংকে টাকা জমা রাখলে ৮,৫২,৭০০.৬০৯ টাকা পাবেন।

এবং তিনি যদি জমি ক্রয় করে, ৮ বছরে দাম হবে (৪,০০,০০০ × ২) = ৮,০০,০০০ টাকা।

∴ তিনি যদি ব্যাংকে টাকা জমা রাখেন তাহলে (৮,৫২,৭০০.৬০৯ – ৮,০০,০০০) = ৫২,৭০০ টাকা বেশি পাবেন। তাই ব্যাংকে টাকা জমা রাখা জনাব নাজিমের জন্য অধিক লাভবান সিদ্ধান্ত।

### ব্যাংকিং অংশ

**প্রশ্ন ▶ ০৭** সিলেটের বিখ্যাত ব্যবসায়ী জনাব হাফিজ 'সেতু ব্যাংক' এর একটি ব্যাংক হিসাবের মাধ্যমে যাবতীয় লেনদেন নিষ্পত্তি করেন। সম্প্রতি তিনি কাতারের একজন আমদানিকারকের নিকট হতে গার্মেন্টস পণ্য ক্রয়ের প্রস্তাব পেয়েছেন। ক্রেতা নতুন হওয়ায় প্রস্তাবটি গ্রহণে সিদ্ধান্তহীনতায় ভুগছেন। এসময় কাতারের একটি ব্যাংক লেনদেন সংক্রান্ত নিশ্চয়তা দিলে জনাব হাফিজ প্রস্তাবটি গ্রহণ করেন।

ক. ব্যাংক ব্যবসায়ের সফলতার পূর্বশর্ত কোনটি? ১
খ. ব্যাংক কীভাবে ঋণ আমানত সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২
গ. জনাব হাফিজ এর সেতু ব্যাংকে কোন ধরনের হিসাব রয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. জনাব হাফিজ এর কাতারের আমদানিকারকের প্রস্তাবটি গ্রহণ করার কারণ বিশ্লেষণ কর। ৪

### ৭নং প্রশ্নের উত্তর

**ক** ব্যাংক ব্যবসায়ের সফলতার পূর্বশর্ত হচ্ছে ব্যাংকের উপর গ্রাহকদের আস্থা ও বিশ্বাস।

**খ** কোনো ব্যবসায়ী শিল্পপতি বা অন্য যেকোনো ঋণগ্রহীতা ব্যাংক হতে ঋণ গ্রহণ করলে ব্যাংক নগদ অর্থে ঋণ প্রদান না করে, গ্রাহকের হিসাবে টাকা স্থানান্তর করে। ঋণ গ্রহীতা তার প্রয়োজন অনুযায়ী উক্ত হিসাব থেকে চেক কেটে টাকা উত্তোলন করে।

চেকের মাধ্যমে উক্ত টাকা উত্তোলন করে বিধায় পুনরায় কোন না কোন ব্যাংকে জমার মাধ্যমে নতুনভাবে ঋণ আমানত সৃষ্টি করে।

**গ** জনাব হাফিজের 'সেতু ব্যাংকে' চলতি হিসাব রয়েছে।

যে হিসাবের মাধ্যমে প্রতিদিন বা সপ্তাহে যতবার খুশি টাকা জমা রাখা যায় ও উত্তোলন করা যায়, তাকে চলতি হিসাব বলে। ব্যবসায়ীদের জন্য এ হিসাব সুবিধাজনক। এ হিসাবে কোনো প্রকার সুদ প্রদান করা হয় না। তবে এ হিসাবে গ্রাহক জমাতিরিক্ত উত্তোলনের সুযোগ পায়।

উদ্দীপকে জনাব হাফিজ তিনি সিলেটের বিখ্যাত ব্যবসায়ী। সেতু ব্যাংকের মাধ্যমে তিনি যাবতীয় লেনদেন নিষ্পত্তি করেন। একজন ব্যবসায়ীর জন্য চলতি হিসাব উপযোগী। এ হিসাব থেকে তিনি দৈনন্দিন লেনদেন করতে পারবেন ও জমাতিরিক্ত অর্থ উত্তোলন করতে পারবেন। তাই বলা যায় যে, জনাব হাফিজ তার হিসাবটি হচ্ছে চলতি হিসাব।

**ঘ** জনাব হাফিজ এর কাতারের আমদানিকারকের প্রস্তাবটি গ্রহণ করার কারণ হচ্ছে ব্যাংকের প্রতিনিধিত্বমূলক কার্য বা প্রত্যয়পত্রের মাধ্যমে অর্থ প্রদানের নিশ্চয়তা।

আমদানি রপ্তানিতে বাণিজ্যিক ব্যাংক ব্যবসায়ীদের সহায়তা প্রদান করে। তিনি ব্যাংকে প্রত্যয়নপত্র ইস্যুর মাধ্যমে আমদানিকারক ও রপ্তানিকারকদের মধ্য ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করে। আমদানি-রপ্তানি সংক্রান্ত কার্যাদি সম্পাদন ও উপদেশ প্রদান করা তার ব্যাংকের প্রতিনিধিত্বমূলক কাজ।

সিলেটের বিখ্যাত ব্যবসায়ী জনাব হাফিজ। সম্প্রতি তিনি কাতারের একজন আমদানি কারকের নিকট হতে গার্মেন্টস পণ্য ক্রয়ের প্রস্তাব পেয়েছেন। ক্রেতা নতুন হওয়ায় তিনি সিদ্ধান্ত গ্রহণে অনিশ্চয়তায় ভুগছেন। এ সময় কাতারের ব্যাংক লেনদেন সংক্রান্ত নিশ্চয়তা দিলে, তিনি প্রস্তাব গ্রহণ করে। এক্ষেত্রে বাণিজ্যিক ব্যাংক মধ্যস্থকারী হিসেবে LC বা প্রত্যয়পত্র ইস্যুর মাধ্যমে ব্যাংকটি জনাব হাফিজকে অর্থ প্রাপ্তির নিশ্চয়তা দেয়। এতে অর্থ সংক্রান্ত সমস্যাটি সমাধান হয়।

অতএব বলা যায় যে, ব্যাংকের প্রতিনিধিত্বমূলক কার্যের মাধ্যমে বা প্রত্যয়পত্রের মাধ্যমে জনাব হাফিজ অর্থ প্রাপ্তির নিশ্চয়তা পায় ও প্রস্তাবটি গ্রহণ করেন।

**প্রশ্ন ▶ ০৮** জনাব রায়হান কাঠ দিয়ে সুন্দর সুন্দর শো-পিস তৈরি করে বিক্রয় করেন। সফলতাও অর্জন করেন। ইরা ব্যাংক তাকে সাহায্য করতে ঋণ প্রদান করে। কিন্তু ব্যাংকটি ঋণ প্রদানের ক্ষেত্রে সচেতন না হওয়ার জন্য সমস্যায় পড়েছে।

ক. সর্বনিম্ন কতদিনের মেয়াদি আমানত করা হয়? ১
খ. ব্যাংক কীভাবে অর্থের নিরাপত্তা দিয়ে থাকে? ব্যাখ্যা কর। ২
গ. কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী 'ইরা ব্যাংক' কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. "একটি বিশেষ নীতি মেনে চললে 'ইরা ব্যাংক' সমস্যাটি কাটিয়ে উঠতে সক্ষম হবে।" মূল্যায়ন কর। ৪

### ৮নং প্রশ্নের উত্তর

**ক** ৩০ দিন/১ মাসের মেয়াদি আমানত করা হয়।

**খ** অর্থ আমানত হিসেবে জমা রাখার মাধ্যমে ব্যাংক অর্থের নিরাপত্তা প্রদান করে।

গ্রাহকের অর্থের নিরাপত্তা প্রদান করা ব্যাংকের একটি উদ্দেশ্য। ব্যাংক আমানতকারীর অর্থ নিরাপদে সংরক্ষণ করার, সংরক্ষণ করা মাধ্যমে অর্থের নিরাপত্তা প্রদান করে।

**গ** কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী 'ইরা ব্যাংক' হচ্ছে ক্ষুদ্র ও কুটির শিল্প ব্যাংক।

এ ব্যাংক ক্ষুদ্রশিল্পের উদ্যোক্তাদের উৎসাহী করে। ক্ষুদ্র শিল্পায়ন ত্বরান্বিত করার জন্য উদ্যোক্তাদের আর্থিক সহায়তা ও পরামর্শ প্রদান করে। বাংলাদেশে ক্ষুদ্র ও কুটির শিল্প ব্যাংক আমাদের দেশে এ দায়িত্বগুলো পালন করে।

উদ্দীপকে জনাব রায়হান কাঠ দিয়ে সুন্দর সুন্দর শো-পিস তৈরি করে বিক্রয় করেন। তিনি এ কাজে সফল হন। 'ইরা ব্যাংক' তাকে সাহায্য করতে ঋণ প্রদান করে। কাঠ দিয়ে সুন্দর সুন্দর শো-পিস তৈরি ক্ষুদ্র ও কুটির শিল্পর অংশ। আর এ শিল্পের উন্নয়নে ক্ষুদ্র ও কুটির শিল্প ব্যাংক সহজ শর্তে ঋণ, আর্শিক সহায়তা ও পরামর্শ প্রদান করে থাকে। তাই বলা যায়, 'ইরা ব্যাংক' হলো একটি ক্ষুদ্র ও কুটির শিল্প ব্যাংক।

**ঘ** নিরাপত্তা নীতি ও ঋণ মঞ্জুর নীতি মেনে চললে 'ইরা ব্যাংক' সমস্যাটি কাটিয়ে উঠতে সক্ষম হবে।

ব্যাংক নিরাপত্তা নীতি অনুসরণের ফলে গ্রাহকের অর্থ ও ঋণ হিসাবে প্রদত্ত অর্থের নিরাপত্তা বিধান করে। অন্যদিকে ঋণ মঞ্জুর নীতির আলোকে ব্যাংক উৎপাদনশীল ও লাভজনক প্রকল্পে ঋণ মঞ্জুর করে থাকে। ফলে গ্রাহকদের আমানতের ঝুঁকি হ্রাস পায়।

উদ্দীপকে রায়হান কাঠ দিয়ে, শো-পিস তৈরি করে। ইরা ব্যাংক তাকে ঋণ প্রদান করে। কিন্তু ব্যাংকটি ঋণ প্রদানের ক্ষেত্রে সচেতন না হওয়ার জন্য সমস্যায় পড়েছে। ব্যাংকটি যদি গ্রাহকদের ঋণ প্রদানের নিরাপত্তা ও ঋণ মঞ্জুর নীতি মেনে চলে, তাহলে ব্যাংকটির সমস্যা কাটিয়ে উঠতে সক্ষম হবে। এই নীতিগুলোর আলোকে ব্যাংকটি যখন কোনো গ্রাহককে ঋণ প্রদান করবে তার ঋণ পরিশোধ করার সক্ষমতা যাচাই করবে। ব্যবসায়ে উৎপাদনশীলতা ও লাভজনকতা যাচাই করে সন্তুষ্ট হয়ে, ঋণ মঞ্জুর করবে।

তাই বলা যায় যে, 'ইরা ব্যাংক' যদি নিরাপত্তা নীতি ও ঋণ মঞ্জুর নীতি মেনে চলে, তাহলে সমস্যাটি কাটিয়ে উঠতে পারবে।

**প্রশ্ন ▶ ০৯** ধরলা ব্যাংকের প্রধান কার্যালয় ঢাকার মতিঝিলে অবস্থিত। ব্যাংকটি সারাদেশে তার বিভিন্ন কার্যালয়ের মাধ্যমে ব্যাংকিং সেবা দিয়ে আসছে। ব্যাংকটি নতুন নতুন সেবা ও পণ্য যেমন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাংকিং ইত্যাদির মাধ্যমে গ্রাহকদের দৈনন্দিন জীবনে লেনদেনের বিভিন্ন কাজ সহজ করে থাকে।

ক. ব্যাংকিং ব্যবসায়ের তহবিলের মূল উৎস কী? ১

খ. পরিশোধিত মূলধন বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ. অঞ্চল ভিত্তিক শ্রেণি অনুযায়ী ধরলা ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উদ্দীপকে উল্লিখিত ব্যাংকিং সেবার মাধ্যমে গ্রাহকদের জীবন যাত্রার মানোন্নয়ন হয়েছে? মতামত দাও। ৪

## ৯নং প্রশ্নের উত্তর

**ক** ব্যাংকিং ব্যবসায়ে তহবিলের মূল উৎস আমানত।

**খ** ব্যাংকের প্রাথমিক তহবিলের উৎস হচ্ছে পরিশোধিত মূলধন।

প্রতিটি ব্যাংক কোম্পানীর উদ্যোক্তা বা মালিকগণ তাদের শেয়ারের বিপরীতে যে অর্থ পরিশোধ করে থাকেন, তাকে পরিশোধিত মূলধন বলে। ব্যাংকের প্রাথমিক ও প্রধান উৎস পরিশোধিত মূলধন। অংশীদারি কারবারে মালিকগণ নিজেরা মূলধন সরবরাহ করে ও যৌথ মূলধনী প্রতিষ্ঠান হলে শেয়ার ইস্যু করে মূলধন গঠন করা হয়।

**গ** উদ্দীপকে ধরলা ব্যাংক হচ্ছে একটি শাখা ব্যাংক।

এ ধরনের ব্যাংকিং ব্যবস্থায় একটি কেন্দ্রীয় অফিসের অধীনে একই নামে অনেকগুলো শাখা প্রতিষ্ঠিত ও পরিচালিত হয়। শাখা ব্যাংকের কোনো আলাদা সত্তা থাকে না। প্রধান অফিসের প্রতিনিধি হিসেবে শাখা ব্যাংকগুলো তাদের কাজ পরিচালনা করে।

উদ্দীপকে ধরলা ব্যাংক-এর প্রধান কার্যালয় ঢাকার মতিঝিলে অবস্থিত। ব্যাংকটি সারাদেশে তার বিভিন্ন কার্যালয়ের মাধ্যমে ব্যাংকিং সেবা দিয়ে আসছে। শাখা ব্যাংকিং ব্যবস্থায় এভাবে বিভিন্ন শাখার মাধ্যমে সেবা দিয়ে আসছে। দেশের বিভিন্ন জেলা ও উপজেলায় তাদের ব্যাংকের শাখা থাকে। যার ফলে গ্রাহক খুব সহজেই এক স্থান হতে অন্য স্থানে লেনদেন কার্যক্রম সম্পন্ন করতে পারে। শাখা ব্যাংকের সাহায্য গ্রাহক যেকোন উক্ত ব্যাংকের শাখা থেকে লেনদেন করতে পারে। তাই বলা যায় যে, উদ্দীপকের ধরলা ব্যাংক একটি শাখা ব্যাংক।

**ঘ** আধুনিক ব্যাংকিং বা ইলেকট্রনিক ব্যাংকিং সেবার মাধ্যমে গ্রাহকদের জীবনযাত্রার মানোন্নয়নে ভূমিকা রাখছে।

আধুনিক ব্যাংকিং হলো একটি ইলেকট্রনিক ব্যাংকিং ব্যবস্থা। এই ব্যাংকিং ব্যবস্থায় ব্যাংক বিভিন্ন ব্যাংকিং সেবা যেমন : অনলাইন ব্যাংকিং, ইন্টারনেট ব্যাংকিং, এটিএম, এস.এম.এস ব্যাংকিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড ইত্যাদি সেবা প্রদান করে।

উদ্দীপকে ধরলা ব্যাংক একটি শাখা ব্যাংক। ব্যাংকটি নতুন নতুন সেবা ও পণ্য যেমন : ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাংকিং ইত্যাদির মাধ্যমে গ্রাহকদের দৈনন্দিন জীবনে লেনদেনের বিভিন্ন কাজ সহজ করে থাকে।

ধরলা ব্যাংক তার গ্রাহকদের আধুনিক ব্যাংকিং ব্যবস্থার জন্য পণ্য ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড ও ইন্টারনেট ব্যাংকিং-এর সেবা প্রদান করছে। ডেবিট কার্ডের ফলে গ্রাহক ব্যাংকের যেকোনো এটিএম বুথ থেকে ২৪ ঘণ্টা অর্থ উত্তোলনের সুযোগ পাবেন এবং নগদ অর্থ ছাড়াই কেনা-কাটা করতে পারবেন। ফলে অর্থ উত্তোলনের জন্য তাকে ব্যাংকের নির্দিষ্ট শাখায় যেতে হচ্ছে না। আবার কেনা-কাটার জন্য নগদ অর্থও বহন করতে হচ্ছে না যা গ্রাহকের জীবনকে নিরাপদ করেছে। অন্যদিকে ক্রেডিট কার্ডের মাধ্যমে গ্রাহক ব্যাংক হিসাবে টাকা না থাকলেও অর্থ উত্তোলন ও কেনা-কাটা করতে পারে। আবার ইন্টারনেট ব্যাংকিং এর সেবা গ্রহণ করে গ্রাহক দেশ বিদেশের যেকোনো স্থান থেকে আর্থিক লেনদেন সম্পন্ন করতে পারেন। হিসাবের বিবরণী দেখা, বিল দেওয়াসহ আরো নানারকম কাজ করতে পারেন। এভাবে ধরলা ব্যাংক তার আধুনিক ব্যাংকিং পণ্যগুলোর মাধ্যমে গ্রাহকদের জীবনযাত্রার মানকে উন্নত ও গতিশীল করছে। অতএব, ইলেকট্রনিক ব্যাংকিং সেবা গ্রাহকদের জীবনযাত্রার মান উন্নয়ন রাখবে।

**প্রশ্ন ▶ ১০** নাবিল ও জামিল দুই বন্ধু প্লাস্টিক কার্ড দ্বারা যাবতীয় ব্যয় নির্বাহ করেন। সম্প্রতি তারা সিলেটে বেড়াতে যান। সেখানে নাবিল একটি সুপার শপ হতে কেনাকাটার মূল্য তার কার্ডের মাধ্যমে পরিশোধ করতে ব্যর্থ হন। এমতাবস্থায় তার বন্ধু জামিল তার কার্ড দিয়ে মূল্য পরিশোধ করেন। ব্যাংক হিসাবে টাকা না থাকলেও কার্ড ব্যবহারের ক্ষেত্রে জামিলকে তার বন্ধুর মত বিরূপ অবস্থার মুখোমুখি হতে হয় না।

ক. কোন প্রতিষ্ঠান বাণিজ্যিক ব্যাংককে তালিকাভুক্ত ব্যাংক হিসাবে স্বীকৃতি দেয়? ১

খ. এ্যানি ব্রাঞ্চ ব্যাংকিং বলতে কী বুঝায়? ২

গ. লেনদেন সম্পাদনে নাবিল কোন ধরনের কার্ড ব্যবহার করেন? বর্ণনা কর। ৩

ঘ. কার্ড ব্যবহারের ক্ষেত্রে জামিলকে নাবিলের মত পরিস্থিতির সম্মুখীন না হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

## ১০নং প্রশ্নের উত্তর

**ক** কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকে তালিকাভুক্ত ব্যাংক হিসেবে স্বীকৃতি দেয়।

**খ** এ্যানি ব্রাঞ্চ ব্যাংকিং এর মাধ্যমে গ্রাহক এক জায়গায় বা একটি শাখায় হিসাব খুলে দেশের অন্য যেকোনো শাখায় তার লেনদেন করতে পারে। যেমন: ঢাকার মোহাম্মদপুর ব্যাংকের শাখায় হিসাব খুলে সিলেটের ব্যাংকের যেকোনো শাখায় লেনদেন করতে পারে। যা হচ্ছে শাখা ব্যাংকিং কার্যক্রম।

**গ** উদ্দীপকের নাবিলের কার্ডের ধরন হচ্ছে ডেবিট কার্ড।

সাধারণত সঞ্চয়ী ও চলতি হিসাবের গ্রাহকদের তার হিসাবের বিপরীতে ডেবিট কার্ড সরবরাহ করে ব্যাংক। এই কার্ডের মাধ্যমে ব্যাংকের হিসাবে জমাকৃত অর্থ ATM মেশিনের সাহায্যে উত্তোলন ও কেনাকাটার বিল পরিশোধ করা যায়। তবে এই সুবিধা গ্রাহক শুধু তখনই ভোগ করতে পারে যখন তার হিসাবে পর্যাপ্ত টাকা থাকবে। টাকা না থাকলে উক্ত সুবিধা গ্রাহক পাবে না।

উদ্দীপকে নাবিল যে একটি প্লাস্টিক কার্ড ব্যবহার করে যাবতীয় ব্যয় নির্বাহ করে। সে সুপার শপে তার কেনাকাটার মূল্য পরিশোধ করতে ব্যর্থ হয় উক্ত কার্ড দ্বারা তার কার্ডটি ছিলো ডেবিট কার্ড। ব্যাংকের হিসাবে পর্যাপ্ত টাকা না থাকলে, উক্ত কার্ড ব্যবহার করে কেনাকাটার বিল পরিশোধ করা যায় না। তাই বলা যায়, নাবিলে ব্যবহৃত কার্ডটি ডেবিট কার্ড।

**ঘ** জামিল ক্রেডিট কার্ড ব্যবহার করে বিধায়, তাকে নাবিলের মতো বিরূপ অবস্থার সম্মুখীন হতে হয় না।

ক্রেডিট কার্ড হচ্ছে একটি ইলেকট্রনিক প্লাস্টিক কার্ড। ক্রেডিট কার্ডের মাধ্যমে গ্রাহক নগদ টাকা ছাড়াই কেনাকাটা করতে পারে। এ কার্ড ব্যবহারে ব্যাংকে হিসাব থাকার বাধ্যবাধকতা নেই। এটি এক প্রকার ব্যক্তিগত ঋণ। যা গ্রাহককে নির্দিষ্ট সময় শেষে পরিশোধ করতে হয়।

উদ্দীপকে নাবিল ও জামিল দুই বন্ধু প্লাস্টিক কার্ড দ্বারা যাবতীয় ব্যয় নির্বাহ করেন। সম্প্রতি তারা সিলেটে বেড়াতে যান। সেখানে নাবিল একটি সুপার শপ হতে কেনাকাটার মূল্য তার কার্ডের মাধ্যমে পরিশোধ করতে ব্যর্থ হন। তখন অবস্থায় তার বন্ধু জামিল তার কার্ড দ্বারা মূল্য পরিশোধ করেন। ব্যাংক হিসাবে টাকা না থাকলেও জামিলকে এখন পরিস্থিতিতে পড়তে হয় না। যেহেতু টাকা না থাকলেও সে মূল্য পরিশোধ করতে পারে। তাই তার কার্ডটি হচ্ছে ক্রেডিট কার্ড। কেননা ক্রেডিট কার্ড ব্যবহার করে ঋণ নেওয়া যায়। যার ফলে গ্রাহক মূল্য পরিশোধ করতে পারে। এই ঋণ নেওয়ার জন্য গ্রাহককে নির্দিষ্ট সময়ে সুদসহ টাকা পরিশোধ করতে হয়। কার্ড ব্যবহারে ডেবিট কার্ড থেকে ক্রেডিট কার্ড উত্তম। কেননা এই কার্ড দ্বারা হিসাবে অর্থ না থাকলেও, মূল্য পরিশোধ করা যায়।

তাই বলা যায়, জামিল ক্রেডিট কার্ড ব্যবহার করে বিধায়, তাকে নাবিলের মতো পরিস্থিতিতে পড়তে হয় না।

**প্রশ্ন ▶ ১১** স্বেচ্ছায় অবসর গ্রহণকারী জনাব নাসিম তার প্রতিষ্ঠান থেকে এককালীন ২৫ লক্ষ টাকা পান। ছেলের বিদেশে উচ্চ শিক্ষা অর্জনের জন্য ২০ লক্ষ টাকা ৪ বছরের জন্য অনন্যা ব্যাংকের একটি ব্যাংক হিসাবে জমা রাখেন। বর্তমানে তিনি ই-কমার্স ব্যবসায় শুরু করেন। এ ব্যবসায়ের আয় থেকে তিনি ৫,০০০ টাকা করে প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে জমা করার শর্তে ৫ বছর মেয়াদি শৈলী ব্যাংকে একটি হিসাব চালু করেন।

ক. কোন ব্যাংকিং পণ্য হতে ২৪ ঘণ্টা টাকা উত্তোলন করা যায়? ১

খ. বিমা সঞ্চয়ী হিসাব বলতে কী বুঝায়? ২

গ. জনাব নাসিম শৈলী ব্যাংকে কোন ধরনের হিসাব চালু করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব নাসিমের অনন্যা ব্যাংকে উক্ত হিসাবটি খোলার যুক্তিকতা বিশ্লেষণ কর। ৪

## ১১নং প্রশ্নের উত্তর

**ক** ATM মেশিনের সাহায্য ২৪ ঘণ্টা টাকা উত্তোলন করা যায়।

**খ** ব্যাংকের বিমা সঞ্চয়ী হিসাব থেকে বিমার সুবিধা পাওয়া যায়। এ হিসাবের মাধ্যমে সঞ্চয়ী হিসাব এবং জীবন বিমার সুবিধা পাওয়া যায়। এক্ষেত্রে আমানতকারীদের একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ উক্ত হিসাবে জমা রাখতে হয়। উক্ত জমা টাকার ওপর প্রাপ্ত সুদের কিছু অংশ হতে প্রিমিয়াম বাদ দেওয়ার পর আমানতকারীর নামে মোটা অঙ্কের বিমা করে থাকে এবং গ্রাহক উক্ত বিমার সুবিধা ভাগ করতে পারে।

**গ** জনাব নাসিম 'শৈলী' ব্যাংকে ডিপোজিট পেনশন স্কিম হিসাব চালু করেন।

যে হিসাবে প্রতিমাসে নির্দিষ্ট সময়ের মধ্য নির্দিষ্ট পরিমাণ অর্থ জমা দিতে হয়, তাকে ডিপোজিট পেনশন স্কিম হিসাব বলে। ৩ হিসাবের মাধ্যমে আমানতকারী দীর্ঘমেয়াদে অর্থ জমা রাখে এবং মেয়াদ শেষে এককালীন সুদ/মুনাফাসহ আসল টাকা ফেরত প্রদান করা হয়। প্রতি মাসে যেকোনো অঙ্কের অর্থ জমা রাখা হয় ও মেয়াদ শেষে সুদসহ ফেরত দেওয়া হয়।

উদ্দীপকে জনাব নাসিম তিনি ই-কমার্স ব্যবসায় শুরু করেন। এ ব্যবসায়ের আয় থেকে তিনি প্রতি মাসে ১৫ তারিখের মধ্যে টাকা জমা করার শর্তে ৫ বছর মেয়াদি শৈলী ব্যাংকে চালু করেন। তার এই হিসাবটি হচ্ছে ডিপোজিট পেনশন স্কিম হিসাব, যেখানে প্রতি মাসের নির্দিষ্ট সময়ে অর্থ জমা করা হয় ও মেয়াদ শেষে সুদসহ আসল ফেরত দেওয়া হয়। তাই বলা যায়, জনাব নাসিম শৈলী ব্যাংকে ডিপোজিট পেনশন স্কিম হিসাব চালু করেছেন।

**ঘ** জনাব নাসিম 'অনন্যা ব্যাংকে' স্থায়ী হিসাব খুলেছেন।

যে হিসাব নির্দিষ্ট সময় বা মেয়াদের জন্য খোলা হয়, তাকে স্থায়ী হিসাব বলে। স্থায়ী হিসাবে একবারে অর্থ জমা রাখা হয়। নির্দিষ্ট সময় শেষে উক্ত টাকার সাথে সুদ প্রদান করে, মুনাফা-আসল প্রদান করা হয়। এ হিসাবে উচ্চহারে সুদ প্রদান করা হয় তবে মেয়াদ পূর্তির পূর্বে এ গ্রাহক তার টাকা উত্তোলন করতে পারে না। যদি বিশেষ প্রয়োজনে উত্তোলন করে, তাহলে কোনো সুদ পাবে না।

উদ্দীপকে নাসিম তিনি অবসর গ্রহণ করার তার প্রতিষ্ঠান থেকে ২৫ লক্ষ টাকা পান। ছেলের বিদেশে উচ্চ শিক্ষার জন্য ২০ লক্ষ টাকা ৪ বছরের জন্য অনন্য ব্যাংকের একটি হিসাবে জমা রাখেন। তার এই হিসাবটি হচ্ছে স্থায়ী হিসাব। স্থায়ী হিসাবে এককালীন অর্থ জমা রেখে, মেয়াদ শেষে সুদ-আসল পাওয়া যায়। এ হিসাবে উচ্চ হারে সুদ প্রদান করে বিধায় তিনি মেয়াদ শেষে অধিক অর্থ পাবেন। তিনি হিসাবে যেহেতু গ্রাহক জমাকৃত অর্থ উত্তোলন করবে না, বিধায় ব্যাংক উক্ত অর্থ বিনিয়োগের সুযোগ পায় ও উচ্চহারে সুদ প্রদান করে।

তাই বলা যায় যে, উচ্চহারে সুদ লাভের উদ্দেশ্য তিনি 'অনন্যা ব্যাংকে' স্থায়ী হিসাব খুলেছেন।

# কুমিল্লা বোর্ড–২০২৩

বিষয় কোড 152

সময় : ৩০ মিনিট

## ফিন্যান্স ও ব্যাংকিং : বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[২০২৩ সালের সিলেবাস অনুযায়ী]

*[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান–১ ।]*

*প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।*

**১. ভবিষ্যৎ মূল্য নির্ধারণের জন্য নিচের কোন প্রক্রিয়াটি ব্যবহার করতে হবে?**
ক) বার্ষিক বাট্টাকরণ খ) বার্ষিক চক্রবৃদ্ধিকরণ
গ) সরল সুদ নির্ণয় ঘ) প্রকৃত সুদের হার

**২. ব্যাংক হতে ঋণ গ্রহণের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?**
ক) ব্যাংক ঋণ গ্রহীতাকে নগদ অর্থে ঋণ প্রদান করে
খ) ঋণের অর্থ গ্রহীতার হিসাবে ডেবিট করা হয়
গ) চেকের ব্যবহার নিষ্প্রয়োজন
ঘ) নতুনভাবে ঋণ আমানত সৃষ্টি হয়

**৩. কারখানার জন্য সেলাই মেশিন ক্রয়ে ঋণ প্রদানের কোন ব্যাংকের ভূমিকা সবচেয়ে বেশি?**
ক) কেন্দ্রীয় ব্যাংক খ) শিলপ ব্যাংক গ) সমবায় ব্যাংক ঘ) বিনিময় ব্যাংক

☐ **উদ্দীপকটি পড়ে ৪নং প্রশ্নের উত্তর দাও :**
নাজিফা বর্তমানে ১,০০০ টাকা ২ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চান। সুদের হার ১০%।

**৪. মেয়াদ শেষে নাজিফা ব্যাংক থেকে পাবে–**
ক) ১,১৫০ টাকা খ) ১,২০০ টাকা গ) ১,২০৫ টাকা ঘ) ১,২১০ টাকা

**৫. ঋণ গ্রহণের আগে পরিশোধ ক্ষমতা যাচাই করে নিতে হয়, কারণ–**
i. ঋণের অর্থ পরিশোধ করা বাধ্যতামূলক
ii. ঋণ গ্রহণে ব্যবসায়িক ঝুঁকি বৃদ্ধি পায়
iii. এতে কারবার দেউলিয়া হওয়ার আশঙ্কা থাকে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**৬. গ্রাহকের জন্য ব্যাংক আমানতের উদ্দেশ্য কোনটি?**
ক) সেবা অর্জন খ) মূলধন গঠন
গ) বৈদেশিক বিনিময় ঘ) সঞ্চয় প্রবণতা সৃষ্টি

**৭. ব্যবসায়ে বিভিন্ন রকম পণ্য সংগ্রহের কারণ–**
ক) পণ্যের মান উন্নত করা খ) পণ্যের মূল্য হ্রাস করা
গ) সুনাম বৃদ্ধি করা ঘ) ঝুঁকি কমানো

**৮. বিক্রয়লব্ধ সম্পূর্ণ অর্থ দিয়ে কোনো প্রকল্পে অর্থায়ন করা হলে, কীরূপ ঝুঁকির সৃষ্টি হতে পারে?**
ক) ব্যবসায়িক ঝুঁকি খ) আর্থিক ঝুঁকি গ) তারল্য ঝুঁকি ঘ) সুদ হারের ঝুঁকি

☐ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
মিনা পিতার নিকট থেকে ৩ লক্ষ টাকা নিয়ে মুরাদপুরে একটি জুয়েলারী দোকান খোলে। তার বান্ধবীর পিতা 'R' ব্যাংকের মুরাদপুর শাখার ব্যবস্থাপক। তাঁর কাছ থেকে পরামর্শ নিয়ে সে উক্ত ব্যাংকে একটি হিসাব খোলেন।

**৯. মিনার জন্য উপযুক্ত হিসাব কোনটি?**
ক) স্থায়ী হিসাব খ) সঞ্চয়ী হিসাব
গ) চলতি হিসাব ঘ) ঋণ আমানত হিসাব

**১০. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি–**
i. দেশের আর্থিক প্রতিষ্ঠানকে নিয়ন্ত্রণ করে
ii. জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে সংগ্রহ করে
iii. বেকারত্ব দূরীকরণে সহায়তা করে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১১. স্থায়ী হিসাবে সর্বনিম্ন মেয়াদ কত?**
ক) ১ মাস খ) ২ মাস গ) ৩ মাস ঘ) ৬ মাস

**১২. কোন ধরনের বিনিয়োগকে নগদায়ন করা সময়সাধ্য ও ব্যয়বহুল?**
ক) সাধারণ শেয়ার খ) বন্ড ও ডিবেঞ্চার
গ) অগ্রাধিকার শেয়ার ঘ) রাইট শেয়ার

☐ **উদ্দীপকটি পড়ে ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
মিসেস শশী ১ লক্ষ টাকার চেক কেটে তাঁর সন্তান নদীকে 'P' ব্যাংক থেকে টাকা উত্তোলন করতে বলেন। নদী ব্যাংক থেকে টাকা উত্তোলনের পর তার মায়ের হিসাবে জমার পরিমাণ জানতে চাইলে ব্যাংক কর্তৃপক্ষ অপারগতা প্রকাশ করে।

**১৩. ব্যাংকিং ব্যবসায়ের কোন নীতি অনুসারে ব্যাংক কর্তৃপক্ষ অসম্মতি প্রকাশ করে?**
ক) সুনামের নীতি খ) সচ্ছতার নীতি
গ) গোপনীয়তার নীতি ঘ) সাবধানতার নীতি

**১৪. নগদ আন্তঃপ্রবাহ থেকে মোট অবচয় বাদ দিলে পাওয়া যায়–**
ক) নিট মুনাফা খ) কর পূর্ববর্তী মুনাফা
গ) মোট মুনাফা ঘ) প্রারম্ভিক বিনিয়োগ

**১৫. সবচেয়ে বেশি ঝুঁকি বহুল আয় কোনটি?**
ক) সাধারণ শেয়ার থেকে প্রাপ্ত আয় খ) অগ্রাধিকার শেয়ার থেকে প্রাপ্ত আয়
গ) ট্রেজারি বিল থেকে প্রাপ্ত আয় ঘ) স্থায়ী আমানত থেকে প্রাপ্ত আয়

**১৬. প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের সাথে জড়িত প্রক্রিয়া হলো–**
ক) প্রকৃত সুদের হার খ) অর্থের বর্তমান মূল্য
গ) আদর্শ বিচ্যুতি ঘ) মূলধন বাজেটিং

☐ **উদ্দীপকটি পড়ে ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
ব্যবসায়ী হিসাব ব্যাংক থেকে ১০ লক্ষ টাকা ঋণের জন্য আবেদন করলে ব্যাংক কর্তৃপক্ষ ঋণ মঞ্জুর করে এবং তাদের ব্যাংক হিসাব খুলে চেকের মাধ্যমে টাকা উত্তোলন করতে বলেন।

**১৭. ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে ব্যাংক কোন কাজটি সম্পাদন করে?**
ক) অর্থ স্থানান্তর খ) ঋণ আমানত সৃষ্টি
গ) মূলধন গঠন ঘ) বিনিময়ের মাধ্যম

**১৮. দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত কোনটি?**
ক) কাঁচামাল ক্রয় খ) মনিহারী দ্রব্য ক্রয়
গ) ফটোকপি মেশিন ক্রয় ঘ) পণ্যদ্রব্য ক্রয়

**১৯. প্রত্যেক বছর আসলের উপর গণনা করা হয় নিচের কোনটি?**
ক) সরল সুদ খ) চক্রবৃদ্ধি সুদ গ) নিট সুদ ঘ) মোট সুদ

**২০. অনলাইন ব্যাংকিং এর সুবিধা হলো–**
i. সময় সাশ্রয় হয়
ii. অর্থ স্থানান্তরে সুযোগ থাকে
iii. সকাল ১০টা থেকে রাত ১০টা পর্যন্ত খোলা থাকে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

☐ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
একজন বিনিয়োগকারীর 'মনি' প্রকল্পের বিগত ৫ বছরের আয়ের ব্যবধানের বর্গের গড় ১৪৪। তাঁর অপর একটি প্রকল্প 'মুক্তা' এর আদর্শ বিচ্যুতি ১৩.৬%।

**২১. মনি প্রকল্পের আদর্শ বিচ্যুতি কত?**
ক) ১২% খ) ১২.৫% গ) ১২.৬৭% ঘ) ১৩.৫%

**২২. উদ্দীপকে–**
i. 'মনি ' প্রকল্পটি কম ঝুঁকিপূর্ণ
ii. 'মুক্তা' প্রকল্পে ঝুঁকি বেশি
iii. 'মুক্তা' প্রকল্প বন্ধ করে দেওয়া উচিত
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৩. কোন ধরনের অর্থায়নে বাণিজ্য ঘাটতি দেখা যায়?**
ক) সরকারি খ) পারিবারিক গ) ব্যবসায় ঘ) আন্তর্জাতিক

**২৪. অর্থের আন্তঃপ্রবাহের সাথে জড়িত–**
ক) বেতন প্রদান খ) মজুরি প্রদান গ) কাঁচামাল ক্রয় ঘ) পণ্য ও সেবা বিক্রয়

**২৫. সরকারি মালিকানায় পরিচালিত ব্যাংক কোনটি?**
ক) সোনালী ব্যাংক লি. খ) ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.
গ) প্রাইম ব্যাংক লি. ঘ) ঢাকা ব্যাংক লি.

**২৬. বাংলাদেশের সবচেয়ে জনপ্রিয় ব্যবসায় প্রতিষ্ঠান কোনটি?**
ক) কোম্পানি খ) একমালিকানা গ) সমবায় সমিতি ঘ) রাষ্ট্রীয় কারবার

**২৭. বিনিয়োগকারীর নিকট প্রকল্প মূল্যায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে–**
ক) প্রকৃত সুদের হার খ) অর্থের সময়মূল্য গ) সুযোগ ব্যয় ঘ) মূলধন ব্যয়

☐ **উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
মিনহাজ ৩ বছর মেয়াদি একটি প্রকল্পে ২ কোটি টাকা বিনিয়োগ করেন। প্রকল্প হতে বিগত তিন বছরে নিট মুনাফার পরিমাণ ছিল যথাক্রমে ২১ লক্ষ টাকা, ২৫ লক্ষ টাকা ও ২৬ লক্ষ টাকা। উক্ত প্রকল্পের প্রত্যাশিত গড় মুনাফার হার ২১%।

**২৮. মিনহাজ এর প্রকল্পের গড় নিট মুনাফা কত?**
ক) ২৪ লক্ষ খ) ২৫ লক্ষ গ) ২৫.৫ লক্ষ ঘ) ২৫.৮ লক্ষ

**২৯. উদ্দীপকের প্রকল্পের–**
i. বার্ষিক অবচয় ৬৬.৬৬ লক্ষ টাকা (প্রায়)
ii. গড় মুনাফার হার ২৪%
iii. লাভ অর্জন ক্ষমতা সন্তোষজনক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৩০. বাণিজ্যিক ব্যাংকের ব্যয়ের খাত কোনটি?**
ক) লকার ভাড়া খ) প্রত্যয়পত্র গ) নিরীক্ষকের ফি ঘ) বৈদেশিক বিনিময়

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# কুমিল্লা বোর্ড–২০২৩

বিষয় কোড 152

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স ও ব্যাংকিং : সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

[২০২৩ সালের সিলেবাস অনুযায়ী]

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে কমপক্ষে তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে কমপক্ষে তিনটিসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ফিন্যান্স অংশ

১। মুদি দোকানদার সবুর মিয়া বিভিন্ন ধরনের পণ্য বিক্রয় করেন। তিনি দোকান চালানোর জন্য দৈনন্দিন আয় থেকে খরচ করেন।

ক. আয় সিদ্ধান্ত কী? ১

খ. পারিবারিক অর্থায়নটি ব্যাখ্যা কর। ২

গ. সবুর মিয়ার ব্যবসায়টি অর্থায়নের কোন নীতির অন্তর্ভুক্ত? বর্ণনা কর। ৩

ঘ. জনাব সবুরের দৈনন্দিন আয় থেকে ব্যয় নির্বাহের সিদ্ধান্তটি পর্যালোচনা কর। ৪

২। জন প্রতিনিধি জনাব জলিল নিজস্ব ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের সহায়তায় মায়ের নামে এতিমখানা প্রতিষ্ঠা করেন। পাশাপাশি সাধারণ জনগণের বিদ্যুৎ সংকট রোধে সৌরবিদ্যুৎ স্থাপনের জন্য জেলা প্রশাসক বরাবর আবেদন করেন এবং সফল হন।

ক. অর্থায়ন কী? ১

খ. বিনিয়োগ সিদ্ধান্ত বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের জলিলের প্রতিষ্ঠানটি অর্থায়নের কোন শ্রেণির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব জলিলের এতিমখানার অর্থায়নের উৎস সৌর বিদ্যুতের অর্থায়নের উৎস হতে ভিন্ন। মতামত দাও। ৪

৩। তুহিন ৫ বছর পর ২ লক্ষ টাকা পাওয়ার আশায় কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চান। "চপল ব্যাংক" বার্ষিক ১০% হারে এবং "তমাল ব্যাংক" মাসিক ৯% হারে চক্রবৃদ্ধি প্রস্তাব দিয়েছে।

ক. অর্থের সময় মূল্য কী? ১

খ. চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিটি ব্যাখ্যা কর। ২

গ. তুহিনের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের জন্য "চপল ব্যাংকে" কত টাকা জমা রাখতে হবে? ৩

ঘ. তুহিনের কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক? গাণিতিকভাবে মতামত দাও। ৪

৪। মিঃ সোহরাব শতকরা ১৩.৫% হারে মাসিক চক্রবৃদ্ধিতে ১ লক্ষ টাকা ১০ বছরের জন্য "অপর্না ব্যাংকে" জমা রাখতে চান। অপরদিকে "ঝর্ণা ব্যাংক" ১০% ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. প্রকৃত সুদের হারের সূত্র লেখ। ১

খ. সুযোগ ব্যয় পদ্ধতিটি ব্যাখ্যা কর। ২

গ. মিঃ সোহরাব "অপর্না ব্যাংক" থেকে কত টাকা পাবেন? নির্ণয় কর। ৩

ঘ. কোন ব্যাংকে টাকা রাখা লাভজনক বলে মনে কর? গাণিতিকভাবে মতামত দাও। ৪

৫। জনাব টগর মূলধনের ৬০% শেয়ার ও বন্ড থেকে ক্রয় করেন। এছাড়াও মিসাইল প্রকল্প থেকে আগামী ৫ বছরে যথাক্রমে ২০%, ১০%, – ১৫%, ২৫% এ – ৫% হারে আয় প্রত্যাশা করেন।

ক. ঝুঁকি কী? ১

খ. কোনটি পরিমাপ করা যায় না? ব্যাখ্যা কর। ২

গ. বিনিয়োগকারী হিসেবে জনাব টগরের কোন ধরনের ঝুঁকি বিদ্যমান? বর্ণনা কর। ৩

ঘ. যদি রকেট প্রকল্পের গড় আয় ১০% এবং আদর্শ বিচ্যুতি ১৪.০৩% হয় তাহলে ঝুঁকি বিবেচনায় জনাব টগরের জন্য কোন প্রকল্পে বিনিয়োগ করা যৌক্তিক? সিদ্ধান্ত দাও। ৪

৬। "জ্যোতি প্রকল্পের" বিনিয়োগ ১ কোটি টাকা। প্রকল্পটি ৩ বছর মেয়াদি। করযোগ্য মুনাফা/ক্ষতি ৭০ লক্ষ, ৪০ লক্ষ এবং ৮০ লক্ষ টাকা। কর হার ৩০%।

ক. নগদ আন্তঃপ্রবাহ কী? ১

খ. মূলধন বাজেটিং সর্বদাই ঝুঁকিযুক্ত সিদ্ধান্ত– ব্যাখ্যা কর। ২

গ. জ্যোতি প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. যদি "নদী প্রকল্পের" পে-ব্যাক সময় ৩.৫ বছর হয় তাহলে কোনটি তোমার জন্য বর্জনীয়? মতামত দাও। ৪

### ব্যাংকিং অংশ

৭। যশোরের 'ID' নামক ব্যাংক এদেশের সাথে পাশাপাশি দেশগুলোর মধ্যে ব্যাংকিং লেনদেনের কার্যক্রম পরিচালনা করে থাকে। যে কারণে দেশের সীমানা পেরিয়েও যেকোনো ভ্রমণকারী উক্ত শাখার লেনদেন থেকে অনেক উপকৃত হচ্ছে।

ক. বাণিজ্যিক ব্যাংক কী? ১

খ. স্কুল ব্যাংকিং বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. মালিকানাভিত্তিক 'ID' ব্যাংক কোন শ্রেণির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে 'ID' ব্যাংকের ভূমিকা অপরিসীম। বিশ্লেষণ কর। ৪

৮। বন্দর এলাকায় অবস্থিত 'CV' নামক ব্যাংক গ্রাহকদেরকে বাকিতে পণ্য ক্রয়ের সুবিধা প্রদানের জন্য প্রতিষ্ঠিত। এজন্য ব্যাংকটি লেনদেনের সুবিধার্থে মক্কেলকে একটি প্লাস্টিক কার্ড সরবরাহ করে থাকে।

ক. সমবায় ব্যাংক কী? ১

খ. উন্নয়নের নীতিটি ব্যাখ্যা কর। ২

গ. বিশেষ গ্রাহকভিত্তিক 'CV' ব্যাংক কোন শ্রেণির? বর্ণনা কর। ৩

ঘ. 'CV' ব্যাংকটি শ্রেণি বিন্যাসের দিক থেকে একই শ্রেণিভুক্ত– মতামত দাও। ৪

৯। 'কাজল ব্যাংকের' অনুমতিক্রমে স্বজল ব্যাংক প্রতিষ্ঠিত। 'স্বজল ব্যাংক' কিছু টাকা কাজল ব্যাংকে জমা দিয়ে ৩০ লক্ষ টাকা নিয়ে স্বল্প পরিসরে ডেমরা এলাকায় মুনাফা অর্জনের উদ্দেশ্যে গঠিত। ব্যাংকটি এলাকার শুধুমাত্র দরিদ্র চাষিদেরকে মেয়াদের ভিত্তিতে ঋণ প্রদান ও পরামর্শ দিয়ে থাকে।

ক. মহিলা ব্যাংক কী? ১

খ. তালিকাভুক্ত ব্যাংক বলতে কী বোঝায়? ২

গ. কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী কাজল ব্যাংক কোন ধরনের? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের স্বজল ব্যাংকটির সহযোগিতার বিষয়টি মূল্যায়ন কর। ৪

১০। জনাব ইকবাল একজন ব্যবসায়ী। নিজ এলাকায় 'B' ব্যাংকে তার দুইটি হিসাব রয়েছে। ব্যাংকটি তাকে চেক ও দু ধরনের কার্ড সরবরাহ করে। তার পক্ষে ব্যাংকটি ভাড়া আয় ও বিভিন্ন বিলের অর্থ পরিশোধ করে থাকে।

ক. পরিশোধিত মূলধন কী? ১

খ. ব্যাংকের নিরাপত্তার নীতিটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'B' ব্যাংকটি ভাড়া আদায়ের মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকের কোন বিশেষ কাজটি সম্পন্ন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের বিলের অর্থ পরিশোধের মাধ্যমে ব্যাংকটির আয়ের সৃষ্টি হয়েছে। যুক্তি দাও। ৪

১১। জনাব হক চাকরি থেকে অবসরের পর ১৫ লক্ষ টাকা পেলেন। তিনি ১০ লক্ষ টাকা দিয়ে ৫ বছরের জন্য 'G' ব্যাংকে একটি হিসাব খোলেন। বাকি পাঁচ লক্ষ টাকা 'F' ব্যাংকে জমা রাখেন। 'F' ব্যাংক হতে প্রাপ্ত সুদের কিছু অংশ প্রিমিয়াম হিসেবে বাদ দেয়ার পর মোট অঙ্কের বিমা করা হয়।

ক. বন্ধকী ব্যাংক কী? ১

খ. তারল্য নীতিটি ব্যাখ্যা কর। ২

গ. জনাব হক 'G' ব্যাংকে কোন ধরনের হিসাব খুলেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব হক 'F' ব্যাংকে যে ধরনের হিসাব খুলেছেন তা 'G' ব্যাংক অপেক্ষা অধিক সুবিধাজনক। বিশ্লেষণ কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | গ | ৯ | গ | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | ক | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | গ |

## সৃজনশীল

### ফিন্যান্স অংশ

**প্রশ্ন ▸ ০১** মুদি দোকানদার সবুর মিয়া বিভিন্ন ধরনের পণ্য বিক্রয় করেন। তিনি দোকান চালানোর জন্য দৈনন্দিন আয় থেকে খরচ করেন।

ক. আয় সিদ্ধান্ত কী? ১

খ. পারিবারিক অর্থায়নটি ব্যাখ্যা কর। ২

গ. সবুর মিয়ার ব্যবসায়টি অর্থায়নের কোন নীতির অন্তর্ভুক্ত? বর্ণনা কর। ৩

ঘ. জনাব সবুরের দৈনন্দিন আয় থেকে ব্যয় নির্বাহের সিদ্ধান্তটি পর্যালোচনা কর। ৪

### ১নং প্রশ্নের উত্তর

**ক** আয় সিদ্ধান্ত বলতে মূলত তহবিল সংগ্রহের প্রক্রিয়াকে বোঝায়।

**খ** পরিবারের জন্য পরিকল্পনামাফিক অর্থের উৎস নির্ধারণ ও তার ব্যবহারকে পারিবারিক অর্থায়ন বলে।

পারিবারিক অর্থায়নের ক্ষেত্রে নিয়মিত আয়ের সাথে সংগতি রেখে নিয়মিত ব্যয়সমূহ নির্ধারণ করা হয় এবং অগ্রাধিকার ভিত্তিতে অধিক গুরুত্বপূর্ণ ব্যয়গুলো পূরণ করা হয়। পরিবারের আয় যদি ব্যয়ের জন্য যথেষ্ট না হয় তবে আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব থেকে ঋণ নেওয়া যায়। স্থায়ী সম্পদ অর্জনের জন্য প্রয়োজনীয় অর্থের জন্য ব্যাংক থেকে ঋণ নেওয়া যায়। পরিবারের আয় যদি ব্যয়ের চেয়ে বেশি হয় তবে তা ভবিষ্যতের জন্য সঞ্চয় করা হয়।

**গ** সবুর মিয়ার ব্যবসায়টি অর্থায়নের বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন নীতির অন্তর্ভুক্ত।

এ নীতি অনুযায়ী কোনো নির্দিষ্ট খাতে সমুদয় অর্থ বিনিয়োগ করা হয় না। বরং পণ্য বা সেবা যথাসম্ভব বৈচিত্র্যপূর্ণ করা হয়। এর ফলে বিনিয়োগের সার্বিক ঝুঁকি বণ্টিত হয় এবং হ্রাস পায়। এ নীতি অনুসরণ করে কাঙ্ক্ষিত মুনাফা অর্জন করা যায়।

উদ্দীপকে সবুর মিয়া মুদি দোকান পরিচালনা করেন। তিনি দোকানে বিভিন্ন ধরনের পণ্য বিক্রয় করেন। একাধিক পণ্যে বিনিয়োগ তার প্রতিষ্ঠানের ঝুঁকি হ্রাস করবে। কোনো কারণে একটি পণ্যের বিক্রয় কম হলে তা অন্য পণ্যের মুনাফা দ্বারা পুষিয়ে নিতে পারবেন। অর্থায়নে বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন নীতি অনুযায়ী একাধিক পণ্যে বিনিয়োগ করে ঝুঁকি হ্রাস করা হয়। সবুর মিয়া অর্থায়নের বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন নীতি অনুসরণ করেছেন।

উদ্দীপকে সবুর মিয়া একজন মুদি ব্যবসায়ী। বিভিন্ন ধরনের মুদি পণ্য বিক্রয় করেন। ব্যবসায়িক ব্যয় বা পণ্য কেনার জন্য তিনি দৈনন্দিন আয় অর্থাৎ বিক্রয়লব্ধ আয় ব্যবহার করেন। এক্ষেত্রে তিনি স্বল্পমেয়াদি উৎস থেকে চলতি মূলধনের প্রয়োজন মেটান। অতএব বলা যায় যে, আজাদ সাহেব তার ব্যবসায়ের ব্যয় বা পণ্য কেনার ক্ষেত্রে অর্থায়নের উপযুক্ততার নীতি অনুসরণ করেছেন।

**ঘ** জনাব সবুরের দৈনন্দিন আয় থেকে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত অর্থায়নের উপযুক্ততার নীতি অনুসরণ করছেন।

উপযুক্ততার নীতি অনুযায়ী প্রতিষ্ঠানের চলতি মূলধন স্বল্পমেয়াদি উৎস হতে এবং স্থায়ী মূলধন দীর্ঘমেয়াদি উৎস হতে সংগ্রহ করা হয়।

উদ্দীপকে সবুর মিয়া একজন মুদী ব্যবসায়ী। তিনি দোকান চালানোর জন্য দৈনন্দিন আয় থেকে খরচ করেন। চালিয়ে রাখার জন্য যে নিত্যনৈমিত্তিক অর্থের প্রয়োজন হয় তাই চলতি মূলধন। চলতি মূলধনের পরিমাণ কম হয় বলে এর প্রাপ্যও কম হয়, ফলে এটি স্বল্পমেয়াদি উৎস হতে সংগ্রহ করা ভালো। কারণ দীর্ঘমেয়াদি উৎস থেকে তহবিল সংগ্রহ করা হলে ঋণদাতা প্রতিষ্ঠানকে অধিক হারে সুদ প্রদান করতে হয় যা উপার্জিত আয় হতে পরিশোধ করা অসম্ভব হয়ে যায়। তাই, বিক্রয়লব্ধ অর্থ দিয়ে চলতি মূলধন ব্যবস্থাপনা করা উত্তম। তাই বলা যায়, জনাব সবুরের দৈনন্দিন আয় থেকে ব্যয় নির্বাহের সিদ্ধান্তে অর্থায়নের উপযুক্ততার নীতির প্রয়োগ যুক্তিযুক্ত।

**প্রশ্ন ▸ ০২** জন প্রতিনিধি জনাব জলিল নিজস্ব ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের সহায়তায় মায়ের নামে এতিমখানা প্রতিষ্ঠা করেন। পাশাপাশি সাধারণ জনগণের বিদ্যুৎ সংকট রোধে সৌরবিদ্যুৎ স্থাপনের জন্য জেলা প্রশাসক বরাবর আবেদন করেন এবং সফল হন।

ক. অর্থায়ন কী? ১

খ. বিনিয়োগ সিদ্ধান্ত বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের জলিলের প্রতিষ্ঠানটি অর্থায়নের কোন শ্রেণির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব জলিলের এতিমখানার অর্থায়নের উৎস সৌর বিদ্যুতের অর্থায়নের উৎস হতে ভিন্ন। মতামত দাও। ৪

### ২নং প্রশ্নের উত্তর

**ক** অর্থায়ন হলো তহবিল সংগ্রহ ও ব্যবহার সংক্রান্ত প্রক্রিয়া।

**খ** বিনিয়োগ সিদ্ধান্তের অপর নাম ব্যয় সিদ্ধান্ত।

একজন আর্থিক ব্যবস্থাপককে সাধারণত দুই ধরনের সিদ্ধান্ত নিতে হয়। তার মধ্যে ব্যয় সিদ্ধান্ত একটি। কোনো খাতে বিনিয়োগ করার সিদ্ধান্ত নেওয়াকেই ব্যয় সিদ্ধান্ত বলে। যেমন– যেকোনো ব্যবসায় প্রতিষ্ঠান যদি তাদের কার্যক্রম অব্যাহত রাখার জন্য একটি মেশিন কেনার সিদ্ধান্ত নেয় তাহলে সেটি ব্যয় সিদ্ধান্ত বা বিনিয়োগ সিদ্ধান্ত।

**গ** উদ্দীপকে জলিলের প্রতিষ্ঠানটির অর্থায়নের ধরনটি হলো অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থায়ন।

অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থের উৎস চিহ্নিতকরণ এবং উদ্দেশ্য অর্জনে এর যথাযোগ্য ব্যবহার নিশ্চিত করাই অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থায়নের মূল উদ্দেশ্য। এ ধরনের প্রতিষ্ঠান অমুনাফাভোগী হয়। বিভিন্ন অনুদানের মাধ্যমে এ ধরনের প্রতিষ্ঠানের অর্থায়ন হয়ে থাকে।

জলিল নিজস্ব ও এলাকার গণ্য মান্য ব্যক্তিবর্গের সহায়তায় 'মায়ের' নামে একটি এতিমখানা প্রতিষ্ঠা করেন। 'মায়ের' মতো সমাজে এমন কিছু প্রতিষ্ঠান বা সংস্থা থাকে, যা মানবকল্যাণে বা দরিদ্র ও সুবিধা বঞ্চিত মানুষের সেবায় নিয়োজিত থাকে। এ ধরনের প্রতিষ্ঠান পরিচালনার জন্য অর্থ বা অর্থ সমতুল্য পণ্য বা সেবার প্রয়োজন আছে। এক্ষেত্রে অর্থায়ন যে ভূমিকা রাখে তা হচ্ছে, অর্থ ও অর্থ সমতুল্য সম্পদ সংগ্রহের উৎস চিহ্নিতকরণ এবং তার সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে প্রতিষ্ঠানটির সেবামূলক উদ্দেশ্যকে সফল করে।

উদ্দীপকের 'মায়ের' সংগঠনটি একটি এতিমখানা যা মুনাফাভিত্তিক সংগঠন নয় তবে এর জন্য অর্থের প্রয়োজন আছে। এক্ষেত্রে প্রতিষ্ঠানটি অর্থায়ন প্রক্রিয়ায় বিভিন্ন অনুদানের মাধ্যমে অর্থ সংগ্রহ করে সংগৃহীত অর্থ দ্বারা এতিম শিশুদের থাকা, খাওয়া, শিক্ষা ও বিভিন্ন উন্নয়নের ব্যবস্থা করে। তাই বলা যায়, উদ্দীপকে জলিলের প্রতিষ্ঠানটির অর্থায়নের ধরনটি হলো অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থায়ন।

**ঘ** "জনাব জলিলের এতিমখানার অর্থায়নের উৎস সৌর বিদ্যুতের অর্থায়নের উৎস হতে ভিন্ন।"– এ বিষয়ে আমি একমত।

বিভিন্ন প্রতিষ্ঠানের ক্ষেত্রে অর্থায়ন প্রক্রিয়া ভিন্ন হয়। যেমন– সরকারি অর্থায়নে প্রথমে ব্যয়ের পরিমাণ নির্ধারণ করে সেই অনুযায়ী তহবিল সংগ্রহ করা হয়। আবার, অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থায়নের মূল উদ্দেশ্য হলো অর্থের উৎস চিহ্নিতকরণ এবং তার সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে প্রতিষ্ঠানটির সেবামূলক উদ্দেশ্যকে সফল করা।

উদ্দীপকে, জনপ্রতিনিধি জনাব জলিল নিজস্ব ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের সহায়তায় 'মায়ের' নামে একটি এতিমখানা প্রতিষ্ঠা করেন। পাশাপাশি সাধারণ জনগণের বিদ্যুৎ সংকট রোধে সৌরবিদ্যুৎ স্থাপনের জন্য জেলা প্রশাসক বরাবর আবেদন করেন এবং সফল হন।

উদ্দীপকে এতিমখানাটি মূলত একটি অমুনাফাভোগী প্রতিষ্ঠান। এ ধরনের প্রতিষ্ঠানে বিভিন্ন অনুদানের মাধ্যমে অর্থ সংগ্রহ করা হয় এবং এতিমদের উন্নয়নের জন্য সেই অর্থ ব্যয় করা হয়। অন্যদিকে সৌরবিদ্যুৎ প্রকল্পটি সরকারি অর্থায়নের অন্তর্ভুক্ত। সরকারি অর্থায়নের ক্ষেত্রে সরকারকে দেশের সার্বিক উন্নয়নে বিভিন্ন খাতে ব্যয় করতে হয়। এই ব্যয় নির্বাহের জন্য সরকার বিভিন্ন উৎস যেমন–আয়কর, মূল্য সংযোজন কর, গিফট ট্যাক্স, আমদানি শুল্ক, রপ্তানি শুল্ক, সঞ্চয়পত্র প্রাইজ বন্ড, ট্রেজারি বিল ইত্যাদি উৎস থেকে অর্থ সংগ্রহ করে থাকে। অর্থাৎ, অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থায়নের উৎস ও সরকারি প্রতিষ্ঠানের অর্থায়নের উৎস এক নয় ভিন্ন। তাই বলা যায়, জনাব জালিলের এতিমখানার অর্থায়নের উৎস সৌর বিদ্যুতের অর্থায়নের উৎস হতে ভিন্ন।

**প্রশ্ন ▸ ০৩** তুহিন ৫ বছর পর ২ লক্ষ টাকা পাওয়ার আশায় কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চান। "চপল ব্যাংক" বার্ষিক ১০% হারে এবং "তমাল ব্যাংক" মাসিক ৯% হারে চক্রবৃদ্ধি প্রস্তাব দিয়েছে।

ক. অর্থের সময় মূল্য কী? ১
খ. চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিটি ব্যাখ্যা কর। ২
গ. তুহিনের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের জন্য "চপল ব্যাংকে" কত টাকা জমা রাখতে হবে? ৩
ঘ. তুহিনের কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক? গাণিতিকভাবে মতামত দাও। ৪

### ৩নং প্রশ্নের উত্তর

**ক** অর্থের সময়মূল্য হলো সময়ের পরিবর্তনের সাথে সাথে অর্থের মূল্যের পরিবর্তন হওয়া।

**খ** যে পদ্ধতিতে প্রতি বছর সুদাসলের উপর সুদ ধার্য করে ভবিষ্যৎ মূল্য নির্ধারণ করা হয় তাকে চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি বলে।

সরল সুদের ক্ষেত্রে শুধু আসলের উপর সুদ গণনা করা হয়। কিন্তু চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিতে প্রতি বছর সুদাসলের উপর সুদ গণনা করা হয়। যেমন : আসল ১০০ টাকা ও সুদের হার ১০% ধরলে ১ বছর পর সুদ হবে (১০০ × ১০%) = ১০ টাকা। ভবিষ্যৎ মূল্য দাঁড়াবে {১০০ + (১০০ × ১০%)} = ১১০ টাকা। দ্বিতীয় বছর এই ১১০ টাকাকে আসল ধরে তার উপর দ্বিতীয় বছরের ১০% হারে সুদ ধার্য করলে সুদ হবে (১১০ × ১০%) = ১১ টাকা। এভাবে প্রথম বছরের সুদাসলকে দ্বিতীয় বছরের আসল ধরে তার উপর দ্বিতীয় বছরের সুদ ধার্য করার প্রক্রিয়াকে বলা হয় চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি।

**গ** তুহিনের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের জন্য 'চপল ব্যাংকে' বর্তমানে জমাকৃত টাকার পরিমাণ নির্ণয় :

এখানে,
ভবিষ্যত মূল্য (FV) = ২,০০,০০০ টাকা
মেয়াদকাল (n) = ৫ বছর
সুদের হার (i) = ১০% = ০.১০

আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য (PV)} = \frac{FV}{(১ + i)^n}$$
$$= \frac{২,০০,০০০}{(১ + ০.১০)^৫}$$
$$= \frac{২,০০,০০০}{১.৬১০৫১}$$
$$= ১,২৪,১৮৪.২৬৪৬ \text{ টাকা (প্রায়)}$$

∴ তুহিনের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের জন্য তাকে 'চপল ব্যাংকে' বর্তমানে ১,২৪,১৮৪.২৬৪৬ টাকা (প্রায়) জমা রাখতে হবে।

**ঘ** তুহিনের কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে তা জানতে 'তমাল ব্যাংকে' জমাকৃত টাকার বর্তমান মূল্য নির্ণয় :

এখানে,
ভবিষ্যত মূল্য (FV) = ২,০০,০০০ টাকা
মেয়াদকাল (n) = ৫ বছর
সুদের হার (i) = ৯% = ০.০৯
বছরে চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ১২ বার

আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য (PV)} = \frac{FV}{\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}}$$
$$= \frac{২,০০,০০০}{\left(১ + \frac{০.০৯}{১২}\right)^{৫ \times ১২}}$$
$$= \frac{২,০০,০০০}{\left(১ + \frac{০.০৯}{১২}\right)^{৬০}}$$
$$= \frac{২,০০,০০০}{১.৫৬৫৬৮১০২৭}$$
$$= ১,২৭,৭৪০ \text{ টাকা (প্রায়)}$$

∴ লক্ষণীয় যে, তুহিনের ৫ বছর পর ২,০০,০০০ টাকা পাওয়ার জন্য বর্তমানে 'তমাল ব্যাংকে' তাকে ১,২৭,৭৪০ টাকা (প্রায়) জমা রাখতে হবে। একই সময় পর একই পরিমাণ টাকা পাওয়ার জন্য 'চপল ব্যাংকে' বর্তমানে তাকে ১,২৪,১৮৪.২৬৪৬ টাকা (প্রায়) জমা রাখতে হবে। অর্থাৎ, 'চপল ব্যাংকে' বর্তমানে তাকে কম টাকা জমা রাখতে হবে। তাই, তুহিনের জন্য 'চপল ব্যাংকে' টাকা জমা রাখা লাভজনক হবে।

**প্রশ্ন ▶ ০৪** মিঃ সোহরাব শতকরা ১৩.৫% হারে মাসিক চক্রবৃদ্ধিতে ১ লক্ষ টাকা ১০ বছরের জন্য "অপর্না ব্যাংকে" জমা রাখতে চান। অপরদিকে "ঝর্ণা ব্যাংক" ১০% ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. প্রকৃত সুদের হারের সূত্র লেখ। ১
খ. সুযোগ ব্যয় পদ্ধতিটি ব্যাখ্যা কর। ২
গ. মিঃ সোহরাব "অপর্না ব্যাংক" থেকে কত টাকা পাবেন? নির্ণয় কর। ৩
ঘ. কোন ব্যাংকে টাকা রাখা লাভজনক বলে মনে কর? গাণিতিকভাবে মতামত দাও। ৪

### ৪নং প্রশ্নের উত্তর

**ক** প্রকৃত সুদের হারের সূত্রটি হলো−

$$\text{প্রকৃত সুদের হার (EAR)} = \left\{\left(১ + \frac{i}{m}\right)^{m} - ১\right\} \times ১০০$$

**খ** কোনো একটি প্রকল্পে বিনিয়োগের ফলে অন্য যেকোনো প্রকল্পের আয়ের সুযোগ ত্যাগ করাকে সুযোগ ব্যয় বলে।

উদাহরণস্বরূপ কোনো এলাকায় জমির মূল্য ১০ বছরে দ্বিগুণ হয়। পক্ষান্তরে, ব্যাংকের সঞ্চয়ী হিসাবে সুদের হার ৮%। এক্ষেত্রে দুটি প্রকল্পের মধ্যে একটি গ্রহণ করতে হবে এবং অন্যটিকে ত্যাগ করতে হবে। মনে করি, জমি ক্রয়ে বিনিয়োগ করা হলো এবং সঞ্চয়ী হিসাবের প্রকল্প ত্যাগ করা হলো। এক্ষেত্রে জমি ক্রয়ের সুযোগ ব্যয় হবে ৮% সুদের হার।

**গ** জনাব সোহরাবের 'অপর্না ব্যাংকে' জমাকৃত টাকার ভবিষ্যৎ মূল্য নির্ণয় :
এখানে,

বর্তমান মূল্য (PV) = ১,০০,০০০ টাকা
মেয়াদকাল (n) = ৫ বছর
সুদের হার (i) = ১৩.৫% = ০.১৩৫
বছরে চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ১২ বার

আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য (FV)} = PV\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}$$
$$= ১,০০,০০০\left(১ + \frac{০.১৩৫}{১২}\right)^{১০ \times ১২}$$
$$= ১,০০,০০০\left(১ + \frac{০.১৩৫}{১২}\right)^{১২০}$$
$$= ১,০০,০০০ \times ৩.৮২৮৪৬০৩৫৭$$
$$= ৩,৮২,৮৪৬.০৩৫৭ \text{ টাকা (প্রায়)}$$

∴ মি. সোহরাব 'অপর্না ব্যাংক' থেকে ৩,৮২,৮৪৬.০৩৫৭ টাকা (প্রায়) পাবেন।

**ঘ** মি. সোহরাবের কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক তা জানতে 'ঝর্ণা ব্যাংকে' জমাকৃত টাকার ভবিষ্যৎ মূল্য নির্ণয় :
এখানে,

বর্তমান মূল্য (PV) = ১,০০,০০০ টাকা
মেয়াদকাল (n) = ১০ বছর
সুদের হার (i) = ১০% = ০.১০
বছরে চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ৪ বার [∵ ত্রৈমাসিক চক্রবৃদ্ধি]

আমরা জানি,

$$\text{ভবিষ্যৎ মূল্য (FV)} = PV\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}$$
$$= ১,০০,০০০\left(১ + \frac{০.১০}{৪}\right)^{১০ \times ৪}$$
$$= ১,০০,০০০\left(১ + \frac{০.১০}{৪}\right)^{৪০}$$
$$= ১,০০,০০০ \times ২.৬৮৫০৬৩৮৩৮$$
$$= ২,৬৮,৫০৬.৩৮৩৮ \text{ টাকা (প্রায়)}$$

∴ লক্ষণীয় যে, মি. সোহরাব ১ লক্ষ টাকা ১০ বছরের জন্য 'ঝর্ণা ব্যাংকে' জমা রাখলে মেয়াদ শেষে ২,৬৮,৫০৬.৩৮৩৮ টাকা (প্রায়) পাবেন। অন্যদিকে একই পরিমাণ টাকা একই মেয়াদের জন্য 'অপর্না ব্যাংকে' জমা রাখলে তিনি মেয়াদ শেষে ৩,৮২,৮৪৬.০৩৫৭ টাকা (প্রায়) পাবেন। অর্থাৎ, 'অপর্না ব্যাংকে' জমা রাখলে তিনি বেশি টাকা পাবেন। তাই, তার জন্য 'অপর্না ব্যাংকে' টাকা রাখা লাভজনক হবে।

**প্রশ্ন ▶ ০৫** জনাব টগর মূলধনের ৬০% শেয়ার ও বন্ড থেকে ক্রয় করেন। এছাড়াও মিসাইল প্রকল্প থেকে আগামী ৫ বছরে যথাক্রমে ২০%, ১০%, − ১৫%, ২৫% এ − ৫% হারে আয় প্রত্যাশা করেন।

ক. ঝুঁকি কী? ১
খ. কোনটি পরিমাপ করা যায় না? ব্যাখ্যা কর। ২
গ. বিনিয়োগকারী হিসেবে জনাব টগরের কোন ধরনের ঝুঁকি বিদ্যমান? বর্ণনা কর। ৩
ঘ. যদি রকেট প্রকল্পের গড় আয় ১০% এবং আদর্শ বিচ্যুতি ১৪.০৩% হয় তাহলে ঝুঁকি বিবেচনায় জনাব টগরের জন্য কোন প্রকল্পে বিনিয়োগ করা যৌক্তিক? সিদ্ধান্ত দাও। ৪

### ৫নং প্রশ্নের উত্তর

**ক** প্রত্যাশার বাইরে কোনো কিছু ঘটার সম্ভাবনাকে ঝুঁকি বলে।

**খ** অনিশ্চয়তাকে পরিমাপ করা যায় না।

ব্যবসায় ক্ষেত্রে বিভিন্ন রকম অনিশ্চয়তা বিদ্যমান থাকে। এসব অনিশ্চয়তার কারণে ব্যাবসায় প্রতিষ্ঠানের বিভিন্ন সিদ্ধান্তের প্রকৃত ফলাফল প্রত্যাশিত ফলাফলের চেয়ে কম বা বেশি হয়। অনিশ্চয়তার যে অংশটুকু পরিমাপ করা যায় সে অংশকে ঝুঁকি বলা হয়। কিছু কিছু অনিশ্চয়তা আছে যা পরিমাপ করা যায় না। উদাহরণসরূপ, একটি কোম্পানির প্রধান কর্মকর্তার মৃত্যু হতে পারে। এটা একটা অনিশ্চয়তা তবে এ অনিশ্চয়তাকে পরিমাপ করা যায় না।

**গ** বিনিয়োগকারী হিসেবে জনাব টগরের সুদের হারের ঝুঁকি ও তারল্য ঝুঁকি বিদ্যমান।

সুদের হারের পরিবর্তনের কারণে বন্ড ও ডিবেঞ্চারের মূল্য হ্রাসের আশঙ্কাকে সুদের হারের ঝুঁকি বলা হয়। অন্যদিকে বিনিয়োগকারী যদি এসব বিনিয়োগ সহজে ও যুক্তিসংগত মূল্যে বিক্রয় করতে না পারে তখন তারল্য ঝুঁকির সৃষ্টি হয়।

উদ্দীপকে, জনাব টগর মূলধনের ৬০% শেয়ার ইস্যুর মাধ্যমে এবং বাকি ৪০% বন্ড ক্রয় করে অর্থায়ন করেন। যেসব বিনিয়োগকারী বন্ড, ডিবেঞ্চার ইত্যাদি ক্রয় করে তাদেরকে সুদের হারের ঝুঁকি মোকাবিলা করতে হয়। কারণ, সুদের হারের পরিবর্তনের সাথে সাথে এসব

বিনিয়োগের মূল্য উঠা-নামা করে। সুদের হারের পরিবর্তনের কারণে বিনিয়োগের মূল্য হ্রাস পেলে ঝুঁকির সৃষ্টি হয়। আবার, সেকেন্ডারি মূলধনী বাজারে যত সহজে শেয়ারের ক্রেতা পাওয়া যায়, তত সহজে বন্ড বা ডিবেঞ্চারের ক্রেতা পাওয়া যায় না। কোনো কারণে বিনিয়োগকারী এসব বিনিয়োগ যুক্তিসংগত মূল্যে বিক্রয় করতে না পারলে তারল্য ঝুঁকির সৃষ্টি হয়। তাই বিনিয়োগকারী হিসেবে জনাব টগরের সুদের হারের ঝুঁকি ও তারল্য ঝুঁকি বিদ্যমান।

**ঘ** উদ্দীপকের মিসাইল প্রকল্প ও রকেট প্রকল্পের মধ্যে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করতে মিসাইল প্রকল্পের গড় আয় ও আদর্শ বিচ্যুতি নির্ণয় করতে হবে।

মিসাইল প্রকল্পের গড় আয় ও আদর্শ বিচ্যুতি নির্ণয় :

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয়-গড়) | ব্যবধানের বর্গ |
|---|---|---|---|
| ১ | ২০ | (২০ − ৭) = ১৩ | ১৬৯ |
| ২ | ১০ | (১০ − ৭) = ৩ | ৯ |
| ৩ | − ১৫ | (− ১৫ − ৭) = − ২২ | ৪৮৪ |
| ৪ | ২৫ | (২৫ − ৭) = ১৮ | ৩,৩২৪ |
| ৫ | − ৫ | (− ৫ − ৭) = − ১২ | ১৪৪ |
| যোগফল = | ৩৫% | ব্যবধানের বর্গের যোগফল = | ১,১৩০ |
| গড় আয় | $\frac{৩৫}{৫}$ = ৭% | ব্যবধানের বর্গের গড় $= \frac{১১৩০}{n-১} = \frac{১১৩০}{৫-১}$ | = ২৮২.৫ |

∴ আদর্শ বিচ্যুতি = $\sqrt{২৮২.৫}$
= ১৬.৮১%

মিসাইল প্রকল্পের আদর্শ বিচ্যুতি ১৬.৮১%। রকেট প্রকল্পের আদর্শ বিচ্যুতি ১৪.০৩%। অর্থাৎ মিসাইল ও রকেট প্রকল্পের মধ্যে রকেট প্রকল্পের আদর্শ বিচ্যুতি (১৬.৮১ − ১৪.০৩) = ২.৭৮% কম। আদর্শ বিচ্যুতির বড় মান অধিক ঝুঁকি এবং ছোট মান কম ঝুঁকি নির্দেশ করে। অর্থাৎ, উদ্দীপকের রকেট প্রকল্পের ঝুঁকি কম। তাই বলা যায়, ঝুঁকি বিবেচনায় জনাব টগরের রকেট প্রকল্পে বিনিয়োগ সিদ্ধান্ত যৌক্তিক হবে।

**প্রশ্ন ▸ ০৬** "জ্যোতি প্রকল্পের" বিনিয়োগ ১ কোটি টাকা। প্রকল্পটি ৩ বছর মেয়াদি। করযোগ্য মুনাফা/ক্ষতি ৭০ লক্ষ, ৪০ লক্ষ এবং ৮০ লক্ষ টাকা। কর হার ৩০%।

ক. নগদ আন্তঃপ্রবাহ কী? ১
খ. মূলধন বাজেটিং সর্বদাই ঝুঁকিযুক্ত সিদ্ধান্ত− ব্যাখ্যা কর। ২
গ. জ্যোতি প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. যদি "নদী প্রকল্পের" পে-ব্যাক সময় ৩.৫ বছর হয় তাহলে কোনটি তোমার জন্য বর্জনীয়? মতামত দাও। ৪

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** প্রতিষ্ঠানের অর্থের আগমনকে নগদ আন্তঃপ্রবাহ বলে।

**খ** ভবিষ্যতের তথ্য-উপাত্তের ওপর ভিত্তি করে মূলধন বাজেটিং করা হয় বলে এটি সর্বদাই ঝুঁকিযুক্ত।

মূলধন বাজেটিং প্রক্রিয়ায় অধিকাংশ অনুমানই ভবিষ্যতের ওপর নির্ভরশীল। একটি স্থায়ী সম্পত্তি যেমন- মেশিনটিতে বিনিয়োগ করা উচিত কি না এই সিদ্ধান্তটি ঐ মেশিনটিতে উৎপাদিত পণ্যটির ভবিষ্যতে বিক্রয় বাবদ ও উৎপাদিত খরচের ওপর নির্ভর করে। ভবিষ্যতের এই তথ্য-উপাত্ত একটি অনুমাননির্ভর যা বাস্তবসম্মত নাও হতে পারে। তাই মূলধন বাজেটিং সর্বদা ঝুঁকিযুক্ত সিদ্ধান্ত।

**গ** জ্যোতি প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় :

| বিবরণ | পরিমাণ (টাকায়) | | |
|---|---|---|---|
| | বছর-১ | বছর-২ | বছর-৩ |
| করযোগ্য মুনাফা/ক্ষতি | ৭০,০০,০০০ | ৪০,০০,০০০ | ৮০,০০,০০০ |
| বাদ : কর (৩০%) | (২১,০০,০০০) | (১২,০০,০০০) | (২৪,০০,০০০) |
| নিট মুনাফা | ৪৯,০০,০০০ | ২৮,০০,০০০ | ৫৬,০০,০০০ |

এখানে, গড় মুনাফা $= \frac{৪৯,০০,০০০ + ২৮,০০,০০০ + ৫৬,০০,০০০}{৩}$

= ৪৪,৩৩,৩৩৩.৩৩ টাকা (প্রায়)

∴ গড় বিনিয়োগ $= \frac{\text{প্রাথমিক বিনিয়োগ + ভগ্নাবশেষ মূল্য}}{২}$

$= \frac{১,০০,০০,০০০}{২}$

= ৫০,০০,০০০ টাকা

আমরা জানি,

গড় মুনাফার হার $= \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$

$= \frac{৪৩,৩৩,৩৩৩.৩৩}{৫০,০০,০০০} \times ১০০ = ৮৮.৬৭\%$

∴ জ্যোতি প্রকল্পের গড় মুনাফার হার ৮৮.৬৭%।

**ঘ** "জ্যোতি প্রকল্পের" পে-ব্যাক সময় নির্ণয় :

নগদ আন্তঃপ্রবাহ নির্ণয় :

| বিবরণ | পরিমাণ (টাকায়) | | |
|---|---|---|---|
| | বছর-১ | বছর-২ | বছর-৩ |
| নিট মুনাফা | ৪৯,০০,০০০ | ২৮,০০,০০০ | ৫৬,০০,০০০ |
| (+) অবচয় | ৩৩,৩৩,৩৩৩.৩৩ | ৩৩,৩৩,৩৩৩.৩৩ | ৩৩,৩৩,৩৩৩.৩৩ |
| নগদ প্রবাহ | ৮২,৩৩,৩৩৩.৩৩ | ৬১,৩৩,৩৩৩.৩৩ | ৮৯,৩৩,৩৩৩.৩৩ |

নোট-১ : বার্ষিক অবচয় $= \frac{১,০০,০০০}{৩}$ = ৩৩,৩৩,৩৩৩.৩৩ টাকা

সারণিতে নির্ণীত নগদ প্রবাহ ব্যবহার করে প্রকল্পটির পে-ব্যাক সময় নিম্নরূপে নির্ণয় করা হলো−

পে-ব্যাক সময় :

| বছর | বার্ষিক নগদ প্রবাহ (টাকায়) | ক্রমযোজিত নগদ প্রবাহ (টাকায়) |
|---|---|---|
| ০ | − ১,০০,০০,০০০ | − ১,০০,০০,০০০ |
| ১ | ৮২,৩৩,৩৩৩.৩৩ | − ১৭,৬৬,৬৬৬.৬৭ |
| ২ | ৬১,৩৩,৩৩৩.৩৩ | ৪৩,৬৬,৬৬৬.৬৬ |
| ৩ | ৮৯,৩৩,৩৩৩.৩৩ | ১,৩৩.০০,০০০ |

∴ পে-ব্যাক সময় $= ১ + \frac{১৭,৬৬,৬৬৬.৬৭}{৬১,৩৩,৩৩৩.৩৩}$ বছর

= (১ + ০.২৯) বছর

= ১.২৯ বছর

∴ লক্ষণীয় যে, জ্যোতি প্রকল্পের পে-ব্যাক সময় ১.২৯ বছর। অন্যদিকে 'নদী প্রকল্পের' পে-ব্যাক সময় ৩.৫ বছর (প্রশ্নে প্রদত্ত) যা জ্যোতি প্রকল্পের পে-ব্যাক সময় থেকে বেশি। পে-ব্যাক পদ্ধতিতে যে প্রকল্পের পে-ব্যাক সময় বেশি সেটি বর্জনীয়। তাই আমার জন্য নদী প্রকল্পটি বর্জনীয়।

## ব্যাংকিং অংশ

**প্রশ্ন ▶ ০৭** যশোরের 'ID' নামক ব্যাংক এদেশের সাথে পাশাপাশি দেশগুলোর মধ্যে ব্যাংকিং লেনদেনের কার্যক্রম পরিচালনা করে থাকে। যে কারণে দেশের সীমানা পেরিয়েও যেকোনো ভ্রমণকারী উক্ত শাখার লেনদেন থেকে অনেক উপকৃত হচ্ছে।

ক. বাণিজ্যিক ব্যাংক কী? ১
খ. স্কুল ব্যাংকিং বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. মালিকানাভিত্তিক 'ID' ব্যাংক কোন শ্রেণির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে 'ID' ব্যাংকের ভূমিকা অপরিসীম– বিশ্লেষণ কর। ৪

### ৭নং প্রশ্নের উত্তর

**ক** যে ব্যাংক মুনাফা অর্জনের উদ্দেশ্যে জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ, ঋণদান ও গ্রাহকদের বিভিন্ন ব্যাংকিং সেবা দেয় তাকে বাণিজ্যিক ব্যাংক বলে।

**খ** শিক্ষার্থীদের সঞ্চয়ের জন্য স্কুল ব্যাংক প্রতিষ্ঠিত হয়েছে।

স্কুলের শিক্ষার্থীদের সঞ্চয়ে উদ্বুদ্ধ করার জন্য যে ব্যাংকিং ব্যবস্থার প্রচলন করা হয়। তাকে স্কুল ব্যাংকিং বলে। এক্ষেত্রে স্কুলের শিক্ষার্থীদের সঞ্চয়ের জন্য সঞ্চয় বক্স বা ব্যাগ সরবরাহ করা হয়।

শিক্ষার্থীরা এতে টাকা পয়সা জমা করে থাকে। এসব সঞ্চিত অর্থ স্কুল সঞ্চয়ী হিসাবের মাধ্যমে ব্যাংক আমানত হিসেবে গ্রহণ করে।

**গ** মালিকানাভিত্তিক শ্রেণিকরণের ভিত্তিতে উদ্দীপকের 'ID' ব্যাংকটি একটি বিদেশি ব্যাংক।

এক দেশের ব্যাংক যখন অন্য দেশে এসে ব্যবসায় পরিচালনা করে থাকে। ঐ দেশের জন্য তারা বিদেশি ব্যাংক হিসেবে আখ্যায়িত হয়। অর্থাৎ, বিদেশি মালিকানায় প্রতিষ্ঠিত ব্যাংককে বিদেশি ব্যাংক বলে।

উদ্দীপকে 'ID' ব্যাংক এদেশের সাথে পাশাপাশি দেশগুলোর মধ্যে ব্যাংকিং লেনদেনের কার্যক্রম পরিচালনা করে থাকে। যে কারণে দেশের সীমানা পেরিয়েও যেকোনো ভ্রমণকারী উক্ত শাখায় লেনদেন থেকে অনেক উপকৃত হচ্ছে। অর্থাৎ এক্ষেত্রে 'ID' ব্যাংকটি উক্ত দেশগুলোর জন্য বিদেশি ব্যাংক হিসেবে আখ্যায়িত হয়। কারণ ব্যাংকটি আমাদের দেশের মালিকানায় প্রতিষ্ঠিত হয়ে অন্য দেশে গিয়ে ব্যাবসায় পরিচালনা করছে। তাই বলা যায়, মালিকানাভিত্তিক শ্রেণিকরণে 'ID' ব্যাংকটি একটি বিদেশি ব্যাংক।

**ঘ** দেশের অর্থনৈতিক উন্নয়নে 'ID' ব্যাংকের ভূমিকা অপরিসীম।

বাণিজ্যিক ব্যাংকগুলো দেশের সীমানা ছাড়িয়ে বিদেশে একাধিক শাখার মাধ্যমে গ্রাহকদের সেবা প্রদান করছে। এর ফলে দেশে ও বিদেশে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়কারীরা যেসব ব্যাংক হিসাব খোলার মাধ্যমে মূলধন গঠনে ভূমিকা রাখছে তেএ্যানি ছোট বড় সকল শ্রেণির ব্যবসায়ীরা সহজে ও সাবলীলভাবে যেকোনো জায়গা থেকে তাদের ব্যবসায়ীক কর্মকাণ্ড পরিচালনার মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখছে।

উদ্দীপকে, যশোরের 'ID' নামক ব্যাংক এদেশের সাথে পাশাপাশি দেশগুলোর মধ্যে ব্যাংকিং লেনদেনের কার্যক্রম পরিচালনা করে থাকে। যে কারণে দেশের সীমানা পেরিয়েও যেকোনো ভ্রমণকারী উক্ত শাখার লেনদেন থেকে উপকৃত হচ্ছে।

অর্থনৈতিক উন্নয়নে বাণিজ্যিক ব্যাংকের ভূমিকা অপরিসীম। মুনাফা অর্জনের উদ্দেশ্যে অর্থ সংগ্রহ ও ঋণদানের মাধ্যমে এ ব্যাংক মূলধন গঠন করে। এছাড়া বাণিজ্যিক ব্যাংক অর্থ স্থানান্তর ও অর্থের নিরাপত্তা নিশ্চিত করে। দেশে ও বিদেশে শাখা স্থাপনের মাধ্যমে দেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে। ফলে দেশের মানুষের মাথাপিছু আয় বাড়ে। এতে মানুষের জীবনযাত্রার মান বেড়ে যায়। অভ্যন্তরীণ ও বৈদেশিক বাণিজ্যে সাহায্য করে এ ব্যাংক দেশের সার্বিক অর্থনীতিতে সহায়ক ভূমিকা রাখে। তাই বলা যায়, উদ্দীপকের "ID" ব্যাংকটি একটি বাণিজ্যিক ব্যাংক হিসেবে অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখে।

**প্রশ্ন ▶ ০৮** বন্দর এলাকায় অবস্থিত 'CV' নামক ব্যাংক গ্রাহকদেরকে বাকিতে পণ্য ক্রয়ের সুবিধা প্রদানের জন্য প্রতিষ্ঠিত। এজন্য ব্যাংকটি লেনদেনের সুবিধার্থে মক্কেলকে একটি প্লাস্টিক কার্ড সরবরাহ করে থাকে।

ক. সমবায় ব্যাংক কী? ১
খ. উন্নয়নের নীতিটি ব্যাখ্যা কর। ২
গ. বিশেষ গ্রাহকভিত্তিক 'CV' ব্যাংক কোন শ্রেণির? বর্ণনা কর। ৩
ঘ. 'CV' ব্যাংকটি শ্রেণি বিন্যাসের দিক থেকে একই শ্রেণিভুক্ত– মতামত দাও। ৪

### ৮নং প্রশ্নের উত্তর

**ক** সমবায়ের নীতি ও আইন অনুযায়ী গঠিত ও পরিচালিত ব্যাংককে সমবায় ব্যাংক বলা হয়।

**খ** মুনাফা অর্জনের পাশাপাশি দেশের অর্থনৈতিক উন্নয়নে সাহায্য-সহযোগিতা করাকে ব্যাংকের উন্নয়নের নীতি বলা হয়।

উন্নয়নের নীতি ব্যাংকের একটি গুরুত্বপূর্ণ নীতি। বাণিজ্যিক ব্যাংকের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন হলেও এ ব্যাংক দেশের সার্বিক অর্থনীতি তথা শিল্প, বাণিজ্য, পরিবহন, যোগাযোগ, গৃহনির্মাণ, শিক্ষার ব্যাপক অগ্রগতি তথা দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**গ** বিশেষ গ্রাহকভিত্তিক শ্রেণিকরণে 'CV' ব্যাংকটি একটি ভোক্তাদের ব্যাংক।

ভোক্তাদের বাকিতে পণ্য ক্রয়ের সুবিধা প্রদানের জন্যই ভোক্তা ব্যাংক গঠিত ও পরিচালিত হয়। এরূপ ব্যাংক তার গ্রাহককে ক্রেডিট কার্ড সরবরাহ করে, যার দ্বারা সহজে পণ্যসামগ্রী ক্রয় করা যায়।

উদ্দীপকের বন্দর এলাকায় অবস্থিত 'CV' নামক ব্যাংক গ্রাহকদের বাকিতে পণ্য ক্রয়ের সুবিধা প্রদানের জন্য প্রতিষ্ঠিত ব্যাংকটি লেনদেনের সুবিধার্থে মক্কেলদের একটি প্লাস্টিক কার্ড সরবরাহ করে।

ভোক্তাদের ব্যাংক ক্রেডিট কার্ড ব্যবহারের মাধ্যমে গ্রাহকদের ভোগ্যপণ্য ব্যবহারের সুযোগ প্রদান করে, যা তাদের জীবনযাত্রার মান বাড়াতে সহায়তা করে। এসব পণ্য ঋণের মাধ্যমে ক্রয় করতে পারায় ভবিষ্যতে কিস্তিতে মূল্য পরিশোধের সুযোগ থাকে। এক্ষেত্রে পণ্যের সম্পূর্ণ মূল্যের বোঝা গ্রাহককে একসাথে বহন করতে হয় না। উদ্দীপকে সুরমা ব্যাংকটি তার গ্রাহকদের এরূপ বাকিতে পণ্য ক্রয়ের সুবিধা প্রদানের জন্য প্রতিষ্ঠিত হয়। তাই বলা যায়, 'CV' ব্যাংক একটি ভোক্তাদের ব্যাংক।

**ঘ** 'CV' ব্যাংকটি শ্রেণি বিন্যাসের দিক থেকে বিশেষ গ্রাহকভিত্তিক ব্যাংক।

ব্যাংক অর্থ সংগ্রহ, ঋণদান ও আর্থিক সেবা প্রদান করে থাকে। তবে বিশেষ গ্রাহকভিত্তিক ব্যাংক বিশেষ শ্রেণির গ্রাহককে ব্যাংকিং সেবা প্রদান করে। এ ধরনের ব্যাংকের কার্যসীমা নির্দিষ্ট শ্রেণির গ্রাহকের মাঝে সীমাবদ্ধ থাকে।

উদ্দীপকে 'CV' ব্যাংক বন্দর এলাকায় অবস্থিত। ব্যাংকটি গ্রাহকদের বাকিতে পণ্য ক্রয়ের সুবিধা প্রদানের জন্য প্রতিষ্ঠিত। ব্যাংকটি লেনদেনের সুবিধার্থে মক্কেলকে একটি প্লাস্টিক কার্ড সরবরাহ করে। অর্থাৎ, ব্যাংকটি হলো বিশেষ গ্রাহকভিত্তিক ভোক্তাদের ব্যাংক।

বিশেষ শ্রেণির গ্রাহককে ব্যাংকিং সেবা প্রদান করে বিশেষ গ্রাহকভিত্তিক ব্যাংক। শ্রমিকদের মাঝে সঞ্চয় প্রবণতা সৃষ্টির উদ্দেশ্যে প্রতিষ্ঠিত ও পরিচালিত হয় শ্রমিক ব্যাংক। নারীদের সঞ্চয়ের উৎসাহী ও ব্যাংকিং কার্যক্রমের সাথে পরিচিত করার জন্য প্রতিষ্ঠিত হয় নারীদের ব্যাংক। স্কুলের শিক্ষার্থীদের সঞ্চয়ে উদ্বুদ্ধ করতে কাজ করে স্কুল সঞ্চয়ী ব্যাংক। এভাবে শ্রমিক, নারীদের, স্কুল ও ভোক্তাদের ব্যাংক নির্দিষ্ট শ্রেণির গ্রাহককে ব্যাংকিং সেবা প্রদান করছে। তাই বলা যায়, উদ্দীপকের 'CV' ব্যাংক শ্রেণি বিন্যাসের দিক থেকে বিশেষ গ্রাহকভিত্তিক ব্যাংক।

**প্রশ্ন ▶ ০৯** 'কাজল ব্যাংকের' অনুমতিক্রমে স্বজল ব্যাংক প্রতিষ্ঠিত। 'স্বজল ব্যাংক' কিছু টাকা কাজল ব্যাংকে জমা দিয়ে ৩০ লক্ষ টাকা নিয়ে স্বল্প পরিসরে ডেমরা এলাকায় মুনাফা অর্জনের উদ্দেশ্যে গঠিত। ব্যাংকটি এলাকার শুধুমাত্র দরিদ্র চাষিদেরকে মেয়াদের ভিত্তিতে ঋণ প্রদান ও পরামর্শ দিয়ে থাকে।

ক. মহিলা ব্যাংক কী? ১
খ. তালিকাভুক্ত ব্যাংক বলতে কী বোঝায়? ২
গ. কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী কাজল ব্যাংক কোন ধরনের? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের স্বজল ব্যাংকটির সহযোগিতার বিষয়টি মূল্যায়ন কর। ৪

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** নারীদের সঞ্চয়ে উৎসাহিত করার জন্য, তাঁদেরকে ব্যাংকিং কার্যক্রমের সাথে পরিচিত করার জন্য এবং সর্বোপরি নারীদের বিভিন্ন ব্যাংকিং সুবিধা প্রদান করার জন্য প্রতিষ্ঠিত ব্যাংককে মহিলা ব্যাংক বলে।

**খ** যে বাণিজ্যিক ব্যাংক প্রতিষ্ঠার ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংকের অনুমতি প্রাপ্ত  অর্থাৎ কেন্দ্রীয় ব্যাংকের তালিকাভুক্ত তাকে তালিকাভুক্ত ব্যাংক বলে। হিসাব খোলার জন্য তালিকাভুক্ত ব্যাংক বেশি নিরাপদ।

কেন্দ্রীয় ব্যাংকের তালিকাভুক্ত ব্যাংকের ক্ষেত্রে ন্যূনতম আর্থিক সামর্থ্য থাকতে হয়। এর প্রতিটা কাজে কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশনা মেনে চলার প্রয়োজন পড়ে। এ ব্যাংক কোনো সমস্যায় পড়লে কেন্দ্রীয় ব্যাংক পাশে এসে দাঁড়ায়। এছাড়া আমানতকারীর স্বার্থ সুরক্ষায় কেন্দ্রীয় ব্যাংক সবসময় নজর রাখে। এসব কারণেই তালিকাভুক্ত ব্যাংক, হিসাব খোলার জন্য বেশি নিরাপদ।

**গ** কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী কাজল ব্যাংক একটি কেন্দ্রীয় ব্যাংক।

কেন্দ্রীয় ব্যাংক হলো দেশের প্রধান ব্যাংক। এ ব্যাংক নতুন ব্যাংক প্রতিষ্ঠায় অনুমতি দেয় ও তালিকাভুক্তির কাজ করে। এক্ষেত্রে ব্যাংকসমূহকে আমানতের নির্দিষ্ট একটি অংশ বাধ্যতামূলকভাবে বিধিবদ্ধ রিজার্ভ হিসেবে কেন্দ্রীয় ব্যাংকে জমা রাখতে হয়।

উদ্দীপকে কাজল ব্যাংকের অনুমতিক্রমে স্বজল ব্যাংক প্রতিষ্ঠিত হয়। স্বজল ব্যাংক কিছু টাকা টগর ব্যাংকে জমা দিয়ে ৩০ লক্ষ টাকা নিয়ে স্বল্প পরিসরে মুনাফা অর্জনের উদ্দেশ্যে গঠিত হয়। যেহেতু কাজল ব্যাংকটি স্বজল ব্যাংক এর নিকট থেকে বিধিবদ্ধ রিজার্ভ জমা রাখা সাপেক্ষে ব্যাংকটি প্রতিষ্ঠায় অনুমতি প্রদান করে তাই কাজের ধরন বিবেচনায় কাজল ব্যাংকটি একটি কেন্দ্রীয় ব্যাংক। কারণ, কেন্দ্রীয় ব্যাংক সকল ব্যাংকের ব্যাংকার হিসেবে নতুন ব্যাংক প্রতিষ্ঠার অনুমতি ও তালিকাভুক্তির কাজ করে থাকে।

**ঘ** উদ্দীপকে স্বজল ব্যাংকটি এলাকার দরিদ্র চাষীদের কৃষি উন্নয়নের জন্য ঋণদান ও পরামর্শ দানের মাধ্যমে সহযোগিতা করে।

কৃষিক্ষেত্রে উন্নয়নের লক্ষ্যে কৃষকগণকে বিভিন্ন মেয়াদের ঋণ প্রদানসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানের লক্ষ্যে যে ব্যাংক কাজ করে তাকে কৃষি ব্যাংক বলে। এ ব্যাংক কৃষকদের সহজ শর্তে ঋণ দেয় এবং নির্দিষ্ট কিছু স্কীমে ঋণদানে কোনো জামানাত রাখে না। এ ব্যাংক শুধুমাত্র কৃষি উন্নয়নের লক্ষ্যে ঋণ দেয়। উদ্দীপকে, স্বজল ব্যাংকটি মুনাফা অর্জনের উদ্দেশ্যে গঠিত হয়। ব্যাংকটি এলাকায় শুধুমাত্র দরিদ্র চাষিদেরকে মেয়াদের ভিত্তিতে ঋণ প্রদান ও পরামর্শ দিয়ে থাকে।

উদ্দীপকের স্বজল ব্যাংকটি মূলত কৃষি ব্যাংক। কৃষি ব্যাংক কৃষিক্ষেত্রে উন্নয়নের লক্ষ্যে কৃষকগণকে বিভিন্ন মেয়াদের ঋণ প্রদানসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করে। এ ব্যাংক কৃষকদের কৃষি যন্ত্রপাতি ক্রয়, উন্নত বীজ, সার, কীটনাশক ইত্যাদি যোগাড় করার জন্য প্রয়োজনীয় মূলধনের ব্যবস্থা করে। এ ব্যাংক কৃষকদের কৃষিকাজে বিভিন্ন পরামর্শ প্রদান করে থাকে। তাই বলা যায়, উদ্দীপকের স্বজল ব্যাংকটি একটি কৃষি ব্যাংক হিসেবে এলাকার দরিদ্র চাষিদের কৃষিক্ষেত্রে এরূপ বিভিন্ন মেয়াদে ঋণ ও পরামর্শ দিয়ে সহায়তা করে।

**প্রশ্ন ▶ ১০** জনাব ইকবাল একজন ব্যবসায়ী। নিজ এলাকায় 'B' ব্যাংকে তার দুইটি হিসাব রয়েছে। ব্যাংকটি তাকে চেক ও দু ধরনের কার্ড সরবরাহ করে। তার পক্ষে ব্যাংকটি ভাড়া আয় ও বিভিন্ন বিলের অর্থ পরিশোধ করে থাকে।

ক. পরিশোধিত মূলধন কী? ১
খ. ব্যাংকের নিরাপত্তার নীতিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'B' ব্যাংকটি ভাড়া আদায়ের মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকের কোন বিশেষ কাজটি সম্পন্ন করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বিলের অর্থ পরিশোধের মাধ্যমে ব্যাংকটির আয়ের সৃষ্টি হয়েছে। যুক্তি দাও। ৪

**১০নং প্রশ্নের উত্তর**

**ক** কোম্পানি প্রতিষ্ঠায় অনুমোদিত মূলধনের যে অংশ শেয়ার হোল্ডাররা পরিশোধ করে তাকে পরিশোধিত মূলধন বলে।

**খ** গ্রাহকের অর্থ ও ঋণ হিসেবে প্রদত্ত অর্থের নিরাপত্তা নিশ্চিত করাকে ব্যাংকের নিরাপত্তা নীতি বলা হয়।

ব্যাংকের একটি অন্যতম নীতি হলো নিরাপত্তা নীতি। এ নীতি অনুযায়ী নিরাপত্তা নিশ্চিত করার জন্য ব্যাংক গ্রাহককে ঋণ দেওয়ার সময় তার আর্থিক সচ্ছলতা যাচাই করে এবং জামানত হিসেবে বিভিন্ন সম্পত্তি বন্ধক রাখে। এছাড়া ঋণ দেওয়ার সময় ঋণগ্রহীতার সততা ও ঋণ ফেরতের নিশ্চয়তার বিষয়টি খেয়াল রাখতে হয়। কোনো কারণে ঋণগ্রহীতা ঋণের অর্থ ফেরত দিতে অক্ষম হলে ব্যাংক বন্ধক করা সম্পত্তি বিক্রি করে সে অর্থ আদায় করতে পারে।

**গ** উদ্দীপকে 'B' ব্যাংকটি বাড়ি ভাড়া আদায়ের মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধিত্বমূলক কাজটি সম্পন্ন করেছে।

ব্যাংক মক্কেলের অনুরোধে তাদের প্রতিনিধি হিসেবে তাদের সম্পদ ব্যবস্থাপনা করে। এক্ষেত্রে ব্যাংক গ্রাহকের পক্ষে প্রতিনিধি/অছি হিসেবে বাড়ি ভাড়া আদায়, বিল পরিশোধ ইত্যাদি কাজ সম্পাদন করে।

উদ্দীপকে জনাব ইকবাল একজন ব্যবসায়ী তার নিজ এলাকায় 'B' ব্যাংকে তার দুটি হিসাব রয়েছে। ব্যাংকটি তার পক্ষে ভাড়া আদায় করে থাকে। গ্রাহকের পক্ষে বাড়ি ভাড়া আদায় বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধিত্বমূলক কার্যাবলীর অন্তর্ভুক্ত। এ ধরনের সেবার বিনিময়ে ব্যাংক কমিশন পেয়ে থাকে। তাই বলা যায়, 'B' ব্যাংকটি জনাব ইকবালের পক্ষে বাড়ি ভাড়া আদায়ের মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধিত্বমূলক কাজটি সম্পন্ন করেছে।

**ঘ** "উদ্দীপকের বিলের অর্থ পরিশোধের মাধ্যমে ব্যাংকটির আয়ের সৃষ্টি হয়েছে"– উক্তিটি যৌক্তিক বলে আমি মনে করি।

বিনিময় বিল মেয়াদপূর্তির পূর্বে ভাঙিয়ে অর্থ সংগ্রহ করাকে বিনিময় বিল বাট্টাকরণ বলে। বিনিময় বিল বাট্টাকরণ বাণিজ্যিক ব্যাংকের আয়ের একটি অন্যতম উৎস। এরূপ বাট্টাকরণের জন্য ব্যাংক কমিশন পেয়ে থাকে।

উদ্দীপকে জনাব ইকবাল একজন ব্যবসায়ী। তার 'B' ব্যাংকে দুটি হিসাব রয়েছে। ব্যাংকটি তার পক্ষে বিভিন্ন বিলের অর্থ পরিশোধ করে।

বাণিজ্যিক ব্যাংক মক্কেলদের পক্ষে বিভিন্ন বিলের অর্থ আদায় ও পরিশোধ করে আয় করে থাকে। এটি বাণিজ্যিক ব্যাংকের একটি প্রতিনিধিত্বমূলক কাজ। এসব কাজের জন্য ব্যাংক কমিশন আদায় করে। এক্ষেত্রে বাণিজ্যিক ব্যাংক মেয়াদপূর্তির পূর্বে ব্যাবসায়ীদের বিনিময় বিল বাট্টা করে অর্থ পরিশোধ করে। অতঃপর বাট্টাকৃত বিনিময় বিল খানির মেয়াদ পূর্ণ হলে বাণিজ্যিক ব্যাংক তা সংশ্লিষ্ট স্বীকৃতিকারীর নিকট উপস্থাপন করে তার সম্পূর্ণ মূল্য আদায় করে। উদ্দীপকের B ব্যাংকটি জনাব ইকবালের পক্ষে বিভিন্ন বিলের অর্থ পরিশোধ করে আয় করে থাকে। তাই বলা যায়, "উদ্দীপকের বিলের অর্থ পরিশোধের মাধ্যমে ব্যাংকটির আয়ের সৃষ্টি হয়েছে।"– উক্তিটি যৌক্তিক।

**প্রশ্ন ▶ ১১** জনাব হক চাকরি থেকে অবসরের পর ১৫ লক্ষ টাকা পেলেন। তিনি ১০ লক্ষ টাকা দিয়ে ৫ বছরের জন্য 'G' ব্যাংকে একটি হিসাব খোলেন। বাকি পাঁচ লক্ষ টাকা 'F' ব্যাংকে জমা রাখেন। 'F' ব্যাংক হতে প্রাপ্ত সুদের কিছু অংশ প্রিমিয়াম হিসেবে বাদ দেয়ার পর মোট অঙ্কের বিমা করা হয়।

ক. বন্ধকী ব্যাংক কী? ১
খ. তারল্য নীতিটি ব্যাখ্যা কর। ২
গ. জনাব হক 'G' ব্যাংকে কোন ধরনের হিসাব খুলেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব হক 'F' ব্যাংকে যে ধরনের হিসাব খুলেছেন তা 'G' ব্যাংক অপেক্ষা অধিক সুবিধাজনক। বিশ্লেষণ কর। ৪

## ১১নং প্রশ্নের উত্তর

**ক** ভূমি বন্ধক রেখে কৃষি বা শিল্পের প্রয়োজনে দীর্ঘমেয়াদে যে ব্যাংক ঋণ প্রদান করে তাকে বন্ধকী ব্যাংক বলে।

**খ** মক্কেলদের দাবি পূরণ করার সামর্থ্য সংরক্ষণের নীতিকে তারল্য নীতি বলে।

আমানতকারী যখন টাকা তুলতে চায় তখন তাদের নগদ টাকা দিতে হয়। আবার এটা বিবেচনায় রেখে যদি আমানতের সব টাকা ব্যাংক তরল অবস্থায় রেখে দেয় তবে ব্যাংকের কোনো বিনিয়োগ হবে না এবং ব্যাংকটির কোনো মুনাফাও হবে না। সুতরাং সার্থক ব্যাংক ব্যবসায় মানে হলো সঠিক তারল্যনীতি। যেখানে অতিরিক্ত তারল্যও থাকবে না আবার তারল্যের সংকটও হবে না। তাই এই তারল্যনীতি ব্যাংক ব্যবসায়ের অন্যতম মূলনীতি হিসেবে বিবেচিত হয়।

**গ** উদ্দীপকে উল্লিখিত জনাব হক 'G' ব্যাংকে স্থায়ী হিসাব খুলেছেন।

যে হিসাব একটি নির্দিষ্ট সময় বা মেয়াদের জন্য এককালীন অর্থ জমা দিয়ে ব্যাংকে খোলা হয় তাকে স্থায়ী হিসাব বলে। এ হিসাবে ব্যাংক উচ্চ হারে সুদ প্রদান করে থাকে এবং মেয়াদ শেষে গ্রাহক সুদসহ আসল উত্তোলন করতে পারেন।

উদ্দীপকে জনাব হক পেনশনের ১০ লক্ষ টাকা দিয়ে ৫ বছরের জন্য 'G' ব্যাংকে একটি হিসাব খোলেন। অর্থাৎ তিনি নির্দিষ্ট মেয়াদের জন্য এককালীন জমা দিয়ে হিসাব খুলেন এবং মেয়াদ শেষে সুদসহ সমুদয় টাকা উত্তোলন করতে পারবেন, যা স্থায়ী হিসাবের বৈশিষ্ট্যের সাথে সামঞ্জস্যপূর্ণ। অতএব নিঃসন্দেহে বলা যায়, জনাব হক 'G' ব্যাংকে স্থায়ী হিসাব খুলেছেন।

**ঘ** "জনাব হক 'F' ব্যাংকে যে ধরনের হিসাব খুলেছেন তা 'G' ব্যাংক অপেক্ষা অধিক সুবিধাজনক।"– আমি এর সাথে একমত।

একটি নির্দিষ্ট সময় বা মেয়াদের জন্য যে হিসাব খোলা হয় তাকে স্থায়ী হিসাব বলে। পক্ষান্তরে, যে হিসাবের মাধ্যমে সঞ্চয়ী হিসাব এবং জীবন বীমার সুবিধা পাওয়া যায় তাকে বিমা সঞ্চয়ী হিসাব বলে।

উদ্দীপকে জনাব হক চাকরি থেকে অবসরের পর ১৫ লক্ষ টাকা পেলেন। তিনি ১০ লক্ষ টাকা দিয়ে ৫ বছরের জন্য 'G' ব্যাংকে একটি হিসাব খোলেন। বাকি ৫ বছর টাকা 'F' ব্যাংকে জমা রাখেন। 'F' ব্যাংক হতে প্রাপ্ত সুদের কিছু অংশ প্রিমিয়াম হিসেবে বাদ দেওয়ার পর মোট অঙ্কের বিমা করা হয়।

উদ্দীপকে G ব্যাংকের হিসাবটি মূলত একটি স্থায়ী হিসাব। কারণ নির্দিষ্ট পরিমাণ অর্থ জমা দিয়ে নির্দিষ্ট সময়ের জন্য এ হিসাব খোলা হয়। পক্ষান্তরে, 'F' ব্যাংকের হিসাবটি হলো বিমা সঞ্চয়ী হিসাব। এ হিসাবে আমানতকারীদের একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ জমা রাখতে হয়। উক্ত জমা টাকার উপর প্রাপ্ত সুদের কিছু অংশ হতে প্রিমিয়াম বাদ দেওয়ার আমানতকারীর নামে মোট অঙ্কের বিমা করা হয় এবং গ্রাহক উক্ত বিমার সুবিধা ভোগ করে। কিন্তু G ব্যাংকের স্থায়ী হিসাবে এ ধরনের বিমার সুবিধা পাওয়া যায় না। এছাড়া 'F' ব্যাংকে সঞ্চয়ী হিসাবের সুবিধা পাওয়া যায় বলে যেকোনো সময় টাকা উত্তোলনের সুযোগ থাকে। কিন্তু G ব্যাংকের স্থায়ী হিসাবের অর্থ মেয়াদ শেষ হওয়ার পূর্বে উত্তোলন করা যায় না। তাই বলা যায়, জনাব হক 'F' ব্যাংকে যে ধরনের হিসাব খুলেছেন তা 'G' ব্যাংক অপেক্ষা অধিক সুবিধাজনক।

# যশোর বোর্ড–২০২৩

বিষয় কোড 152

সময় : ৩০ মিনিট

## ফিন্যান্স ও ব্যাংকিং : বহুনির্বাচনি অভীক্ষা

[২০২৩ সালের সিলেবাস অনুযায়ী]

পূর্ণমান : ৩০

*[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান–১ ।]*

*প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।*

১. **যুক্তরাষ্ট্রের কোম্পানিগুলোর মধ্যে একত্রীকরণের প্রবণতা শুরু হয় কত সালে?**
ক ১৯৩০ খ ১৯৪০ গ ১৯৬০

২. **বিনিয়োগ সিদ্ধান্তের অপর নাম কী?**
ক আয় সিদ্ধান্ত খ ব্যয় সিদ্ধান্ত
গ অর্থায়ন সিদ্ধান্ত ঘ ব্যবসায়িক সিদ্ধান্ত

৩. **১৯৯০ এর দশকে কোনটি ঘটে?**
ক অর্থায়ন আন্তর্জাতিকতা লাভ করে
খ অর্জিত আয়ের বিচার বিশ্লেষণ শুরু হয়
গ অর্থায়নের যাত্রা শুর হয়
ঘ আর্থিক সিদ্ধান্তে ইন্টারনেটের ব্যবহার শুরু হয়

□ **নিচের তথ্যের ভিত্তিতে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
মি. নাইম সঞ্চয় সুযোগ সম্পর্কে অনুসন্ধান চালিয়ে দেখলেন যে একটি আর্থিক প্রতিষ্ঠান ত্রৈমাসিক ভিত্তিতে শতকরা ১০ টাকা হারে চক্রবৃদ্ধি সুদ দিবে। এতে আকৃষ্ট হয়ে তিনি ১০,০০০ টাকা ২ বছরের জন্য জমা রাখলেন।

৪. **২ বছর পর মি. নাইমের প্রাপ্ত অর্থের পরিমাণ কত হবে?**
ক ১১,২১১ টাকা খ ১১,৮০২ টাকা গ ১২,০০২ টাকা ঘ ১২,১৮৪ টাকা

৫. **যদি প্রতিষ্ঠানটি মাসিক ভিত্তিতে ১২% হারে চক্রবৃদ্ধি সুদ দেয়, তাহলে ৫ বছর পর মি. নাইম প্রাপ্ত অর্থের পরিমাণ কত হবে?**
ক ১৮,১৬১ খ ১,৮৫৫ গ ১৯,১৬১

৬. **ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে m এর মান কী?**
ক ৩ খ ৪ গ ৬ ঘ ১২

৭. **অর্থের সময়মূল্য নির্ণয়ে প্রভাব বিস্তারকারী উপাদান হলো–**
i. অর্থের পরিমাণ ii. সুদের হার iii. সময়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৮. **বাট্টাকরণ প্রক্রিয়া বলতে বোঝায়–**
i. বাট্টার পরিমাণ নির্ধারণ প্রক্রিয়া ii. অর্থের বর্তমান মূল্য নির্ধারণ প্রক্রিয়া
iii. সুদাসলকে সুদের হার দ্বারা ভাগের প্রক্রিয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৯. **ঋণ গ্রহণের আগে কী যাচাই করতে হয়?**
ক অর্থের সময়মূল্য খ মূলধন ব্যয়
গ সম্ভাব্য ব্যয় ঘ পরিশোধ ক্ষমতা

১০. **যে প্রতিষ্ঠানের ঋণ মূলধন বেশি সে প্রতিষ্ঠানের–**
ক আর্থিক ঝুঁকি বেশি খ ব্যবসায়িক ঝুঁকি বেশি
গ ব্যবসায়িক ঝুঁকি কম ঘ আর্থিক ঝুঁকি কম

১১. **কোনটি ঝুঁকিমুক্ত আয়?**
ক সাধারণ শেয়ার খ ট্রেজারি বিল
গ ডিবেঞ্চার ঘ অগ্রাধিকার শেয়ার

১২. **আর্থিক ঝুঁকি বৃদ্ধি পায় যখন–**
i. ব্যাংকের ঋণে প্রতিষ্ঠান পরিচালিত হয় ii. ঋণের সুদ পরিশোধ করতে হয়
iii. মুনাফা অর্জন সম্ভব হয় না
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

□ **উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
রাব্বি একজন পোশাক প্রস্তুতকারক। তিনি অধিক মুনাফার আশায় এই বছর অধিক পরিমাণ শীত বস্ত্র উৎপাদন করেন। কিন্তু এ বছর শীতের পরিমাণ কম হওয়ায় শীত বস্ত্রের চাহিদা একদম কম, ফলে প্রচুর পরিমাণ শীতবস্ত্র বিক্রি না হওয়ায় ক্ষতির সম্মুখীন হয়।

১৩. **উদ্দীপকে বর্ণিত রাব্বি কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছেন?**
ক ব্যবসায়িক খ তারল্য গ আর্থিক ঘ সুদের হারের

১৪. **উল্লিখিত ঝুঁকি হ্রাসের পন্থা কোনটি হতে পারে?**
ক ব্যবসায় পরিবর্তন খ অল্প পণ্য প্রস্তুত
গ পণ্য মূল্য বৃদ্ধি ঘ বিকল্প পণ্য প্রস্তুত

১৫. **যে প্রকল্পের পে-ব্যাক সময় যত বেশি সে প্রকল্পটি কী হিসেবে বিবেচিত–**
ক গ্রহণ যোগ্য খ কম গ্রহণ যোগ্য
গ বেশি গ্রহণ যোগ্য ঘ বেশি অগ্রহণযোগ্য

১৬. **মূলধন বাজেটিং পদ্ধতি কোন ক্ষেত্রে বিশেষ গুরুত্ব বহন করে?**
ক ব্যবসায়ের সুনাম বাড়াতে খ নিট মুনাফা বাড়াতে
গ ব্যবসায়ের উত্তরোত্তর সমৃদ্ধিতে ঘ ব্যবসায়ের লক্ষ অর্জনে

১৭. **কীসের উপর ব্যবসায়ের টিকে থাকা ও সাফল্য নির্ভর করে?**
ক তারল্যের আধিক্য খ দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত
গ আয় সিদ্ধান্ত ঘ ঝুঁকি গ্রহণ

১৮. **আয়-ব্যয় প্রাক্কলনের পূর্বেই কোনটি নির্ধারণ করা খুবই গুরুত্বপূর্ণ?**
ক বাট্টার হার খ গড় মুনাফার হার
গ পে-ব্যাক সময় ঘ অভ্যন্তরীণ মুনাফার হার

□ **উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশে কেন্দ্রীয় ব্যাংকের অধীনে "ঝিনুক ব্যাংক" নামে নতুন একটি ব্যাংক প্রতিষ্ঠিত হলো। এটি জনগণের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় আমানত রাখে ও অধিক সুদে ঋণ দেয়। এটি সুনাম বৃদ্ধির মাধ্যমে স্থায়ীভাবে ব্যাংক ব্যবসায় টিকে থাকতে চায়।

১৯. **ঝিনুক ব্যাংকটির প্রধান উদ্দেশ্য কী?**
ক সঞ্চয় সংগ্রহ খ মুনাফা অর্জন গ সুদ প্রদান ঘ ঋণ গ্রহণ

২০. **ঝিনুক ব্যাংকটির সুনাম বৃদ্ধিতে করণীয় হলো–**
i. নতুন নতুন শাখা প্রতিষ্ঠা ii. দক্ষতার উন্নয়ন iii. সর্বোচ্চ গ্রাহক সেবা প্রদান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২১. **দ্রব্যমূল্য বা মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে রাখার জন্য সর্বদা নিয়ন্ত্রণে রাখতে হয়?**
ক ঋণ নিয়ন্ত্রণ খ বিনিয়োগ নিয়ন্ত্রণ
গ মুদ্রাবাজার নিয়ন্ত্রণ ঘ জনসংখ্যা নিয়ন্ত্রণ

২২. **শক্তি "A" ব্যাংকে গিয়ে তার বাবার হিসাবের স্থিতি পরিমাণ জানতে চাইলে ব্যাংক কর্তৃপক্ষ অসম্মতি জ্ঞাপন করে। এ ক্ষেত্রে "A" ব্যাংক অনুসরণ করেছে–**
ক গোপনীয়তার নীতি খ নিরাপত্তার নীতি
গ সাবধানতার নীতি ঘ উদ্দেশ্যের নীতি

২৩. **"M ব্যাংক" কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণ কাজে সাহায্য করে। M ব্যাংকটি হচ্ছে–**
ক কেন্দ্রীয় ব্যাংক খ রাষ্ট্রায়ত্ত ব্যাংক
গ বাণিজ্যিক ব্যাংক ঘ বিশেষায়িত ব্যাংক

২৪. **আর্থিক প্রতিষ্ঠান হিসেবে বাণিজ্যিক ব্যাংক–**
i. মূলধন গঠন করে ii. মুদ্রা বাজার নিয়ন্ত্রণ করে
iii. বিনিময় মাধ্যম সৃষ্টি করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. **বাণিজ্যিক ব্যাংক কীভাবে মুদ্রা প্রচলনে সহায়তা করে?**
ক প্রত্যক্ষভাবে খ বিশেষ নিয়মে
গ স্বাভাবিক নিয়মে ঘ পরোক্ষভাবে

২৬. **যিনি ব্যাংকে হিসাব খোলেন তাকে কী বলা হয়?**
ক ব্যাংকার খ আমানতকারী গ ঋণদাতা ঘ ঋণ গ্রহীতা

২৭. **কীসের মাধ্যমে জনগণের মধ্যে সঞ্চয়ের প্রবণতা সৃষ্টি হয়?**
ক ব্যাংকের সংখ্যা বৃদ্ধির মাধ্যমে খ অধিক আয়ের মাধ্যমে
গ ব্যাংক হিসাব খোলার মাধ্যমে ঘ বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে

২৮. **নগদ লেনদেনের জন্য কোন ধরনের হিসাব সুবিধাজনক?**
ক চলতি খ সঞ্চয়ী গ স্থায়ী ঘ ঋণ আমানতী

২৯. **অর্থায়ন মুলত কী নিয়ে কাজ করে?**
ক জাতীয় উন্নয়ন খ মূলধন গঠন
গ তহবিল ব্যবস্থাপনা ঘ মুনাফা অর্জন

৩০. **কোন ব্যাংকিং সিস্টেম নিরাপদ ওয়েবসাইটে নাম এবং পাসওয়ার্ড দ্বারা নিবন্ধিত হয়?**
ক মোবাইল ব্যাংকিং খ এসএমএস ব্যাংকিং
গ এনি ব্রাঞ্চ ব্যাংকিং ঘ ইন্টারনেট ব্যাংকিং

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# যশোর বোর্ড–২০২৩

বিষয় কোড 152

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — ফিন্যান্স ও ব্যাংকিং : সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান : ৭০

[২০২৩ সালের সিলেবাস অনুযায়ী]

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে কমপক্ষে তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে কমপক্ষে তিনটিসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

## ফিন্যান্স অংশ

১। মিজান সাহেব ও তার দুইজন বন্ধু মিলে একটি ব্যবসা পরিচালনা করেন। তাদের ব্যবসায়ে অর্থ সংকট দেখা দেয়। তখন তারা নিজ তহবিল ও ব্যাংক ঋণ নিয়ে ব্যবসা পরিচালনা করেন। ব্যবসায়ের লাভ-ক্ষতি তারা সমানভাবে বণ্টন করেন। কিন্তু মূলধনের যথাযথ ব্যবহার না করার ফলে ব্যবসায়টি তেমন লাভজনক হচ্ছে না এবং ঋণের সুদ পরিশোধ করতে পারছে না।

ক. পারিবারিক অর্থায়ন কী? ১
খ. আয় সিদ্ধান্ত বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত কার্যাবলি কোন ধরনের অর্থায়ন? ব্যাখ্যা করো। ৩
ঘ. মিজান সাহেব ও তার বন্ধুরা কোন নীতিটি অনুসরণ করলে সুষ্ঠুভাবে ব্যবসা পরিচালনা করতে পারতেন? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

২। মি. জসিম অবসর গ্রহণের পর প্রাপ্ত ২৫,০০,০০০ টাকা 'ক' ব্যাংকে ১০ বছরের জন্য জমা রাখার সিদ্ধান্ত নেন। 'ক' ব্যাংক তাকে ১২% হারে অপরদিকে 'খ' ব্যাংক ১১.৫% হারে মাসিক চক্রবৃদ্ধিতে সুদ দিবে বলে জানায়।

ক. প্রকৃত সুদের হার কী? ১
খ. অর্থের সময়মূল্য জানা প্রয়োজন কেন? ব্যাখ্যা করো। ২
গ. মি. জসিম ১০ বছর পর 'ক' ব্যাংক হতে কত টাকা পাবে? ৩
ঘ. মি. জসিমের কোন ব্যাংকে টাকা রাখা অধিক লাভজনক? গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

৩। জনাব হাসানের 'X' ও 'Y' ২টি প্রকল্প আছে। 'X' প্রকল্প থেকে ২০১৭–২০২১ সাল পর্যন্ত আয়ের হার যথাক্রমে ১০%, ১৫%, ০৫%, ১২% ও ১০%, অন্যদিকে 'Y'প্রকল্পের আদর্শ বিচ্যুতি হলো ১২%।

ক. বাজার ঝুঁকি কী? ১
খ. আদর্শ বিচ্যুতির সূত্রটি কী? ব্যাখ্যা করো। ২
গ. 'X' প্রকল্পের ব্যবধানের বর্গ নির্ণয় করো। ৩
ঘ. জনাব হাসানের কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত বলে তুমি মনে করো? সমাধানের আলোকে মতামত দাও। ৪

৪। জনাব নাজিম একটি ব্যাংক থেকে ১০ লাখ টাকা ঋণ করে 'ক' প্রকল্প গড়ে তোলেন। তিনি গত বছর পর্যন্ত নিয়মিতভাবে ব্যাংকের সুদসহ কিস্তি পরিশোধ করে আসছিলেন। কিন্তু এ বছর ভালো মুনাফা না হওয়ার কারণে ব্যাংকের কিস্তি পরিশোধ করতে পারছেন না। ইতিমধ্যে ব্যাংক থেকে তাকে কয়েকবার নোটিশ প্রদান করা হয়েছে। তাই নাজিম তার 'ক' প্রকল্পের প্রতিষ্ঠানটি বিক্রির চিন্তাভাবনা করছেন।

ক. তারল্য ঝুঁকি কী? ১
খ. ব্যবসায় প্রতিষ্ঠানে ঝুঁকি ও অনিশ্চয়তা পরিমাপ করা জরুরি কেন? ২
গ. উদ্দীপকের নাজিম কোন ধরনের ঝুঁকির মুখোমুখি হয়েছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. নাজিমের উদ্ভূত পরিস্থিতি কীভাবে মোকাবিলা করা উচিত? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৫। জনাব ফারুক একটি প্রকল্প গ্রহণ করেছেন। প্রকল্পটির প্রাথমিক খরচ ১,০০,০০০ টাকা এবং অবশিষ্ট মূল্য ২০,০০০ টাকা। অবচয় এবং কর প্রদানে পূর্বে উক্ত প্রকল্প হতে ৫ বছর পর্যন্ত যথাক্রমে ২০,০০০ টাকা, ২৪,০০০ টাকা, ২৮,০০০ টাকা, ৩২,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা পাওয়া যাবে। করের হার ৩০%।

ক. মূলধন বাজেটিং-এর সহজ পদ্ধতি কোনটি? ১
খ. পণ্য বৈচিত্র্যায়ণ বলতে কী বোঝায়? ২
গ. জনাব ফারুকের প্রকল্পের গড় মুনাফার হার কত? ৩
ঘ. জনাব ফারুকের প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করো। ৪

৬। শেফালি বেগম শহরতলির একজন দর্জির দোকানদার। তাঁর দোকানে বিভিন্ন শ্রেণির মহিলা পুরুষ বিভিন্ন পোশাক সেলাই করেন। তাঁর পা চালিত সেলাই মেশিন ছিল। কিন্তু কাস্টমারদের চাহিদা বাড়ায় তিনি নতুন করে বিদ্যুৎ চালিত সেলাই মেশিন কেনার সিদ্ধান্ত নেন। এতে দ্রুতগতিতে নিখুঁতভাবে সেলাইয়ের কাজ সম্পন্ন করে গ্রাহকদের সন্তুষ্ট করেন।

ক. গড় মুনাফার হার পদ্ধতি কী? ১
খ. মোট মুনাফা কীভাবে পাওয়া যায়? ব্যাখ্যা করো। ২
গ. দর্জি দোকানের মালিক শেফালি বেগমের ব্যবসায়ের মূলধন বাজেটিং এর প্রয়োগ ক্ষেত্র ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের শেফালি বেগমের কার্যক্রমে মূলধন বাজেটিং এর গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

## ব্যাংকিং অংশ

৭। মামুন জনতা ব্যাংকের বৈদেশিক বাণিজ্য শাখায় কর্মরত আছেন। তিনি লক্ষ্য করলেন যে, ব্যাংকটি প্রতিটি কাজের জন্য আলাদা বিভাগ খুলে গ্রাহকদের সেবা প্রদান করছে। মামুনের ব্যাংকটি তারল্যের ব্যাপারে খুবই সতর্ক। ব্যাংকটি অতিরিক্ত টাকা ব্যাংক তহবিলে জমা রাখে না। আবার বেশি পরিমাণ ঋণ দিয়ে ব্যাংকের তহবিল খালি করে না। ফলে গ্রাহকরা তাদের চাহিদা মতো যেমন অর্থ পেয়ে থাকে তেমনি ব্যাংকের মূলধন ব্যয় ও হ্রাস পায়।

ক. গোপনীয়তার নীতি কী? ১
খ. ব্যাংকিং ব্যবসায়ের বিনিয়োগ নীতি কী? ব্যাখ্যা করো। ২
গ. মামুনের বৈদেশিক বাণিজ্য শাখায় নিয়োজিত থাকার মাধ্যমে ব্যাংকটির যে নীতি প্রকাশ পায় তা বর্ণনা করো। ৩
ঘ. জনতা ব্যাংকের তারল্যনীতি অনুসরণকে তুমি কতটা যৌক্তিক মনে করো? মতামত দাও। ৪

৮। দীপা বিভিন্ন ধরনের ব্যাংক সম্পর্কে পড়েছে। শিল্প ব্যাংক, কৃষি ব্যাংক, মার্চেন্ট ব্যাংক আরও অনেক ব্যাংক। কিন্তু শহরে বন্দরে সর্বত্র সে যে ব্যাংক দেখছে তার সাথে শিল্প ও কৃষির নামে উল্লেখ নেই। একই নামে নানা জায়গায় ব্যাংক। তার বাবা যে ব্যাংকে লেনদেন করেন সে ব্যাংকটি যথেষ্ট পরিপাটি করে গুছানো। অনেক লোক কাজ করে। বাবা বললেন, ব্যাংকটি মুনাফা অর্জনের উদ্দেশ্যে পরিচালিত হয়। দীপা চিন্তা করে তার বাবা টাকা জমা দেন আবার উত্তোলন করেন তাহলে ব্যাংকটি মুনাফা অর্জন করে কীভাবে?

ক. ই-ব্যাংকিং কী? ১
খ. জীবনযাত্রার মান উন্নয়নে বাণিজ্যিক ব্যাংকের ভূমিকা ব্যাখ্যা করো। ২
গ. দীপা শহরে বন্দরে যে ব্যাংক লক্ষ্য করছে সাংগঠনিক বিচারে তা কোন ধরনের ব্যাংক? বর্ণনা করো। ৩
ঘ. ব্যাংকটি কীভাবে মুনাফা অর্জন করে তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৯। মি. সুজন একজন ব্যবসায়ী। তার এলাকায় সুরমা ব্যাংক ও মেঘনা ব্যাংক এই দুইটি ব্যাংকের শাখা চালু রয়েছে। তিনি হিসাব খোলার ক্ষেত্রে মেঘনা ব্যাংককে বেছে নিলেন। কেননা সুরমা ব্যাংক সনাতন পদ্ধতিতে কার্য সম্পাদন করে। অপরদিকে মেঘনা ব্যাংক অনলাইন ব্যাংকিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, এসএমএস ব্যাংকিং ইত্যাদি ইলেকট্রনিক সেবার মাধ্যমে কার্যক্রম সম্পাদন করে থাকে। ব্যবসায়ের প্রয়োজনে মি. সুজন ঢাকায় এসে আর্থিক সংকটে পড়েন। পরবর্তীতে তিনি মেঘনা ব্যাংক থেকে অর্থ উত্তোলন করে আর্থিক সংকট নিরসন করেন।

ক. ক্রেডিট কার্ড কী? ১
খ. অনলাইন ব্যাংকিং এর জনপ্রিয়তা লাভের কারণ কী? ব্যাখ্যা করো। ২
গ. মি. সুজন মেঘনা ব্যাংকের কোন সেবার কারণে আর্থিক সংকট নিরসন করতে সক্ষম হয়েছিলেন। ৩
ঘ. বর্তমান প্রতিযোগিতামূলক ব্যাংকিং জগতে সুরমা ব্যাংক ও মেঘনা ব্যাংকের সাফল্যের সম্ভাবনা মূল্যায়ন করো। ৪

১০। জনাব হাফিজ বিদেশ থেকে দেশে এসে তাঁর জমানো অর্থ ব্যাংকে রাখতে চান। এজন্য তিনি কোটি ব্যাংক খুঁজছেন যেখানে তাঁর অর্থের সম্পদের নিরাপত্তা থাকবে, অর্থের বৃদ্ধি এবং প্রয়োজনে ব্যবসার জন্য ঋণ নেওয়ার ব্যবস্থা থাকবে। তাঁর বন্ধু রহিম তাঁকে ফাইন ব্যাংকের হিসাব খুলতে উদ্বুদ্ধ করে।

ক. সঞ্চয় প্রবণতা কী? ১
খ. তালিকাভুক্ত ব্যাংক অধিক নিরাপদ কেন? ব্যাখ্যা করো। ২
গ. ফাইন ব্যাংকে হিসাব খোলার জন্য জনাব হাফিজের বিবেচ্য বিষয় কোনটি? ব্যাখ্যা করো। ৩
ঘ. ব্যাংক হিসাব খোলার মাধ্যমে জনাব হাফিজ ও ফাইন ব্যাংক উভয়ে কী সুবিধা ভোগ করে? বিশ্লেষণ করো। ৪

১১। জনাব লোকমান একটি বেসরকারি অফিসে স্বল্প বেতনে চাকরি করেন। সংসার চালাতেই হিমশিম খান। তার বন্ধু জনাব শাহীন বলল, কষ্টতো করছেই, বেতন থেকে প্রতিমাসে ১০০ টাকা করে হলেও জমাও। জনাব লোকমান পরিবারের ভবিষ্যতের কথা চিন্তা করে প্রতি মাসে ৪০০ টাকা জমা রাখেন। ১০ বছর পর ১ লক্ষ টাকা পাবেন। তিনি ভাবছেন বন্ধুর পরামর্শ তার জীবন বদলে দিয়েছে। সবাইকে যদি এ পরামর্শ দেয়া যেত তাহলে ব্যক্তি, সমাজ ও দেশ উপকৃত হতে পারতো।

ক. স্থায়ী হিসাব কী? ১
খ. চলতি হিসাব বলতে কী বোঝায়? ২
গ. জনাব লোকমান কোন ধরনের হিসাব খুলেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব শাহীন লোকমানের মধ্যে যে সঞ্চয়ের আগ্রহ সৃষ্টি করেছেন তা সবার ক্ষেত্রে কতটুকু প্রযোজ্য? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | খ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ক | ৬ | খ | ৭ | গ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ঘ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | গ | ২১ | গ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ঘ |

## সৃজনশীল

### ফিন্যান্স অংশ

**প্রশ্ন ▸ ০১** মিজান সাহেব ও তার দুইজন বন্ধু মিলে একটি ব্যবসা পরিচালনা করেন। তাদের ব্যবসায়ে অর্থ সংকট দেখা দেয়। তখন তারা নিজ তহবিল ও ব্যাংক ঋণ নিয়ে ব্যবসা পরিচালনা করেন। ব্যবসায়ের লাভ-ক্ষতি তারা সমানভাবে বণ্টন করেন। কিন্তু মূলধনের যথাযথ ব্যবহার না করার ফলে ব্যবসায়টি তেমন লাভজনক হচ্ছে না এবং ঋণের সুদ পরিশোধ করতে পারছে না।

ক. পারিবারিক অর্থায়ন কী? ১

খ. আয় সিদ্ধান্ত বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত কার্যাবলি কোন ধরনের অর্থায়ন? ব্যাখ্যা করো। ৩

ঘ. মিজান সাহেব ও তার বন্ধুরা কোন নীতিটি অনুসরণ করলে সুষ্ঠুভাবে ব্যবসা পরিচালনা করতে পারতেন? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

#### ১নং প্রশ্নের উত্তর

**ক** পরিবারের জন্য পরিকল্পনামাফিক আয়ের উৎস নির্ধারণ ও তার ব্যবহারকে পারিবারিক অর্থায়ন বলে।

**খ** আয় সিদ্ধান্তের অপর নাম অর্থায়ন সিদ্ধান্ত।

অর্থায়ন সিদ্ধান্ত বলতে মূলত একটি কোম্পানি মূলধন তহবিল সংগ্রহ করার সিদ্ধান্তকে বোঝায়। এর আওতায় তহবিল সংগ্রহের জন্য ভিন্ন ভিন্ন উৎস নির্বাচন করা হয়। উক্ত উৎসের সুবিধা-অসুবিধা বিশ্লেষণ করে অর্থায়ন সংক্রান্ত পরিকল্পনা গ্রহণ করা হয়।

**গ** উদ্দীপকে উল্লিখিত কার্যাবলি হচ্ছে পারিবারিক অর্থায়ন। নিম্নে পারিবারিক অর্থায়নের ধরন ব্যাখ্যা করা হলো−

পারিবারিক অর্থায়নের ক্ষেত্রে পরিবারের আয়ের উৎস ও পরিমাণ নির্ধারণ করে, সেই আয় কিভাবে ব্যয় করলে পরিবারে সদস্যদের সর্বাঙ্গীন মঙ্গল হয়, তা নির্ধারণ করা হয়। পরিবারের প্রয়োজনীয় অসংখ্য ব্যয়ের মধ্যে অগ্রাধিকারের ভিত্তিতে অধিক গুরুত্বপূর্ণ ব্যয়গুলো পূরণ করা হয়। পরিবারের আয় যদি ব্যয়ের জন্য যথেষ্ট না হয় তবে বিভিন্ন আত্মীয়স্বজন, পরিচিত ব্যক্তি, বন্ধু-বান্ধব থেকে অর্থ ঋণ হিসাবে নেওয়া যায়। নিয়মিত আয়ের সাথে সংগতি রেখে নিয়মিত ব্যয়সমূহ নির্ধারণ করা যায়।

উদ্দীপকে বলা হয়েছে যে মিজান সাহেব ও তার দুইজন বন্ধু মিলে একটি ব্যবসায় পরিচালনা করেন। তাদের ব্যবসায় পরিচালনায় সংকট দেখা দেয়। তখন তারা নিজ তহবিল ও ব্যাংক ঋণ নিয়ে ব্যবসা পরিচালনা করেন। ব্যবসায়ের লাভ-ক্ষতি তারা সমানভাবে বণ্টন করেন। কিন্তু মূলধনের যথাযথ ব্যবহার না করার ফলে ব্যবসায় লাভজনক হচ্ছে না এবং ঋণ পরিশোধ করতে পারছে না। যদি পরিবারের সংগৃহীত তহবিল প্রয়োজনীয় ব্যয়ের তুলনায় বেশি হয়, তবে সেটা ভবিষ্যতে ব্যবহারের জন্য সঞ্চয় করা হয়।

**ঘ** মিজান সাহেব ও তার বন্ধুরা যে নীতিটি অনুসরণ করলে সুষ্ঠুভাবে ব্যবসা পরিচালনা করতে পারতেন তা হলো "উযুক্ততার নীতি"। নিম্নে উদ্দীপকের আলোকে এ নীতিটি বিশ্লেষণ করা হলো−

স্বল্পমেয়াদি তহবিল দিয়ে চলতি মূলধন ও দীর্ঘমেয়াদি তহবিল দিয়ে স্থায়ী মূলধন সরবরাহ করা অর্থায়নের একটি নীতি। একটি ব্যবসায় প্রতিষ্ঠান চালিয়ে রাখার জন্য যে নিত্যনৈমিত্তিক অর্থের প্রয়োজন হয়, সেটিই চলতি মূলধন। চলতি মূলধনের পরিমাণ কম হয় বলে এর উৎসও কম হয়, ফলে এটি স্বল্পমেয়াদি উৎস হতে সংগ্রহ করা ভালো। বাণিজ্যিক ব্যাংক, বিভিন্ন অর্থায়ন প্রতিষ্ঠান, বিনিয়োগ ব্যাংক, ডিবেঞ্চারহোল্ডার, এই ধরনের উৎসগুলো দীর্ঘমেয়াদি ঋণ প্রদান করে থাকে। পক্ষান্তরে বিক্রয়লব্ধ অর্থ দিয়ে চলতি মূলধনের ব্যবস্থাপনা করা উচিত। দীর্ঘমেয়াদি উৎস থেকে তহবিল সংগ্রহের জন্য ঋণদাতা প্রতিষ্ঠানগুলোকে অধিক হারে সুদ প্রদান করতে হয়। ফলে যদি চলতি ব্যয় নির্বাহের জন্য দীর্ঘমেয়াদি উৎস হতে অর্থ সংগ্রহ করা হয়, তবে দেখা যায় উপার্জিত আয় হতে ঋণের সুদ পরিশোধ করা অসমম্ভব হয়ে যায়।

উদ্দীপকে বলা হয়েছে যে, মিজান সাহেব ও তার দুইজন বন্ধু মিলে একটি ব্যবসা পরিচালনা করেন। তাদের ব্যবসায়ে অর্থ সংকট দেখা দেয়। তখন তারা নিজ তহবিল ও ব্যাংক ঋণ নিয়ে ব্যবসা পরিচালনা করেন। ব্যবসায়ের লাভ-ক্ষতি তারা সমানভাবে বণ্টন করেন। কিন্তু মূলধনের যথাযথ ব্যবহার না করার ফলে ব্যবসায়টি তেমন লাভজনক হচ্ছে না এবং ঋণের সুদ পরিশোধ করতে পারছে না।

উপরোক্ত আলোচনা হতে বলা যায় যে, মিজান সাহেব ও তার বন্ধুদের স্বল্পমেয়াদী উৎস হতে ঋণ গ্রহণ করা উচিত এবং তাদের উপযুক্ততার নীতি অনুসরণ করা উচিত। তবেই তারা ব্যবসায় সাফল্য পাবে।

**প্রশ্ন ▸ ০২** মি. জসিম অবসর গ্রহণের পর প্রাপ্ত ২৫,০০,০০০ টাকা 'ক' ব্যাংকে ১০ বছরের জন্য জমা রাখার সিদ্ধান্ত নেন। 'ক' ব্যাংক তাকে ১২% হারে অপরদিকে 'খ' ব্যাংক ১১.৫% হারে মাসিক চক্রবৃদ্ধিতে সুদ দিবে বলে জানায়।

ক. প্রকৃত সুদের হার কী? ১

খ. অর্থের সময়মূল্য জানা প্রয়োজন কেন? ব্যাখ্যা করো। ২

গ. মি. জসিম ১০ বছর পর 'ক' ব্যাংক হতে কত টাকা পাবে? ৩

ঘ. মি. জসিমের কোন ব্যাংকে টাকা রাখা অধিক লাভজনক? গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

#### ২নং প্রশ্নের উত্তর

**ক** ঋণদাতা প্রকৃতপক্ষে ঋণগ্রহীতার কাছ থেকে যে হারে ঋণের ওপর সুদ আদায় করে তাকে প্রকৃত সুদের হার বলে।

**খ** প্রকল্প মূল্যায়ন, ঋণগ্রহণ সিদ্ধান্ত, সুযোগ ব্যয় ইত্যাদির ব্যাপারে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করার জন্য অর্থের সময়মূল্য জানা প্রয়োজন।

অর্থের সময়মূল্য বলতে সময়ের সাথে সাথে অর্থের মূল্যের পরিবর্তন হওয়াকে বুঝায়। অর্থাৎ, আজকের দিনের ১০০ টাকা যদি ১০% সুদে

ব্যাংকে রাখা হয় তাহলে ১ বছর পর অর্থাৎ সময় পরিবর্তনের সাথে সাথে সেটি হবে ১১০ টাকা। অর্থাৎ, আজকের দিনের ১০০ টাকা ১ বছর পরে ১১০ টাকার সমান। অর্থের এ সময়মূল্য বিবেচনায় না রাখলে বিনিয়োগে বা ঋণ গ্রহণে ক্ষতি হবার সম্ভাবনা থাকে। এ কারণে অর্থের সময়মূল্য জানা প্রয়োজন।

**গ** মি. জসিম ১০ বছর পর 'ক; ব্যাংক হতে যে টাকা পাবে তার পরিমাণ নির্ণয় :

দেওয়া আছে,

বর্তমান মূল্য, (PV) = ২৫,০০,০০০ টাকা

সুদের হার, (i) = ১২% বা ০.১২

সময় (n) = ১০ বছর

আমরা জানি,

ভবিষ্যৎ মূল্য, (FV) = $PV (১ + i)^n$

$= ২৫,০০,০০০ (১ + ০.১২)^{১০}$

$= ২৫,০০,০০০ \times (১.১২)^{১০}$

= ৭৭,৬৪,৬২০ টাকা

∴ ১০ বছর পর 'ক' ব্যাংক হতে তিনি ৭৭,৬৪,৬২০ (প্রায়) টাকা পাবেন।

**ঘ** মি. জসিমের কোন ব্যাংকে টাকা রাখা অধিক লাভজনক তা নির্ণয় করতে হলে প্রথমে আমাদের 'খ' ব্যাংকের টাকার ভবিষ্যৎ মূল্য নির্ণয় করতে হবে। তা নিম্নরূপ–

দেওয়া আছে,

বর্তমান মূল্য (PV) = ২৫,০০,০০০ টাকা

সুদের হার, (i) = ১১.৫% = ০.১১৫

সময় (n) = ১০ বছর

চক্রবৃদ্ধির সংখ্যা, (m) = ১২ বার [মাসিক চক্রবৃদ্ধি]

আমরা জানি,

$$\text{ভবিষ্যৎ মূল্য (FV)} = PV\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}$$

$$= ২৫,০০,০০০\left(১ + \frac{০.১১৫}{১২}\right)^{১০ \times ১২}$$

$= ২৫,০০,০০০ \times ৩.১৪০৯৫$

= ৭৮,৫২,৩৭৫ টাকা

জনাব জসিম ১০ বছর পর 'ক' ব্যাংক হতে পাবেন ৭৭,৬৪,৬২৫ টাকা অন্যদিকে 'খ' হতে পাবেন ৭৮,৫২,৩৭৫ টাকা সুতরাং ব্যাংক থেকে (৭৮,৫২,৩৭৫ − ৭৭,৬৪,৬২৫) = ৮৭,৭৫০ টাকা বেশি পাবেন তাই 'খ' ব্যাংকে টাকা রাখা অধিক লাভজনক।

**প্রশ্ন ▸ ০৩** জনাব হাসানের 'X' ও 'Y' ২টি প্রকল্প আছে। 'X' প্রকল্প থেকে ২০১৭–২০২১ সাল পর্যন্ত আয়ের হার যথাক্রমে ১০%, ১৫%, ০.৫%, ১২% ও ১০%, অন্যদিকে 'Y' প্রকল্পের আদর্শ বিচ্যুতি হলো ১২%।

ক. বাজার ঝুঁকি কী? ১

খ. আদর্শ বিচ্যুতির সূত্রটি কী? ব্যাখ্যা করো। ২

গ. 'X' প্রকল্পের ব্যবধানের বর্গ নির্ণয় করো। ৩

ঘ. জনাব হাসানের কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত বলে তুমি মনে করো? সমাধানের আলোকে মতামত দাও। ৪

## ৩নং প্রশ্নের উত্তর

**ক** কোম্পানির আয় থেকে পরিচালন ব্যয় মিটাতে না পারার সম্ভাবনাকে বাজার ঝুঁকি বলে।

**খ** আদর্শ বিচ্যুতি ব্যবহার করে অতীতে অর্জিত আয়ের বিচ্যুতি থেকে যেমন ঝুঁকি পরিমাপ করা হয়, তেএ্যানি ভবিষ্যতে প্রত্যাশিত আয়ের ঝুঁকিও পরিমাপ করা যায়। এটি একটি পরিসংখ্যানিক পদ্ধতি। নিচে আদর্শ বিচ্যুতির সূত্র দেওয়া হলো–

$$\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\frac{\Sigma\,(\text{আয় হার} - \text{গড় হার})^২}{n - ১}}$$

এখানে,

$\Sigma\,(\text{আয় হার} - \text{গড় হার})^২$ অতীতে অর্জিত আয় হার থেকে গড় আয় হারের পার্থক্যের বর্গের সমষ্টি। n = বছরের সংখ্যা।

**গ** X প্রকল্পের ব্যবধান বর্গ নিচে নির্ণয় করা হলো–

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয় − গড়) | ব্যবধানের বর্গ |
|---|---|---|---|
| ২০১৭ | ১০ | (১০ − ১০.৪০) = − ০.৪ | ০.১৬ |
| ২০১৮ | ১৫ | (১৫ − ১০.৪০) = ৪.৬০ | ২১.১৬ |
| ২০১৯ | ৫ | (০৫ − ১০.৪০) = − ৫.৪০ | ২৯.১৬ |
| ২০২০ | ১২ | (১২ − ১০.৪০) = ১.৬০ | ২.৫৬ |
| ২০২১ | ১০ | (১০ − ১০.১৪) = − ০.৪ | ০.১৬ |
| যোগফল | ৫২% | ব্যবধানের বর্গের যোগফল = | ৫৩.২০ |
| গড় আয় | (৫২ − ৫) = ১০.৪০ | ব্যবধান বর্গের গড় $= \frac{৫৩.২০}{(n-১)} = \frac{৫৩.২০}{(৫-১)}$ | = 13.30 |

∴ X প্রকল্পের ব্যবধান বর্গের যোগফল ১৩.৩০।

**ঘ** জনাব হাসানের যে প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত তা নিধারণ করতে হলে আমাদেরকে 'X' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করতে হবে।

'X' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় :

'X' প্রকল্পের বর্গের যোগফল ১৩.৩০ [গ থেকে প্রাপ্ত]

$\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\text{বর্গের গড়}} = \sqrt{১৩.৩০} = ৩.৬৪৬৯\%$

∴ 'X' প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৩.৬৪৬৯% এবং Y প্রকল্পের আদর্শ বিচ্যুতি ১২%। আদর্শ বিচ্যুতি এর বড় মান বেশি ঝুঁকিপূর্ণ এবং ছোট মান কম ঝুঁকিপূর্ণ। তাই জনাব হাসানের 'Y' প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত।

**প্রশ্ন ▸ ০৪** জনাব নাজিম একটি ব্যাংক থেকে ১০ লাখ টাকা ঋণ করে 'ক' প্রকল্প গড়ে তোলেন। তিনি গত বছর পর্যন্ত নিয়মিতভাবে ব্যাংকের সুদসহ কিস্তি পরিশোধ করে আসছিলেন। কিন্তু এ বছর ভালো মুনাফা না হওয়ার কারণে ব্যাংকের কিস্তি পরিশোধ করতে পারছেন না। ইতিমধ্যে ব্যাংক থেকে তাকে কয়েকবার নোটিশ প্রদান করা হয়েছে। তাই নাজিম তার 'ক' প্রকল্পের প্রতিষ্ঠানটি বিক্রির চিন্তাভাবনা করছেন।

ক. তারল্য ঝুঁকি কী? ১

খ. ব্যবসায় প্রতিষ্ঠানে ঝুঁকি ও অনিশ্চয়তা পরিমাপ করা জরুরি কেন? ২

গ. উদ্দীপকের নাজিম কোন ধরনের ঝুঁকির মুখোমুখি হয়েছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. নাজিমের উদ্ভূত পরিস্থিতি কীভাবে মোকাবিলা করা উচিত? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

## ৪নং প্রশ্নের উত্তর

**ক** বিনিয়োগকৃত সিকিউরিটিসমূহ দ্রুত নগদ অর্থে রূপান্তর করতে যে ঝুঁকির সৃষ্টি হয় তাকে তারল্য ঝুঁকি বলে।

**খ** বিভিন্ন কৌশল প্রয়োগ করে ঝুঁকির পরিমাণ কমানোর উদ্দেশ্যে ঝুঁকি পরিমাপ করা হয়।

অনিশ্চয়তা থেকে ঝুঁকির সৃষ্টি। অনিশ্চয়তার যে অংশ পরিমাপ করা যায় তাই ঝুঁকি। ঝুঁকি পরিমাপ করা যায় বিধায় তা কমানোও যায়। আর এ লক্ষ্যেই ঝুঁকি ও অনিশ্চয়তা পরিমাপ করা হয়।

**গ** উদ্দীপকের নাজিম সাহেব আর্থিক ঝুঁকির মুখোমুখি হয়েছে। তা নিম্নে ব্যাখ্যা করা হলো−

আর্থিক ঝুঁকি সাধারণত বহিস্থ উৎস থেকে অর্থায়ন থেকে সৃষ্টি হয়। যে প্রতিষ্ঠানের ঋণের মাধ্যমে সংগৃহীত তহবিল বেশি, সেই প্রতিষ্ঠানের আর্থিক ঝুঁকি বেশি। কারণ ঋণ মূলধনের জন্য সুদ প্রদান করা বাধ্যতামূলক। পক্ষান্তরে, অভ্যন্তরীণ উৎস থেকে তহবিল সংগ্রহ করা হলে মুনাফা বণ্টন বাধ্যতামূলক নয়। সুতরাং ঋণ মূলধন ব্যবহার করা হলে কারবারটি যদি লাভজনক না হয়। তখন ঋণদাতা প্রতিষ্ঠান আইনের আশ্রয় নিতে পারে এবং ফলে কারবারটি বিলোপসাধন হতে পারে।

উদ্দীপকে বলা হয়েছে যে, জনাব নাজিম একটি ব্যাংক হতে ১০ লাখ টাকা ঋণ করে 'ক' প্রকল্প গড়ে তোলেন। তিনি গত বছর পর্যন্ত নিয়মিতভাবে ব্যাংকের সুদসহ কিস্তি পরিশোধ করে আসছিলেন। কিন্তু এ বছর ভালো মুনাফা না হওয়ার কারণে ব্যাংকের কিস্তি পরিশোধ করতে পারছে না। উক্ত আলোচনা হতে বুঝা যায় যে, নাজিম সাহেব আর্থিক ঝুঁকির সম্মুখীন হয়েছেন।

**ঘ** নাজিমের উদ্ভূত পরিস্থিতি যেভাবে মোকাবিলা করা উচিত তা নিম্নে উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করা হলো−

উদ্দীপকে বলা হয়েছে যে, নাজিম একটি ব্যাংক থেকে ১০ লাখ টাকা ঋণ করে 'ক' প্রকল্প গড়ে তোলেন, তিনি গত বছর পর্যন্ত নিয়মিতভাবে ব্যাংকের সুদসহ কিস্তি পরিশোধ করে আসছিলেন। কিন্তু এ বছর ভালো মুনাফা না হওয়ার কারণে ব্যাংকের কিস্তি পরিশোধ করতে পারছেন না। ইতিমধ্যে ব্যাংক থেকে তাকে কয়েকবার নোটিশ প্রদান করা হয়েছে।

যেকোনো কোম্পানির সাফল্য তথা সার্বিক উদ্দেশ্য সাধনে ঝুঁকির প্রভাব রয়েছে। পূর্বেই বলা হয়েছে প্রত্যাশার বাইরে কোনো কিছু ঘটার সম্ভাবনাকেই ঝুঁকি বলা হয়। ফলে ব্যবসা প্রতিষ্ঠানের পরিকল্পনা প্রণয়নের সময়েই ভবিষ্যতের সম্ভাব্য ঘটনাসমূহ বিচার বিশ্লেষণ করে সেই অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করলে অপ্রত্যাশিত ক্ষতি থেকে বাঁচা যায়। ব্যবসায় প্রতিষ্ঠানের মুনাফা অর্জন নির্ভর করে পণ্যের বাজার চাহিদার উপর। ফলে ব্যবসায় শুরু করার আগেই প্রতিটি প্রতিষ্ঠানের বাজার চাহিদা সম্পর্কিত বিচার বিশ্লেষণ করে বাস্তব সম্মত চাহিদার অনুমান করে সেই অনুযায়ী ব্যবসায় পরিচালনা ও বাস্তবায়ন করতে হয়। বাজারের প্রকৃত চাহিদা অনুমেয় চাহিদা থেকে কম বা বেশি হতে পারে। কোনো কারণে প্রকৃত বিক্রয় অনুমেয় বিক্রয় থেকে খুব কম হলে পর্যাপ্ত মুনাফা অর্জন সম্ভব হয় না।

নাজিমের উদ্বৃত্ত পরিস্থিতি উপরোক্ত আলোকে বিচার বিশ্লেষণ করলে তিনি তার সমস্যা মোকাবিলা করতে পারতেন।

**প্রশ্ন ▶ ০৫** জনাব ফারুক একটি প্রকল্প গ্রহণ করেছেন। প্রকল্পটির প্রাথমিক খরচ ১,০০,০০০ টাকা এবং অবশিষ্ট মূল্য ২০,০০০ টাকা। অবচয় এবং কর প্রদানে পূর্বে উক্ত প্রকল্প হতে ৫ বছর পর্যন্ত যথাক্রমে ২০,০০০ টাকা, ২৪,০০০ টাকা, ২৮,০০০ টাকা, ৩২,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা পাওয়া যাবে। করের হার ৩০%।

ক. মূলধন বাজেটিং-এর সহজ পদ্ধতি কোনটি? ১
খ. পণ্য বৈচিত্র্যায়ণ বলতে কী বোঝায়? ২
গ. জনাব ফারুকের প্রকল্পের গড় মুনাফার হার কত? ৩
ঘ. জনাব ফারুকের প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করো। ৪

## ৫নং প্রশ্নের উত্তর

**ক** মূলধন বাজেটিং এর সহজ পদ্ধতি হলো, গড় মুনাফার হার পদ্ধতি।

**খ** একই ব্যবসায়ে বিভিন্ন প্রকার পণ্য সমাহার ঘটিয়ে ঝুঁকি কমানোর ব্যবস্থাপনাকেই পণ্য বৈচিত্র্যায়ণ বলে।

ব্যবসায়ের ভবিষ্যৎ সর্বদাই অনিশ্চিত থাকে। ব্যবসায়ে বৈচিত্র্যকরণ নিশ্চিত করতে পারলে ঝুঁকি কমে। কেননা একটি পণ্য থেকে লোকসান হলে অন্য পণ্যের মুনাফা দ্বারা তা পুষিয়ে নেওয়া সম্ভব হয়। তাই ঝুঁকি বণ্টনের মাধ্যমে সফলতা নিশ্চিত করতে পণ্য বৈচিত্র্যায়ণের প্রয়োজন।

**গ** জনাব ফারুকের গড় মুনাফার হার নির্ণয় :

| বিবরণ | পরিমাণ (টাকায়) | | | | |
|---|---|---|---|---|---|
| | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ | বছর-৫ |
| অবচয় ও করপূর্ব নগদপ্রবাহ | ২০,০০০ | ২৪,০০০ | ২৮,০০০ | ৩২,০০০ | ৪০,০০০ |
| বাদ : অবচয় | (১৬,০০০) | (১৬,০০০) | (১৬,০০০) | (১৬,০০০) | (১৬,০০০) |
| করপূর্ব মুনাফা : | ৪,০০০ | ৮,০০০ | ১২,০০০ | ১৬,০০০ | ২৪,০০০ |
| বাদ : কর (৩০%) | (১,২০০) | (২,৪০০) | (৩,৬০০) | (৪,৮০০) | (৭,২০০) |
| নিট মুনাফা | ২,৮০০ | ৫,৬০০ | ৮,৪০০ | ১১,২০০ | ১৬,৮০০ |

এখানে,

$$\text{গড় নিট মুনাফা} = \frac{২,৮০০ + ৫,৬০০ + ৮,৪০০ + ১১,২০০ + ১৬,৮০০}{৫} \text{ টাকা}$$

$$= \frac{৪৪,৮০০}{৫} \text{ টাকা} = ৮,৯৬০ \text{ টাকা}$$

$$\text{গড় বিনিয়োগ} = \frac{১,০০,০০০ + ২০,০০০}{২}$$

$$= ৬০,০০০ \text{ টাকা}$$

আমরা জানি,

$$\text{গড় মুনাফার হার} = \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$$

$$= \frac{৮,৯৬০}{৬০,০০০} \times ১০০$$

$$= ০.১৪৯ \times ১০০$$

$$= ১৪.৯৩\%$$

[নোট : $\text{বার্ষিক অবচয়} = \frac{\text{প্রাথমিক খরচ} - \text{অবশিষ্ট মূল্য}}{\text{আয়ুষ্কাল}}$

$$= \frac{১,০০,০০০ - ২০,০০০}{৫} \text{ টাকা}$$

$$= ১৬,০০০ \text{ টাকা}$$

∴ প্রকল্পের গড় মুনাফার হার = ১৪.৯৩%।

**ঘ** জনাব ফারুকের প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় :

| বিবরণ | পরিমাণ (টাকা) | | | | |
|---|---|---|---|---|---|
| | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ | বছর-৫ |
| নিট মুনাফা [গ থেকে প্রাপ্ত] | ২,৮০০ | ৫,৬০০ | ৮,৪০০ | ১১,২০০ | ১৬,৮০০ |
| যোগ : অবচয় [গ থেকে প্রাপ্ত] | ১৬,০০০ | ১৬,০০০ | ১৬,০০০ | ১৬,০০০ | ১৬,০০০ |
| যোগ : অবশিষ্ট মূল্য | – | – | – | – | ২০,০০০ |
| নগদ প্রবাহ | ১৮,৮০০ | ২১,৬০০ | ২৪,৪০০ | ২৭,২০০ | ৫২,৮০০ |

সারণিতে নির্ণীত নগদ প্রবাহ ব্যবহার করে প্রকল্পটির পে-ব্যাক সময় নিম্নরূপে নির্ণয় করা হলো–

| বছর | নগদ প্রবাহ (টাকায়) | ক্রমযোজিত নগদ প্রবাহ (টাকায়) |
|---|---|---|
| ০ | – ১,০০,০০০ | – ১,০০,০০০ |
| ১ | ১৮,৮০০ | – ৮১,২০০ |
| ২ | ২১,৬০০ | – ৫৯,৬০০ |
| ৩ | ২৪,৪০০ | – ৩৫,২০০ |
| ৪ | ২৭,২০০ | – ৮,০০০ |
| ৫ | ৫২,৮০০ | ৪৪,৮০০ |

$$\therefore \text{পে-ব্যাক সময়} = ৪ + \frac{৮,০০০}{৫২,৮০০} \text{ বছর}$$
$$= (৪ + ০.১৫১৫১৫) \text{ বছর}$$
$$= ৪.১৫১৫ \text{ বছর।}$$

**প্রশ্ন ▶ ০৬** শেফালি বেগম শহরতলির একজন দর্জির দোকানদার। তাঁর দোকানে বিভিন্ন শ্রেণির মহিলা পুরুষ বিভিন্ন পোশাক সেলাই করেন। তাঁর পা চালিত সেলাই মেশিন ছিল। কিন্তু কাস্টমারদের চাহিদা বাড়ায় তিনি নতুন করে বিদ্যুৎ চালিত সেলাই মেশিন কেনার সিদ্ধান্ত নেন। এতে দ্রুতগতিতে নিখুঁতভাবে সেলাইয়ের কাজ সম্পন্ন করে গ্রাহকদের সন্তুষ্ট করেন।

ক. গড় মুনাফার হার পদ্ধতি কী? ১
খ. মোট মুনাফা কীভাবে পাওয়া যায়? ব্যাখ্যা করো। ২
গ. দর্জি দোকানের মালিক শেফালি বেগমের ব্যবসায়ের মূলধন বাজেটিং এর প্রয়োগ ক্ষেত্র ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের শেফালি বেগমের কার্যক্রমে মূলধন বাজেটিং এর গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

### ৬নং প্রশ্নের উত্তর

**ক** যে পদ্ধতিতে ব্যবসায়ে বা প্রকল্পে বিনিয়োগকৃত অর্থ থেকে প্রাপ্ত মুনাফার হার নির্ণয় করা হয়, তাকে গড় মুনাফার হার পদ্ধতি বলে।

**খ** মোট বিক্রয়লব্ধ আয় থেকে মোট ব্যক্ত ব্যয় বাদ দিলে যা পাওয়া যায় তা হলো মোট মুনাফা।

অপরদিকে মোট মুনাফা থেকে মোট অব্যক্ত ব্যয় বাদ দিলে নিট মুনাফা পাওয়া যায়। সুতরাং মোট মুনাফা = মোট বিক্রয়লব্ধ। মোট মুনাফা পণ্য বা পরিষেবাগুলো উৎপাদন এবং বিক্রি করার জন্য মোট খরচ বিয়োগ করার পরে অর্জিত অর্থ পরিমাপ করে।

**গ** দর্জি দোকানে শেফালি বেগমের ব্যবসায়ে পণ্য উৎপাদন ক্ষমতা বৃদ্ধিকল্পে সম্প্রসারণে মূলধন বাজেটিং এর প্রয়োগ ঘটেছে।

দীর্ঘমেয়াদি বিনিয়োগের সব ক্ষেত্রেই মূলধন বাজেটিং প্রয়োগ করা হয়। স্থায়ী সম্পত্তি ক্রয়, ব্যবসায় প্রসার, ব্যবসায় আধুনিকায়নে মূলধন বাজেটিং-এর মাধ্যমে সিদ্ধান্ত নেওয়া হয়। এছাড়াও স্থায়ী সম্পত্তির প্রতিস্থাপন এবং নতুন পণ্য বাজারে ছাড়া সংক্রান্ত সব ক্ষেত্রে মূলধন বাজেটিং-এর প্রয়োগ রয়েছে।

উদ্দীপকের শেফালি বেগম শহরতলির একজন দর্জির দোকানদার। তার দোকানে বিভিন্ন শ্রেণির মহিলা-পুরুষ বিভিন্ন পোশাক সেলাই করেন। তার পা চালিত সেলাই মেশিন ছিল। কিন্তু কাস্টমারদের চাহিদা বাড়ায় তিনি নতুন করে বিদ্যুৎচালিত সেলাই মেশিন কেনার সিদ্ধান্ত নেন। চলমান কোনো প্রতিষ্ঠানের ক্ষেত্রে ব্যবসায় শুরু করার পর উৎপাদন ক্ষমতা বাড়ানোর প্রয়োজন হতে পারে। এক্ষেত্রে কোম্পানির নতুন মেশিন কেনার প্রয়োজন হয়।

উদ্দীপকের শেফালি বেগমও দোকানের কাস্টমারদের চাহিদা বাড়ায় নতুন মেশিন কেনার সিদ্ধান্ত নেন। এরূপ সিদ্ধান্ত গ্রহণের লাভজনকতা যাচাই করতে মূলধন বাজেটিং প্রয়োগ করা হয়। তাই বলা যায়, উদ্দীপকের শেফালি বেগম বৈশিষ্ট্যগত কারণে মূলধন বাজেটিং-এর ব্যবসায় পণ্য উৎপাদন ক্ষমতা বৃদ্ধিকল্পে সম্প্রসারণ ক্ষেত্রটি প্রয়োগ করবেন।

**ঘ** মূলধন বাজেটিং দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত হওয়ায় উদ্দীপকের শেফালি বেগমের কার্যক্রমের ক্ষেত্রে এর গুরুত্ব অপরিসীম।

প্রতিষ্ঠান সাধারণত নগদ প্রবাহ পাওয়ার আশায় দীর্ঘমেয়াদে বিনিয়োগ করে। প্রতিষ্ঠানের এ বিনিয়োগ সিদ্ধান্তের ক্ষেত্রে মূলধন বাজেটিং-এর বিভিন্ন পদ্ধতি সঠিক দিক নির্দেশনা দিয়ে থাকে। ফলে কোনো প্রকল্পে বিনিয়োগ আদৌ লাভজনক হবে কি না তা এই পদ্ধতিসমূহের মাধ্যমে জানা যায়।

উদ্দীপকের শেফালি বেগম শহরতলির একজন দর্জির দোকানদার। তার দোকানে বিভিন্ন শ্রেণির মহিলা-পুরুষ বিভিন্ন পোশাক সেলাই করেন। তার পা চালিত সেলাই মেশিন ছিল। কিন্তু কাস্টমারদের চাহিদা বাড়ায় তিনি নতুন করে বিদ্যুৎচালিত সেলাই মেশিন কেনার সিদ্ধান্ত নেন। এতে দ্রুত গতিতে নিখুঁতভাবে সেলাইয়ের কাজ সম্পন্ন করে গ্রাহকদের সন্তুষ্ট করেন।

উদ্দীপকের শেফালি বেগমের দোকানের নতুন প্রকল্পটি দীর্ঘমেয়াদি। তাই এ প্রকল্পে বিনিয়োগের ক্ষেত্রে মূলধন বাজেটিং সিদ্ধান্ত সঠিক ও বাস্তবসম্মত হওয়া প্রয়োজন। যেকোনো ব্যবসায় প্রতিষ্ঠানের মুনাফা অর্জন নির্ভর করে এই সিদ্ধান্তের ওপর। কারণ কোনো কারণে সিদ্ধান্তে ভুল হলে সাধারণত সেটি সংশোধন করার সুযোগ থাকে না। আবার সংশোধনের সুযোগ থাকলেও বড় অঙ্কের মাশুল দিতে হয়। এক্ষেত্রে ব্যবসায়টি বন্ধও হতে পারে। সুতরাং বলা যায়, উদ্দীপকের শেফালি বেগমের কার্যক্রমের জন্য মূলধন বাজেটিং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

## ব্যাংকিং অংশ

**প্রশ্ন ▶ ০৭** মামুন জনতা ব্যাংকের বৈদেশিক বাণিজ্য শাখায় কর্মরত আছেন। তিনি লক্ষ্য করলেন যে, ব্যাংকটি প্রতিটি কাজের জন্য আলাদা বিভাগ খুলে গ্রাহকদের সেবা প্রদান করছে। মামুনের ব্যাংকটি তারল্যের ব্যাপারে খুবই সতর্ক। ব্যাংকটি অতিরিক্ত টাকা ব্যাংক তহবিলে জমা রাখে না। আবার বেশি পরিমাণ ঋণ দিয়ে ব্যাংকের তহবিল খালি করে না। ফলে গ্রাহকরা তাদের চাহিদা মতো যেমন অর্থ পেয়ে থাকে তেএ্যানি ব্যাংকের মূলধন ব্যয় ও হ্রাস পায়।

ক. গোপনীয়তার নীতি কী? ১
খ. ব্যাংকিং ব্যবসায়ের বিনিয়োগ নীতি কী? ব্যাখ্যা করো। ২
গ. মামুনের বৈদেশিক বাণিজ্য শাখায় নিয়োজিত থাকার মাধ্যমে ব্যাংকটির যে নীতি প্রকাশ পায় তা বর্ণনা করো। ৩
ঘ. জনতা ব্যাংকের তারল্যনীতি অনুসরণকে তুমি কতটা যৌক্তিক মনে করো? মতামত দাও। ৪

## ৭নং প্রশ্নের উত্তর

**ক** ব্যাংকের গোপনীয়তার নীতি বলতে গ্রাহককের হিসাব সংক্রান্ত সব তথ্যের গোপনীয়তা রক্ষা করাকে বুঝায়।

**খ** ব্যাংকিং ব্যবসায়ে বিনিয়োগের শর্তসমূহে (বিনিয়োগের আকার, মেয়াদ, সুদের হার ইত্যাদি যে নীতি অনুসরণ করা হয়, তাকে বিনিয়োগের নীতি বলা হয়।

সুষ্ঠু বিনিয়োগ নীতির উপর ব্যাংকের সফলতা অঙ্গাঅঙ্গো নির্ভর করে কেননা উপযুক্ত খাতে পর্যাপ্ত বিচার বিশ্লেষণ না করে যদি বিনিয়োগ না করা হয় তাহলে তা ব্যাংক ব্যবসায়ের জন্য সুফল বয়ে আনতে পারে না।

**গ** মামুনের বৈদেশিক বাণিজ্য শাখায় নিয়োজিত থাকার মাধ্যমে ব্যাংকটির বিশেষায়নের নীতি প্রকাশ পায়।

ব্যাংক ব্যবসায়ের ক্ষেত্রে অন্যতম একটি মূলনীতি হলো বিশেষায়নের নীতি। বিশেষায়নের নীতি অনুসরণের ফলে ব্যাংকের কাজের দক্ষতার মান বাড়ে। সাধারণত বৈদেশিক বাণিজ্য, ঋণদান, নোট ইস্যু ইত্যাদি ক্ষেত্রে ব্যাংক বিশেষায়নের নীতি অনুসরণ করে থাকে।

উদ্দীপকে মামুন জনতা ব্যাংকের বৈদেশিক শাখায় কর্মরত আছেন। তিনি লক্ষ্য করলেন যে, ব্যাংকটি প্রতিটি কাজের জন্য আলাদা বিভাগ খুলে গ্রাহকদের সেবা প্রদান করছে। মামুনের ব্যাংকটি অতিরিক্ত টাকা ব্যাংক তহবিলে জমা রাখেন। আবার বেশি পরিমাণ ঋণ দিয়ে তহবিল খালিও করে না।

উপরোক্ত আলোচনা হতে বলা যায় যে, এটি বিশেষায়নের নীতি অনুসরণ করছে।

**ঘ** জনতা ব্যাংকের তারল্যনীতি অনুসরণকে আমি যৌক্তিক বলে মনে করি।

চাওয়ামাত্র গ্রাহকের জমাকৃত অর্থ ফেরত দেওয়ার ক্ষমতাই হলো তারল্য। গ্রাহক দাবি করা মাত্র তার অর্থ ফেরত দিতে ব্যাংক বাধ্য থাকে। এজন্য ব্যাংকে যথেষ্ট তারল্য সংরক্ষণ করতে হয়। এ নীতিকে তারল্যনীতি বলা হয়। এ নীতির আলোকে বাণিজ্যিক ব্যাংক পর্যাপ্ত নগদ অর্থ হাতে রাখে। ফলে গ্রাহক ব্যাংক অর্থ পরিশোধ করতে পারে। জনতা ব্যাংক এমনভাবে অর্থ পরিচালনা করে যাতে নগদ অর্থ কমে না যায়। আবার ব্যাংকে বেশি উদ্বৃত্ত অর্থও জমা না থাকে। এভাবে ব্যাংক তারল্যনীতির যথাযথ অনুসরণ করে গ্রাহকদের সর্বোচ্চ সেবা দিয়ে যাচ্ছে।

উদ্দীপকে বলা হয়েছে যে, মামুনের ব্যাংকটি তারল্যের ব্যাপারে খুবই সতর্ক। ব্যাংকটি অতিরিক্ত টাকা ব্যাংক তহবিলে জমা রাখে না। আবার বেশি পরিমাণ ঋণ দিয়ে ব্যাংকের তহবিল খালি করে না। ফলে গ্রাহকরা তাদের চাহিদা মতো যেমন অর্থ পেয়ে থাকে তেএ্যানি ব্যাংকের মূলধন ব্যয়ওহ্রাস পায়।

সুতরাং সার্থক ব্যাংক ব্যবসা মানে হলো সঠিক তারল্যনীতি। যেখানে অতিরিক্ত তারল্যও থাকবে না আবার তারল্য সংকটও হবে না। তারল্য নীতি ব্যাংক ব্যবসায়ের অন্যতম নীতি। আমার মতে জনতা ব্যাংকের তারল্যনীতি অনুসরণ করা সঠিক যৌক্তিক।

**প্রশ্ন ▶ ০৮** দীপা বিভিন্ন ধরনের ব্যাংক সম্পর্কে পড়েছে। শিল্প ব্যাংক, কৃষি ব্যাংক, মার্চেন্ট ব্যাংক আরও অনেক ব্যাংক। কিন্তু শহরে বন্দরে সর্বত্র সে যে ব্যাংক দেখছে তার সাথে শিল্প ও কৃষির নামে উল্লেখ নেই। একই নামে নানা জায়গায় ব্যাংক। তার বাবা যে ব্যাংকে লেনদেন করেন সে ব্যাংকটি যথেষ্ট পরিপাটি করে গুছানো। অনেক লোক কাজ করে। বাবা বললেন, ব্যাংকটি মুনাফা অর্জনের উদ্দেশ্যে পরিচালিত হয়। দীপা চিন্তা করে তার বাবা টাকা জমা দেন আবার উত্তোলন করেন তাহলে ব্যাংকটি মুনাফা অর্জন করে কীভাবে?

ক. ই-ব্যাংকিং কী? ১

খ. জীবনযাত্রার মান উন্নয়নে বাণিজ্যিক ব্যাংকের ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. দীপা শহরে বন্দরে যে ব্যাংক লক্ষ্য করছে সাংগঠনিক বিচারে তা কোন ধরনের ব্যাংক? বর্ণনা করো। ৩

ঘ. ব্যাংকটি কীভাবে মুনাফা অর্জন করে তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

## ৮নং প্রশ্নের উত্তর

**ক** ই-ব্যাংকিং হলো এমন একটি সমন্বিত প্রক্রিয়া যেখানে কম্পিউটার প্রযুক্তির মাধ্যমে গ্রাহকদের উন্নত ব্যাংকিং সেবা দেওয়া হয়।

**খ** মুনাফা অর্জনের পাশাপাশি জনকল্যাণ বাণিজ্যিক ব্যাংকের একটি পরোক্ষ উদ্দেশ্য। অর্থনৈতিক কর্মকাণ্ডের প্রসার ঘটিয়ে জনগণকে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা বাণিজ্যিক ব্যাংকের একটি উদ্দেশ্য। বাণিজ্যিক ব্যাংকের আমানত গ্রহণ ও ঋণদানের কার্যক্রম সকল শ্রেণির জনগণের অংশগ্রহণ নিশ্চিত করে। যা সমাজের ধনী দরিদ্রের দূরত্ব হ্রাস করে থাকে এবং জনগণের মাঝে সঞ্চয়ের প্রবণতা সৃষ্টি করে।

সামগ্রিকভাবে অর্থনৈতিক উন্নয়নের সাথে সাথে বাণিজ্যিক ব্যাংক জনগণের জীবনযাত্রার মানোয়ন্নয়নও করে থাকে।

**গ** দীপা শহরে বন্দরে যে ব্যাংক লক্ষ্য করেছে সাংগঠনিক বিচারে তা হলো "বাণিজ্যিক ব্যাংক"।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে যে প্রতিষ্ঠান অর্থ ও অর্থের মূল্যে পরিমাপযোগ্য সেবা লেনদেন করে থাকে, এরকম প্রতিষ্ঠানকে বাণিজ্যিক ব্যাংক বলা হয়। মুনাফা অর্জনের উদ্দেশ্যে জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসাবে গ্রহণ এবং সে আমানত হতে ঋণ প্রদান কাজে প্রতিষ্ঠিত ব্যাংককে বাণিজ্যিক ব্যাংক বলা হয়। যুগের সাথে সাথে বাণিজ্যিক ব্যাংক ব্যবস্থায় অনেক আধুনিকায়ন ও বিশেষায়ন ঘটেছে। বাণিজ্যিক ব্যাংক সাধারণত জনগণের প্রয়োজনের অতিরিক্ত সঞ্চিত অর্থ সংগ্রহ করে ঋণ ধার দিয়ে থাকে।

পরিশেষে বলা যায়, বাণিজ্যিক ব্যাংক একটি মুনাফাভিত্তিক আর্থিক প্রতিষ্ঠান, যা অর্থের লেনদেন ও আদান-প্রদানের মাধ্যমে মুনাফা অর্জন করে থাকে।

উদ্দীপকে দীপা বিভিন্ন ধরনের ব্যাংক সম্পর্কে পড়েছে। শিল্প ব্যাংক, কৃষি ব্যাংক, মার্চেন্ট ব্যাংক আরও অনেক ব্যাংক। কিন্তু শহরে বন্দরে সর্বত্র সে যে ব্যাংক দেখছে তার সাথে শিল্প ও কৃষির নাম উল্লেখ নেই। একই নামে নানা জায়গায় ব্যাংক। এক্ষেত্রে দীপার দেখা ব্যাংকগুলোর নাম এক, তবে বিভিন্ন জায়গায় শাখা রয়েছে। এটি বাণিজ্যিক ব্যাংকের সাথে সাদৃশ্যপূর্ণ। কারণ ব্যংকিং সেবা প্রসারের জন্য বাণিজ্যিক ব্যাংক একই নামে দেশে বিভিন্ন স্থানে শাখা খুলে থাকে। তাই বলা যায়, দীপা দেশের নানান জায়গায় একই নামে বাণিজ্যিক ব্যাংক দেখেছে।

**ঘ** উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি হলো "বাণিজ্যিক ব্যাংক"। বাণিজ্যিক ব্যাংক যেভাবে মুনাফা অর্জন করে থাকে তা নিম্নে বিশ্লেষণ করা হলো−

বাণিজ্যিক ব্যাংক ব্যবসা প্রতিষ্ঠান ও ভোক্তাদের ঋণ দেয় এবং এই ঋণের বিপরীতে সুদ গ্রহণ করে থাকে। বাণিজ্যিক ব্যাংক শেয়ার,

ঋণপত্র, সরকারি সিকিউরিটি ইত্যাদি লাভজনক খাতে বিনিয়োগ করেও মুনাফা অর্জন করে থাকে। মেয়াদ পূর্ণ হওয়ার পূর্বে বাণিজ্যিক ব্যাংক ব্যবসায়ীদের প্রাপ্য বিনিময় বিল বাট্টা করেও অর্থ উপার্জন করে থাকে। ব্যাংক ড্রাফট, ট্রাভেলারস চেক থেকে কমিশন হিসেবে প্রচুর আয় করে থাকে। বাণিজ্যিক ব্যাংক মক্কেলের অনুরোধে বিভিন্ন যোগাযোগ সেবা প্রদান করে কমিশনের মাধ্যমে অর্থ উপার্জন করে থাকে। জনগণ তাদের মূল্যবান দলিল, গহনা ইত্যাদি ব্যাংকের লকারে জমা রাখতে পারে। যার বিপরীতে ব্যাংক সার্ভিস চার্জ আদায় করে। বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয় করে বাণিজ্যিক ব্যাংক মুনাফা অর্জন করে থাকে। বৈদেশিক বাণিজ্যে ও লেনদেন নিষ্পত্তিতে ভূমিকা পালন করে কমিশন চার্জ আদায় করে। আন্তর্জাতিক বাণিজ্যে আমদানি কারকদের প্রত্যয়পত্র ইস্যু করে বাণিজ্যিক ব্যাংক কমিশন আদায় করে থাকে। অছি হিসেবে কাজ করে ও ব্যাংক কশিমন আদায় করে থাকে।

পরিশেষে বলা যায়, ছাড়াও প্রতিনিধিত্ব, শেয়ার ক্রয়-বিক্রয়ে মধ্যস্থতার মাধ্যমেও উক্ত ব্যাংক মুনাফা অর্জন করে থাকে।

**প্রশ্ন ▶ ০৯** মি. সুজন একজন ব্যবসায়ী। তার এলাকায় সুরমা ব্যাংক ও মেঘনা ব্যাংক এই দুইটি ব্যাংকের শাখা চালু রয়েছে। তিনি হিসাব খোলার ক্ষেত্রে মেঘনা ব্যাংককে বেছে নিলেন। কেননা সুরমা ব্যাংক সনাতন পদ্ধতিতে কার্য সম্পাদন করে। অপরদিকে মেঘনা ব্যাংক অনলাইন ব্যাংকিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, এসএমএস ব্যাংকিং ইত্যাদি ইলেকট্রনিক সেবার মাধ্যমে কার্যক্রম সম্পাদন করে থাকে। ব্যবসায়ের প্রয়োজনে মি. সুজন ঢাকায় এসে আর্থিক সংকটে পড়েন। পরবর্তীতে তিনি মেঘনা ব্যাংক থেকে অর্থ উত্তোলন করে আর্থিক সংকট নিরসন করেন।

ক. ক্রেডিট কার্ড কী? ১
খ. অনলাইন ব্যাংকিং এর জনপ্রিয়তা লাভের কারণ কী? ব্যাখ্যা করো। ২
গ. মি. সুজন মেঘনা ব্যাংকের কোন সেবার কারণে আর্থিক সংকট নিরসন করতে সক্ষম হয়েছিলেন। ৩
ঘ. বর্তমান প্রতিযোগিতামূলক ব্যাংকিং জগতে সুরমা ব্যাংক ও মেঘনা ব্যাংকের সাফল্যের সম্ভাবনা মূল্যায়ন করো। ৪

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** ক্রেডিট কার্ড বলতে ঋণ সুবিধাবিশিষ্ট এক ধরনের ইলেকট্রনিক কার্ডকে বুঝায়।

**খ** অনলাইন ব্যাংকিং বলতে কোনো ব্যাংকের একাধিক শাখার মধ্যে কম্পিউটার প্রযুক্তি নির্ভর নেটওয়ার্ক ব্যবস্থাকে বোঝায়।

অনলাইন ব্যাংকিং হলো ইলেকট্রনিক ব্যাংকিং এর একটি সেবা। অনলাইন ব্যাংকিং-এর মাধ্যমে গ্রাহক ব্যাংকের এক শাখায় হিসাব খুলে দেশের অন্য যেকোনো শাখায় লেনদেন করতে পারে এবং গ্রাহক যেকোনো সময় তার হিসাবের বিবরণী, তহবিল স্থানান্তর, বিল প্রদানসহ অন্যান্য লেনদেন সম্পন্ন করে। তাই অনলাইন ব্যাংকিং গ্রাহকদের নিকট খুবই জনপ্রিয়।

**গ** উদ্দীপকে মি. সুজন মেঘনা ব্যাংকের যে সেবার কারণে আর্থিক সংকট নিরসন করতে সক্ষম হয়েছিরেন তা হলো– "এ্যানি ব্রাঞ্চ ব্যাকিং"।

সাধারণত কোনো ব্যাংকের একাধিক শাখার মধ্যে কম্পিউটার প্রযুক্তি নির্ভর নেটওয়ার্ক ব্যবস্থাকেই এ্যানি ব্রাঞ্চ ব্যাংকিং বলে। এর মাধ্যমে গ্রাহক এক জায়গায় অথবা একটি শাখায় হিসাব খুলে দেশের অন্য যেকোনো শাখায় তার লেনদেন করতে পারে। যেমন : ঢাকার ধানমন্ডিতে ব্যাংকের শাখায় হিসাব খুলে চট্টগ্রামে ব্যাংকের যেকোনো শাখায় লেনদেন করতে পারে।

উদ্দীপকে বলা হয়েছে যে, মি. সুজন তার এলাকায় মেঘনা ব্যাংকে হিসাব খোলেন এবং ঢাকায় এসে তিনি আর্থিক সংকটে পড়ায় তিনি মেঘনা ব্যাংক থেকে অর্থ উত্তোলন করে আর্থিক সংকট নিরসন করেন।

সুতরাং বলা যায় যে, মি. সুজন যে সেবাটি গ্রহণ করেন তা হলো এ্যানি ব্রাঞ্চ ব্যাংকিং বা অনলাইন ব্যাংকিং।

**ঘ** বর্তমান প্রতিযোগিতামূলক ব্যাংকিং জগতে সুরমা ব্যাংক ও মেঘনা ব্যাংকের সাফল্যের সম্ভাবনা মূল্যায়ন করা হলো–

উদ্দীপকে সুরমা ব্যাংকটি হচ্ছে একটি সনাতন পদ্ধতিতে কার্যসম্পাদনকারী ব্যাংক। এটি সাধারণত গ্রাহকদের আধুনিক কোনো সেবা দিতে পারে না এবং এই ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গ্রাহক তার প্রয়োজন অনুযায়ী যেকোনো সময় টাকা উত্তোলন করতে পারে। এর সকল কার্যাবলি সাধারণত নির্দিষ্ট ব্যাংকেই হয়ে থাকে। নির্দিষ্ট ব্যাংক ব্যতীত গ্রাহক অন্যকোনো স্থান হতে টাকা উত্তোলন, জমা দান বা তহবিল স্থানান্তর করতে পারে না।

উদ্দীপকে দ্বিতীয় ব্যাংকটি হচ্ছে মেঘনা ব্যাংক। এটি একটি আধুনিক ব্যাংক। এই ব্যাংকে রয়েছে ইলেকট্রনিক ব্যাংকিং ব্যবস্থা। ইলেকট্রনিক ব্যাংকিং ব্যবস্থা বর্তমানে দেশের প্রত্যন্ত অঞ্চলে স্বল্প সময়ে অর্থ স্থানান্তর, বিদেশ থেকে আসা রেমিটেন্স বিতরণসহ ২৪ ঘণ্টা ব্যাংকিং সেবা মানুষের কাছে পৌঁছে দিচ্ছে। এই ব্যাংকিং ব্যবস্থা দীর্ঘমেয়াদে সেবা এবং আয় সবদিক থেকেই সুবিধাজনক হয় বলে বর্তমানে পৃথিবীর অন্যান্য দেশের মতো বাংলাদেশেও ই-ব্যাংকিং ব্যাপক জনপ্রিয়তা লাভ করছে। আশা করা যায়, ভবিষ্যতে এই ব্যাংক ব্যবস্থা বাংলাদেশে আরও সম্প্রসারিত হবে এবং ধনী-গরিব, শিক্ষিত, অশিক্ষিত সকল জনগোষ্ঠীকেই তার সেবা পৌঁছে দিতে পারবে।

পরিশেষে বলা যায়, প্রতিযোগিতামলক বাজারে মেঘনা ব্যাংক সেবা বাংলাদেশে সস্তা ও সহজলভ্য হওয়ায় ব্যাংকিং সেবা গ্রহণকারী গ্রাহকবৃন্দ দিনে দিনে এই সেবার দিকে দেশের বিভিন্ন অংশ থেকে আরও আগ্রহী হয়ে উঠছে এবং ই-ব্যাংকিং-এর জনপ্রিয়তা ও সাফল্য সম্ভাবনা আরও উজ্জ্বল হবে।

**প্রশ্ন ▶ ১০** জনাব হাফিজ বিদেশ থেকে দেশে এসে তাঁর জমানো অর্থ ব্যাংকে রাখতে চান। এজন্য তিনি কোটি ব্যাংক খুঁজছেন যেখানে তাঁর অর্থের সম্পদের নিরাপত্তা থাকবে, অর্থের বৃদ্ধি এবং প্রয়োজনে ব্যবসার জন্য ঋণ নেওয়ার ব্যবস্থা থাকবে। তাঁর বন্ধু রহিম তাঁকে ফাইন ব্যাংকের হিসাব খুলতে উদ্বুদ্ধ করে।

ক. সঞ্চয় প্রবণতা কী? ১
খ. তালিকাভুক্ত ব্যাংক অধিক নিরাপদ কেন? ব্যাখ্যা করো। ২
গ. ফাইন ব্যাংকে হিসাব খোলার জন্য জনাব হাফিজের বিবেচ্য বিষয় কোনটি? ব্যাখ্যা করো। ৩
ঘ. ব্যাংক হিসাব খোলার মাধ্যমে জনাব হাফিজ ও ফাইন ব্যাংক উভয়ে কী সুবিধা ভোগ করে? বিশ্লেষণ করো। ৪

## ১০নং প্রশ্নের উত্তর

**ক** ব্যাংক হিসাব খোলার মাধ্যমে জনগণের মধ্যে যে প্রবণতা তৈরি হয় তাকে সঞ্চয় প্রবণতা বলে।

**খ** কেন্দ্রীয় ব্যাংকের তত্ত্বাবধানে পরিচালিত ও নিয়ন্ত্রিত হয় বলে তালিকাভুক্ত ব্যাংক সবার কাছে বেশি নিরাপদ হিসেবে বিবেচিত হয়।

তালিকাভুক্ত ব্যাংকগুলো কেন্দ্রীয় ব্যাংকের আওতাভুক্ত থাকে। ফলে তাদেরকে কেন্দ্রীয় ব্যাংকের জারি করা আদেশ নিষেধ মেনে চলতে হয়। এতে ব্যাংকগুলোর পক্ষে জালিয়াতি করার সুযোগ থাকে না। তাই গ্রাহকদের কাছে তালিকাভুক্ত ব্যাংকগুলো অধিক নিরাপদ।

**গ** ফাইন ব্যাংকে হিসাব খোলার জন্য জনাব হাফিজের বিবেচ্য বিষয় হলো "বহুমুখী সেবা"। নিম্নে তা ব্যাখ্যা করা হলো–

যে ব্যাংক বহুমুখী সেবা প্রদান করতে পারে সেটি বেশি দক্ষ। কেননা একজন গ্রাহক চায় তার ব্যাংক হিসাব থেকে সকল ধরনের আর্থিক সুবিধা পেতে। যে ব্যাংক অত্যন্ত দক্ষতার সাথে গ্রাহকদের বহুমুখী সেবা প্রদান করতে পারে সেই ব্যাংক জনগণের নিকট অধিক জনপ্রিয়তা অর্জন করতে পারে। কেননা দক্ষতার সাথে ব্যাংক ব্যবসায় পরিচালনা করলে সফলতা অর্জন করা যায়।

উদ্দীপকে জনাব হাফিজ চান এমন একটি ব্যাংক যেখানে তার অর্থের নিরাপত্তা থাকবে, অর্থের বৃদ্ধি এবং প্রয়োজনে ঋণ নেওয়া যাবে। অর্থাৎ তার বিবেচ্য বিষয় হলো বহুমুখী সেবা।

**ঘ** ব্যাংক হিসাব খোলার মাধ্যমে জনাব হাফিজ ও ফাইন ব্যাংক উভয়ে যে সুবিধা ভোগ করে তা নিম্নে বিশ্লেষণ করা হলো–

বিভিন্ন হিসাবের মাধ্যমে জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ করে ব্যাংক তার তহবিল গঠন করে। গ্রাহকের কাছ থেকে আমানত গ্রহণ করে ব্যাংক বিভিন্ন লাভজনক খাতে বিনিয়োগ করে। ব্যাংক বৈদেশিক মুদ্রারও ব্যবসা করে থাকে, যার জন্য গ্রাহককে কখনো কখনো হিসাব খুলতে হয়। জনাব হাফিজের বিবেচ্য সুবিধা দ্বারা ব্যাংকে টাকা জমা রাখতে চা। আমানতকারীদের উদ্বৃত্ত অর্থ ব্যাংকে নিরাপদে সংরক্ষণ করা ব্যাংক হিসাবের অন্যতম উদ্দেশ্য। অর্থাৎ জনাব হাফিজের অর্থ নিরাপদে থাকে। ব্যাংক নগদ অর্থ ও বিভিন্ন ব্যাংকিং পণ্যের মাধ্যমে ব্যবসায়িক লেনদেন সম্পন্ন করে। ব্যাংক চলতি, স্থায়ী হিসাবের মালিকদের প্রয়োজনে ঋণ প্রদান করে থাকে। ফলে এ সুবিধা পাওয়ার উদ্দেশ্যও ব্যাংক হিসাব খোলা প্রয়োজন। ব্যাংকে টাকা জমা রাখলে নির্দিষ্ট হারে সুদ পাওয়া যায়। তাই এটি একটি ঝুঁকিহীন বিনিয়োগ। হিসাব খোলার কারণে ব্যাংক তার গ্রাহককে নানাবিধ সেবা প্রদান করে থাকে। ব্যাংক তার গ্রাহককে চলতি হিসাবে জমাতিরিক্ত অর্থ উত্তোলনের সুবিধা দিয়ে থাকে।

উপরোক্ত আলোচনা হতে বলা যায় যে, ব্যাংক হিসাব খোলার মাধ্যমে জনাব হাফিজ ও ফাইন ব্যাংক উক্ত সুবিধাবলি ভোগ করে থাকে।

**প্রশ্ন ▸ ১১** জনাব লোকমান একটি বেসরকারি অফিসে স্বল্প বেতনে চাকরি করেন। সংসার চালাতেই হিমশিম খান। তার বন্ধু জনাব শাহীন বললো, কষ্টতো করছেই, বেতন থেকে প্রতিমাসে ১০০ টাকা করে হলেও জমাও। জনাব লোকমান পরিবারের ভবিষ্যতের কথা চিন্তা করে প্রতি মাসে ৪০০ টাকা জমা রাখেন। ১০ বছর পর ১ লক্ষ টাকা পাবেন। তিনি ভাবছেন বন্ধুর পরামর্শ তার জীবন বদলে দিয়েছে। সবাইকে যদি এ পরামর্শ দেয়া যেত তাহলে ব্যক্তি, সমাজ ও দেশ উপকৃত হতে পারতো।

ক. স্থায়ী হিসাব কী? ১

খ. চলতি হিসাব বলতে কী বোঝায়? ২

গ. জনাব লোকমান কোন ধরনের হিসাব খুলেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব শাহীন লোকমানের মধ্যে যে সঞ্চয়ের আগ্রহ সৃষ্টি করেছেন তা সবার ক্ষেত্রে কতটুকু প্রযোজ্য? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

## ১১নং প্রশ্নের উত্তর

**ক** একটি নির্দিষ্ট সময় বা মেয়াদের জন্য যে হিসাব খোলা হয়, তাকে স্থায়ী হিসাব বলে।

**খ** যে হিসাবের মাধ্যমে প্রতিদিন বা সপ্তাহে যতবার খুশি টাকা জমা রাখা যায় এবং প্রয়োজনমতো চাহিবামাত্র যতবার খুশি টাকা উত্তোলন করা যায়, তাকে চলতি হিসাব বলে।

ব্যবসায়ীদের জন্য এ হিসাব সুবিধাজনক এবং এ হিসাবে সাধারণত কোনো সুদ প্রদান করা হয় না। এই হিসাবে জমাতিরিক্ত টাকা উত্তোলন করা যেতে পারে।

**গ** উদ্দীপকের জনাব লোকমান সাহেব যে হিসাব খুলেছেন তা হলো "ডিপোজিট পেনশন স্কিম হিসাব"। নিম্নে তা ব্যাখ্যা করা হলো–

ডিপোজিট পেনশন স্কিম হিসাবের মাধ্যমে প্রতি মাসে নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট পরিমাণ টাকা জমা দিতে হয়। এভাবে দীর্ঘমেয়াদে টাকা জমা করে এবং মেয়াদ শেষে এককালীন ভিত্তিতে সুদসহ সকল টাকা ফেরত দেওয়া হয়। প্রতিমাসে ১০০, ২০,৫০০ টাকা থেকে যেকোনো অংকের সাপ্তাহিক বা মাসিক জমা একটি নির্দিষ্ট সময়ান্তে সুদসহ জমাকারীকে ফেরত দেওয়া হয়। মুদ্রা বিনিয়োগকারীদের জন্য এটি একটি বিশেষ গুরুত্ববহণকারী হিসাব হিসেবে পরিচিত।

উপরোক্ত আলোচনা হতে বলা যায় যে, জনাব লোকমান সাহেব যে হিসাবে ৪০০ টাকা করে জমা রাখেন তা হলো ডিপোজিট পেনশন স্কিম।

**ঘ** জনাব শাহীন লোকমানের মধ্যে যে সঞ্চয়ের আগ্রহ সৃষ্টি করেছে তা সবার ক্ষেত্রে যতটুকু প্রয়োজন তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করা হলো–

জনাব শাহীন লোকমানের মধ্যে যে সঞ্চয়ের আগ্রহ সৃষ্টি করেছে তা হলো ডিপোজিট পেনশন স্কিম। এ হিসাবের মাধ্যমে প্রতি মাসে নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট পরিমাণ টাকা জমা দিতে হয়। এভাবে দীর্ঘমেয়াদে টাকা জমা করে এবং মেয়াদ শেষে এককালীন ভিত্তিতে সুদসহ সকল টাকা ফেরত দেয়া হয়। মুদ্রা ও বিনিয়োগকারীদের জন্য এটি একটি বিশেষ গুরুত্ব বহনকালী হিসাব হিসেবে পরিচিত।

উদ্দীপকে বলা হয়েছে যে, লোকমান একজন স্বল্প বেতনের চাকরিজীবী। তিনি তার বন্ধুর পরামর্শে প্রতি মাসে ভবিষ্যতের কথা চিন্তা করে ৪০০ টাকা জমা রাখেন। ১০ বছর পর ১ লক্ষ টাকা পাবেন। তিনি ভাবছেন বন্ধুর পরামর্শে তার জীবন বদলে গিয়েছে। সবাইকে যদি এ পরামর্শ দেওয়া হতো তাহলে ব্যক্তি, সমাজ ও দেশ উপকৃত হতে পারতো। সাধারণত আমাদের দেশে যারা স্বল্প বেতনে চাকরিজীবী এবং যাদের আয় এবং ব্যয় প্রায় সমান হয়ে থাকে তাদের ক্ষেত্রে এ হিসাব খোলা খুবই গুরুত্বপূর্ণ। কেননা এ হিসাবের মাধ্যমে একজন গ্রাহক বা বিনিয়োগকারী এককালীনভাবে একটি বড় অংকের টাকা পাবে। যা দ্বারা তিনি তার ভবিষ্যৎ পরিকল্পনানুযায়ী যেকোনো কাজ সম্পাদন করতে পারবে। আবার একজন বিনিয়োগকারী যদি এ হিসাব খোলেন তবে তিনি যখন এককালীন টাকা পাবেন তখন তা দিয়ে তিনি ব্যবসায় সম্প্রসারিত করতে পারবেন এবং অধিক মুনাফা অর্জন করতে পারবেন।

# চট্টগ্রাম বোর্ড–২০২৩

বিষয় কোড [1|5|2]

সময় : ৩০ মিনিট

## ফিন্যান্স ও ব্যাংকিং : বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[২০২৩ সালের সিলেবাস অনুযায়ী]

*[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান–১।]*

*প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।*

**১. একাধিক চক্রবৃদ্ধির ক্ষেত্রে ভবিষ্যত মূল্য থেকে বাট্টাকরণের মাধ্যমে কোনটি নির্ণয় করা যায়?**
ⓚ বর্তমান মূল্য ⓚ সুদের হার
ⓖ একাধিক চক্রবৃদ্ধির সংখ্যা ⓖ বছরের বা মাসের সংখ্যা

**২. "ক" প্রকল্পের আয়ুষ্কাল ৫ বছর, প্রারম্ভিক বিনিয়োগ ১ লক্ষ টাকা। প্রতি বছর কোম্পানির প্রকল্প থেকে ৪০,০০০ টাকা আয় করে। "ক" প্রকল্পের পে-ব্যাক সময় কত?**
ক) ২ বছর খ) ২.৫ বছর গ) ৩ বছর ঘ) ৩.৫ বছর

**৩. নগদ প্রবাহকে নগদ মূল্যে পরিণত করার জন্য কোনটি প্রয়োজন?**
ক) বাট্টা হার খ) সুদের হার গ) নীট মুনাফা ঘ) গড় মুনাফা

**৪. প্রতিষ্ঠানে মোট খরচের মাধ্যমে কোনটি ঘটে?**
ক) নগদ বহিঃপ্রবাহ খ) নগদ আন্তঃপ্রবাহ
গ) অর্জিত আয় ঘ) নিট মুনাফা

**□ নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব পঙ্কজ তার সেলুন ব্যবসায়ের জন্য অত্যাধুনিক চুল কাটার মেশিন ক্রয় করলেন। কিন্তু দেখা গেল ঐ এলাকার লোকজন এতে অভ্যস্ত নন। ফলে তার প্রতিষ্ঠানে গ্রাহক কমে গিয়ে লোকসানের সম্মুখীন হন। অন্যদিকে ফলের জুস উৎপাদনকারী কোম্পানি ডেল্টা ফুডস লিঃ বাজারে কমলার জুসের পাশাপাশি আনারসের জুস বিক্রির চিন্তা করছেন।

**৫. জনাব পঙ্কজ মূলধন বাজেটিং এর কোন সঠিক সিদ্ধান্তের অভাবে ক্ষতিগ্রস্ত হলেন?**
ক) বিনিয়োগের আকার সংক্রান্তের খ) মুনাফা বৃদ্ধি সংক্রান্তের
গ) ঝুঁকি সংক্রান্ত সিদ্ধান্তের ঘ) সম্পত্তি প্রতিস্থাপন সিদ্ধান্তের

**৬. ডেল্টা ফুডস লিঃ এর সিদ্ধান্তের যৌক্তিকতা হলো–**
i. সম্ভাব্য লাভজনকতা অনুমান ii. পণ্যের উৎপাদন খরচ কমানো
iii. বাজার চাহিদা প্রাক্কলন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৭. মিষ্টি ব্যবসায়ী মূলধন বাজেটিং এর মাধ্যমে কোন সিদ্ধান্ত গ্রহণ করেন?**
ক) শ্রমিকের বেতন নির্ধারণ খ) চিনি ও ছানা ক্রয়
গ) মিষ্টির ওজন মাপার যন্ত্র ক্রয় ঘ) আসবাবপত্রের মূল্য নির্ধারণ

**৮. ট্রেজারি বিল কোন অর্থায়নের উৎস?**
ক) পারিবারিক খ) ব্যবসায়
গ) সরকারি ঘ) অব্যবসায়ী প্রতিষ্ঠানের

**৯. ব্যাংক তার গ্রাহককে চলতি হিসাব থেকে জমাতিরিক্ত অর্থ উত্তোলনের সুযোগ দেয় কেন?**
ক) অর্থের নিরাপত্তার জন্য খ) গ্রাহকের সাথে সুসম্পর্ক রক্ষার জন্য
গ) ঋণের সুবিধার জন্য ঘ) অতিরিক্ত অর্থের প্রয়োজন মিটানো

**১০. মেশিন ক্রয়, কাঁচামাল ক্রয়, শ্রমিকদের মজুরি প্রদান কোন ধরনের অর্থায়নের অন্তর্ভুক্ত?**
ক) পারিবারিক খ) সরকারি গ) কারবারি ঘ) আন্তর্জাতিক

**১১. তহবিল বিনিয়োগের মূল উদ্দেশ্য কোনটি?**
ক) উৎপাদন খ) বণ্টন গ) মুনাফা অর্জন ঘ) অর্থায়ন

**১২. প্রকল্প মূল্যায়নে কোনটি খুব গুরুত্বপূর্ণ?**
ক) মূলধন ব্যয় খ) অর্থের সময় মূল্য
গ) বর্তমান মূল্য নির্ধারণ ঘ) ভবিষ্যৎ মূল্য নির্ধারণ

**১৩. ব্যাংকের মক্কেলের আস্থা অর্জনের উপায় হিসাবে কোন নীতি রক্ষা করা প্রয়োজন?**
ক) গোপনীয়তার খ) সুনামের গ) বিনিয়োগের ঘ) উদ্দেশ্যের

**১৪. ইসলামী ব্যাংকগুলো কোন সেবার মাধ্যমে যন্ত্রপাতি ক্রয়ের জন্য ঋণ গ্রহিতাকে ঋণ প্রদান করে?**
ক) মুদারাবা খ) বাই সালাম গ) মুরাবাহা ঘ) বাই-মুয়াজ্জেল

**১৫. কোন ধরনের অর্থায়নে আয় অপেক্ষা ব্যয় বেশি হতে পারে?**
ক) পারিবারিক খ) সরকার গ) আন্তর্জাতিক ঘ) অব্যবসায়ী

**১৬. কোন ধরনের চক্রবৃদ্ধিতে বিনিয়োগ করলে ভবিষ্যৎ মূল্য সর্বাধিক হবে?**
ক) বাৎসরিক খ) ষান্মাষিক গ) ত্রৈমাসিক ঘ) মাসিক

**১৭. ব্যবসায়িক ঝুঁকি এড়াতে চাইলে কী করা উচিত?**
ক) স্থায়ী খরচের পরিমাণ বৃদ্ধি করা খ) আয়ের স্থিতিশীলতা নিশ্চিত করা
গ) ঋণের মাধ্যমে অর্থ সংগ্রহ না করা ঘ) শুধু অভ্যন্তরীণ উৎস হতে অর্থ সংগ্রহ করা

**১৮. জনাব মালেক তার সবজি বিক্রি বাবদ প্রাপ্ত টাকা পুরোটাই ব্যাংকে জমা রাখেন। এক্ষেত্রে তিনি অর্থায়নের কোন নীতির লঙ্ঘন করেন?**
ক) তারল্য বনাম মুনাফা নীতি খ) উপযুক্ততার নীতি
গ) পণ্য বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন নীতি ঘ) নিরাপত্তার নীতি

**১৯. প্রতিষ্ঠানের সাজসজ্জা বাবদ ব্যয়ের পরিমাণ বেশি এবং পরিশোধে অক্ষমতায় কোন ধরনের ঝুঁকির সৃষ্টি হয়?**
ক) আর্থিক ঝুঁকি খ) ব্যবসায়িক ঝুঁকি গ) তারল্য ঝুঁকি ঘ) সুদ হারের ঝুঁকি

**২০. অর্থায়ন ব্যবস্থাপনা কীভাবে একজন ব্যবসায়ীকে অধিক মুনাফা অর্জনে সাহায্য করে?**
ক) বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়ন সুবিধা গ্রহণ করে
খ) পরিকল্পনার মাধ্যমে তহবিল সংগ্রহ করে
গ) সঠিক পরিকল্পনার মাধ্যমে অর্থের যথাযথ ব্যবহার করে
ঘ) পুরাতন মেশিনের স্থলে নতুন মেশিন প্রতিস্থাপন করে

**২১. নিচের কোনটি স্থায়ী খরচ?**
ক) দোকান ভাড়া খ) পণ্য ক্রয় গ) ফ্রিজ ক্রয় ঘ) বিদ্যুৎ বিল

**২২. ক্ষুদ্র ব্যবসায়ী জনাব মতিন মাসিক ১০% সুদে ২,০০০ টাকা ২ বছরের জন্য ব্যাংকে জমা রাখেন। ২ বছর পর তিনি কত টাকা পাবেন?**
ক) ২,৪৪০ টাকা খ) ২,৪৮০ টাকা গ) ২,৪৯০ টাকা ঘ) ২,৪৯৫ টাকা

**২৩. ঝুঁকি বণ্টনের নীতি দ্বারা কোনটি সম্ভব?**
ক) দৈনন্দিন প্রয়োজন মেটানো খ) ঋণের সুদ পরিশোধ
গ) কাঙ্ক্ষিত মুনাফা অর্জন ঘ) স্থায়ী খরচ মেটানো

**□ নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব ফরহাদ প্রতিভা ব্যাংক থেকে ৮ বছর মেয়াদি ১০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেছে। অন্যদিকে জনাব লোকমান তার প্রভিডেন্ট ফান্ড থেকে প্রাপ্ত কিছু অর্থ ৫ বছর পর ৬০,০০০ টাকা পাবার আশায় ব্যাংকে জমা রাখতে চাইলে "নোভা ব্যাংক" তাকে মাসিক চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব দিয়েছে। অন্যদিকে "সুপ্ত ব্যাংক" জানিয়েছে বার্ষিক ১০% সুদে জমা রাখলে বর্তমানে ৩৩,০০০ টাকা জমা দিতে হবে।

**২৪. জনাব ফরহাদকে ঋণ গ্রহণের পূর্বে কোনটি বিবেচনা করতে হবে?**
ক) প্রকল্পের লাভজনকতা খ) কিস্তি পরিশোধের ক্ষমতা
গ) ঋণ প্রদানের সময়সীমা ঘ) প্রকল্প মূল্যায়ন ক্ষমতা

**২৫. জনাব লোকমানের ব্যাংক নির্বাচনে বিবেচ্য–**
i. উভয় ব্যাংকের সুদের হার ii. নোভা ব্যাংকের বর্তমান মূল্য
iii. সুপ্ত ব্যাংকে অর্থ জমা রাখা লাভজনক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৬. ব্যাংকিং কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কোনটির প্রয়োজন?**
ক) আর্থিক সচ্ছলতা খ) মুনাফা অর্জন গ) দক্ষতা অবলম্বন ঘ) নিরাপত্তা বিধান

**২৭. বাণিজ্যিক ব্যাংক নিচের কোনটির মাধ্যমে সার্ভিস চার্জ আদায় করে?**
ক) বৈদেশিক মুদ্রা ক্রয়ের খ) ঋণপত্র ক্রয়ের গ) লকার ভাড়া ঘ) বিল বাট্টাকরণের

**□ নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
"পূর্ণিমা ব্যাংক" আমানতকারীদের অর্থ ৫% সুদে জমা রাখেন এবং ১২% সুদে ব্যবসায়ীদের ঋণ দেন। সম্প্রতি ব্যাংকটি মোবাইল ও ইন্টারনেট ব্যাংকিং সেবা চালু করায় গ্রাহকগণ ঘরে বসেই তাদের লেনদেনগুলো সম্পাদন করতে পারেন।

**২৮. পূর্ণিমা ব্যাংকের ক্ষেত্রে ব্যাংকিং ব্যবসায়ের কোন নীতিটি পরিলক্ষিত হয়?**
ক) নিরাপত্তার নীতি খ) তারল্য নীতি গ) মুনাফার নীতি ঘ) সেবার নীতি

**২৯. পূর্ণিমা ব্যাংকের প্রদত্ত সেবার ক্ষেত্রে–**
i. গ্রাহকের পরিচিতি নিশ্চিত হওয়া প্রয়োজন
ii. গ্রাহকের যথাযথ তথ্য প্রদান প্রয়োজন
iii. গ্রাহকের ইন্টারনেটের মাধ্যমে অর্থ প্রাপ্তির নিশ্চয়তা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৩০. কোন নীতি অনুসারে ঋণ গ্রহীতার সচ্ছলতা ব্যাংকের জন্য গুরুত্বপূর্ণ?**
ক) নিরাপত্তার নীতি খ) তারল্য নীতি গ) সচ্ছলতার নীতি ঘ) সাবধানতার নীতি

**■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# চট্টগ্রাম বোর্ড–২০২৩

বিষয় কোড 152

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স ও ব্যাংকিং : সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

[২০২৩ সালের সিলেবাস অনুযায়ী]

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে কমপক্ষে তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে কমপক্ষে তিনটিসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ – ফিন্যান্স

১। মুদি দোকানী জনাব শওকত আলী গ্রীষ্মকালে আইসক্রিম, ঠান্ডা পানীয় ছাড়াও বিভিন্ন ফ্রোজেন আইটেমের চাহিদার কথা চিন্তা করে একটি ফ্রিজ ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করেন। ফ্রিজ ক্রয়ের জন্য প্রয়োজনীয় অর্থ তিনি একটি ব্যাংক থেকে ৭ বছর মেয়াদী ঋণের মাধ্যমে সংগ্রহ করতে চাচ্ছেন। অপরদিকে আইসক্রিম, ঠান্ডা পানীয় ইত্যাদি ক্রয়ে প্রয়োজনীয় অর্থ তিনি পণ্য বিক্রয় লব্ধ অর্থের মাধ্যমে ব্যবস্থা করবেন।

ক. কম্পিউটার অধ্যায়ের শুরু হয় কোন দশকে? ১

খ. অর্থায়ন বলতে কী বুঝায়? ২

গ. আর্থিক ব্যবস্থাপকের কার্যাবলির আলোকে জনাব শওকত আলীর গৃহীত সিদ্ধান্ত কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব শওকত আলী ব্যবসায় অর্থায়নের যে নীতির প্রতিফলন ঘটাতে চাচ্ছেন তার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

২। জনাব ফারুক তাঁর প্রতিষ্ঠানের 'নীলা' ও 'শিলা' নামে দুটি প্রকল্পে চালু করেন। এ জন্য তিনি একটি আর্থিক প্রতিষ্ঠান থেকে ১০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেন। বর্তমানে প্রতিষ্ঠানটি মুনাফা করতে ব্যর্থ হওয়ায় ঋণ পরিশোধ করতে পারছে না। এমতাবস্থায় তিনি যাচাই করে একটি প্রকল্প বন্ধ করতে চান। 'নীলা' প্রকল্পের বিগত ৪ বছরের আয়ের হার যথাক্রমে ২২%, ২৭%, ২৯% ও ৩০%। অপরপক্ষে 'শিলা' প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৬.৯৭%।

ক. কোনটি ঝুঁকি পরিমাপের একটি পরিসংখ্যানিক পদ্ধতি? ১

খ. ট্রেজারি বন্ড থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত কেন? ২

গ. জনাব ফারুক-এর প্রতিষ্ঠানটি কোন ঝুঁকির সম্মুখীন হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ঝুঁকি বিবেচনায় জনাব ফারুক এর কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত? মতামত দাও। ৪

৩। জনাব রিসালাত ব্যবসায়ের প্রয়োজনে 'শাপলা' ব্যাংক থেকে মাসিক ৩% হারে চক্র-বৃদ্ধি সুদে ১,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেন। তার বন্ধু জনাব ইকবাল সম্প্রতি চাকরি থেকে অবসর গ্রহণের ফলে এককালীন প্রাপ্ত ২০ লক্ষ টাকা বার্ষিক ১১% হার সুদে ১০ বছরের জন্য 'শালুক ব্যাংক' এ জমা রাখতে চাচ্ছেন। কিন্তু তার স্ত্রী তাকে উক্ত অর্থ দ্বারা জমি ক্রয়ের পরামর্শ দেন। কারণ জমির মূল্য ১০ বছরের দ্বিগুণ হওয়া ছাড়াও প্রতি বছর সবজি বিক্রয় বাবদ ১,৬০,০০০ টাকা আয় করতে পারবেন।

ক. 'রুল ৭২' অনুযায়ী ৭২ কে মেয়াদ দ্বারা ভাগ করলে কী পাওয়া যায়? ১

খ. চক্রবৃদ্ধি সুদ বলতে কী বুঝায়? ২

গ. জনাব রিসালাতের ঋণকৃত অর্থের প্রকৃত সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. বিনিয়োগের জন্য জনাব ইকবালের কোন ক্ষেত্রটি বাছাই করা যুক্তিযুক্ত? মতামত দাও। ৪

৪। 'সাফওয়ান ট্রেডার্স' 'মায়া' ও 'ছায়া' নামক দুইটি প্রকল্পের যেকোনো একটিতে ৪ বছরের জন্য ২,৬০,০০০ টাকা বিনিয়োগ করতে চায়। প্রকল্প দুটির আগামী ৪ বছরের সম্ভাব্য নিট মুনাফা নিম্নরূপ :

| প্রকল্প | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ |
|---|---|---|---|---|
| মায়া | ৩০,০০০ | ২৫,০০০ | ৩৩,০০০ | ৪০,০০০ |
| ছায়া | ৩২,০০০ | ২৭,০০০ | ৩৪,০০০ | ৩৮,০০০ |

ক. মূলধন বাজেটিং এর কোন পদ্ধতিতে প্রত্যাশিত নগদ প্রবাহের পরিবর্তে প্রত্যাশিত নীট মুনাফাকে বিবেচনা করা হয়? ১

খ. চুল কাটার সেলুনের জন্য এসি ক্রয় কোন ধরনের সিদ্ধান্ত? ব্যাখ্যা কর। ২

গ. মায়া প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩

ঘ. বিনিয়োগের জন্য সাফওয়ান ট্রেডার্স-এর কোন প্রকল্পটি উপযুক্ত? যুক্তি দাও। ৪

৫। নার্গিস বেগম ৫ বছর পর ১২,০০,০০০ টাকা পাওয়ার আশায় বর্তমানে কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চান। এজন্য ব্যাংকে যোগাযোগ করলে "রবি ব্যাংক" বার্ষিক ৮% হারে সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে এবং "শশী ব্যাংক" ৭.৫% হারে ত্রৈমাসিক চক্রবৃদ্ধি সুদের নিশ্চয়তা দিয়েছে।

ক. বাট্টাকরণ প্রক্রিয়ায় অর্থের কোন মূল্যকে ভাগ করা হয়? ১

খ. অর্থের বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্যের মধ্যে পার্থক্যকারী উপাদানটি ব্যাখ্যা কর। ২

গ. নার্গিস বেগমকে রবি ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? নির্ণয় কর। ৩

ঘ. কোন ব্যাংকে টাকা জমা রাখা নার্গিস বেগমের জন্য অধিক লাভজনক? গাণিতিক ব্যাখ্যাসহ মতামত দাও। ৪

৬। মর্নিং স্টার কোম্পানি লিঃ তার মোট মূলধনকে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত করে জনগণের কাছে বিক্রয়ের মাধ্যমে তার প্রয়োজনীয় মূলধন সংগ্রহ করে। প্রথম দিকে প্রতিষ্ঠানটি শুধুমাত্র প্লাস্টিকের আসবাবপত্র উৎপাদন করে বিপণন শুরু করে। কিন্তু তীব্র প্রতিযোগিতার ফলে প্রতিষ্ঠানটি আশানুরূপ মুনাফা অর্জন করতে না পারায় পরবর্তীতে প্লাস্টিকের গৃহস্থালী সামগ্রী ও খেলনা উৎপাদন ও বিপণন শুরু করে এবং সাফল্য পায়।

ক. বাণিজ্য ঘাটতি কী? ১

খ. কোন ধরনের অর্থায়ন অলাভজনক? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন শ্রেণির অর্থায়নের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির সাফল্য অর্জনের কারণ ব্যবসায় অর্থায়নের নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

### খ বিভাগ – ব্যাংকিং

৭। শাহিন ও তুহিন দুই বন্ধু সম্প্রতি কুয়াকাটা বেড়াতে যায়। নিরাপত্তার কথা চিন্তা করে তারা দুজনেই নগদ টাকার পরিবর্তে ব্যাংক প্রদত্ত একটি কার্ড সাথে নেয়। শাহিনের হিসাবে টাকা শেষ হয়ে যাওয়ায় কার্ডটি আর ব্যবহার করতে পারেনি। অন্যদিকে টাকা শেষ হলেও তুহিনকে এই ধরনের সমস্যায় পড়তে হয়নি।

ক. দক্ষ ব্যাংক ব্যবস্থার পূর্বশর্ত কী? ১

খ. ব্যাংকিং কার্যক্রমে আর্থিক সচ্ছলতা কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২

গ. শাহিন ব্যাংকের কোন কার্ড গ্রহণ করেছেন? বর্ণনা কর। ৩

ঘ. শাহিনের গ্রহণকৃত কার্ডের চেয়ে তুহিনের কার্ডে সুবিধা বেশি থাকলেও কার্ডটি ব্যয়বহুল– উক্তিটি মূল্যায়ন কর। ৪

৮। "জননী ব্যাংক" এর বিদেশে কোন কার্যক্রম নেই। দেশের সীমানার মধ্যে থেকেই ব্যাংকটি বিভিন্ন ইলেকট্রনিক ব্যাংকিং এর সেবা প্রদানের মাধ্যমে ২৪ ঘণ্টা জনগণের সেবা দিয়ে থাকে। "জননী ব্যাংক" এর একজন গ্রাহক জনাব সাজ্জাদের মা হঠাৎ অসুস্থ হয়ে গেলে রাত ২ টার সময় তার ২৫,০০০ টাকার প্রয়োজন হয়। সাজ্জাদ তার বাসার নিকটস্থ জননী ব্যাংকের ইলেকট্রনিক যন্ত্র হতে তার প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করেন।

ক. ব্যাংক কীসের মাধ্যমে মক্কেলের পক্ষে বিনিময় বিল ভাঙানোর ব্যবস্থা করে? ১

খ. বিমা সঞ্চয়ী হিসাব বলতে কী বুঝায়? ২

গ. অঞ্চলভিত্তিক শ্রেণি অনুযায়ী জননী ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সাজ্জাদের মতো গ্রাহকদের সেবা প্রদানে জননী ব্যাংকের ইলেকট্রনিক ব্যাংকিং সেবার গুরুত্ব উদ্দীপকের আলোকে তুলে ধর। ৪

৯। 'নেপচুন ব্যাংক' জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ করে এবং উক্ত অর্থ থেকে ঋণ প্রদান করে। ব্যাংকটির আমানতের একটা অংশ সর্বদা সংরক্ষণ করার ফলে গ্রাহক সন্তুষ্টি বজায় থাকে। অপরদিকে ব্যাংকটি ঋণ গ্রহীতার আর্থিক সচ্ছলতা ও সততা যাচাই করে পর্যাপ্ত জামানত সাপেক্ষে ঋণ মঞ্জুর করে।

ক. লকার ভাড়ার বিপরীতে বাণিজ্যিক ব্যাংক কী আদায় করে? ১

খ. ব্যাংক কীভাবে ঋণের মাধ্যমে আমানত সৃষ্টি করে? ২

গ. গ্রাহক সন্তুষ্টি বজায় রাখার ক্ষেত্রে নেপচুন ব্যাংকের গৃহীত নীতিটি ব্যাখ্যা কর। ৩

ঘ. ঋণদানের ক্ষেত্রে নেপচুন ব্যাংকের গৃহীত পদক্ষেপটি ব্যাংকিং ব্যবসায়ের মূলনীতির আলোকে মূল্যায়ন কর। ৪

১০। "নক্ষত্র ব্যাংক" জনগণের অর্থ আমানত গ্রহণ ও ঋণদানের পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। কোভিড-১৯ এর কারণে সম্প্রতি ব্যাংকটি কাঙ্ক্ষিত মুনাফা অর্জন করতে পারেনি। তবে ব্যাংকিং কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য ব্যাংকটি একটি বিশেষ তহবিল ব্যবহার করে।

ক. নিয়মিত বিদেশ সফলকারীদের জন্য কোন হিসাব উপযোগী? ১

খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২

গ. কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী 'নক্ষত্র ব্যাংক' কোন ধরনের ব্যাংক? বর্ণনা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, নক্ষত্র ব্যাংকের মতো আপদকালীন তহবিল থাকা সকল আর্থিক প্রতিষ্ঠানের জন্য আবশ্যক? মতামত দাও। ৪

১১। মিসেস সানজিদা একজন চাকরিজীবী। তিনি "নবারুন ব্যাংকে" প্রতিমাসের ১০ তারিখের মধ্যে বেতন থেকে ৩,০০০ টাকা করে ৪ বছরের জন্য তার ব্যাংক হিসাবে জমা রাখেন। ৪ বছর পর তিনি তার ব্যাংক হিসাবে লাভসহ জমানো টাকা একত্রে অন্য একটি ব্যাংক হিসাবে এককালীন দীর্ঘমেয়াদের জন্য রাখার চিন্তা করেছেন। সে মোতাবেক তিনি ব্যাংকের সাথে যোগাযোগ করে একটি অধিক লাভজনক ব্যাংক হিসাবে জমা রাখার সিদ্ধান্ত নেন।

ক. কোন মৌলিক উদ্দেশ্য অর্জনের জন্য বাণিজ্যিক ব্যাংক গঠিত? ১

খ. বিল বাট্টাকরণের মাধ্যমে ব্যাংক কীভাবে আয় করে? ব্যাখ্যা কর। ২

গ. মিসেস সানজিদা প্রথমে কোন ধরনের ব্যাংক হিসাব খুলেছিলেন? বর্ণনা কর। ৩

ঘ. মিসেস সানজিদার জন্য কোন ব্যাংক হিসাবে টাকা জমা রাখা যুক্তিযুক্ত? মতামত দাও। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | ক | ৪ | ক | ৫ | খ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | গ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | গ | ২১ | ক | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ক |

## সৃজনশীল

### ফিন্যান্স অংশ

**প্রশ্ন ▶ ০১** মুদি দোকানী জনাব শওকত আলী গ্রীষ্মকালে আইসক্রিম, ঠান্ডা পানীয় ছাড়াও বিভিন্ন ফ্রোজেন আইটেমের চাহিদার কথা চিন্তা করে একটি ফ্রিজ ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করেন। ফ্রিজ ক্রয়ের জন্য প্রয়োজনীয় অর্থ তিনি একটি ব্যাংক থেকে ৭ বছর মেয়াদি ঋণের মাধ্যমে সংগ্রহ করতে চাচ্ছেন। অপরদিকে আইসক্রিম, ঠান্ডা পানীয় ইত্যাদি ক্রয়ে প্রয়োজনীয় অর্থ তিনি পণ্য বিক্রয় লব্ধ অর্থের মাধ্যমে ব্যবস্থা করবেন।

ক. কম্পিউটার অধ্যায়ের শুরু হয় কোন দশকে? ১
খ. অর্থায়ন বলতে কী বুঝায়? ২
গ. আর্থিক ব্যবস্থাপকের কার্যাবলির আলোকে জনাব শওকত আলীর গৃহীত সিদ্ধান্ত কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব শওকত আলী ব্যবসায় অর্থায়নের যে নীতির প্রতিফলন ঘটাতে চাচ্ছেন তার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

### ১নং প্রশ্নের উত্তর

**ক** ১৯৭০-এর দশকে কম্পিউটার অধ্যায়ের শুরু হয়।

**খ** অর্থায়ন বলতে তহবিল সংগ্রহ ও এর ব্যবহার সংক্রান্ত প্রক্রিয়াকে বোঝায়।

অর্থায়ন তহবিল ব্যবস্থাপনা নিয়ে কাজ করে। অর্থাৎ কোন উৎস থেকে কী পরিমাণ তহবিল সংগৃহীত হবে, কোথায় ও কীভাবে এ অর্থ বিনিয়োগ করা হবে এবং কীভাবে কারবারে সর্বোচ্চ মুনাফা অর্জিত হবে ইত্যাদি বিষয়সংক্রান্ত সকল পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করাকে অর্থায়ন বলে।

**গ** জনাব শওকত আলীর রেফ্রিজারেটর ক্রয় আর্থিক ব্যবস্থাপকদের ব্যয় সিদ্ধান্ত বা বিনিয়োগ সিদ্ধান্ত কাজটি নির্দেশ করে।

ব্যয় সিদ্ধান্তের অপর নাম বিনিয়োগ সিদ্ধান্ত। প্রতিষ্ঠানের সংগৃহীত তহবিল কোন কোন খাতে ব্যয় করা হবে সে সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণই হলো বিনিয়োগ সিদ্ধান্ত। প্রতিষ্ঠানের স্থায়ী ব্যয় নির্বাহ অর্থাৎ যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়, কারখানা নির্মাণ খরচ প্রভৃতি ব্যয় সিদ্ধান্ত বা বিনিয়োগ সিদ্ধান্তের অন্তর্ভুক্ত। এ ধরনের বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করার আগে প্রতিষ্ঠানের সম্ভাব্য আগমন-নির্গমনের একটি পরিকল্পনা করতে হয়।

উদ্দীপকে জনাব শওকত একজন মুদি দোকানী। তিনি গ্রীষ্মকালে আইসক্রিম, ঠান্ডা পানীয় ছাড়াও বিভিন্ন ফ্রোজেন আইটেমের চাহিদার কথা চিন্তা করে একটি ফ্রিজ ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করেন। রেফ্রিজারেটর স্থায়ী সম্পত্তি বিধায় এতে বিনিয়োগ দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের অন্তর্ভুক্ত।

উদ্দীপকে জনাব শওকত আলীর ক্রয়কৃত রেফ্রিজারেটর দ্বারা মুদি পণ্য সামগ্রীর বিক্রয়, মুনাফা ও নগদ প্রবাহ যদি বৃদ্ধি পায় এবং সর্বমোট নগদ প্রবাহ যদি রেফ্রিজারেটর ক্রয়মূল্য থেকে বেশি হয় তবে বিনিয়োগটি লাভজনক হবে। এক্ষেত্রে বিভিন্ন মূল্যায়ন প্রক্রিয়া ব্যবহার করে রেফ্রিজারেটর ক্রয় কতটুকু লাভজনক হবে তা নির্ধারণ করে তাকে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করতে হয়। তাই বলা যায়, জনাব শওকত আলীর রেফ্রিজারেটর ক্রয় আর্থিক ব্যবস্থাপকের বিনিয়োগ সিদ্ধান্ত কাজটি নির্দেশ করে।

**ঘ** জনাব শওকত আলী ব্যবসায় অর্থায়নের উপযুক্ততার নীতির প্রতিফলন ঘটাতে চাচ্ছেন যা যৌক্তিক বলে আমি মনে করি।

উপযুক্ততার নীতি অনুযায়ী প্রতিষ্ঠানের চলতি মূলধন স্বল্পমেয়াদী উৎস হতে এবং স্থায়ী মূলধন দীর্ঘমেয়াদি উৎস হতে সংগ্রহ করা হয়।

উদ্দীপকে জনাব শওকত আলী একজন মুদি ব্যবসায়ী। তিনি গ্রীষ্মকালে আইসক্রিম, ঠান্ডা পানীয় ছাড়াও বিভিন্ন ফ্রোজেন আইটেমের চাহিদার কথা চিন্তা করে একটি ফ্রিজ ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করেন। ফ্রিজ ক্রয়ের জন্য তিনি ব্যাংক থেকে ৭ বছর মেয়াদি ঋণ নিতে চাচ্ছেন এছাড়া আইসক্রিম, ঠান্ডা পানীয় ইত্যাদি তিনি পণ্য বিক্রয়লব্ধ অর্থ দ্বারা ক্রয়ের ব্যবস্থা করবেন।

উদ্দীপকে জনাব শওকত তার ব্যবসায়ে অর্থায়নের উপযুক্ততার নীতি অনুসরণ করেছেন। ফ্রিজ স্থায়ী সম্পত্তি বিধায় এটি ক্রয়ের জন্য দীর্ঘমেয়াদি উৎস হতে তহবিল সংগ্রহ করা উচিত। তাই তিনি ৭ বছর মেয়াদি ব্যাংক ঋণের মাধ্যমে ফ্রিজ ক্রয় করতে চাচ্ছেন যা দীর্ঘমেয়াদী অর্থায়নের উৎস। অপরদিকে আইসক্রিম, ঠান্ডা পানীয় ক্রয়ের জন্য চলতি মূলধনের প্রয়োজন হয়। চলতি মূলধনের পরিমাণ কম হয় বলে এর প্রাপ্যও কম হয়, ফলে এটি স্বল্পমেয়াদি উৎস হতে সংগ্রহ করা ভালো। পণ্য বিক্রয়লব্ধ অর্থ দ্বারা চলতি মূলধন ব্যবস্থাপনা করা উত্তম বিধায় তিনি আইসক্রিম, ঠান্ডা পানীয় ইত্যাদি ক্রয়ের জন্য বিক্রয়লব্ধ অর্থ ব্যয় করতে চাচ্ছেন। তাই বলা যায়, জনাব শওকত তার ব্যবসায়ে অর্থায়নের উপযুক্ততার নীতির প্রতিফলন ঘটাতে চাচ্ছেন যা সম্পূর্ণ যৌক্তিক।

**প্রশ্ন ▶ ০২** জনাব ফারুক তাঁর প্রতিষ্ঠানের 'নীলা' ও 'শিলা' নামে দুটি প্রকল্পে চালু করেন। এ জন্য তিনি একটি আর্থিক প্রতিষ্ঠান থেকে ১০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেন। বর্তমানে প্রতিষ্ঠানটি মুনাফা করতে ব্যর্থ হওয়ায় ঋণ পরিশোধ করতে পারছে না। এমতাবস্থায় তিনি যাচাই করে একটি প্রকল্প বন্ধ করতে চান। 'নীলা' প্রকল্পের বিগত ৪ বছরের আয়ের হার যথাক্রমে ২২%, ২৭%, ২৯% ও ৩০%। অপরপক্ষে 'শিলা' প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৬.৯৭%।

ক. কোনটি ঝুঁকি পরিমাপের একটি পরিসংখ্যানিক পদ্ধতি? ১
খ. ট্রেজারি বন্ড থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত কেন? ২
গ. জনাব ফারুক-এর প্রতিষ্ঠানটি কোন ঝুঁকির সম্মুখীন হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ঝুঁকি বিবেচনায় জনাব ফারুক এর কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত? মতামত দাও। ৪

## ২নং প্রশ্নের উত্তর

**ক** আদর্শ বিচ্যুতি ঝুঁকি পরিমাণের একটি পরিসংখ্যানিক পদ্ধতি।

**খ** ট্রেজারি বন্ড থেকে প্রাপ্ত আয় নির্দিষ্ট থাকে বলে অর্থাৎ নির্দিষ্ট হারে আয় পাওয়া যায় বলে একে ঝুঁকিমুক্ত আয় বলে।

যেসব বিনিয়োগের প্রকৃত আয় সবসময় প্রত্যাশিত আয়ের সমান হয় তাকে ঝুঁকিমুক্ত আয় বলে।

দেশের সরকার কর্তৃক ইস্যুকৃত ট্রেজারি বিল ও ট্রেজারি বন্ড থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত আয় হিসেবে গণ্য হয়। ঝুঁকিমুক্ত বিনিয়োগ থেকে প্রাপ্ত আয় নির্দিষ্ট থাকে বলে অর্থাৎ নির্দিষ্ট হারে আয় দেওয়া হয় বলে প্রাপ্ত আয়কে ঝুঁকিমুক্ত আয় হিসেবে গণ্য করা হয়।

**গ** উদ্দীপকের জনাব ফারুকের প্রতিষ্ঠানটি আর্থিক ঝুঁকির সম্মুখীন হয়েছে।

ঋণকৃত মূলধনের দায় পরিশোধের অক্ষমতা থেকে যে ঝুঁকির সৃষ্টি হয় তাকে আর্থিক ঝুঁকি বলে। আর্থিক ঝুঁকি সৃষ্টি হলে কোম্পানি দেউলিয়া হওয়ার আশঙ্কা থাকে। কারণ ঋণ পরিশোধে ব্যর্থ হলে ঋণদাতা উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে পারে।

উদ্দীপকের জনাব ফারুক ব্যাংক থেকে ১০ লক্ষ টাকা ঋণ নিয়ে দুটি প্রকল্প চালু করেন। কিন্তু প্রতিষ্ঠানটি পর্যাপ্ত মুনাফা করতে ব্যার্থ হওয়ায় ঋণ পরিশোধ করতে পারছে না। কারণ ঋণের সুদ পরিশোধ করা বাধ্যতামূলক। সাধারণত ঋণকৃত মূলধন বিনিয়োগ থেকে পর্যাপ্ত নগদ প্রবাহ না পেলে ঋণের দায় পরিবেশের অক্ষমতা দেখা দেয়। মূলত জনাব ফারুক ব্যবসায়ে ঋণ মূলধন ব্যবহার করায় এ ধরনের দায় সৃষ্টি হয়েছে। ফলে দায় পরিশোধের অক্ষমতা থেকে জনাব ফারুকের প্রতিষ্ঠানটি আর্থিক ঝুঁকির সম্মুখীন হয়েছে।

**ঘ** ঝুঁকি বিবেচনায় জনাব ফারুকের কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত তা জানতে 'নীলা' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় :

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয় – গড়) | ব্যবধানের বর্গ |
|---|---|---|---|
| ১ | ২২ | (২২–২৭) = – ৫ | ২৫ |
| ২ | ২৭ | (২৭–২৭) = ০ | ০ |
| ৩ | ২৯ | (২৯–২৭) = ২ | ৪ |
| ৪ | ৩০ | (৩০–২৭) = ৩ | ৯ |
| যোগফল= | ১০৮% | ব্যবধানের বর্গের যোগফল = | ৩৮ |
| গড় আয় | (১০৮÷৪) = ২৭% | ব্যবধানের বর্গের গড় $= \frac{৩৮}{n - ১} = \frac{৩৮}{৪-১}$ | = ১২.৬৭ |

$\therefore$ আদর্শ বিচ্যুতি $= \sqrt{১২.৬৭} = ৩.৫৬\%$

লক্ষণীয় যে, 'নীলা' প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৩.৫৬% এবং 'শিলা' প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৬.৯৭% (প্রশ্নে প্রদত্ত)। এক্ষেত্রে 'শিলা' প্রকল্পের আদর্শ বিচ্যুতি 'নীলা' প্রকল্প অপেক্ষা বেশি অর্থাৎ ঝুঁকি বেশি। এমতাবস্থায় ঝুঁকি বিবেচনায় জনাব ফারুকের 'শিলা' প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত।

**প্রশ্ন ▸ ০৩** জনাব রিসালাত ব্যবসায়ের প্রয়োজনে 'শাপলা' ব্যাংক থেকে মাসিক ৩% হারে চক্রবৃদ্ধি সুদে ১,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেন। তার বন্ধু জনাব ইকবাল সম্প্রতি চাকরি থেকে অবসর গ্রহণের ফলে এককালীন প্রাপ্ত ২০ লক্ষ টাকা বার্ষিক ১১% হার সুদে ১০ বছরের জন্য 'শালুক ব্যাংক' এ জমা রাখতে চাচ্ছেন। কিন্তু তার স্ত্রী তাকে উক্ত অর্থ দ্বারা জমি ক্রয়ের পরামর্শ দেন। কারণ জমির মূল্য ১০ বছরের দ্বিগুণ হওয়া ছাড়াও প্রতি বছর সবজি বিক্রয় বাবদ ১,৬০,০০০ টাকা আয় করতে পারবেন।

ক. 'রুল ৭২' অনুযায়ী ৭২ কে মেয়াদ দ্বারা ভাগ করলে কী পাওয়া যায়? ১

খ. চক্রবৃদ্ধি সুদ বলতে কী বুঝায়? ২

গ. জনাব রিসালাতের ঋণকৃত অর্থের প্রকৃত সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. বিনিয়োগের জন্য জনাব ইকবালের কোন ক্ষেত্রটি বাছাই করা যুক্তিযুক্ত? মতামত দাও। ৪

## ৩নং প্রশ্নের উত্তর

**ক** 'রুল ৭২' অনুযায়ী ৭২ কে মেয়াদ দ্বারা ভাগ করলে সুদের হার পাওয়া যায়।

**খ** সুদাসলের ওপর যে সুদ প্রদান করা হয় তাকে চক্রবৃদ্ধি সুদ বলে।

ভবিষ্যৎ মূল্য নির্ণয়ের ক্ষেত্রে চক্রবৃদ্ধি সুদ বা চক্রবৃদ্ধিকরণ জড়িত। চক্রবৃদ্ধি সুদের ক্ষেত্রে কোনো নির্দিষ্ট সময়ের শেষে প্রাপ্ত সুদাসলকে পরবর্তী নির্দিষ্ট সময়ে আসল ধরে তার ওপর সুদ ধার্য করা হয়। যেমন : ১০০ টাকার ওপর ১০% সুদ হলে ১ বছর পর ভবিষ্যৎ মূল্য হবে $১০০(১ + ০.১০)^{১} = ১১০$ টাকা। ২ বছর পর ভবিষ্যৎ মূল্য হবে $১০০(১ + ০.১০)^{২} = ১২১$ টাকা। সুদের হারের চক্রবৃদ্ধি বছরে একবার বা একাধিকবার হতে পারে।

**গ** জনাব রিসালাতের ঋণকৃত অর্থের প্রকৃত সুদের হার নির্ণয় :

দেওয়া আছে, মাসিক সুদের হার (r) = ৩%

বার্ষিক সুদের হার (i) = (৩ × ১২) = ৩৬% = ০.৩৬

বছরে চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ১২ বার [∴ মাসিকচক্রবৃদ্ধি]

আমরা জানি,

$$\text{প্রকৃত সুদের হার EAR} = \left\{\left(১ + \frac{i}{m}\right)^{m} - ১\right\} \times ১০০$$
$$= \left\{\left(১ + \frac{০.৩৬}{১২}\right)^{১২} - ১\right\} \times ১০০$$
$$= \{(১.০৩)^{১২} - ১\} \times ১০০$$
$$= ৪৩.৫৮\%$$

∴ জনাব রিসালাতের ঋণকৃত অর্থের প্রকৃত সুদের হার ৪২.৫৮%।

**ঘ** বিনিয়োগের জন্য জনাব ইকবালের কোন ক্ষেত্রটি বাছাই করা যুক্তিযুক্ত তা জানতে 'শালুক ব্যাংকে' জমাকৃত টাকার ভবিষ্যৎ মূল্য নির্ণয় :

এখানে, বর্তমান মূল্য (PV) = ২০,০০,০০০ টাকা

মেয়াদকাল (n) = ১০ বছর

সুদের হার (i) = ১১% = ০.১১

আমরা জানি,

$$\text{ভবিষ্যৎ মূল্য (FV)} = PV\,(১ + i)^{n}$$
$$= ২০,০০,০০০\,(১ + ০.১১)^{১০}$$
$$= ৫৬,৭৮,৮৪২ \text{ টাকা (প্রায়)}$$

∴ জনাব ইকবাল 'শালুক ব্যাংকে' টাকা জমা রাখলেন ১০ বছর পর ৫৬,৭৮,৮৪২ টাকা (প্রায়) পাবেন।

স্ত্রীর পরামর্শ অনুযায়ী জমি কিনলে একই সময়ে পাবেন

$$= \{(২০,০০,০০০ \times ২) + (১,৬০,০০০ \times ১০)\}$$
$$= ৪০,০০,০০০ + ১৬,০০,০০০$$
$$= ৫৬,০০,০০০ \text{ টাকা।}$$

∴ লক্ষণীয় যে, জনাব ইকবাল ব্যাংকে টাকা রাখলে ১০ বছর পর ৫৬,৭৮,৮৪২ টাকা (প্রায়) পাবেন। অন্যদিকে স্ত্রীর পরামর্শ অনুযায়ী জমি কিনলে একই সময়ে মোট ৫৬,০০,০০০ টাকা পাবেন। অর্থাৎ, ব্যাংকে বিনিয়োগ থেকে বেশি পাবেন। অতএব, বিনিয়োগের জন্য জনাব ইকবালের ব্যাংকে টাকা জমা রাখা যুক্তিযুক্ত।

**প্রশ্ন ▸ ০৪** 'সাফওয়ান ট্রেডার্স' 'মায়া' ও 'ছায়া' নামক দুইটি প্রকল্পের যেকোনো একটিতে ৪ বছরের জন্য ২,৬০,০০০ টাকা বিনিয়োগ করতে চায়। প্রকল্প দুটির আগামী ৪ বছরের সম্ভাব্য নিট মুনাফা নিম্নরূপ :

| প্রকল্প | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ |
|---|---|---|---|---|
| মায়া | ৩০,০০০ | ২৫,০০০ | ৩৩,০০০ | ৪০,০০০ |
| ছায়া | ৩২,০০০ | ২৭,০০০ | ৩৪,০০০ | ৩৮,০০০ |

ক. মূলধন বাজেটিং এর কোন পদ্ধতিতে প্রত্যাশিত নগদ প্রবাহের পরিবর্তে প্রত্যাশিত নীট মুনাফাকে বিবেচনা করা হয়? ১
খ. চুল কাটার সেলুনের জন্য এসি ক্রয় কোন ধরনের সিদ্ধান্ত? ব্যাখ্যা কর। ২
গ. মায়া প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩
ঘ. বিনিয়োগের জন্য সাফওয়ান ট্রেডার্স-এর কোন প্রকল্পটি উপযুক্ত? যুক্তি দাও। ৪

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** মূলধন বাজেটিং এর 'গড় মুনাফার হার' পদ্ধতিতে প্রত্যাশিত নগদ প্রবাহের পরিবর্তে প্রত্যাশিত নীট মুনাফাকে বিবেচনা করা হয়।

**খ** চুল কাটার সেলুনের জন্য 'এসি ক্রয়' অর্থ ব্যবস্থাপকের ব্যয় বা বিনিয়োগ সিদ্ধান্ত।

প্রতিষ্ঠানের সংগৃহীত তহবিল কোন কোন খাতে ব্যয় করা হবে সে সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণই হলো বিনিয়োগ সিদ্ধান্ত। প্রতিষ্ঠানের স্থায়ী ব্যয় নির্বাহ অর্থাৎ যন্ত্রপাতি ক্রয়, কারখানা নির্মাণ খরচ, আসবাবপত্র ক্রয় এসি ক্রয় প্রভৃতি ব্যয় সিদ্ধান্ত বা বিনিয়োগ সিদ্ধান্তের অন্তর্ভুক্ত।

এসি স্থায়ী সম্পত্তি। অতএব বলা যায়, চুল কাটার সেলুনের জন্য 'এসি ক্রয়' অর্থ ব্যবস্থাপকের বিনিয়োগ সিদ্ধান্ত।

**গ** 'মায়া' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় :

$$\text{বার্ষিক অবচয়} = \frac{\text{প্রাথমিক বিনিয়োগ} - \text{ভগ্নাবশেষ মূল্য}}{\text{মেয়াদ}}$$

$$= \frac{২,৬০,০০০ - ০}{৪} = ৫৬,০০০ \text{ টাকা}$$

মায়া প্রকল্প

| বিবরণ | পরিমাণ (টাকায়) | | | |
|---|---|---|---|---|
| | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ |
| নিট মুনাফা | ৩০,০০০ | ২৫,০০০ | ৩৩,০০০ | ৪০,০০০ |
| যোগ : অবচয় | ৬৫,০০০ | ৬৫,০০০ | ৬৫,০০০ | ৬৫,০০০ |
| নগদ প্রবাহ | ৯৫,০০০ | ৯০,০০০ | ৯৮,০০০ | ১,০৫,০০০ |

উপরের সারণিতে নির্ণীত নগদ প্রবাহ ব্যবহার করে প্রকল্পটির পে-ব্যাক সময় হবে নিম্নরূপ :

| বছর | বার্ষিক নগদ প্রবাহ | ক্রমযোজিত নগদ প্রবাহ |
|---|---|---|
| ০ | − ২,৬০,০০০ | − ২,৬০,০০০ |
| ১ | ৯৫,০০০ | − ১,৬৫,০০০ |
| ২ | ৯০,০০০ | − ৭৫,০০০ |
| ৩ | ৯৮,০০০ | ২৩,০০০ |
| ৪ | ১,০৫,০০০ | ১,২৮,০০০ |

$$\therefore \text{পে-ব্যাক সময়} = ২ + \frac{৭৫,০০০}{৯৮,০০০} \text{ বছর}$$

$$= (২ + ০.৭৬৫৩) \text{ বছর}$$

$$= ২.৭৬৫৩ \text{ বছর (প্রায়)}$$

∴ মায়া প্রকল্পের পে-ব্যাক সময় ২.৭৬৫৩ বছর (প্রায়)।

**ঘ** উদ্দীপকের সাফওয়ান ট্রেডার্সের বিনিয়োগের জন্য উপযুক্ত প্রকল্পটি নির্ধারণ করতে ছায়া প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করতে হবে।

প্রকল্প−ছায়া

| বিবরণ | পরিমাণ (টাকায়) | | | |
|---|---|---|---|---|
| | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ |
| নিট মুনাফা | ৩২,০০০ | ২৭,০০০ | ৩৪,০০০ | ৩৮,০০০ |
| যোগ : অবচয় (গ থেকে পাওয়া) | ৬৫,০০০ | ৬৫,০০০ | ৬৫,০০০ | ৬৫,০০০ |
| নগদ প্রবাহ | ৯৭,০০০ | ৯২,০০০ | ৯৯,০০০ | ১,০৩,০০০ |

উপরের সারণিতে নির্ণীত নগদ প্রবাহ ব্যবহার করে প্রকল্পটির পে-ব্যাক সময় হবে নিম্নরূপ :

| বছর | বার্ষিক নগদ প্রবাহ | ক্রমযোজিত নগদ প্রবাহ |
|---|---|---|
| ০ | − ২,৬০,০০০ | − ২,৬০,০০০ |
| ১ | ৯৭,০০০ | − ১,৬৩,০০০ |
| ২ | ৯২,০০০ | − ৭১,০০০ |
| ৩ | ৯৯,০০০ | ২৮,০০০ |
| ৪ | ১,০৩,০০০ | ১,৩১,০০০ |

$$\therefore \text{পে-ব্যাক সময়} = ২ + \frac{৭১,০০০}{৯৯,০০০} \text{ বছর}$$

$$= (২ + ০.৭১৭২) \text{ বছর}$$

$$= ২.৭১৭২ \text{ বছর (প্রায়)}$$

∴ উদ্দীপকের সাফওয়ান ট্রেডার্সের 'ছায়া' প্রকল্পের পে-ব্যাক সময় ২.৭১৭২ বছর (প্রায়)। অন্যদিকে, 'মায়া' প্রকল্পের পে-ব্যাক সময় ২.৭৬৫৩ বছর (প্রায়) [গ থেকে প্রাপ্ত]। অর্থাৎ, ছায়া প্রকল্পের পে-ব্যাক সময় কম। পে-ব্যাক সময় পদ্ধতিতে যে প্রকল্পের পে-ব্যাক সময় যত কম, সে প্রকল্পটি তত গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হয়। তাই উদ্দীপকের ছায়া প্রকল্পের পে-ব্যাক সময় কম হওয়ায় বলা যায়, বিনিয়োগের জন্য সাফওয়ান ট্রেডার্সের ছায়া প্রকল্পটি গ্রহণ করা উপযুক্ত।

**প্রশ্ন ▸ ০৫** নার্গিস বেগম ৫ বছর পর ১২,০০,০০০ টাকা পাওয়ার আশায় বর্তমানে কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চান। এজন্য ব্যাংকে যোগাযোগ করলে "রবি ব্যাংক" বার্ষিক ৮% হারে সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে এবং "শশী ব্যাংক" ৭.৫% হারে ত্রৈমাসিক চক্রবৃদ্ধি সুদের নিশ্চয়তা দিয়েছে।

ক. বাট্টাকরণ প্রক্রিয়ায় অর্থের কোন মূল্যকে ভাগ করা হয়? ১
খ. অর্থের বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্যের মধ্যে পার্থক্যকারী উপাদানটি ব্যাখ্যা কর। ২
গ. নার্গিস বেগমকে রবি ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? নির্ণয় কর। ৩
ঘ. কোন ব্যাংকে টাকা জমা রাখা নার্গিস বেগমের জন্য অধিক লাভজনক? গাণিতিক ব্যাখ্যাসহ মতামত দাও। ৪

### ৫নং প্রশ্নের উত্তর

**ক** বাট্টাকরণ প্রক্রিয়ায় অর্থের ভবিষ্যৎ মূল্যকে ভাগ করা হয়।

**খ** অর্থের বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্যের মধ্যে পার্থক্যকারী উপাদানটি হলো সুদের হার। অর্থের সময়মূল্যের মূল কারণ হলো সুদের হার।

সময়ের পরিবর্তনের সাথে সাথে অর্থের মূল্যের যে পরিবর্তন হয় তাকে অর্থের সময়মূল্য বলে। অর্থের বর্তমান মূল্য এবং ভবিষ্যৎ মূল্য কত হবে সুদের হারের ওপর নির্ভর করে তা নির্ধারণ করা হয়। মূলত সুদের হারের কারণে বর্তমান মূল্য এবং ভবিষ্যৎ মূল্য সমান হয় না। কারণ বর্তমানে কোনো অর্থ ব্যাংকে জমা রাখলে সুদসহ ঐ জমাকৃত অর্থ থেকে অতিরিক্ত অর্থ পাওয়া যায়। অর্থাৎ বর্তমানের ১০০ টাকা এবং ১ বছর পরের ১০০ টাকা সুদের হারের কারণে সমান মূল্য বহন করে না। কেননা ব্যাংকের সুদের হার যদি ১০% হয় তবে ১ বছর পর ১০০ টাকার মূল্য হবে $১০০ (১ + ০.১০)^{১} = ১১০$ টাকা। আবার পাঁচ বছর পর সরল সুদে ১০০ টাকার মূল্য হবে ১৫০ টাকা। এর মূল কারণ হচ্ছে সুদের হার।

**গ** 'রবি ব্যাংকে' জমাকৃত টাকার বর্তমান মূল্য নির্ণয় :

এখানে,

ভবিষ্যৎ মূল্য (FV) = ১২,০০,০০০ টাকা

মেয়াদকাল (n) = ৫ বছর

সুদের হার (i) = ৮% = ০.০৮

আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য (PV)} = \frac{FV}{(১ + i)^n}$$

$$= \frac{১২,০০,০০০}{(১ + ০.০৮)^৫}$$

$$= \frac{১২,০০,০০০}{১.৪৬৯৩২৮০৭৭}$$

= ৮,১৬,৭০০ টাকা (প্রায়)

**ঘ** জনাব নার্গিস বেগমের জন্য কোন ব্যাংকে টাকা জমা রাখা অধিক লাভজনক হবে তা জানতে 'শশী ব্যাংকে' জমাকৃত টাকার বর্তমানমূল্য নির্ণয় :

এখানে,

ভবিষ্যৎ মূল্য (FV) = ১২,০০,০০০ টাকা

মেয়াদকাল (n) = ৫ বছর

সুদের হার (i) = ৭.৫% = ০.০৭৫

বছরে চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ৪ বার [∵ ত্রৈমাত্রিক চক্রবৃদ্ধি]

আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য (PV)} = \frac{FV}{\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}}$$

$$= \frac{১২,০০,০০০}{\left(১ + \frac{০.০৭৫}{৪}\right)^{৫ \times ৪}}$$

$$= \frac{১২,০০,০০০}{(১.০১৮৭৫)^{২০}}$$

$$= \frac{১২,০০,০০০}{১.৪৪৯৯৪৮০২৬}$$

= ৮,২৭,৬১৬ টাকা (প্রায়)

∴ ৫ বছর ১২,০০,০০০ টাকা পাবার আশায় নার্গিস বেগমকে 'শশী ব্যাংকে' বর্তমানে ৮,২৭,৬১৬ টাকা (প্রায়) জমা রাখতে হবে। অন্যদিকে একই পরিমাণ টাকা একই মেয়াদ পর পাবার জন্য 'রবি ব্যাংকে' ৮,১৬,৭০০ টাকা (প্রায়) জমা রাখতে হবে। অর্থাৎ, 'শশী ব্যাংকে' তাকে (৮,২৭,৬১৬ − ৮,১৬,৭০০) = ১০,৯১৬ টাকা (প্রায়) বেশি জমা রাখতে হবে। তাই নার্গিস বেগমের জন্য 'রবি ব্যাংকে' জমা রাখা অধিক লাভজনক।

**প্রশ্ন ▸ ০৬** এ্যার্নিং স্টার কোম্পানি লিঃ তার মোট মূলধনকে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত করে জনগণের কাছে বিক্রয়ের মাধ্যমে তার প্রয়োজনীয় মূলধন সংগ্রহ করে। প্রথম দিকে প্রতিষ্ঠানটি শুধুমাত্র প্লাস্টিকের আসবাবপত্র উৎপাদন করে বিপণন শুরু করে। কিন্তু তীব্র প্রতিযোগিতার ফলে প্রতিষ্ঠানটি আশানুরূপ মুনাফা অর্জন করতে না পারায় পরবর্তীতে প্লাস্টিকের গৃহস্থালী সামগ্রী ও খেলনা উৎপাদন ও বিপণন শুরু করে এবং সাফল্য পায়।

ক. বাণিজ্য ঘাটতি কী? ১

খ. কোন ধরনের অর্থায়ন অলাভজনক? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন শ্রেণির অর্থায়নের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির সাফল্য অর্জনের কারণ ব্যবসায় অর্থায়নের নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

### ৬নং প্রশ্নের উত্তর

**ক** দেশে রপ্তানি অপেক্ষা আমদানি বেশি হওয়ার কারণে সৃষ্ট ঘাটতিকে বাণিজ্য ঘাটতি বলে।

**খ** সরকারি অর্থায়ন অলাভজনক হয়। দেশের আর্থ-সামাজিক উন্নয়ন তথা সমাজকল্যাণই সরকারি অর্থায়নের মূল লক্ষ্য হওয়ায় সরকারি অর্থায়ন অলাভজনক।

সরকারের বার্ষিক ব্যয় কোন কোন খাতে কী পরিমাণ হবে এবং সেই অর্থ কোন কোন উৎস থেকে সংগ্রহ করা হবে তা নির্ধারণকে সরকারি অর্থায়ন বলা হয়। জনকল্যাণের উদ্দেশ্যে সরকারি অর্থায়ন করা হয় বিধায় এটি অলাভজনক হয়।

**গ** উদ্দীপকে ব্যবসায় অর্থায়নের কথা বলা হয়েছে।

ব্যবসায় প্রতিষ্ঠান তার তহবিল সংগ্রহ ও বিনিয়োগের জন্য যে অর্থায়ন প্রক্রিয়া ব্যবহার করে। সেটিই ব্যবসায় অর্থায়ন। অর্থায়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধরন হচ্ছে ব্যবসায় অর্থায়ন।

উদ্দীপকে এ্যার্নিং স্টার কোম্পানি লিঃ তার মোট মূলধনকে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত করে জনগণের কাছে বিক্রয়ের মাধ্যমে তার প্রয়োজনীয় মূলধন সংগ্রহ করে। ব্যবসায় প্রতিষ্ঠানকে তিন ভাগে ভাগ করা হয়। যথা− একমালিকানা ব্যবসায়, অংশীদারি ব্যবসায় ও যৌথ মূলধনী ব্যবসায়। যৌথমূলধনী কোম্পানি তার বড় অঙ্কের কাঙ্ক্ষিত মূলধনকে ছোট ছোট অঙ্কে বিভক্ত করে শেয়ার হিসেবে শেয়ার বাজারে বিক্রয় করে। যেমন : ১০ কোটি টাকার মূলধন ১,০০০ টাকার ১ লক্ষ শেয়ারে বিভক্ত করে সাধারণ জনগণের কাছে বিক্রয় করা হলে শেয়ারের মূল্য মাত্র ১,০০০ টাকা হওয়ায় দেশের অত্যন্ত অঞ্চলের ছোট বিনিয়োগকারীরাও কোম্পানির শেয়ার কিনতে পারে। যৌথ মূলধনী কোম্পানি এরূপ শেয়ার বিক্রয়ের মাধ্যমে অর্থায়ন করে যা 'এ্যার্নিং স্টার কোম্পানি লিঃ' করেছে। তাই বলা যায়, উদ্দীপকে ব্যবসায় অর্থায়নের কথা বলা হয়েছে।

**ঘ** ঝুঁকি বণ্টন ও বৈচিত্র্যায়নের নীতি অনুসরণ করার কারণে 'এ্যার্নিং স্টার কোম্পানি লিঃ' এর ব্যবসায়ে সাফল্য অর্জন সম্ভব হয়েছে।

এ নীতি অনুযায়ী ব্যবসায়িক পণ্যে বৈচিত্র্য আনা হয়। যেকোনো এক ধরনের পণ্য বিক্রি করে সাফল্য অর্জন করা কঠিন। তাই একাধিক ও বৈচিত্র্যপূর্ণ পণ্য নিয়ে ব্যবসায় সাজানো হয়। এর উদ্দেশ্য হলো ঝুঁকি বণ্টন ও বেশি মুনাফা অর্জন করা।

উদ্দীপকে এ্যার্নিং স্টার কোম্পানি লিঃ প্রথম দিকে শুধুমাত্র প্লাস্টিকের আসবাবপত্র উৎপাদন করে বিপণন শুরু করে। কিন্তু তীব্র প্রতিযোগিতার ফলে প্রতিষ্ঠানটি আশানুরূপ মুনাফা করতে না পারায় পরবর্তীতে প্লাস্টিকের গৃহস্থালী সামগ্রী ও খেলনা উৎপাদন ও বিপণন শুরু করে এবং সাফল্য পায়।

উদ্দীপকের এ্যার্নিং স্টার কোম্পানি এক্ষেত্রে ঝুঁকি বণ্টন ও বৈচিত্র্যায়নের নীতি অনুসরণ করেছেন। প্লাস্টিকের আসবাবপত্রের চাহিদা সারা বছর সমান থাকে না তাই প্রথমদিকে তার মুনাফা কম হয়। তবে প্লাস্টিকের গৃহস্থালী সামগ্রী ও খেলনার চাহিদা বছর জুড়েই থাকে। তাই তিনি প্লাস্টিকের আসবাবপত্রের পাশাপাশি প্লাস্টিকের গৃহস্থালী ও খেলনা উৎপাদন ও বিপণন শুরু করেন। এক্ষেত্রে তিনি প্লাস্টিকের আসবাবপত্র থেকে কাঙ্ক্ষিত মুনাফা অর্জন সম্ভব না হওয়ায় অন্যান্য পণ্যগুলো হতে অর্জিত মুনাফা দ্বারা তা পুষিয়ে নিয়েছেন। ফলে তার ঝুঁকি বণ্টিত হয় এবং মুনাফা বৃদ্ধি পায়। তাই বলা যায়, ঝুঁকি বণ্টন ও বৈচিত্র্যায়নের নীতি অনুসরণের কারণেই তার ব্যবসায়ে সাফল্য অর্জন সম্ভব হয়েছে।

### ব্যাংকিং অংশ

**প্রশ্ন ▶ ০৭** শাহিন ও তুহিন দুই বন্ধু সম্প্রতি কুয়াকাটা বেড়াতে যায়। নিরাপত্তার কথা চিন্তা করে তারা দুজনেই নগদ টাকার পরিবর্তে ব্যাংক প্রদত্ত একটি কার্ড সাথে নেয়। শাহিনের হিসাবে টাকা শেষ হয়ে যাওয়ায় কার্ডটি আর ব্যবহার করতে পারেনি। অন্যদিকে টাকা শেষ হলেও তুহিনকে এই ধরনের সমস্যায় পড়তে হয়নি।

ক. দক্ষ ব্যাংক ব্যবস্থার পূর্বশর্ত কী? ১
খ. ব্যাংকিং কার্যক্রমে আর্থিক সচ্ছলতা কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. শাহিন ব্যাংকের কোন কার্ড গ্রহণ করেছেন? বর্ণনা কর। ৩
ঘ. শাহিনের গ্রহণকৃত কার্ডের চেয়ে তুহিনের কার্ডে সুবিধা বেশি থাকলেও কার্ডটি ব্যয়বহুল– উক্তিটি মূল্যায়ন কর। ৪

### ৭নং প্রশ্নের উত্তর

**ক** দক্ষ ব্যাংক ব্যবসায়ের পূর্বশর্ত হলো ব্যাংকের উপর গ্রাহকদের আস্থা।

**খ** সুষ্ঠুভাবে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য আর্থিক সচ্ছলতার প্রয়োজন হয়।

ব্যাংকিং ব্যবসায় একটি ঝুঁকিবহুল ব্যবসায়। অন্যের অর্থ নিয়ে ব্যবসায় করার কারণে ব্যাংকিং প্রতিষ্ঠানকে ঝুঁকি এড়ানোর জন্য বেশকিছু মৌলিক নীতি মেনে চলতে হয়। তার মধ্যে অন্যতম হলো সচ্ছলতার নীতি। ব্যাংকিং কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য আর্থিক সচ্ছলতা প্রয়োজন। কারণ আর্থিক সচ্ছলতার অভাবে ব্যাংক তার দৈনন্দিন কার্যক্রম চালাতে ব্যর্থ হলে দেউলিয়া হয়ে যেতে পারে। এজন্যই ব্যাংকের আর্থিক সচ্ছলতা থাকা একান্ত প্রয়োজন।

**গ** উদ্দীপকে শাহিন ব্যাংকের ডেবিট কার্ড গ্রহণ করেছেন।

গ্রাহক যে ইলেকট্রনিক প্লাস্টিক কার্ডের মাধ্যমে ব্যাংক হিসাবে টাকা থাকা সাপেক্ষে নগদ টাকা ছাড়াই কেনাকাটা করতে পারে এবং এটিএম থেকে নগদ টাকা উত্তোলন করতে পারে তাকে ডেবিট কার্ড বলে।

উদ্দীপকে শাহিন ও তুহিন দুই বন্ধু সম্প্রতি কুয়াকাটা বেড়াতে যায়। নিরাপত্তার কথা চিন্তা করে তারা দুজনেই নগদ টাকার পরিবর্তে ব্যাংক প্রদত্ত একটি কার্ড সাথে নেয়। শাহিনের হিসাবে টাকা শেষ হয়ে যাওয়ায় কার্ডটি আর ব্যবহার করতে পারেনি। ব্যাংক সাধারণত সঞ্চয়ী ও চলতি হিসাবের গ্রাহকদের তার হিসাবের বিপরীতে ডেবিট কার্ড ইস্যু করে থাকে। এই কার্ডের মাধ্যমে গ্রাহক ব্যাংকে টাকা থাকা সাপেক্ষে এটিএম মেশিন থেকে ২৪ ঘণ্টা যেকোনো সময় নগদ টাকা উত্তোলন করতে পারে এবং নগদ টাকা ছাড়াই কেনাকাটা করতে পারে। তবে এসব সুবিধা গ্রাহক তখনই ভোগ করতে পারবে যখন তার ব্যাংক হিসাবে পর্যাপ্ত টাকা থাকবে। উদ্দীপকে জনাব শাহিনের ব্যাংক হিসাবে টাকা শেষ হয়ে যাওয়ায় সে ডেবিট কার্ডের সুবিধা থেকে বঞ্চিত হয়েছে অর্থাৎ সে কার্ডটি আর ব্যবহার করতে পারেনি। তাই বলা যায়, শাহিন ব্যাংকের ডেবিট কার্ড গ্রহণ করেছেন।

**ঘ** শাহিনের গ্রহণকৃত কার্ডের চেয়ে তুহিনের ক্রেডিট কার্ডে সুবিধা বেশি থাকলেও কার্ডটি ব্যয়বহুল– উক্তিটি যথার্থ।

ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ড হলো ব্যাংক কর্তৃক প্রদত্ত ইলেকট্রনিক প্লাস্টিক কার্ড যা দ্বারা নগদ টাকা ছাড়াই গ্রাহক লেনদেন ও কেনাকাটা করতে পারে। ব্যাংক হিসাবে টাকা থাকা সাপেক্ষে ডেবিট কার্ড ব্যবহার করা যায়। তবে ক্রেডিট কার্ড ব্যবহারে ব্যাংকে হিসাব থাকার বাধ্যবাধকতা নেই।

উদ্দীপকে শাহিন ও তুহিন দুই বন্ধু কুয়াকাটা বেড়াতে যায়। তারা দুজনেই অর্থের নিরাপত্তার কথা চিন্তা করে ব্যাংক প্রদত্ত একটি কার্ড সাথে নেয়। শাহিনের হিসাবে টাকা শেষ হয়ে যাওয়ায় কার্ডটি আর ব্যবহার করতে পারেনি। অন্যদিকে টাকা শেষ হলেও তুহিনকে এ ধরনের সমস্যায় পড়তে হয়নি।

উদ্দীপকে শাহিনের কার্ডটি ডেবিট কার্ড এবং তুহিনের কার্ডটি ক্রেডিট কার্ডকে নির্দেশ করে। ডেবিট কার্ডের সুবিধা গ্রাহক তখনই ভোগ করতে পারবে যখন তার ব্যাংক হিসাবে পর্যাপ্ত টাকা থাকবে। এক্ষেত্রে জমার অতিরিক্ত কোনো ঋণের সুবিধা পাওয়া যায় না। অন্যদিকে ক্রেডিট কার্ডের জমাতিরিক্ত ঋণের সুবিধা পাওয়া যায় অর্থাৎ ২৪ ঘণ্টা যেকোনো সময় গ্রাহক এ কার্ডের মাধ্যমে নগদ টাকা উত্তোলন ও কেনাকাটা করতে পারেন। তাই উদ্দীপকের শাহিনের কার্ডের (ডেবিট কার্ড) চেয়ে তুহিনের কার্ডের (ক্রেডিট কার্ড) সুবিধা বেশি। তবে তুহিনের কার্ডটি শাহিনের কার্ডের থেকে ব্যয়বহুল। কারণ, ব্যাংক গ্রাহককে ক্রেডিট কার্ডের মাধ্যমে একটি নির্দিষ্ট সীমা পর্যন্ত ঋণ দেয়। এটি মূলত এক ধরনের ব্যক্তিগত ঋণ। নির্দিষ্ট সময় পর গ্রাহককে এই ঋণের অর্থ সুদসহ ফেরত দিতে হয়। তাই, এই কার্ড ব্যবহার অপেক্ষাকৃত ব্যয়বহুল।

**প্রশ্ন ▶ ০৮** "জননী ব্যাংক" এর বিদেশে কোন কার্যক্রম নেই। দেশের সীমানার মধ্যে থেকেই ব্যাংকটি বিভিন্ন ইলেকট্রনিক ব্যাংকিং এর সেবা প্রদানের মাধ্যমে ২৪ ঘণ্টা জনগণের সেবা দিয়ে থাকে। "জননী ব্যাংক" এর একজন গ্রাহক জনাব সাজ্জাদের মা হঠাৎ অসুস্থ হয়ে গেলে রাত ২ টার সময় তার ২৫,০০০ টাকার প্রয়োজন হয়। সাজ্জাদ তার বাসার নিকটস্থ জননী ব্যাংকের ইলেকট্রনিক যন্ত্র হতে তার প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করেন।

ক. ব্যাংক কীসের মাধ্যমে মক্কেলের পক্ষে বিনিময় বিল ভাঙানোর ব্যবস্থা করে? ১
খ. বিমা সঞ্চয়ী হিসাব বলতে কী বুঝায়? ২
গ. অঞ্চলভিত্তিক শ্রেণি অনুযায়ী জননী ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব সাজ্জাদের মতো গ্রাহকদের সেবা প্রদানে জননী ব্যাংকের ইলেকট্রনিক ব্যাংকিং সেবার গুরুত্ব উদ্দীপকের আলোকে তুলে ধর। ৪

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যাংক মক্কেলের পক্ষে নির্দিষ্ট পরিমাণ বাট্টায় বিনিময়ে বিল ভাঙিয়ে থাকে।

**খ** যে হিসাবের মাধ্যমে সঞ্চয়ী হিসাব এবং জীবন বিমার সুবিধা পাওয়া যায় তাকে বিমা সঞ্চয়ী হিসাব বলে।

এ হিসাবে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ আমানতকারীকে তার হিসাবে জমা রাখতে হয়। উক্ত জমা টাকার ওপর প্রাপ্ত সুদের কিছু অংশ হতে প্রিমিয়াম বাদ দেওয়া হয়। বাকি অংশ আমানতকারীর নামে মোটাঙ্কের বিমা করা হয়।

**গ** অঞ্চলভিত্তিক শ্রেণি অনুযায়ী 'জননী ব্যাংক' একটি জাতীয় ব্যাংক। একটি দেশের সীমানায় থেকে যে ব্যাংক ব্যাংকিং ব্যবসায় পরিচালনা করে তাকে জাতীয় ব্যাংক বলে।

উদ্দীপকে 'জননী ব্যাংক' এর বিদেশে কোনো কার্যক্রম নেই। দেশের সীমানার মধ্যে থেকেই ব্যাংকটি বিভিন্ন ইলেকট্রনিক ব্যাংকিং এর সেবা প্রদানের মাধ্যমে ২৪ ঘণ্টা জনগণের সেবা দিয়ে থাকে। বৈশিষ্ট্য বিচারে উদ্দীপকের ব্যাংকটি একটি জাতীয় ব্যাংক। এ ধরনের ব্যাংকের বিদেশে কোনো শাখা নেই, বৈদেশিক বাণিজ্যের সাথেও ব্যাংকগুলোর সম্পৃক্ততা নেই। শুধু দেশে সীমানার মধ্যে একাধিক শাখার মাধ্যমে এ ধরনের ব্যাংক তাদের ব্যাংকিং কার্যাবলি সম্পাদন করে। বর্তমানে ব্যাংকগুলো ই-ব্যাংকিং পণ্যগুলো (ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, মোবাইল ব্যাকিং, অনলাইন ব্যাংকিং, ইন্টারনেট ব্যাকিং) ব্যবহার করে গ্রাহক অতি দ্রুত, কম খরচে ও নিরাপদে আর্থিক লেনদেন করতে সক্ষম হয়। উদ্দীপকের 'জননী ব্যাংকটি' এসব ইলেকট্রনিক ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে দেশের অভ্যন্তরে গ্রাহকদের ২৪ ঘণ্টা সেবা প্রদান করে থাকে। তাই বলা যায়, অঞ্চলভিত্তিক শ্রেণি অনুযায়ী 'জননী ব্যাংক' একটি জাতীয় ব্যাংক।

**ঘ** জনাব সাজ্জাদের মতো গ্রাহকদের সেবা প্রদানে 'জননী ব্যাংকের' ইলেকট্রনিক ব্যাংকিং সেবার গুরুত্ব অপরিসীম।

ইলেকট্রনিক ব্যাংকিং পণ্য বা সেবার সহায়তায় একজন গ্রাহক ব্যাংক কার্যদিবস ছাড়াও ব্যাংকিং লেনদেনের সুযোগ পায়। যেমন : একজন গ্রাহক ইলেকট্রনিক প্লাস্টিক কার্ড (ডেবিট কার্ড অথবা ক্রেডিট কার্ড) ব্যবহার করে এটিএম থেকে সহজে ২৪ ঘণ্টার যেকোনো সময় অর্থ উত্তোলনের সুযোগ পায়।

উদ্দীপকে জননী ব্যাংকের একজন গ্রাহক সাজ্জাদের মা হঠাৎ অসুস্থ হয়ে গেলে রাত ২ টার সময় তার ২৫,০০০ টাকার প্রয়োজন হয়। সাজ্জাদ তার বাসার নিকটস্থ জননী ব্যাংকের ইলেকট্রনিক যন্ত্র হতে তার প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করে।

জনাব সাজ্জাদ জননী ব্যাংকের ইলেকট্রনিক সেবা গ্রহণ করায় তিনি সহজে ব্যাংকের কর্মকর্তার সহায়তা ছাড়া তার কার্ড (ডেবিট/ক্রেডিট) ব্যবহার করে এটিএম থেকে রাত ২টায় নগদ টাকা উত্তোলন করতে সক্ষম হয়েছেন। যার ফলে তার মায়ের চিকিৎসা ব্যয় নির্বাহ করা তার পক্ষে সম্ভব হয়েছিল। এছাড়াও তিনি জননী ব্যাংকের ইলেকট্রনিক ব্যাংকিং পণ্য ফোন ব্যাংকিং এর মাধ্যমে ফোনে লেনদেন সম্পাদন করতে পারবেন। মোবাইল এসএমএস-এর মাধ্যমে তিনি নিজ হিসাবের স্থিতি, হিসাবের বিবরণী ইত্যাদি দেখতে পারেন। এছাড়া এ্যানিব্রাঞ্চ ব্যাংকিং এর মাধ্যমে তিনি দেশের যেকোনো শাখা থেকে সহজে ও দ্রুততম সময়ে আর্থিক লেনদেন করতে পারবেন। তাই বলা যায়, জনাব সাজ্জাদের মতো গ্রাহকদের সেবা প্রদানে জননী ব্যাংকের ইলেকট্রনিক ব্যাংকিং সেবার গুরুত্ব অপরিসীম।

**প্রশ্ন ▸ ০৯** 'নেপচুন ব্যাংক' জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ করে এবং উক্ত অর্থ থেকে ঋণ প্রদান করে। ব্যাংকটির আমানতের একটা অংশ সর্বদা সংরক্ষণ করার ফলে গ্রাহক সন্তুষ্টি বজায় থাকে। অপরদিকে ব্যাংকটি ঋণ গ্রহীতার আর্থিক সচ্ছলতা ও সততা যাচাই করে পর্যাপ্ত জামানত সাপেক্ষে ঋণ মঞ্জুর করে।

ক. লকার ভাড়ার বিপরীতে বাণিজ্যিক ব্যাংক কী আদায় করে? ১
খ. ব্যাংক কীভাবে ঋণের মাধ্যমে আমানত সৃষ্টি করে? ২
গ. গ্রাহক সন্তুষ্টি বজায় রাখার ক্ষেত্রে নেপচুন ব্যাংকের গৃহীত নীতিটি ব্যাখ্যা কর। ৩
ঘ. ঋণদানের ক্ষেত্রে নেপচুন ব্যাংকের গৃহীত পদক্ষেপটি ব্যাংকিং ব্যবসায়ের মূলনীতির আলোকে মূল্যায়ন কর। ৪

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** বাণিজ্যিক ব্যাংক লকার ভাড়ার বিপরীতে সার্ভিস চার্জ আদায় করে থাকে।

**খ** ব্যাংক মঞ্জুরিকৃত ঋণের অর্থ নগদে ঋণ গ্রহীতাকে না প্রদান করে ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করে ঋণ আমানত সৃষ্টি করে।

ঋণ গ্রহণের সময় ঋণগ্রহীতাকে সংশ্লিষ্ট ব্যাংকের সাথে একটি হিসাব খুলতে হয়। ঋণের সম্পূর্ণ অর্থ সেই হিসাবে জমা বা ক্রেডিট করা হয়। এরপর ঋণগ্রহীতা যে পরিমাণ টাকা সেই হিসাব থেকে উত্তোলন করে, তা ঐ হিসাবে ডেবিট করা হয়। এ প্রক্রিয়ায় ব্যাংক ঋণের মাধ্যমে ঋণ আমানত সৃষ্টি করে।

**গ** গ্রাহক সন্তুষ্টি বজায় রাখার ক্ষেত্রে নেপচুন ব্যাংকের গৃহীত নীতিটি হলো ব্যাংকের তারল্যনীতি।

তারল্যনীতি ব্যাংকিং ব্যবসায়ের অন্যতম একটি মূলনীতি। এ নীতি অনুযায়ী বাণিজ্যিক ব্যাংককে সবসময় নির্দিষ্ট পরিমাণ তারল্য বা নগদ অর্থ সংরক্ষণ করতে হয়। কেননা বাণিজ্যিক ব্যাংক গ্রাহকের অর্থ চাওয়ামাত্র ফেরত দানে বাধ্য থাকে।

উদ্দীপকে নেপচুন ব্যাংক জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ করে এবং উক্ত অর্থ থেকে ঋণ প্রদান করে। ব্যাংকটি আমানতের একটি নির্দিষ্ট অংশ সর্বদা সংরক্ষণ করে বলে গ্রাহক সন্তুষ্টি বজায় থাকে।

সার্থক ব্যাংক ব্যবসায় মানে হলো সঠিক তারল্য নীতি যেখানে অতিরিক্ত তারল্য ও থাকবে না আবার তারল্য সংকটও হবে না। ব্যাংক যদি আমানতের সব অর্থ তরল অবস্থায় রেখে দেয়। বিনিয়োগ না করে তবে ব্যাংকের কোনো মুনাফা হবে না। আবার বিনিয়োগের পরিমাণ বেশি হলে ব্যাংক গ্রাহকদের দাবিকৃত অর্থ ফেরত দিতে পারবে না। তাই তারল্যনীতি অনুযায়ী ব্যাংককে নির্দিষ্ট পরিমাণ অর্থ তরল অবস্থায় সংরক্ষণ করতে হয় যাতে গ্রাহক চাওয়ামাত্র ব্যাংক আমানতকৃত অর্থ ফেরত দিতে পারে। এটিই ব্যাংকের তারল্যনীতি। উদ্দীপকের নেপচুন ব্যাংকটি ব্যাংকের তারল্যনীতিটি মেনে না চলার কারণে গ্রাহক সন্তুষ্টি বজায় থাকে।

**ঘ** মি. শাফায়াতকে ঋণ প্রদানের ক্ষেত্রে নেপচুন ব্যাংকের গৃহীত পদক্ষেপ ব্যাংকিং ব্যবসায়ের নিরাপত্তার নীতির আলোকে যৌক্তিক বলে আমি মনে করি।

ব্যাংকিং ব্যবসায়ের একটি গুরুত্ব নীতি হলো গ্রাহকের অর্থ ও ঋণ হিসেবে প্রদত্ত অর্থের নিরাপত্তা বিধান। নিরাপত্তা নিশ্চিত করার জন্য ব্যাংককে ঋণ প্রদানের সময় ঋণ গ্রহীতার আর্থিক সচ্ছলতা ও সততা বিচার করা এবং পর্যাপ্ত জামানত গ্রহণ করা আবশ্যক।

উদ্দীপকে নেপচুন ব্যাংক জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ করে এবং উক্ত অর্থ থেকে ঋণ প্রদান করে। ব্যাংকটি ঋণ গ্রহীতার আর্থিক সচ্ছলতা ও সততা যাচাই করে পর্যাপ্ত জামানত সাপেক্ষে ঋণ মঞ্জুর করে। এছাড়া তিনি মি. শাফায়াতের সততা বিচার বিশ্লেষণ করেন। কারণ, নিরাপত্তার নীতির আলোকে ঋণ দেওয়ার সময় ঋণ গ্রহীতার সততা ও ঋণ ফেরতের নিশ্চয়তার বিষয়টি খেয়াল রাখতে হয়। কোনো কারণে ঋণ গ্রহীতা ঋণের অর্থ ফেরত দিতে অক্ষম হলে ব্যাংক যাতে বন্ধক করা সম্পত্তি বিক্রি করে সে অর্থ আদায় করতে পারে সেজন্য নিরাপত্তা নীতির আলোকে পর্যাপ্ত জামানতও রাখা আবশ্যক। তাই বলা যায়, ঋণ প্রদানের সময় নেপচুন ব্যাংকের গৃহীত পদক্ষেপ ব্যাংকিং ব্যবসায়ের নিরাপত্তার নীতির আলোকে যৌক্তিক।

**প্রশ্ন ▶ ১০** "নক্ষত্র ব্যাংক" জনগণের অর্থ আমানত গ্রহণ ও ঋণদানের পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। কোভিড-১৯ এর কারণে সম্প্রতি ব্যাংকটি কাঙ্ক্ষিত মুনাফা অর্জন করতে পারেনি। তবে ব্যাংকিং কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য ব্যাংকটি একটি বিশেষ তহবিল ব্যবহার করে।

ক. নিয়মিত বিদেশ সফলকারীদের জন্য কোন হিসাব উপযোগী? ১

খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২

গ. কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী 'নক্ষত্র ব্যাংক' কোন ধরনের ব্যাংক? বর্ণনা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, নক্ষত্র ব্যাংকের মতো আপদকালীন তহবিল থাকা সকল আর্থিক প্রতিষ্ঠানের জন্য আবশ্যক? মতামত দাও। ৪

**১০নং প্রশ্নের উত্তর**

**ক** নিয়মিত বিদেশ সফরকারীদের জন্য রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাব বা RFCD হিসাব উপযোগী।

**খ** আস্থা ও নিরাপত্তার প্রতীক হিসেবে বাণিজ্যিক ব্যাংক বিভিন্ন দলিল ও উপকরণের প্রচলন ঘটিয়ে বিনিময়ের সহজ মাধ্যম সৃষ্টি করে থাকে।

এ ব্যাংক সাধারণত আর্থিক লেনদেন ও দেনা-পাওনা নিষ্পত্তির মাধ্যম হিসেবে ব্যাংক চেক, বিনিময় বিল, প্রত্যয়পত্র, ব্যাংক ড্রাফট, পে-অর্ডার, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড প্রভৃতি ব্যবহার করে থাকে। এসব দলিল ও উপকরণের মাধ্যমে বাণিজ্যিক ব্যাংক খুব সহজেই আর্থিক লেনদেন ও দেনা পাওনা নিষ্পত্তিতে ভূমিকা রাখে।

**গ** কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী 'নক্ষত্র ব্যাংক' একটি বাণিজ্যিক ব্যাংক।

যে ব্যাংক মুনাফা অর্জনের উদ্দেশ্যে জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ করে, ঋণদান করে ও অন্যান্য ব্যাংকিং কার্যক্রম সম্পাদন করে তাকে বাণিজ্যিক ব্যাংক বলে। গ্রাহকের আমানতকৃত অর্থ হতে বাণিজ্যিক ব্যাংক ঋণদানের মাধ্যমে মুনাফা অর্জন করে।

উদ্দীপকে 'নক্ষত্র ব্যাংক' জনগণের অর্থ আমানত হিসেবে গ্রহণ ও ঋণদানের পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আমানত গ্রহণ ও ঋণদান বাণিজ্যিক ব্যাংকের প্রধান কাজ। বাণিজ্যিক ব্যাংক জনগণের অলস অর্থ স্বল্পসুদে আমানত হিসেবে গ্রহণ করে এবং সেই অর্থ বেশি সুদে ঋণ দিয়ে মুনাফা অর্জন করে যা 'নক্ষত্র ব্যাংকের কার্যাবলির সাথে মিলে যায়। এছাড়া 'নক্ষত্র ব্যাংকটি' কর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা পালন করে যা বাণিজ্যিক ব্যাংকের বিশেষ কার্যাবলির অন্তর্ভুক্ত। তাই বলা যায়, কার্যভিত্তিক শ্রেণি অনুসারে 'নক্ষত্র ব্যাংক' একটি বাণিজ্যিক ব্যাংক।

**ঘ** নক্ষত্র ব্যাংকের মতো আপদকালীন তহবিল তথা সংরক্ষিত তহবিল থাকা সকল আর্থিক প্রতিষ্ঠানের জন্য আবশ্যক বলে আমি মনে করি।

নিট মুনাফার যে অংশ শেয়ার হোল্ডারদের মধ্যে বণ্টন না করে ভবিষ্যতের জন্য সঞ্চয় করা হয় তাকে সংরক্ষিত তহবিল বলা হয়।

উদ্দীপকে 'নক্ষত্র ব্যাংকটি' কোভিড-১৯ এর কারণে কাঙ্ক্ষিত মুনাফা অর্জন করতে পারেনি। তবে ব্যাংকিং কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য ব্যাংকটি একটি বিশেষ তহবিল ব্যবহার করে।

উদ্দীপকের 'নক্ষত্র ব্যাংক' মূলত সংরক্ষিত তহবিল ব্যবহার করে ব্যাংকিং কার্যক্রম স্বাভাবিক রাখে। সংরক্ষিত তহবিল বাণিজ্যিক ব্যাংকের তহবিলের একটি অন্যতম উৎস। ব্যাংক এ তহবিল ভবিষ্যতে মূলধন হিসেবে ব্যবহার করতে পারে। আবার, ক্ষেত্রবিশেষে আর্থিক বিপর্যয় মোকাবিলায়ও এ তহবিল ব্যবহৃত হয়। তাছাড়া এ তহবিল আর্থিক প্রতিষ্ঠানের সম্প্রসারণেও মূলধন হিসেবে ব্যবহৃত হয়। তাই বলা যায়, 'নক্ষত্র ব্যাংকের' মতো সংরক্ষিত তহবিল থাকা সকল আর্থিক প্রতিষ্ঠানের জন্য আবশ্যক বলে আমি মনে করি।

**প্রশ্ন ▶ ১১** মিসেস সানজিদা একজন চাকরিজীবী। তিনি "নবারুন ব্যাংকে" প্রতিমাসের ১০ তারিখের মধ্যে বেতন থেকে ৩,০০০ টাকা করে ৪ বছরের জন্য তার ব্যাংক হিসাবে জমা রাখেন। ৪ বছর পর তিনি তার ব্যাংক হিসাবে লাভসহ জমানো টাকা একত্রে অন্য একটি ব্যাংক হিসাবে এককালীন দীর্ঘমেয়াদের জন্য রাখার চিন্তা করেছেন। সে মোতাবেক তিনি ব্যাংকের সাথে যোগাযোগ করে একটি অধিক লাভজনক ব্যাংক হিসাবে জমা রাখার সিদ্ধান্ত নেন।

ক. কোন মৌলিক উদ্দেশ্য অর্জনের জন্য বাণিজ্যিক ব্যাংক গঠিত? ১

খ. বিল বাট্টাকরণের মাধ্যমে ব্যাংক কীভাবে আয় করে? ব্যাখ্যা কর। ২

গ. মিসেস সানজিদা প্রথমে কোন ধরনের ব্যাংক হিসাব খুলেছিলেন? বর্ণনা কর। ৩

ঘ. মিসেস সানজিদার জন্য কোন ব্যাংক হিসাবে টাকা জমা রাখা যুক্তিযুক্ত? মতামত দাও। ৪

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** মুনাফা অর্জনের মৌলিক উদ্দেশ্যেই বাণিজ্যিক ব্যাংক গঠিত হয়।

**খ** মেয়াদপূর্ণ হওয়ার পূর্বে বিনিময় বিলের সমমূল্য হতে কিছু কমমূল্য নিয়ে ব্যাংক থেকে কোম্পানীরা বাট্টাকরণের মাধ্যমে বাণিজ্যিক ব্যাংক অর্থ আয় করে।

বাণিজ্যিক ব্যাংক ব্যবসায়ীদের বিনিময় বিল মেয়াদপূর্তির পূর্বে বাট্টায় ভাঙানোর সুযোগ প্রদান করে থাকে এবং এরূপ বাট্টাকরণের মাধ্যমে ব্যাংক কমিশন পেয়ে থাকে। কারণ বাট্টাকৃত বিনিময় বিলখানির মেয়াদ পূর্ণ হলে বাণিজ্যিক ব্যাংক তা সংশ্লিষ্ট স্বীকৃতিকারীর নিকট উপস্থাপন করে তার সম্পূর্ণ মূল্য আদায় করে। বিনিময় বিল বাট্টাকরণ বাণিজ্যিক ব্যাংকের আয়ের একটি অন্যতম উৎস। এভাবে বিনিময় বিল বাট্টা করে ব্যাংক আয় করে।

**গ** উদ্দীপকে মিসেস সানজিদা প্রথমে ডিপোজিট পেনশন স্কিম হিসাব খুলেছিলেন।

যে হিসাবের মাধ্যমে প্রতিমাসে নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট পরিমাণ টাকা জমা দিতে হয় তাকে ডিপোজিট পেনশন স্কিম (DPS) বলে।

উদ্দীপকে, মিসেস সানজিদা একজন চাকরিজীবী তিনি 'নবারুন ব্যাংকে' প্রতি মাসে ১০ তারিখের মধ্যে বেতন থেকে ৩,০০০ টাকা করে ৪ বছরের জন্য তার ব্যাংক হিসাবে জমা রাখেন। ডিপোজিট পেনশন স্কিমের মাধ্যমে আমানতকারী এরূপ দীর্ঘমেয়াদে অর্থ জমা করে এবং মেয়াদ শেষে আমানতকারীকে এককালীন ভিত্তিতে সুদ বা মুনাফাসহ ফেরত আসল টাকা ফেরত দেওয়া হয়। উদ্দীপকে মিসেস সানজিদা ৪ বছর পর 'নবারুন ব্যাংক' হতে তার জমানো টাকা লাভসহ একত্রে ফেরত পাবেন যা তিনি অন্য একটি ব্যাংক হিসাবে রাখার চিন্তা করেছেন। অতএব হিসাবের বৈশিষ্ট্য বিবেচনায় বলা যায়, মিসেস সানজিদা প্রথমে ডিপোজিট পেনশন স্কিম হিসাব খুলেছিলেন।

**ঘ** উদ্দীপকে মিসেস সানজিদার জন্য ব্যাংকের স্থায়ী হিসাবে টাকা জমা রাখা যুক্তিযুক্ত।

একটি নির্দিষ্ট মেয়াদ বা সময়ের জন্য যে হিসাব খোলা হয় তাকে স্থায়ী হিসাব (Fixed Deposit) বলে। এ হিসাবে সাধারণত এক মাস, তিন মাস, ছয় মাস, ১ বছর, ২ বছর, ৩ বছর, ৪ বছর ইত্যাদি মেয়াদের জন্য টাকা জামা রাখা হয়। এ হিসাবে ব্যাংক উচ্চহারে সুদ প্রদান করে।

উদ্দীপকে মিসেস সানজিদা একজন চাকরিজীবী। তিনি প্রতিমাসে তার বেতন থেকে কিছু টাকা ৪ বছরের জন্য একটি ডিপোজিট পেনশন স্কিম হিসাবে জমা রাখছেন। ৪ বছর পর তিনি তার ব্যাংক হিসাবে লাভসহ জমানো টাকা একত্রে অন্য একটি ব্যাংক হিসাবে এককালীন দীর্ঘমেয়াদের জন্য রাখার চিন্তা করেছেন। তাই তিনি ব্যাংকের সাথে যোগাযোগ করে একটি অধিক লাভজনক ব্যাংক হিসাবে জমা রাখার সিদ্ধান্ত নেন।

মিসেস সানজিদা সেহেতু দীর্ঘমেয়াদের জন্য টাকা জমা রাখতে চাচ্ছেন এবং তিনি উচ্চহারে লাভ প্রত্যাশা করছেন তার জন্য ব্যাংকের স্থায়ী হিসাব খোলা উপযুক্ত হবে। কেননা এ হিসাবে দীর্ঘমেয়াদের জন্য টাকা জমা রেখে উচ্চহারে সুদ প্রদান করা হয়। তাই বলা যায়, মিসেস সানজিদার জন্য স্থায়ী ব্যাংক হিসাবে টাকা জমা রাখা যুক্তিযুক্ত হবে।

# বরিশাল বোর্ড–২০২৩

বিষয় কোড 152

সময় : ৩০ মিনিট

## ফিন্যান্স ও ব্যাংকিং : বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[২০২৩ সালের সিলেবাস অনুযায়ী]

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান–১।]*

*প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।*

**১. অব্যবসায়ী প্রতিষ্ঠানের আয়ের উৎস কোনটি?**
ক ঋণ খ অনুদান গ বিনিয়োগ ঘ রেমিটেন্স

**২. তারল্য ঝুঁকি কীসের উপর নির্ভর করে?**
ক অর্থের উপর খ ক্রেতার উপর
গ বাজারের আকার ও কাঠামোর উপর ঘ বিক্রেতার উপর

**৩. বিচ্যুতি থেকে সৃষ্টি হয় কোনটি?**
ক ঝুঁকি খ অনিশ্চয়তা গ গরমিল ঘ লাভ-লোকসান

**৪. ভবিষ্যৎ মূল্য নির্ণয়ে প্রয়োজন–**
i. বর্তমান মূল্য ii. সুদের হার iii. সময়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**৫. মূলধন বাজেটিং একটি–**
ক বিনিয়োগ সিদ্ধান্ত প্রক্রিয়া খ প্রকল্প
গ অর্থায়ন মূল্যায়ন প্রক্রিয়া ঘ ব্যবসায় ধরন

**৬. ব্যাংক ব্যবসার অপরিহার্য নীতি কোনটি?**
ক নিরাপত্তা নীতি খ মুনাফার নীতি
গ তারল্য নীতি ঘ দক্ষতার নীতি

**৭. ঝুঁকি ও অনিশ্চয়তার পার্থক্য হলো–**
i. নিয়ন্ত্রণ যোগ্যতা ii. মুনাফার প্রভাব iii. পরিমাপযোগ্যতা
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii গ i ও iii ঘ i, ii ও iii

**৮. ব্যাংককে কী বলা হয়?**
ক অর্থ ভান্ডার খ ঋণ দাতা গ ঋণের ব্যবসায়ী ঘ বিপদের বন্ধু

**৯. নিচের কোনটি বিশেষায়িত ব্যাংক?**
ক সোনালী ব্যাংক খ অগ্রণী ব্যাংক গ প্রাইম ব্যাংক ঘ কৃষি ব্যাংক

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রাতুল শিল্প ব্যাংকের চাকরি ছেড়ে এখন বাণিজ্যিক ব্যাংকের শাখা ম্যানেজার। এখানে বেতন ও কাজের চাপ বেশি। সকল মূলনীতি মেনে চলতে তিনি চেষ্টা করেন।

**১০. মি. রাতুল বাণিজ্যিক ব্যাংকের কোন কোন মূলনীতি মেনে চলা কষ্টকর মনে করেন?**
ক সচ্ছলতা ও নিরাপত্তা খ মুনাফা ও সুদ
গ তারল্য ও ঋণ দান ঘ সেবা ও সুনাম

**১১. মি. রাতুলের মতে, শিল্প ব্যাংক অপেক্ষা বাণিজ্যিক ব্যাংকে কাজের চাপ অত্যধিক। এর কারণ–**
i. এই ব্যাংকে বিভিন্ন ধরনের গ্রাহক লেনদেন করে
ii. এই ব্যাংক বিভিন্ন ধরনের ব্যাংকিং সেবা সুবিধা প্রদান করে
iii. এই ব্যাংকে লেনদেন ঝুঁকি খুবই কম
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১২. তহবিল সংগ্রহের প্রক্রিয়াকে কী বলা হয়?**
ক ব্যয় সিদ্ধান্ত খ আয় সিদ্ধান্ত
গ বিনিয়োগ সিদ্ধান্ত ঘ লভ্যাংশ সিদ্ধান্ত

**১৩. স্থায়ী সম্পত্তি হলো–**
i. আসবাবপত্র ii. খুচরা যন্ত্রাংশ iii. ব্যাংকে জমা টাকা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৪. অব্যবসায়ী প্রতিষ্ঠানে অর্থায়নের মূল উদ্দেশ্য হচ্ছে–**
i. মুনাফা সর্বোচ্চকরণ ii. অর্থের উৎস চিহ্নিতকরণ
iii. উদ্দেশ্য অর্জনে এর যথাযথ ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৫. বাণিজ্যিক ব্যাংকের তহবিলের উৎস কয়টি?**
ক ৭টি খ ৫টি গ ৪টি ঘ ৩টি

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৬ ও ১৭নং পশ্নের উত্তর দাও :**
জনাব আকাশ একজন ব্যবসায়ী। তিনি ব্যাংক হিসাবের মাধ্যমে দেনা-পাওনা নিষ্পত্তি করেন। কিন্তু পাওনাদারের চাহিদা মাফিক টাকা তুলতে না পারায় মুন্নার পরামর্শে অন্য একটি হিসাব খোলার সিদ্ধান্ত নেন।

**১৬. আকাশের বর্তমান ব্যাংক হিসাবটি কোন ধরনের?**
ক সঞ্চয়ী খ চলতি
গ মেয়াদি ঘ ডিপোজিট পেনশন স্কিম

**১৭. আকাশের জন্য উপযোগী ব্যাংক হিসাব কোনটি?**
ক চলতি খ সঞ্চয়ী গ স্থায়ী ঘ ঋণ আমানত

**১৮. বিমা প্রিমিয়াম বাণিজ্যিক ব্যাংকের কী?**
ক আয় খ খরচ গ ভাড়া ঘ তহবিল

**১৯. মাসিক সঞ্চয়ের ভবিষ্যৎ মূল্য নির্ধারণে প্রয়োজন–**
i. সুদের হার ii. কিস্তির মেয়াদ iii. বাৎসরিক কিস্তির সংখ্যা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**২০. ব্যাংকের তারল্য নীতির মূলকথা–**
i. অতিরিক্ত তারল্য থাকবে না ii. তারল্য সংকটও হবে না
iii. কোনো তারল্য থাকবে না
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২১. বিল বাট্টাকরণ করে কে?**
ক কেন্দ্রীয় ব্যাংক খ পাওনাদার গ বাণিজ্যিক ব্যাংক ঘ ব্যবসায়ী

☐ **নিচের উদ্দীপকের আলোকে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
আমানতকারীকে চাহিবামাত্র নগদ অর্থ পরিশোধ করতে ব্যাংক বাধ্য। তাই ব্যাংক এমন পরিমাণ নগদ অর্থ সংরক্ষণ করে, যাতে আমানতকারীকে চাহিবামাত্র টাকা পরিশোধ করা যায়। অবশিষ্ট সংগৃহীত আমানত ব্যাংক বিভিন্ন খাতে বিনিয়োগও করে থাকে।

**২২. উপরোক্ত উদ্দীপকটিতে কোন নীতির কথা ব্যক্ত করা হয়েছে?**
ক নিরাপত্তা খ তারল্য গ প্রচার ঘ বিনিয়োগ

**২৩. উপরোক্ত উদ্দীপকে বর্ণিত নীতিসমূহ এবং ব্যাংক ব্যবসায় অন্যান্য মূলনীতি সঠিকভাবে পালনের মাধ্যমে–**
i. ঝুঁকি এড়ানো সম্ভব হয় ii. ব্যাংকের সুনাম বৃদ্ধি পায়
iii. পরিচালনা কার্য সহজ হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৪. ব্যবসায় প্রতিষ্ঠানের মূল লক্ষ্য কী?**
ক সাফল্য অর্জন খ সুনাম অর্জন
গ সম্পদ অর্জন ঘ মুনাফা অর্জন

**২৫. প্রতিটি বিনিয়োগের সাথে কোনটি জড়িত থাকে?**
ক মুখ্য ব্যয় খ মোট ব্যয় গ সুযোগ ব্যয় ঘ উৎপাদন ব্যয়

**২৬. ঝুঁকি পরিমাপ করতে কোনটি ব্যবহৃত হয়?**
ক চূড়ান্ত হিসাব খ অনুপাত বিশ্লেষণ
গ লাভ ক্ষতি হিসাব ঘ মূলধন বাজেটিং

**২৭. কোনটি বাণিজ্যিক ব্যাংকের পরোক্ষ উদ্দেশ্য?**
ক কর্মসংস্থান সৃষ্টি খ জনকল্যাণ
গ সম্পদের সুষম বণ্টন ঘ বিনিময়ের মাধ্যমে

**২৮. সুরমা ব্যাংক ৮ বছরে দ্বিগুণ শর্তে জনগণের নিকট থেকে টাকা নিচ্ছে। এতে সুদের হার কত?**
ক ৭% খ ৮% গ ৯% ঘ ১০%

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
'কালনী' প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৬০,০০০ টাকা, যা আগামী ৫ বছরে বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ৮,০০০ টাকা, ১২,০০০ টাকা, ২৫,০০০ টাকা, ২০,০০০ টাকা এবং ২১,০০০ টাকা।

**২৯. 'কালনী' প্রকল্পটির ৩য় বছরের ক্রমযোজিত নগদ প্রবাহ কত হবে?**
ক ৮,০০০ খ ২০,০০০ গ ৪৫,০০০ ঘ ৬৫,০০০

**৩০. প্রকল্পের পে-ব্যাক সময় কত হবে?**
ক ৩ খ ৩.৯ গ ৪ ঘ ৪.৯

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# বরিশাল বোর্ড–২০২৩

বিষয় কোড 152

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — ফিন্যান্স ও ব্যাংকিং : সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান : ৭০

[২০২৩ সালের সিলেবাস অনুযায়ী]

*[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে কমপক্ষে তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে কমপক্ষে তিনটিসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

## ফিন্যান্স অংশ

১। মিঃ করিম থাইল্যান্ড থেকে চাল আমদানি করে দেশের বিভিন্ন পাইকারদের কাছে বিক্রি করেন। ব্যবসায় পরিচালনার জন্য স্থানীয় একটি ব্যাংক থেকে ১ কোটি টাকা ঋণ গ্রহণ করেন। তার স্ত্রী ছেলের ল্যাপটপ কেনার প্রয়োজনে একই ব্যাংক থেকে ৪০ হাজার টাকা ঋণ নেন।

ক. অর্থায়ন কী? ১

খ. তারল্য বনাম মুনাফা নীতি ব্যাখ্যা করো। ২

গ. মিঃ করিমের অর্থায়নটি কোন অর্থায়নের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. "মিঃ করিম ও তার স্ত্রীর অর্থায়ন ভিন্ন"– তুমি কি উক্তিটির সাথে একমত? যুক্তি দাও। ৪

২। জনাব মানিক তার কারবারে একটি পণ্য নিয়ে ব্যবসায় করে ব্যর্থ হন। পরবর্তীতে তিনি তার সুচিন্তিত ও সুদক্ষ ব্যবস্থাপনার সিদ্ধান্তে তহবিল সংগ্রহ ও ব্যবহার করে একটি পণ্যের উপর নির্ভর না করে বিভিন্ন পণ্যের উপর নির্ভর করে ঝুঁকি বণ্টন করেন ও কাঙ্ক্ষিত মুনাফা অর্জন করতে সক্ষম হন।

ক. অর্থায়ন কোন ধরনের প্রক্রিয়া? ১

খ. সরকারি অর্থায়ন অলাভজনক কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব মানিক কোন নীতি অনুসরণ করে ব্যবসায়ে সফলতা লাভ করেন? বর্ণনা করো। ৩

ঘ. "জনাব মানিকের ব্যর্থতাই সফলতার দ্বারপ্রান্তে পৌঁছে দেয়।"– উক্তিটি মূল্যায়ন করো। ৪

৩। জনাব সোহান ৬ বছর পর ৩ লক্ষ টাকা পাওয়ার আশায়, ত্রৈমাসিক চক্র বৃদ্ধিতে ৮% সুদে কিছু টাকা স্থানীয় ব্যাংকে জমা রাখলেন। যদিও তার কাছে বছরে অর্ধবার্ষিক চক্র বৃদ্ধিতে ৮.৫০% সুদের প্রস্তাব ছিল।

ক. সুযোগ ব্যয় কী? ১

খ. চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিটি ব্যাখ্যা করো। ২

গ. জনাব সোহান কত টাকা ব্যাংকে জমা রেখেছেন? ৩

ঘ. জনাব সোহানের স্থানীয় ব্যাংকে টাকা জমা রাখার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৪। জনাব জামাল তার পেনশনের ১০ লক্ষ টাকা ৫ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চাইলে 'ক' ব্যাংক তাকে বার্ষিক ৯% হারে চক্রবৃদ্ধি মুনাফা দিতে সম্মত হয়। অপর দিকে তার বন্ধু তাকে 'খ' ব্যাংকে একই সময়ের জন্য উক্ত ব্যাংক ৮.৫% হারে প্রতি দুই মাস অন্তর চক্রবৃদ্ধি মুনাফার ভিত্তিতে জমা রাখার পরামর্শ দেন।

ক. সরল সুদ কী? ১

খ. বাট্টাকরণ পদ্ধতিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের জনাব জামাল 'ক' ব্যাংকে টাকা জমা রাখলে মেয়াদ শেষে কত টাকা ফেরত পাবে? ৩

ঘ. জনাব জামালের জন্য কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে বলে তুমি মনে করো? কেন লাভজনক, যুক্তি দেখাও। ৪

৫। বিমল বাবু একটি প্রকল্পে ১,৫০,০০০ টাকা বিনিয়োগ করেন। অপরদিকে কল্যাণ বাবু অন্য একটি প্রকল্পে সমপরিমাণ টাকা বিনিয়োগ করেন। ৫ বছরে তাদের বার্ষিক নগদ প্রবাহ নিম্নরূপ :

| সময় (বছর) | বিমল বাবু (টাকা) | কল্যাণ বাবু (টাকা) |
|---|---|---|
| ১ম | ৪০,০০০ | ৩৫,০০০ |
| ২য় | ৬০,০০০ | ৪৫,০০০ |
| ৩য় | ৮০,০০০ | ৬০,০০০ |
| ৪র্থ | ৯০,০০০ | ১,০০,০০০ |
| ৫ম | ৫০,০০০ | ৭০,০০০ |

ক. আয় সিদ্ধান্ত কী? ১

খ. পণ্য বৈচিত্র্যায়ণ করা হয় কেন? ২

গ. কল্যাণ বাবুর প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করো। ৩

ঘ. কল্যাণ বাবু এবং বিমল বাবুর মধ্যে কে বিনিয়োগকৃত টাকা আগে ফেরত পাবেন? গাণিতিকভাবে মতামত দাও। ৪

৬। জনাব আলী হোসেন নতুন প্রযুক্তি ব্যবহার করে তার মূলধন 'X' প্রকল্পে বিনিয়োগ করেছেন। গত পাঁচ বছরে অর্জিত মুনাফার হার ছিল যথাক্রমে ১২%, ১০%, ১৬%, – ৮% ও ১৫%। তিনি লক্ষ্য করলেন বিগত ৫ বছরে 'Y' প্রকল্পের ব্যবধানের বর্গের যোগফল ৮৬০।

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. বন্ডে বিনিয়োগকারীদের কোন ঝুঁকি মোকাবিলা করতে হয়? ব্যাখ্যা করো। ২

গ. 'X' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩

ঘ. জনাব আলী হোসেনের কোন প্রকল্পে বিনিয়োগ লাভজনক বলে তুমি মনে করো। ৪

৭। জনাব মাহিন 'P' ব্যাংকে ঋণের আবেদন করলে ব্যাংক ম্যানেজার ঋণ মঞ্জুর করেন। কিন্তু ঋণের টাকা নগদে না দিয়ে তার হিসাবে জমা করার পরামর্শ দেন। যাতে সেখান থেকে প্রয়োজন মতো অর্থ উত্তোলন করতে পারেন।

ক. বেসরকারি ব্যাংক কী? ১

খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে আমদানি রফতানিতে সহায়তা করে? ২

গ. উদ্দীপকের আলোকে ঋণের অর্থ হিসাবে জমা করা কোন ধরনের কার্যাবলি? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব মাহিনের ঋণের অর্থ নগদে না দেওয়ার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৮। 'টগর' ব্যাংকের অনুমতিক্রমে 'জবা' ব্যাংক প্রতিষ্ঠিত। জবা ব্যাংক কিছু টাকা টগর ব্যাংকে জমা দিয়ে ৩০ লক্ষ টাকা নিয়ে স্বল্প পরিসরে মিরপুর এলাকায় মুনাফা অর্জনের উদ্দেশ্যে গঠিত। ব্যাংকটি এলাকায় শুধুমাত্র দরিদ্র চাষিদেরকে মেয়াদের ভিত্তিতে ঋণ প্রদান ও পরামর্শ দিয়ে থাকে।

ক. মহিলা ব্যাংক কী? ১

খ. তালিকাভুক্ত ব্যাংক বলতে কী বুঝায়? ২

গ. কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী টগর ব্যাংক কোন ধরনের? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের জবা ব্যাংকটির সহযোগিতার বিষয়টি মূ ল্যায়ন করো। ৪

৯। জনাব মতিন একজন ব্যবসায়ী। তিনি সাধারণত নগদে কেনাবেচা করেন। ব্যবসায়ের আয়তন বেড়ে যাওয়ায় সম্প্রতি পণ্য কেনা-বেচা করার সময় বেশি পরিমাণ টাকা বহন করতে হয়। এতে তিনি নিরাপত্তাহীনতায় ভোগেন। তিনি ব্যাংকে একটি হিসাব খোলার কথা ভাবছেন। যার মাধ্যমে বিভিন্ন সুবিধা ভোগ করতে পারবেন।

ক. বিনিময় ব্যাংক কী? ১

খ. এ্যানি ব্রাঞ্চ ব্যাংকিং কী? ব্যাখ্যা করো। ২

গ. জনাব মতিনের কোন ধরনের ব্যাংক হিসাব খোলা উপযোগী হবে? বর্ণনা করো। ৩

ঘ. ব্যাংক ব্যবসায় জনাব মতিনের মতো ব্যবসায়ীদের কাজ সহজ করে– বিশ্লেষণ করো। ৪

১০। জনাব ইকবাল একজন ব্যবসায়ী। নিজ এলাকায় 'B' ব্যাংকে তার দুইটি হিসাব রয়েছে। ব্যাংকটি তাকে চেক ও দু'ধরনের কার্ড সরবরাহ করে। তার পক্ষে ব্যাংকটি ভাড়া আদায় ও বিভিন্ন বিলের অর্থ পরিশোধ করে থাকে।

ক. পরিশোধীত মূলধন কী? ১

খ. ব্যাংকের নিরাপত্তার নীতিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের 'B' ব্যাংকটি ভাড়া আদায়ের মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকের কোন বিশেষ কাজটি সম্পন্ন করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের বিলের অর্থ পরিশোধের মাধ্যমে ব্যাংকটির আয়ের সৃষ্টি হয়েছে।– যুক্তি দাও। ৪

১১। জনাব আকরাম হোসেন একজন ব্যাবসায়ী। 'X' ব্যাংকে তার একটি হিসাব আছে। যা থেকে তিনি যতবার ইচ্ছে টাকা তুলতে পারেন না। অন্যদিকে তার বন্ধু ব্যাংক হিসাব থেকে যতবার খুশি টাকা তুলতে পারেন। এ অবস্থায় আকরাম সাহেব মাঝে মাঝে বেশ সমস্যায় পড়েন। সম্প্রতি ঐ ব্যাংক বিভিন্ন কার্ডের ব্যবস্থা করেছে।

ক. মুরাবাহা কী? ১

খ. সংরক্ষিত তহবিল কী? ব্যাখ্যা করো। ২

গ. 'X' ব্যাংকের কার্ড ব্যবস্থার প্রচলন করায় আকরাম সাহেবের ন্যায় গ্রাহকগণ কীভাবে উপকৃত হবেন? বর্ণনা করো। ৩

ঘ. 'X' ব্যাংকের হিসাব ব্যবস্থায় আকরাম সাহেবের তুলনায় তার বন্ধু অধিক সুবিধা ভোগ করেন।– বিশ্লেষণ করো। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ক | ৬ | খ | ৭ | গ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ক | ১২ | খ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | গ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | * |

## সৃজনশীল

### ফিন্যান্স অংশ

**প্রশ্ন ▸ ০১** মিঃ করিম থাইল্যান্ড থেকে চাল আমদানি করে দেশের বিভিন্ন পাইকারদের কাছে বিক্রি করেন। ব্যবসায় পরিচালনার জন্য স্থানীয় একটি ব্যাংক থেকে ১ কোটি টাকা ঋণ গ্রহণ করেন। তার স্ত্রী ছেলের ল্যাপটপ কেনার প্রয়োজনে একই ব্যাংক থেকে ৪০ হাজার টাকা ঋণ নেন।

ক. অর্থায়ন কী? ১

খ. তারল্য বনাম মুনাফা নীতি ব্যাখ্যা করো। ২

গ. মিঃ করিমের অর্থায়নটি কোন অর্থায়নের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. "মিঃ করিম ও তার স্ত্রীর অর্থায়ন ভিন্ন"– তুমি কি উক্তিটির সাথে একমত? যুক্তি দাও। ৪

### ১নং প্রশ্নের উত্তর

**ক** অর্থায়ন হলো তহবিল সংগ্রহ ও ব্যবহার সংক্রান্ত প্রক্রিয়া।

**খ** তারল্য ও মুনাফার মধ্যে ভারসাম্য রক্ষাকারী নীতিটি হলো তারল্য বনাম মুনাফা নীতি।

তারল্য ও মুনাফার মধ্যে বিপরীত সম্পর্ক বিদ্যমান। ব্যবসায়ে দৈনন্দিন ব্যয় নির্বাহের জন্য হাতে নগদ অর্থ বেশি রাখলে বিনিয়োগ কম হয়, ফলে মুনাফা কমে যায়। আবার মুনাফা বৃদ্ধির লক্ষ্যে বেশি বিনিয়োগ করা হলে তারল্য ঘাটতি হয়। তাই উক্ত নীতি অনুযায়ী নগদ অর্থ তথা তারল্য এবং বিনিয়োগের মধ্যে ভারসাম্য রক্ষা করে আর্থিক ব্যবস্থাপনা করতে হবে, যেন তারল্য ও মুনাফার মধ্যে যথাযথ ভারসাম্য বজায় থাকে।

**গ** মি. করিমের অর্থায়নটি অর্থাৎ ব্যাংক থেকে ঋণ গ্রহণ আন্তর্জাতিক অর্থায়নের অন্তর্ভুক্ত।

উদ্দীপকে, মি. করিম থাইল্যান্ড থেকে চাল আমদানি করে দেশের বিভিন্ন পাইকারদের কাছে বিক্রি করেন। তিনি ব্যবসায় পরিচালনার জন্য স্থানীয় একটি ব্যাংক থেকে ১ কোটি টাকা ঋণ গ্রহণ করেন। এটি মূলত একটি একমালিকানা ব্যবসায়। নিজস্ব তহবিল নিয়োগ করে এর যথাযোগ্য ব্যবহার নিশ্চিত করে মুনাফা অর্জন করাই এ ধরনের প্রতিষ্ঠানের অর্থায়নের মূল উদ্দেশ্য। মি. করিম মুনাফা অর্জনের উদ্দেশ্যেই চাল (পণ্য) আমদানি ও স্থানীয় বাজারে বিক্রয় করে। এছাড়া তিনি তার ব্যবসায়িক কাজের উদ্দেশ্যেই ব্যাংক থেকে ঋণ নিয়েছেন। তাই বলা যায় মি. করিমের অর্থায়নটি আন্তর্জাতিক অর্থায়নের অন্তর্ভুক্ত।

**ঘ** "মি. করিম ও তার স্ত্রীর অর্থায়ন ভিন্ন"– এ উক্তিটির সাথে আমি একমত।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে লাভ-ক্ষতির ঝুঁকি নিয়ে গঠিত ব্যবসায় প্রতিষ্ঠান তার তহবিল সংগ্রহ ও বিনিয়োগের জন্য যে অর্থায়ন প্রক্রিয়া ব্যবহার করে তাই ব্যবসায় অর্থায়ন। অন্যদিকে পারিবারিক অর্থায়ন বলতে পরিবারের জন্য পরিকল্পনামাফিক অর্থের উৎস নির্ধারণ ও তার যথাযথ ব্যবহারকে বোঝায়।

উদ্দীপকে মি. করিম একজন ব্যবসায়ী। তিনি ব্যবসায় পরিচালনার জন্য ব্যাংক থেকে ১ কোটি টাকা ঋণ গ্রহণ করেন। অন্যদিকে তার স্ত্রী তার ছেলের ল্যাপটপ কেনার প্রয়োজনে ব্যাংক থেকে ৪০ হাজার টাকা ঋণ নেন।

উদ্দীপকে, মি. করিম মুনাফা অর্জনের উদ্দেশ্যে তার ব্যাবসায়িক কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অর্থায়ন করেছেন যা ব্যবসায় অর্থায়নের অন্তর্ভুক্ত। অপরদিকে ছেলের ল্যাপটপের জন্য তার স্ত্রীর ব্যাংক থেকে ঋণ গ্রহণ পারিবারিক অর্থায়নের অন্তর্ভুক্ত। এ অর্থায়নের প্রধান উদ্দেশ্য হলো পরিবারের সদস্যদের সর্বাঙ্গীন মঙ্গল নিশ্চিত করা। পরিবারের আয় যদি ব্যয়ের জন্য যথেষ্ট না হয় তবে বিভিন্ন আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব থেকে অর্থ ঋণ হিসেবে নেওয়া যায়। এছাড়া স্থায়ী সম্পদ অর্জনের জন্য প্রয়োজনীয় অর্থ ব্যাংক থেকে ঋণ নেওয়া যায়। তাই মি. করিমের স্ত্রী তার পরিবারের ব্যয়ের জন্য আয় যথেষ্ট না হওয়ায় ছেলের মঙ্গলের জন্য ল্যাপটপ (স্থায়ী সম্পদ) কেনার জন্য ব্যাংক থেকে ঋণ গ্রহণ করেন যা পারিবারিক অর্থায়নের অন্তর্ভুক্ত। তাই বলা যায়, মি. করিম ও তার স্ত্রীর অর্থায়ন ভিন্ন।

**প্রশ্ন ▸ ০২** জনাব মানিক তার কারবারে একটি পণ্য নিয়ে ব্যবসায় করে ব্যর্থ হন। পরবর্তীতে তিনি তার সুচিন্তিত ও সুদক্ষ ব্যবস্থাপনার সিদ্ধান্তে তহবিল সংগ্রহ ও ব্যবহার করে একটি পণ্যের উপর নির্ভর না করে বিভিন্ন পণ্যের উপর নির্ভর করে ঝুঁকি বণ্টন করেন ও কাঙ্ক্ষিত মুনাফা অর্জন করতে সক্ষম হন।

ক. অর্থায়ন কোন ধরনের প্রক্রিয়া? ১

খ. সরকারি অর্থায়ন অলাভজনক কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব মানিক কোন নীতি অনুসরণ করে ব্যবসায়ে সফলতা লাভ করেন? বর্ণনা করো। ৩

ঘ. "জনাব মানিকের ব্যর্থতাই সফলতার দ্বারপ্রান্তে পৌঁছে দেয়।"– উক্তিটি মূল্যায়ন করো। ৪

### ২নং প্রশ্নের উত্তর

**ক** অর্থায়ন হলো তহবিল সংগ্রহ ও ব্যবহার সংক্রান্ত প্রক্রিয়া।

**খ** দেশের আর্থ-সামাজিক উন্নয়ন তথা সমাজকল্যাণই সরকারি অর্থায়নের মূল লক্ষ্য হওয়ায় সরকারি অর্থায়ন অলাভজনক।

সরকারের বার্ষিক ব্যয় কোন কোন খাতে কী পরিমাণ হবে এবং সেই অর্থ কোন কোন উৎস থেকে সংগ্রহ করা হবে তা নির্ধারণকে সরকারি অর্থায়ন বলা হয়। জনকল্যাণের উদ্দেশ্যে সরকারি অর্থায়ন করা হয় বিধায় এটি অলাভজনক হয়।

**গ** জনাব মানিক বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন নীতি অনুসরণ করে ব্যবসায়ে সফলতা লাভ করেন।

কারবারের বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন। এ নীতি অনুযায়ী কারবারি পণ্য বা সেবা যত দূর সম্ভব বৈচিত্র্যপূর্ণ হলে কারবারের ঝুঁকি বণ্টিত হয় ও হ্রাস পায়।

উদ্দীপকে জনাব মানিক তার কারবারে একটি পণ্য নিয়ে ব্যবসায় করে ব্যর্থ হন। পরবর্তীতে তিনি একটি পণ্যের উপর নির্ভর না করে বিভিন্ন পণ্যের উপর নির্ভর করে ঝুঁকি বণ্টন করেন এবং কাঙ্ক্ষিত মুনাফা অর্জন করেন। ঝুঁকি বণ্টনের নীতি অনুসরণের ফলে অনিশ্চিত বাজার পরিস্থিতিতেও প্রত্যাশিত মুনাফা অর্জন সম্ভব। একজন ব্যবসায়ী যদি শুধু একধরনের পণ্যের ব্যবসায় করে, তাহলে ব্যবসায়ের মুনাফা অর্জন বেশ ঝুঁকিপূর্ণ হয়ে যায়। পক্ষান্তরে ব্যবসায়ের পণ্য যদি বিভিন্ন ও বৈচিত্র্যপূর্ণ হয়, তাহলে ঝুঁকি বণ্টিত হয়ে যায়। অর্থাৎ কোনো একটি পরিস্থিতিতে একটি পণ্যের বিক্রয় হ্রাস পেলে অন্যান্য পণ্যের বিক্রয় দিয়ে ব্যবসায়টির হ্রাসকৃত বিক্রয় পুষিয়ে নেওয়া সম্ভব হয়। ফলে সব ধরনের অবস্থায় কাঙ্ক্ষিত পরিমাণ মুনাফা অর্জিত হয়।

তাই বলা যায়, জনাব মানিক বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন নীতি অনুসরণ করে ব্যবসায় সফলতা লাভ করেন।

**ঘ** "জনাব মানিকের ব্যর্থতাই সফলতার দ্বারপ্রান্তে পৌঁছে দেয়"– উক্তিটি যথার্থ।

বর্তমান প্রতিযোগিতামূলক মুক্তবাজার অর্থব্যবস্থায় মুনাফা অর্জনের জন্য প্রতিটি ব্যবসায় প্রতিষ্ঠানকে বিশেষ গুরুত্বের সাথে অর্থায়ন পরিকল্পনা করতে হয়। সুচিন্তিত অর্থায়ন পরিকল্পনা ব্যবসায়ের ঝুঁকি হ্রাস করে এবং মুনাফা বৃদ্ধি করে।

উদ্দীপকের জনাব মানিক একজন ব্যবসায়ী। তিনি সুচিন্তিত ও সুদক্ষ ব্যবস্থাপনার সিদ্ধান্তে তহবিল সংগ্রহ ও ব্যবহার করে একটি পণ্যের ওপর নির্ভর না করে বিভিন্ন পণ্যের মাধ্যমে ব্যবসায় করছেন। ফলে তার ব্যবসায়ের ঝুঁকি বণ্টন হয়েছে এবং তিনি কাঙ্ক্ষিত মুনাফা অর্জন করতে সক্ষম হয়েছেন। কারণ একাধিক পণ্যের ব্যবসায়ে বিনিয়োগ করার ফলে ঝুঁকি বণ্টিত হয় এবং সেই সাথে বিনিয়োগকারীর কাঙ্ক্ষিত মুনাফাও অর্জিত হয়।

জনাব মানিক ব্যবসায়ে সফল হওয়ার ক্ষেত্রে তার ব্যর্থতা গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। ব্যর্থ হওয়ার কারণে তিনি অর্থায়ন বিষয়ক জ্ঞান প্রয়োগ করে পরিকল্পিতভাবে অর্থসংস্থান করেছেন। পাশাপাশি বিনিয়োগ খাতের ভবিষ্যৎ আয়-ব্যয়ের সম্ভাব্যতা বিশ্লেষণ করে তিনি একাধিক পণ্যের ব্যবসায়ে বিনিয়োগ করেছেন। যার ফলে ব্যবসায়ের ঝুঁকি হ্রাস করে কাঙ্ক্ষিত মুনাফা অর্জনে তিনি সক্ষম হন।

অতএব বলা যায়, জনাব মানিকের ব্যার্থতাই সফলতার দ্বারপ্রান্তে পৌঁছে দেয়।

**প্রশ্ন ▶ ০৩** জনাব সোহান ৬ বছর পর ৩ লক্ষ টাকা পাওয়ার আশায়, ত্রিমাসিক চক্র বৃদ্ধিতে ৮% সুদে কিছু টাকা স্থানীয় ব্যাংকে জমা রাখলেন। যদিও তার কাছে বছরে অর্ধবার্ষিক চক্র বৃদ্ধিতে ৮.৫০% সুদের প্রস্তাব ছিল।

ক. সুযোগ ব্যয় কী? ১
খ. চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিটি ব্যাখ্যা করো। ২
গ. জনাব সোহান কত টাকা ব্যাংকে জমা রেখেছেন? ৩
ঘ. জনাব সোহানের স্থানীয় ব্যাংকে টাকা জমা রাখার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** কোনো একটি প্রকল্পে বিনিয়োগের ফলে অন্য যেকোনো প্রকল্পের আয়ের সুযোগ ত্যাগ করাকে সুযোগ ব্যয় বলে।

**খ** যে পদ্ধতিতে প্রতি বছর সুদাসলের উপর সুদ ধার্য করে ভবিষ্যৎ মূল্য নির্ধারণ করা হয় তাকে চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি বলে।

সরল সুদের ক্ষেত্রে শুধু আসলের উপর সুদ গণনা করা হয়। কিন্তু চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিতে প্রতি বছর সুদাসলের উপর সুদ গণনা করা হয়। যেমন : আসল ১০০ টাকা ও সুদের হার ১০% ধরলে ১ বছর পর সুদ হবে (১০০ × ১০%) = ১০ টাকা। ভবিষ্যৎ মূল্য দাঁড়াবে {১০০ + (১০০ × ১০%)} = ১১০ টাকা। দ্বিতীয় বছর এই ১১০ টাকাকে আসল ধরে তার উপর দ্বিতীয় বছরের ১০% হারে সুদ ধার্য করলে সুদ হবে (১১০ × ১০%) = ১১ টাকা। এভাবে প্রথম বছরের সুদাসলকে দ্বিতীয় বছরের আসল ধরে তার উপর দ্বিতীয় বছরের সুদ ধার্য করার প্রক্রিয়াকে বলা হয় চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি।

**গ** জনাব সোহানের বর্তমানে ব্যাংকে জমাকৃত টাকার পরিমাণ নির্ণয় :
এখানে,
ভবিষ্যৎ মূল্য (FV) = ৩,০০,০০০ টাকা
মেয়াদকাল (n) = ৬ বছর
সুদের হার (i) = ৮% = ০.০৮
বছরে চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ৪ বার [∵ ত্রৈমাসিক চক্রবৃদ্ধি]
আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য (PV)} = \frac{FV}{\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}}$$

$$= \frac{৩,০০,০০০}{\left(১ + \frac{০.০৮}{৪}\right)^{৬ \times ৪}}$$

$$= \frac{৩,০০,০০০}{(১ + ০.০২)^{২৪}}$$

$$= \frac{৩,০০,০০০}{১.৬০৮৪৩৭২৪৯}$$

= ১,৮৬,৫১৬.৪৫ টাকা (প্রায়)

∴ জনাব সোহান ব্যাংকে ১,৮৬,৫১৬.৪৫ টাকা (প্রায়) জমা রেখেছেন।

**ঘ** জনাব সোহানের স্থানীয় ব্যাংকে টাকা জমা রাখা অযৌক্তিক বলে আমি মনে করি।

৮.৫০% সুদে অর্ধবার্ষিক চক্রবৃদ্ধিতে জমাকৃত টাকার বর্তমান মূল্য নির্ণয় :
এখানে,
ভবিষ্যৎ মূল্য (FV) = ৩,০০,০০০ টাকা
মেয়াদকাল (n) = ৬ বছর
সুদের হার (i) = ৮.৫০% = ০.০৮৫
বছরে চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ২ বার [∵ অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি]
আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য (PV)} = \frac{FV}{\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}}$$

$$= \frac{৩,০০,০০০}{\left(১ + \frac{০.০৮৫}{২}\right)^{৬ \times ২}}$$

$$= \frac{৩,০০,০০০}{\left(১ + \frac{০.০৮৫}{২}\right)^{১২}}$$

$$= \frac{৩,০০,০০০}{১.৬৪৭৮৩১৩৬}$$

= ১,৮২,০৫৭.৪৬ টাকা (প্রায়)

∴ লক্ষণীয় যে জনাব সোহান ৮.৫০% হারে অর্ধবার্ষিক চক্রবৃদ্ধির ১,৮২,০৫৭.৪৬ টাকা (প্রায়) জমা রাখতে হবে। অন্যদিকে স্থানীয় ব্যাংকে টাকা জমা রাখলে বর্তমানে তাকে ১,৮৬,৫১৬.৪৫ টাকা (প্রায়) জমা রাখতে হবে। অর্থাৎ, স্থানীয় ব্যাংকে তাকে (১,৮৬,৫১৬.৪৫ − ১,৮২,০৫৭.৪৬) = ৪,৪৫৯ টাকা বেশি জমা রাখতে হবে যা অযৌক্তিক।

**প্রশ্ন ▶ ০৪** জনাব জামাল তার পেনশনের ১০ লক্ষ টাকা ৫ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চাইলে 'ক' ব্যাংক তাকে বার্ষিক ৯% হারে চক্রবৃদ্ধি মুনাফা দিতে সম্মত হয়। অপর দিকে তার বন্ধু তাকে 'খ' ব্যাংকে একই সময়ের জন্য উক্ত ব্যাংক ৮.৫% হারে প্রতি দুই মাস অন্তর চক্রবৃদ্ধি মুনাফার ভিত্তিতে জমা রাখার পরামর্শ দেন।

ক. সরল সুদ কী? ১

খ. বাট্টাকরণ পদ্ধতিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের জনাব জামাল 'ক' ব্যাংকে টাকা জমা রাখলে মেয়াদ শেষে কত টাকা ফেরত পাবে? ৩

ঘ. জনাব জামালের জন্য কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে বলে তুমি মনে করো? কেন লাভজনক, যুক্তি দেখাও। ৪

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** প্রতি বছর আসল টাকার ওপর একটি নির্দিষ্ট হারে যে সুদ ধার্য করা হয় তাকে সরল সুদ বলে।

**খ** অর্থের বর্তমান মূল্য নির্ণয়ের পদ্ধতিকে বাট্টাকরণ প্রক্রিয়া বলে। অর্থের ভবিষ্যৎ মূল্য জানা থাকলে বর্তমান মূল্য নির্ণয় করা যায়। একে বলে বাট্টাকরণ প্রক্রিয়া। একাধিকবার চক্রবৃদ্ধিকরণের ক্ষেত্রেও ভবিষ্যৎ মূল্য থেকে বাট্টাকরণের মাধ্যমে বর্তমান মূল্য নির্ণয় করা যায়। সাধারণত বর্তমান মূল্য নির্ণয়ে নিম্নোক্ত সূত্র ব্যবহার করা হয়−

$$\text{বর্তমান মূল্য (PV)} = \frac{\text{ভবিষ্যৎ মূল্য (FV)}}{(১ + \text{সুদের হার})^{\text{মেয়াদ}}}$$

**গ** জনাব জামালের 'ক' ব্যাংকে জমাকৃত টাকার ভবিষ্যৎ মূল্য নির্ণয় :

এখানে,

বর্তমান মূল্য (PV) = ১০,০০,০০০ টাকা

মেয়াদকাল (n) = ৫ বছর

সুদের হার (i) = ৯% = ০.০৯

আমরা জানি,

$$\text{ভবিষ্যৎ মূল্য (FV)} = PV\,(১ + i)^n$$
$$= ১০,০০,০০০\,(১ + ০.০৯)^৫$$
$$= ১০,০০,০০০ \times ১.৫৩৮৬২৩৯৫৫$$
$$= ১৫,৩৮,৬২৪ \text{ টাকা (প্রায়)}$$

∴ জনাব জামাল 'ক' ব্যাংকে টাকা জমা রাখলে মেয়াদ শেষে ১৫,৩৮,৬২৪ টাকা (প্রায়) পাবে।

**ঘ** জনাব জামালের কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে তা জানতে 'খ' ব্যাংকে জমাকৃত টাকার ভবিষ্যৎ মূল্য নির্ণয় :

এখানে,

বর্তমান মূল্য (PV) = ১০,০০,০০০ টাকা

মেয়াদকাল (n) = ৫ বছর

সুদের হার (i) = ৮.৫% = ০.০৮৫

$$\text{বছরে চক্রবৃদ্ধির সংখ্যা (m)} = \frac{১২}{২} = ৬ \text{ বার}$$

আমরা জানি,

$$\text{ভবিষ্যৎ মূল্য (FV)} = PV\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}$$
$$= ১০,০০,০০০\left(১ + \frac{০.০৮৫}{৬}\right)^{৫ \times ৬}$$
$$= ১০,০০,০০০\left(১ + \frac{০.০৮৫}{৬}\right)^{৩০}$$
$$= ১০,০০,০০০ \times ১.৫২৫০৩৫৫৪৩$$
$$= ১৫,২৫,০৩৫.৫৪ \text{ টাকা (প্রায়)}$$

∴ লক্ষণীয় যে, জনাব জামাল 'খ' ব্যাংকে ১০,০০,০০০ টাকা রাখলে ৫ বছর পর ১৫,২৫,০৩৫.৫৪ টাকা (প্রায়) পাবে। অন্যদিকে, একই পরিমাণ অর্থ একই মেয়াদের জন্য 'ক' ব্যাংকে রাখলে তিনি ১৫,৩৮,৬২৪ টাকা (প্রায়) পাবেন। অর্থাৎ তিনি 'ক' ব্যাংকে টাকা জমা রাখলে (১৫,৩৮,৬২৪ − ১৫,২৫,০৩৫.৫৪) = ১৩,৫৮৮.৪৬ টাকা (প্রায়) বেশি পাবেন। তাই, জনাব জামালের জন্য 'ক' ব্যাংকে টাকা জমা রাখা বেশি লাভজনক হবে।

**প্রশ্ন ▶ ০৫** বিমল বাবু একটি প্রকল্পে ১,৫০,০০০ টাকা বিনিয়োগ করেন। অপরদিকে কল্যাণ বাবু অন্য একটি প্রকল্পে সমপরিমাণ টাকা বিনিয়োগ করেন। ৫ বছরে তাদের বার্ষিক নগদ প্রবাহ নিম্নরূপ :

| সময় (বছর) | বিমল বাবু (টাকা) | কল্যাণ বাবু (টাকা) |
|---|---|---|
| ১ম | ৪০,০০০ | ৩৫,০০০ |
| ২য় | ৬০,০০০ | ৪৫,০০০ |
| ৩য় | ৮০,০০০ | ৬০,০০০ |
| ৪র্থ | ৯০,০০০ | ১,০০,০০০ |
| ৫ম | ৫০,০০০ | ৭০,০০০ |

ক. আয় সিদ্ধান্ত কী? ১

খ. পণ্য বৈচিত্র্যায়ণ করা হয় কেন? ২

গ. কল্যাণ বাবুর প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করো। ৩

ঘ. কল্যাণ বাবু এবং বিমল বাবুর মধ্যে কে বিনিয়োগকৃত টাকা আগে ফেরত পাবেন? গাণিতিকভাবে মতামত দাও। ৪

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** আয় সিদ্ধান্ত বলতে মূলত তহবিল সংগ্রহের প্রক্রিয়াকে বোঝায়।

**খ** ব্যবসায়ের ঝুঁকি বণ্টন ও হ্রাসকরণের উদ্দেশ্যে পণ্য বৈচিত্র্যায়ণ করা হয়।

একই ব্যবসায়ে বিভিন্ন প্রকার পণ্যের সমাহার ঘটিয়ে ঝুঁকি কমানোর ব্যবস্থাকেই পণ্য বৈচিত্র্যায়ণ বলে।

একটি পণ্য নিয়ে ব্যবসায় করলে মুনাফা না হওয়ার আশঙ্কা থাকে। পণ্য বৈচিত্র্যপূর্ণ হলে একটি পণ্যের লোকসান হলে অন্য একটি পণ্যের মুনাফা দ্বারা তা পুষিয়ে নেওয়া যায়। অর্থায়নের বৈচিত্র্যায়ণের নীতি অনুযায়ী ব্যবসায়ী বা বিনিয়োগকারী তার সব অর্থ একটি পণ্য বা সম্পদে বিনিয়োগ না করে একাধিক পণ্য বা সম্পদে বিনিয়োগ করে। এর মাধ্যমে বিনিয়োগকারীর মোট বিনিয়োগের ঝুঁকি কমে এবং একটি আদর্শ হারে কাঙ্ক্ষিত মুনাফা অর্জিত হয়।

**গ** কল্যাণ বাবুর প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় :

| বছর | বার্ষিক নগদ প্রবাহ (টাকায়) | ক্রমযোজিত নগদ প্রবাহ (টাকায়) |
|---|---|---|
| ০ | − ১,৫০,০০০ | − ১,৫০,০০০ |
| ১ | ৩৫,০০০ | − ১,১৫,০০০ |
| ২ | ৪৫,০০০ | − ৭০,০০০ |
| ৩ | ৬০,০০০ | − ১০,০০০ |
| ৪ | ১,০০,০০০ | ৯০,০০০ |
| ৫ | ৭০,০০০ | ১,৬০,০০০ |

$\therefore$ পে-ব্যাক সময় $= ৩ + \frac{১০,০০০}{১,০০,০০০}$ বছর

$= (৩ + ০.১০)$ বছর

$= ৩.১০$ বছর

$\therefore$ কল্যাণ বাবুর প্রকল্পের পে-ব্যাক সময় ৩.১০ বছর।

**ঘ** কল্যাণ বাবু এবং বিমল বাবুর মধ্যে কে বিনিয়োগকৃত টাকা আগে ফেরত পাবেন তা জানতে বিমল বাবুর প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় :

| বছর | বার্ষিক নগদ প্রবাহ (টাকায়) | ক্রমযোজিত নগদ প্রবাহ (টাকায়) |
|---|---|---|
| ০ | − ১,৫০,০০০ | − ১,৫০,০০০ |
| ১ | ৪০,০০০ | − ১,১০,০০০ |
| ২ | ৬০,০০০ | − ৫০,০০০ |
| ৩ | ৮০,০০০ | ৩০,০০০ |
| ৪ | ৯০,০০০ | ১,২০,০০০ |
| ৫ | ৫০,০০০ | ১,৭০,০০০ |

$\therefore$ পে-ব্যাক সময় $= ২ + \frac{৫০,০০০}{৮০,০০০}$ বছর

$= (২ + ০.৬২৫)$ বছর

$= ২.৬২৫$ বছর

$\therefore$ লক্ষণীয় যে, বিমল বাবুর প্রকল্পের পে-ব্যাক সময় ২.৬২৫ বছর। অন্যদিকে কল্যাণ বাবুর প্রকল্পের পে-ব্যাক সময় ৩.১০ বছর। অর্থাৎ, বিমল বাবুর প্রকল্পের পে-ব্যাংক সময় কম। তাই, বিমল বাবু ও কল্যাণ বাবুর মধ্যে বিমল বাবু বিনিয়োগকৃত টাকা আগে ফেরত পাবেন।

**প্রশ্ন ▸ ০৬** জনাব আলী হোসেন নতুন প্রযুক্তি ব্যবহার করে তার মূলধন 'X' প্রকল্পে বিনিয়োগ করেছেন। গত পাঁচ বছরে অর্জিত মুনাফার হার ছিল যথাক্রমে ১২%, ১০%, ১৬%, − ৮% ও ১৫%। তিনি লক্ষ্য করলেন বিগত ৫ বছরে 'Y' প্রকল্পের ব্যবধানের বর্গের যোগফল ৮৬০।

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. বন্ডে বিনিয়োগকারীদের কোন ঝুঁকি মোকাবিলা করতে হয়? ব্যাখ্যা করো। ২

গ. 'X' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩

ঘ. জনাব আলী হোসেনের কোন প্রকল্পে বিনিয়োগ লাভজনক বলে তুমি মনে করো। ৪

### ৬নং প্রশ্নের উত্তর

**ক** ঋণকৃত মূলধনের দায় পরিশোধের অক্ষমতা থেকে যে ঝুঁকির সৃষ্টি হয় তাকে আর্থিক ঝুঁকি বলে।

**খ** বন্ডে বিনিয়োগকারীদের সুদের হারের ঝুঁকি মোকাবিলা করতে হয়।

সুদের হারের পরিবর্তনের কারণে বিনিয়োগের মূল্য কমার আশঙ্কাকেই সুদ হারের ঝুঁকি বলা হয়।

যেসব বিনিয়োগকারী বন্ড, ডিবেঞ্চার ইত্যাদি ক্রয় করে তাদেরকে সুদ হারের ঝুঁকি মোকাবিলা করতে হয়। কারণ বাজারে সুদের হারের পরিবর্তনের সাথে সাথে তাদের বিনিয়োগের মূল্য উঠানামা করে। সুদের হার বাড়লে বন্ড বা ডিবেঞ্চারের বাজারমূল্য কমে আবার সুদের হার কমলে এসব বিনিয়োগের বাজারমূল্য বাড়ে।

**গ** 'X' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় :

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয়-গড়) | ব্যবধানের বর্গ |
|---|---|---|---|
| ১ | ১২ | $(১২ − ৯) = ৩$ | ৯ |
| ২ | ১০ | $(১০ − ৯) = ১$ | ১ |
| ৩ | ১৬ | $(১৬ − ৯) = ৭$ | ৪৯ |
| ৪ | − ৮ | $(− ৮ − ৯) = − ১৭$ | ২৮৯ |
| ৫ | ১৫ | $(১৫ − ৯) = ৬$ | ৩৬ |
| যোগফল = | ৪৫% | ব্যবধানের বর্গের যোগফল = | ৩৮৪ |
| গড় আয় = | $\frac{৪৫}{৫} = ৯\%$ | ব্যবধানের বর্গের গড় $= \frac{৩৮৪}{n-১} = \frac{৩৮৪}{৫-১}$ | = ৯৬ |

$\therefore$ আদর্শ বিচ্যুতি $= \sqrt{৯৬}$

$= ৯.৭৯৮\%$

$\therefore$ 'X' প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৯.৭৯৮%।

**ঘ** জনাব আলী হোসেনের কোন প্রকল্পে বিনিয়োগ লাভজনক তা জানতে 'Y' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় :

দেওয়া আছে,

'Y' প্রকল্পের ব্যবধানের বর্গের যোগফল = ৮৬০

$\therefore$ 'Y' প্রকল্পের আদর্শ বিচ্যুতি $= \sqrt{\frac{৮৬০}{n-১}}$

$= \sqrt{\frac{৮৬০}{৫-১}}$

$= \sqrt{২১৫}$

$= ১৪.৬৬\%$

$\therefore$ লক্ষণীয় যে 'Y' প্রকল্পের আদর্শ বিচ্যুতি বা ঝুঁকি ১৪.৬৬%। অন্যদিকে 'X' প্রকল্পের আদর্শ বিচ্যুতি বা ঝুঁকি ৯.৭৯৮% যা 'Y' প্রকল্প অপেক্ষা কম। এমতাবস্থায়, জনাব আলী হোসেনের 'X' প্রকল্পের বিনিয়োগ করা লাভজনক হবে।

## ব্যাংকিং অংশ

**প্রশ্ন ▸ ০৭** জনাব মাহিন 'P' ব্যাংকে ঋণের আবেদন করলে ব্যাংক ম্যানেজার ঋণ মঞ্জুর করেন। কিন্তু ঋণের টাকা নগদে না দিয়ে তার হিসাবে জমা করার পরামর্শ দেন। যাতে সেখান থেকে প্রয়োজন মতো অর্থ উত্তোলন করতে পারেন।

ক. বেসরকারি ব্যাংক কী? ১

খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে আমদানি রফতানিতে সহায়তা করে? ২

গ. উদ্দীপকের আলোকে ঋণের অর্থ হিসাবে জমা করা কোন ধরনের কার্যাবলি? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব মাহিনের ঋণের অর্থ নগদে না দেওয়ার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

### ৭নং প্রশ্নের উত্তর

**ক** ব্যক্তি মালিকানায়, যৌথ মালিকানায় বেসরকারি উদ্যোগে গঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত ব্যাংকেই এককথায় বেসরকারি ব্যাংক (Private Bank) বলে। যেমন– যমুনা ব্যাংক লিঃ।

**খ** আমদানি-রপ্তানিতে বাণিজ্যিক ব্যাংক ব্যবসায়ীদের LC বা প্রত্যয়পত্র ইস্যু ও পরামর্শ প্রদানের মাধ্যমে সহযোগিতা করে।

বাণিজ্যিক ব্যাংকের সহায়তায় ব্যবসায়ীরা আমদানি-রপ্তানি বাণিজ্যে প্রত্যয়পত্রের মাধ্যমে সহজে অন্য দেশের সাথে লেনদেন নিষ্পত্তি করতে পারে। এছাড়া আমদানি-রপ্তানি সংক্রান্ত কার্যাদি সম্পাদন ও উপদেশ প্রদান করে বাণিজ্যিক ব্যাংক ব্যবসায়ীদের সহযোগিতা করে থাকে।

**গ** উদ্দীপকের আলোকে ঋণের অর্থ হিসাবে জমা করার কাজটি হলো ঋণ আমনত সৃষ্টি।

বাণিজ্যিক ব্যাংকসমূহ গ্রাহককে মঞ্জুরিকৃত ঋণের অর্থ নগদে না দিয়ে ঋণগ্রহীতার আমানত হিসাবে স্থানান্তর করে। উক্ত হিসাব থেকে পুনরায় ঋণের সৃষ্টি হয়। বাণিজ্যিক ব্যাংকের এ কৌশলকে ঋণ আমানত সৃষ্টি বলা হয়। যা বাণিজ্যিক ব্যাংকের প্রধান কাজ।

উদ্দীপকে মাহিন 'P' ব্যাংকে ঋণের আবেদন করলে ব্যাংক ম্যানেজার ঋণ মঞ্জুর করে তবে ঋণের টাকা নগদে না দিয়ে হিসাবে জমা করার পরামর্শ দেন। অর্থাৎ ব্যাংক জনাব মাহিনকে প্রদত্ত ঋণের অর্থ নগদে না দিয়ে উক্ত হিসাবে জমা দিবে। জনাব মাহিন তার প্রয়োজন অনুযায়ী অর্থ এখান থেকে চেক কেটে উত্তোলন করতে পারবেন। চেকের মাধ্যমে উক্ত টাকা উত্তোলন করে বিধায় এ আমানত জনাব মাহিন উঠানোর আগ পর্যন্ত ব্যাংক অন্য কোনো ব্যাংকে জমার মাধ্যমে নতুনভাবে আমানতের সৃষ্টি করেছে। তাই বলা যায়, উদ্দীপকের আলোকে ঋণের অর্থ হিসাবে জমা করার কাজটি হলো ঋণ আমানত সৃষ্টি। যা বাণিজ্যিক ব্যাংকের প্রধান কাজ।

**ঘ** জনাব মাহিনের ঋণের অর্থ নগদে না দেওয়া যৌক্তিক বলে আমি মনে করি।

বাণিজ্যিক ব্যাংকের তহবিলের বাহ্যিক উৎসের অন্যতম একটি হলো আমানত। ব্যাংক বিভিন্ন হিসাবের মাধ্যমে জনগণের নিকট ছড়িয়ে-ছিটিয়ে থাকা অর্থ আমানত হিসেবে সংগ্রহ করে তহবিল গঠন করে এবং এ আমানতকৃত অর্থ ঋণ বা বিনিয়োগ হিসেবে ব্যবসায় খাটিয়ে মুনাফা অর্জন করে।

উদ্দীপকে, জনাব মাহিন 'P' ব্যাংকে ঋণের আবেদন করলে ব্যাংক ম্যানেজার ঋণ মঞ্জুর করেন তবে ঋণের টাকা তাকে নগদে না দিয়ে তার হিসাবে জমা করার পরামর্শ দেন যা বাণিজ্যিক ব্যাংকের "ঋণ আমানত সৃষ্টি" কাজকে নির্দেশ করে। জনাব মাহিন উক্ত হিসাব হতে তার প্রয়োজনমতো অর্থ উত্তোলন করতে পারবেন।

বাণিজ্যিক ব্যাংক গ্রাহককে মঞ্জুরিকৃত ঋণের অর্থ নগদে না দিয়ে তা ঋণ গ্রহীতার হিসাবে স্থানান্তর করে। ঋণগ্রহিতা তার প্রয়োজনীয় অর্থ এ হিসাব থেকে চেক কেটে উত্তোলন করে। চেকের মাধ্যমে টাকা উত্তোলন করে বিধায় সম্পূর্ণ আমানত উঠানোর আগ পর্যন্ত এ অর্থ নতুনভাবে আমানতের সৃষ্টি করে। ব্যাংক এ অর্থ পুনরায় ঋণ অথবা বিনিয়োগ হিসেবে খাটিয়ে মুনাফা অর্জন করতে পারে। এ কারণে, উদ্দীপকের 'P' ব্যাংকটি জনাব মাহিনের ঋণের অর্থ নগদে পরিশোধ না করে তার হিসাবে জমা দেওয়া যা সম্পূর্ণ যৌক্তিক।

**প্রশ্ন ▸ ০৮** 'টগর' ব্যাংকের অনুমতিক্রমে 'জবা' ব্যাংক প্রতিষ্ঠিত। জবা ব্যাংক কিছু টাকা টগর ব্যাংকে জমা দিয়ে ৩০ লক্ষ টাকা নিয়ে স্বল্প পরিসরে মিরপুর এলাকায় মুনাফা অর্জনের উদ্দেশ্যে গঠিত। ব্যাংকটি এলাকায় শুধুমাত্র দরিদ্র চাষিদেরকে মেয়াদের ভিত্তিতে ঋণ প্রদান ও পরামর্শ দিয়ে থাকে।

ক. মহিলা ব্যাংক কী? ১
খ. তালিকাভুক্ত ব্যাংক বলতে কী বুঝায়? ২
গ. কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী টগর ব্যাংক কোন ধরনের? বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের জবা ব্যাংকটির সহযোগিতার বিষয়টি মূল্যায়ন করো। ৪

### ৮নং প্রশ্নের উত্তর

**ক** নারীদের সঞ্চয়ে উৎসাহিত করার জন্য, তাঁদেরকে ব্যাংকিং কার্যক্রমের সাথে পরিচিত করার জন্য এবং সর্বোপরি নারীদের বিভিন্ন ব্যাংকিং সুবিধা প্রদান করার জন্য প্রতিষ্ঠিত ব্যাংককে মহিলা ব্যাংক বলে।

**খ** যে বাণিজ্যিক ব্যাংক প্রতিষ্ঠার ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংকের অনুমতিপ্রপ্ত অর্থাৎ কেন্দ্রীয় ব্যাংকের তালিকাভুক্ত তাকে তালিকাভুক্ত ব্যাংক বলে। হিসাব খোলার জন্য তালিকাভুক্ত ব্যাংক বেশি নিরাপদ।

কেন্দ্রীয় ব্যাংকের তালিকাভুক্ত ব্যাংকের ক্ষেত্রে ন্যূনতম আর্থিক সামর্থ্য থাকতে হয়। এর প্রতিটা কাজে কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশনা মেনে চলার প্রয়োজন পড়ে। এ ব্যাংক কোনো সমস্যায় পড়লে কেন্দ্রীয় ব্যাংক পাশে এসে দাঁড়ায়। এছাড়া আমানতকারীর স্বার্থ সুরক্ষায় কেন্দ্রীয় ব্যাংক সবসময় নজর রাখে। এসব কারণেই তালিকাভুক্ত ব্যাংক, হিসাব খোলার জন্য বেশি নিরাপদ।

**গ** কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী টগর ব্যাংক একটি কেন্দ্রীয় ব্যাংক।

কেন্দ্রীয় ব্যাংক হলো দেশের প্রধান ব্যাংক। এ ব্যাংক নতুন ব্যাংক প্রতিষ্ঠায় অনুমতি দেয় ও তালিকাভুক্তির কাজ করে। এক্ষেত্রে ব্যাংকসমূহকে আমানতের নির্দিষ্ট একটি অংশ বাধ্যতামূলকভাবে বিধিবন্ধ রিজার্ভ হিসেবে কেন্দ্রীয় ব্যাংকে জমা রাখতে হয়।

উদ্দীপকে টগর ব্যাংকের অনুমতিক্রমে জবা ব্যাংক প্রতিষ্ঠিত হয়। জবা ব্যাংক কিছু টাকা টগর ব্যাংকে জমা দিয়ে ৩০ লক্ষ টাকা নিয়ে স্বল্প পরিসরে মুনাফা অর্জনের উদ্দেশ্যে গঠিত হয়। যেহেতু টগর ব্যাংকটি জবা ব্যাংক এর নিকট থেকে বিধিবন্ধ রিজার্ভ জমা রাখা সাপেক্ষে ব্যাংকটি প্রতিষ্ঠায় অনুমতি প্রদান করে তাই কাজের ধরন বিবেচনায় টগর ব্যাংকটি একটি কেন্দ্রীয় ব্যাংক। কারণ, কেন্দ্রীয় ব্যাংক সকল ব্যাংকের ব্যাংকার হিসেবে নতুন ব্যাংক প্রতিষ্ঠার অনুমতি ও তালিকাভুক্তির কাজ করে থাকে।

**ঘ** উদ্দীপকে জবা ব্যাংকটি এলাকার দরিদ্র চাষিদের কৃষি উন্নয়নের জন্য ঋণদান ও পরামর্শ দানের মাধ্যমে সহযোগিতা করে।

কৃষিক্ষেত্রে উন্নয়নের লক্ষ্যে কৃষকগণকে বিভিন্ন মেয়াদের ঋণ প্রদানসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানের লক্ষ্যে যে ব্যাংক কাজ করে তাকে কৃষি ব্যাংক বলে। এ ব্যাংক কৃষকদের সহজ শর্তে ঋণ দেয় এবং নির্দিষ্ট কিছু স্কীমে ঋণদানে কোনো জামানাত রাখে না। এ ব্যাংক শুধুমাত্র কৃষি উন্নয়নের লক্ষ্যে ঋণ দেয়।

উদ্দীপকে, জবা ব্যাংকটি মুনাফা অর্জনের উদ্দেশ্যে গঠিত হয়। ব্যাংকটি এলাকায় শুধুমাত্র দরিদ্র চাষিদেরকে মেয়াদের ভিত্তিতে ঋণ প্রদান ও পরামর্শ দিয়ে থাকে।

উদ্দীপকের জবা ব্যাংকটি মূলত কৃষি ব্যাংক। কৃষি ব্যাংক কৃষিক্ষেত্রে উন্নয়নের লক্ষ্যে কৃষকগণকে বিভিন্ন মেয়াদের ঋণ প্রদানসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করে। এ ব্যাংক কৃষকদের কৃষি যন্ত্রপাতি ক্রয়, উন্নত বীজ, সার, কীটনাশক ইত্যাদি যোগাড় করার জন্য প্রয়োজনীয় মূলধনের ব্যবস্থা করে। এ ব্যাংক কৃষকদের কৃষিকাজে বিভিন্ন পরামর্শ প্রদান করে থাকে। তাই বলা যায়, উদ্দীপকের জবা ব্যাংকটি একটি কৃষি ব্যাংক হিসেবে এলাকার দরিদ্র চাষিদের কৃষিক্ষেত্রে এরূপ বিভিন্ন মেয়াদে ঋণ ও পরামর্শ দিয়ে সহায়তা করে।

**প্রশ্ন ▶ ০৯** জনাব মতিন একজন ব্যবসায়ী। তিনি সাধারণত নগদে কেনাবেচা করেন। ব্যবসায়ের আয়তন বেড়ে যাওয়ায় সম্প্রতি পণ্য কেনা-বেচা করার সময় বেশি পরিমাণ টাকা বহন করতে হয়। এতে তিনি নিরাপত্তাহীনতায় ভোগেন। তিনি ব্যাংকে একটি হিসাব খোলার কথা ভাবছেন। যার মাধ্যমে বিভিন্ন সুবিধা ভোগ করতে পারবেন।

ক. বিনিময় ব্যাংক কী? ১
খ. এ্যানি ব্রাঞ্চ ব্যাংকিং কী? ব্যাখ্যা করো। ২
গ. জনাব মতিনের কোন ধরনের ব্যাংক হিসাব খোলা উপযোগী হবে? বর্ণনা করো। ৩
ঘ. ব্যাংক ব্যবসায় জনাব মতিনের মতো ব্যবসায়ীদের কাজ সহজ করে– বিশ্লেষণ করো। ৪

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** বৈদেশিক লেনদেন নিষ্পত্তি ও বৈদেশিক মুদ্রা বিনিময়ের জন্য যে ব্যাংক প্রতিষ্ঠিত হয় তাকে বিনিময় ব্যাংক বলে।

**খ** কোনো ব্যাংকের একাধিক শাখার মধ্যে কম্পিউটার প্রযুক্তিনির্ভর নেটওয়ার্ক ব্যবস্থাকে অনলাইন ব্যাংকিং বা এ্যানি ব্রাঞ্চ ব্যাংকিং বলে।

এটি হলো ইলেকট্রনিক ব্যাংকিং-এর একটি সেবা। এর মাধ্যমে গ্রাহক ব্যাংকের এক শাখায় হিসাব খুলে দেশের অন্য যেকোনো শাখায় তার লেনদেন সম্পন্ন করতে পারে। যেমন: জরিনা ঢাকার উত্তরায় একটি ব্যাংকে হিসাব খুললে রাজশাহীতে উক্ত ব্যাংকের যেকোনো শাখার মাধ্যমে তিনি তার লেনদেন সম্পন্ন করতে পারবেন। অনলাইন ব্যাংকিং-কে এ্যানি ব্রাঞ্চ ব্যাংকিংও বলা হয়।

**গ** উদ্দীপকে উল্লিখিত জনাব মতিন সাহেবের জন্য চলতি হিসাব খোলা উপযোগী হবে।

যে হিসাবের মাধ্যমে গ্রাহক ব্যাংকিং সময়ে যতবার খুশি অর্থ জমা ও উত্তোলন করতে পারেন তাকে চলতি হিসাব বলে। ব্যবসায়ীদের জন্য এ হিসাব অধিক উপযোগী। এ হিসাবে জমাতিরিক্ত উত্তোলনের সুবিধা পাওয়া যায়।

উদ্দীপকের জনাব মতিন একজন দক্ষ ব্যবসায়ী হওয়ায় পণ্য ক্রয়-বিক্রয় করতে গিয়ে তাকে নগদ টাকা বহন করতে হয়। তাই তিনি নিরাপদ লেনদেনের উদ্দেশ্যে ব্যাংকে একটি হিসাব খোলার কথা ভাবছেন। এক্ষেত্রে তার জন্য চলতি হিসাবই উপযোগী হবে। এ হিসাবের মাধ্যমে তিনি যখন-তখন অর্থ জমা ও উত্তোলনের সুবিধা পাবেন। ব্যবসায়ের প্রয়োজনে ঋণ সুবিধা পাবেন এবং অন্যান্য ব্যাংকিং সেবাও পাবেন। অতএব নিঃসন্দেহে বলা যায়, জনাব মতিনের জন্য চলতি হিসাব উপযোগী।

**ঘ** "ব্যাংক ব্যবসায় জনাব মতিন সাহেবের মতো ব্যবসায়ীদের কাজ অনেক সহজ করে দেয়"– উক্তিটি যথার্থ।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে গঠিত হলেও ব্যাংক আমানত গ্রহণ, ঋণদান, অর্থ স্থানান্তর, বিনিময়ের মাধ্যম সৃষ্টি, আমদানি রপ্তানিতে সহায়তা, অর্থের নিরাপত্তা প্রদান ইত্যাদি কাজ সম্পাদন করে ব্যাংক সমাজে উল্লেখযোগ্য ভূমিকা রাখে।

উদ্দীপকের উল্লিখিত জনাব মতিন ব্যবসায়ী হিসাবে নিজ এবং অর্থের নিরাপত্তার স্বার্থে ব্যাংকে হিসাব খোলার কথা ভাবছেন।

উদ্দীপকে জনাব মতিনের ব্যবসায়ের সহায়তার জন্য ব্যাংক বিভিন্ন সুযোগ-সুবিধা রেখেছে। এর মধ্যে অন্যতম হলো চলতি হিসাব। এ হিসাবের মাধ্যমে তিনি সহজে অর্থ জমা, উত্তোলন এবং স্থানান্তর করতে পারবেন। ফলশ্রুতিতে তিনি নিরাপদে তাকে বড় অঙ্কের টাকা বহন করতে হবে না। এছাড়া ব্যাংক সৃষ্ট বিনিময়ের মাধ্যমে চেক, ব্যাংক ড্রাফট ইত্যাদি ব্যবহার করে ব্যাংক বড় অঙ্কের লেনদেন করতে পারবেন।

জনাব মতিনের মতো ব্যবসায়ীদের কাজ ব্যাংক অনেক সহজ করে দেয়। কারণ ব্যবসায়ীরা ব্যাংক হিসাব খুলে নানাবিধ ব্যাংকিং সেবা পেতে পারে। বর্তমানে প্রায় সব ব্যাংকই গ্রাহকদের আধুনিক ব্যাংকিং সেবা দিয়ে আর্থিক লেনদেন সম্পাদনকে অনেক সহজ ও দ্রুত করছে। জনাব মতিনের মতো ব্যবসায়ীরা খুব সহজে ও স্বল্প সময়ে অনলাইন ব্যাংকিংয়ের সহায়তায় দেনা-পাওনা নিষ্পত্তি করতে পারছে। গ্রাহকরা ব্যাংকে প্রত্যয়পত্র খুলে সহজে আমদানি-রপ্তানি বাণিজ্য সম্পাদন করতে পারছে। অতএব পরিশেষে বলা যায়, ব্যাংক ব্যবসায় জনাব মতিনের মতো ব্যবসায়ীদের কাজ অনেক সহজ করে দেয়।

**প্রশ্ন ▶ ১০** জনাব ইকবাল একজন ব্যবসায়ী। নিজ এলাকায় 'B' ব্যাংকে তার দুইটি হিসাব রয়েছে। ব্যাংকটি তাকে চেক ও দু'ধরনের কার্ড সরবরাহ করে। তার পক্ষে ব্যাংকটি ভাড়া আদায় ও বিভিন্ন বিলের অর্থ পরিশোধ করে থাকে।

ক. পরিশোধীত মূলধন কী? ১
খ. ব্যাংকের নিরাপত্তার নীতিটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের 'B' ব্যাংকটি ভাড়া আদায়ের মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকের কোন বিশেষ কাজটি সম্পন্ন করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের বিলের অর্থ পরিশোধের মাধ্যমে ব্যাংকটির আয়ের সৃষ্টি হয়েছে।– যুক্তি দাও। ৪

**১০নং প্রশ্নের উত্তর**

**ক** কোম্পানি প্রতিষ্ঠায় অনুমোদিত মূলধনের যে অংশ শেয়ার হোল্ডাররা পরিশোধ করে তাকে পরিশোধিত মূলধন বলে।

**খ** গ্রাহকের অর্থ ও ঋণ হিসেবে প্রদত্ত অর্থের নিরাপত্তা নিশ্চিত করাকে ব্যাংকের নিরাপত্তা নীতি বলা হয়।

ব্যাংকের একটি অন্যতম নীতি হলো নিরাপত্তা নীতি। এ নীতি অনুযায়ী নিরাপত্তা নিশ্চিত করার জন্য ব্যাংক গ্রাহককে ঋণ দেওয়ার সময় তার আর্থিক সচ্ছলতা যাচাই করে এবং জামানত হিসেবে বিভিন্ন সম্পত্তি বন্ধক রাখে। এছাড়া ঋণ দেওয়ার সময় ঋণগ্রহীতার সততা ও ঋণ ফেরতের নিশ্চয়তার বিষয়টি খেয়াল রাখতে হয়। কোনো কারণে ঋণগ্রহীতা ঋণের অর্থ ফেরত দিতে অক্ষম হলে ব্যাংক বন্ধক করা সম্পত্তি বিক্রি করে সে অর্থ আদায় করতে পারে।

**গ** উদ্দীপকে 'B' ব্যাংকটি বাড়ি ভাড়া আদায়ের মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধিত্বমূলক কাজটি সম্পন্ন করেছে।

ব্যাংক মক্কেলের অনুরোধে তাদের প্রতিনিধি হিসেবে তাদের সম্পদ ব্যবস্থাপনা করে। এক্ষেত্রে ব্যাংক গ্রাহকের পক্ষে প্রতিনিধি/অছি হিসেবে বাড়ি ভাড়া আদায়, বিল পরিশোধ ইত্যাদি কাজ সম্পাদন করে।

উদ্দীপকে জনাব ইকবাল একজন ব্যবসায়ী তার নিজ এলাকায় 'B' ব্যাংকে তার দুটি হিসাব রয়েছে। ব্যাংকটি তার পক্ষে ভাড়া আদায় করে থাকে। গ্রাহকের পক্ষে বাড়ি ভাড়া আদায় বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধিত্বমূলক কার্যাবলীর অন্তর্ভুক্ত। এ ধরনের সেবার বিনিময়ে

ব্যাংক কমিশন পেয়ে থাকে। তাই বলা যায়, 'B' ব্যাংকটি জনাব ইকবালের পক্ষে বাড়ি ভাড়া আদায়ের মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধিত্বমূলক কাজটি সম্পন্ন করেছে।

**ঘ** "উদ্দীপকের বিলের অর্থ পরিশোধের মাধ্যমে ব্যাংকটির আয়ের সৃষ্টি হয়েছে"– উক্তিটি যৌক্তিক বলে আমি মনে করি।

বিনিময় বিল মেয়াদপূর্তির পূর্বে ভাঙিয়ে অর্থ সংগ্রহ করাকে বিনিময় বিল বাট্টাকরণ বলে। বিনিময় বিল বাট্টাকরণ বাণিজ্যিক ব্যাংকের আয়ের একটি অন্যতম উৎস। এরূপ বাট্টাকরণের জন্য ব্যাংক কমিশন পেয়ে থাকে।

উদ্দীপকে জনাব ইকবাল একজন ব্যবসায়ী। তার 'B' ব্যাংকে দুটি হিসাব রয়েছে। ব্যাংকটি তার পক্ষে বিভিন্ন বিলের অর্থ পরিশোধ করে।

বাণিজ্যিক ব্যাংক মক্কেলদের পক্ষে বিভিন্ন বিলের অর্থ আদায় ও পরিশোধ করে আয় করে থাকে। এটি বাণিজ্যিক ব্যাংকের একটি প্রতিনিধিত্বমূলক কাজ। এসব কাজের জন্য ব্যাংক কমিশন আদায় করে। এক্ষেত্রে বাণিজ্যিক ব্যাংক মেয়াদপূর্তির পূর্বে ব্যবসায়ীদের বিনিময় বিল বাট্টা করে অর্থ পরিশোধ করে। অতঃপর বাট্টাকৃত বিনিময় বিল খানির মেয়াদ পূর্ণ হলে বাণিজ্যিক ব্যাংক তা সংশ্লিষ্ট স্বীকৃতিকারীর নিকট উপস্থাপন করে তার সম্পূর্ণ মূল্য আদায় করে। উদ্দীপকের B ব্যাংকটি জনাব ইকবালের পক্ষে বিভিন্ন বিলের অর্থ পরিশোধ করে আয় করে থাকে। তাই বলা যায়, "উদ্দীপকের বিলের অর্থ পরিশোধের মাধ্যমে ব্যাংকটির আয়ের সৃষ্টি হয়েছে।"– উক্তিটি যৌক্তিক।

**প্রশ্ন ▸ ১১** জনাব আকরাম হোসেন একজন ব্যাবসায়ী। 'X' ব্যাংকে তার একটি হিসাব আছে। যা থেকে তিনি যতবার ইচ্ছে টাকা তুলতে পারেন না। অন্যদিকে তার বন্ধু ব্যাংক হিসাব থেকে যতবার খুশি টাকা তুলতে পারেন। এ অবস্থায় আকরাম সাহেব মাঝে মাঝে বেশ সমস্যায় পড়েন। সম্প্রতি ঐ ব্যাংক বিভিন্ন কার্ডের ব্যবস্থা করেছে।

ক. মুরাবাহা কী? ১
খ. সংরক্ষিত তহবিল কী? ব্যাখ্যা করো। ২
গ. 'X' ব্যাংকের কার্ড ব্যবস্থার প্রচলন করায় আকরাম সাহেবের ন্যায় গ্রাহকগণ কীভাবে উপকৃত হবেন? বর্ণনা করো। ৩
ঘ. 'X' ব্যাংকের হিসাব ব্যবস্থায় আকরাম সাহেবের তুলনায় তার বন্ধু অধিক সুবিধা ভোগ করেন।– বিশ্লেষণ করো। ৪

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** কোনো পণ্যের ক্রয় মূল্যের ওপর ক্রেতা-বিক্রেতা উভয়ের সম্মতিতে নির্ধারিত লাভে বিক্রয় করাকে মুরাবাহা বলে।

**খ** নিট মুনাফার যে অংশ শেয়ার হোল্ডারদের মধ্যে বণ্টন না করে ভবিষ্যতের জন্য সঞ্চয় করা হয় তাকে সংরক্ষিত তহবিল বলা হয়।

সংরক্ষিত তহবিল বাণিজ্যিক ব্যাংকের তহবিলের অন্যতম উৎস। ব্যাংক এ তহবিল ভবিষ্যতে মূলধন হিসেবে ব্যবহার করতে পারে। আবার, ক্ষেত্রবিশেষে আর্থিক বিপর্যয় মোকাবিলায়ও ব্যবহৃত হয়। এ তহবিল আর্থিক প্রতিষ্ঠানের সম্প্রসারণে মূলধন হিসেবে কাজ করে বলে এটি গুরুত্বপূর্ণ।

**গ** 'X' ব্যাংক কার্ড ব্যবস্থার প্রচলন করায় আকরাম সাহেবের ন্যায় গ্রাহকগণ তাদের ব্যবসায়ের জন্য ২৪ ঘণ্টা যেকোনো সময় অর্থ উত্তোলন ও বাকীতে কেনাকাটার সুযোগ পাবেন।

ব্যাংক কর্তৃক ইস্যুকৃত দুটি ইলেকট্রনিক প্লাস্টিক কার্ড হলো 'ডেবিট কার্ড' ও 'ক্রেডিট কার্ড'। ডেবিট কার্ডের মাধ্যমে হিসাবে টাকা থাকা সাপেক্ষে গ্রাহক যেকোনো সময় এটিএম মেশিন থেকে টাকা উত্তোলন এবং নগদ টাকা ছাড়াই কেনাকাটা করতে পারে। তবে হিসাবে টাকা জমা না থাকলেও ক্রেডিট কর্ডের মাধ্যমে বাকীতে মালামাল ক্রয় করার সুযোগ থাকে।

উদ্দীপকে জনাব আকরাম হোসেন একজন ব্যবসায়ী। 'X' ব্যাংকে তার একটি হিসাব আছে যা থেকে তিনি যতবার ইচ্ছে টাকা তুলতে পারেন না। এ অবস্থায় তিনি মাঝে মাঝে বেশ সমস্যায় পড়েন। সম্প্রতি ঐ ব্যাংক বিভিন্ন কার্ডের ব্যবস্থা করেন অর্থাৎ ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ডের ব্যবস্থা করেন। জনাব আকরামের হিসাবের বৈশিষ্ট্যের ভিত্তিতে বলা যায় তার উক্ত ব্যাংকে সঞ্চয়ী হিসাব রয়েছে। এ ধরনের হিসাবের বিপরীতে ব্যাংক ডেবিট কার্ড ইস্যু করে থাকে যার মাধ্যমে আকরাম সাহেবের মতে ব্যবসায়ীরা যেকোনো সময় তাদের ব্যবসায়ের প্রয়োজনে এটিএম থেকে নগদ টাকা উত্তোলন ও কেনাকাটা করতে পারবেন। এতে তাদের ব্যাংকে গিয়ে লাইন ধরতে হবে না তাই সময় সাশ্রয় হবে। এছাড়া, তাদের নগদ অর্থ বহনের কোনো ঝুঁকি থাকবে না। ডেবিট কার্ড ছাড়াও যেকোনো গ্রাহক বা ব্যবসায়ী ব্যাংকের ক্রেডিট কার্ড সেবাটি গ্রহণ করতে পারে। এক্ষেত্রে ব্যাংকে হিসাব থাকা বাধ্যতামূলক নয়। এটি মূলত এক ধরনের ব্যক্তিগত ঋণ। ব্যাংক গ্রাহককে এই কার্ডের মাধ্যমে নির্দিষ্ট সীমা পর্যন্ত ঋণ দেয় যা নির্দিষ্ট সময়ান্তে সুদসহ ফেরত দিতে হয়। তাই, এ ধরনের কার্ডের মাধ্যমে জনাব আকরামের মতো ব্যাবসায়ীরা জমাতিরিক্ত ঋণের সুবিধা পাবে। তাই বলা যায়, 'X' ব্যাংক ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ড ব্যবস্থার প্রচলন করায় জনাব আকরামের মতো ব্যবসায়ীগণ উপরিউক্ত উপায়ে উপকৃত হবেন।

**ঘ** 'X' ব্যাংকের হিসাব ব্যবস্থায় আকরাম সাহেবের তুলনায় তার বন্ধু অধিক সুবিধা ভোগ করেন।"– এ বিষয়ে আমি একমত।

যে হিসাবের মাধ্যমে প্রতিদিন বা সপ্তাহে যতবার খুশি টাকা জমা রাখা যায় কিন্তু, সপ্তাহে দুইবার বা নিয়ম অনুযায়ী টাকা উত্তোলন করা যায় তাকে সঞ্চয়ী হিসাব বলে। পক্ষান্তরে, যে হিসাবের মাধ্যমে প্রতিদিন যতবার খুশি টাকা জমা ও উত্তোলন করা যায় তাকে চলতি হিসাব বলে।

উদ্দীপকে, জনাব আকরাম হোসেন একজন ব্যবসায়ী। তার 'X' ব্যাংকে একটি হিসাব আছে যেখান থেকে তিনি যতবার ইচ্ছা টাকা তুলতে পারেন না। অন্যদিকে তার বন্ধু ব্যাংক হিসাব থেকে যতবার খুশি টাকা তুলতে পারেন।

উদ্দীপকে আকরাম সাহেবের ব্যাংক হিসাবের বৈশিষ্ট্য বিচারে তার হিসাবটি হলো সঞ্চয়ী হিসাব। এ হিসাবে তিনি প্রতিদিন বা সপ্তাহে যতবার খুশি টাকা জমা দিতে পারবেন তবে প্রতিদিন বা সপ্তাহে দুইবারের বেশি টাকা উত্তোলন করতে পারবেন না। পক্ষান্তরে তার বন্ধু ব্যাংক হিসাব থেকে যতবার খুশি টাকা তুলতে পারছেন। অর্থাৎ তার বন্ধু ব্যাংকে চলতি হিসাব খুলেছেন যা ব্যাবসায়ীদের জন্য উপযুক্ত হিসাব। জনাব আকরাম যদি তার বন্ধুর মতো চলতি হিসাব খুলতেন তবে তার ব্যবসায়ের জন্য যখন-তখন নগদ অর্থ উত্তোলন করতে পারতেন। এছাড়া তার বন্ধু চলতি হিসাবের বিপরীতে জমাতিরিক্ত ঋণের সুবিধা পাবেন যা ব্যবসায়ের জন্য খুবই গুরুত্বপূর্ণ। কিন্তু জনাব আকরাম তার সঞ্চয়ী হিসাবের বিপরীতে এ ধরনের সুবিধা পাবেন না। তাই, বলা যায়, 'X' ব্যাংকের হিসাব ব্যবস্থায় আকরাম সাহেবের তুলনায় তার বন্ধু অধিক সুবিধা ভোগ করেন।

# সিলেট বোর্ড–২০২৩

বিষয় কোড 1 5 2

সময় : ৩০ মিনিট

## ফিন্যান্স ও ব্যাংকিং : বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[২০২৩ সালের সিলেবাস অনুযায়ী]

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান–১।]*

*প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।*

**১. মূলধন বাজেটিং সর্বদাই কোন ধরনের সিদ্ধান্ত?**
ক) ঝুঁকিমুক্ত খ) স্থায়ী গ) কল্পনানির্ভর ঘ) ঝুঁকিযুক্ত

**২. মূলধন বাজেটিং এর পদ্ধতি কয়টি?**
ক) দুই খ) তিন গ) চার ঘ) পাচ

**৩. ব্যাংকিং ব্যবসায়ের মূলনীতি কয়টি?**
ক) ১৫টি খ) ১৬টি গ) ১৯টি ঘ) ২১টি

**□ উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
শিমুল জাপানে পড়াশোনা করতে গিয়ে দেখল, সেখানে শিক্ষার্থীদের সঞ্চয়ের জন্য একটি বিশেষ ব্যাংক সঞ্চয়বক্স সরবরাহ করে। শিক্ষার্থীরা এতে টাকা-পয়সা জমা করে থাকে।

**৪. উদ্দীপকে কোন ব্যাংকের দিকে ইঙ্গিত করা হয়েছে?**
ক) বিনিয়োগ ব্যাংক খ) স্টুডেন্ট ব্যাংক
গ) ভোক্তাদের ব্যাংক ঘ) স্কুল ব্যাংক

**৫. উদ্দীপকের ইঙ্গিতকৃত ব্যাংকের সাথে আমাদের দেশের ব্যাংকের মিল হলো–**
i. আমাদের দেশে এর জনপ্রিয়তা ব্যাপক
ii. আমাদের দেশে ১৯৬০ সালে এ ব্যাংক প্রতিষ্ঠিত হয়েছিল
iii. ছাত্র-ছাত্রীগণ এর গ্রাহক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**৬. বাণিজ্যিক ব্যাংকের ব্যয়ের খাত কোনটি?**
ক) বিমা প্রিমিয়াম খ) বিল বাট্টাকরণ
গ) প্রত্যয় পত্র ঘ) ঋণের সুদ

**৭. বাণিজ্যিক ব্যাংকের আয়ের প্রধান উৎস কী?**
ক) সার্ভিজ চার্জ খ) কমিশন আদায়
গ) ঋণের সুদ গ্রহণ ঘ) প্রাপ্য বিল বাট্টাকরণ

**৮. কোনটির চলতি মূলধন দরকার হয় না?**
ক) কাচামাল ক্রয় খ) মজুরি প্রদান গ) মেশিন ক্রয় ঘ) ভাড়া প্রদান

**৯. গড় মুনাফা হারের সূত্র কোনটি?**
ক) $\frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}}$ খ) $\frac{\text{বিক্রয়}}{\text{গড় বিনিয়োগ}}$
গ) $\frac{\text{গড় বিনিয়োগ}}{\text{গড় নিট মুনাফা}}$ ঘ) $\frac{\text{গড় মূলধন}}{\text{ঋণের পরিমাণ}}$

**□ উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
মুন্না অ্যান্ড সন্স ২,০০,০০০ টাকা ব্যয়ে একটি মেশিন ক্রয় করতে চায়। মেশিনটির আয়ুষ্কাল ৫ বছর। মেশিনটির ভগ্নাবশেষ মূল্য হবে ২০,০০০ টাকা। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

**১০. মেশিনটির বার্ষিক অবচয়ের পরিমাণ কত?**
ক) ২০,০০০ টাকা খ) ২৬,০০০ টাকা গ) ৩০,০০০ টাকা ঘ) ৩৬,০০০ টাকা

**১১. প্রকল্পটির গড় বিনিয়োগ কত?**
ক) ১,১০,০০০ টাকা খ) ১,২০,০০০ টাকা
গ) ১,৩০,০০০ টাকা ঘ) ১,৪০,০০০ টাকা

**১২. কোন হিসাবের গ্রাহকরা জমাতিরিক্ত অর্থ উত্তোলনের সুযোগ পায়?**
ক) সঞ্চয়ী হিসাব খ) স্থায়ী হিসাব
গ) চলতি হিসাব ঘ) বিশেষ সঞ্চয়ী হিসাব

**১৩. ব্যাংকের দৃষ্টিকোণ থেকে ব্যাংক আমানতের উদ্দেশ্য ও গুরুত্ব হলো–**
i. আমানত গ্রহণ ii. বিনিয়োগ iii. বৈদেশিক বিনিময়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৪. সকল ধরনের ব্যাংকিং সুবিধা পাওয়া যায় কোন হিসাবে?**
ক) মেয়াদি আমানত হিসাবে খ) চলতি হিসাবে
গ) সঞ্চয়ী হিসাবে ঘ) স্থায়ী হিসাবে

**১৫. ADB-এর পূর্ণরূপ কী?**
ক) Asian Domestic Bank খ) Asian Development Bank
গ) Asian Domesitic Brance ঘ) Asian Development Brance

**১৬. ভবিষ্যৎ মূল্য বের করার সূত্র কোনটি?**
ক) $FV = PV(1+i)^n$ খ) $PV = \frac{FV}{(1+i)^n}$
গ) $FV = PV\left(1+\frac{i}{m}\right)^{n+m}$ ঘ) $FV = \frac{FV}{(1+i)^n}$

**১৭. কোন মূলধনের জন্য সুদ প্রদান বাধ্যতামূলক?**
ক) স্থায়ী মূলধন খ) চলতি মূলধন গ) ঋণ মূলধন ঘ) বিনিয়োগকৃত মূলধন

**১৮. মূলধন বাজেটিং এর পদ্ধতি হলো–**
i. পে-ব্যাক সময় পদ্ধতি ii. গড় মুনাফার হার পদ্ধতি iii. নিট মুনাফার হার পদ্ধতি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৯. গ্রাহকরা কীসের মাধ্যমে নগদ টাকা ছাড়া পণ্য ক্রয় করে তাকে?**
ক) বিনিময় বিল খ) ক্রেডিট কার্ড গ) প্রাইজবন্ড ঘ) সঞ্চয়পত্র

**২০. বাণিজ্যিক ব্যাংক মুনাফা অর্জন করে–**
i. ট্রাভেলার চেক হতে ii. সংরক্ষিত তহবিল হতে iii. ব্যাংক ড্রাফট হতে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**২১. তথ্য প্রযুক্তির আধুনিকায়নের সাথে ব্যাংকিং ব্যবসায়ে কীসের আবির্ভাব ঘটে?**
ক) ইলেকট্রনিক ব্যাংকিং খ) বন্ধকী ঋণের
গ) ট্রেজারি বিলের ঘ) ব্যাংকিং আজ্ঞাপত্রের

**২২. সাপ্তাহিক চক্রবৃদ্ধির ক্ষেত্রে 'm' এর মান কত?**
ক) ৭ খ) ১২ গ) ২৪ ঘ) ৫২

**২৩. ব্যবসায়ের নগদ অর্থ ও মুনাফার সম্পর্ক কোনটি?**
ক) নিয়মিত আয়ের সংগতি রেখে খ) নগদ অর্থ বেশি মুনাফা বেশি
গ) নগদ অর্থ কম মুনাফা কম ঘ) নগদ অর্থ বেশি মুনাফা কম

**২৪. নিয়মিত আয়ের সাথে সংগতি রেখে নিয়মিত ব্যয়সমূহ নির্ধারণ করা হয় কোন ক্ষেত্রে?**
ক) সরকারি অর্থায়ন খ) পারিবারিক অর্থায়ন
গ) আন্তর্জাতিক অর্থায়ন ঘ) অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থায়ন

**২৫. আর্থিক ব্যবস্থাপকরা কয় ধরনের সিদ্ধান্ত নিয়ে কাজ করে?**
ক) ২ ধরনের খ) ৩ ধরনের গ) ৪ ধরনের ঘ) ৫ ধরনের

**□ উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
মুক্তা ১২,০০০ টাকা ৫ বছরের জন্য ১০% চক্রবৃদ্ধি সুদে একটি প্রকল্পে বিনিয়োগ করেন। তিনি ৫ বছর পর যে টাকা পান তা ১২ বছরের জন্য ১৫% চক্রবৃদ্ধি সুদে আরেকটি প্রকল্পে বিনিয়োগ করেন।

**২৬. মুক্তা ৫ বছর পর কত টাকা পাবেন?**
ক) ২০,০৩৬ টাকা খ) ১৯,৩২৬ টাকা গ) ১৮৪৭৭ টাকা ঘ) ১৭,৬১৫ টাকা

**২৭. ১৭ বছর পর মুক্তা সর্বমোট কত টাকা পাবেন?**
ক) ১,০০,০০০ টাকা খ) ১,০১,৪০০ টাকা গ) ১,০৩,০০০ টাকা ঘ) ১,০৩,৪০০ টাকা

**২৮. ঝুঁকি ও অনিশ্চয়তার পার্থক্যের জায়গা হলো–**
i. নিয়ন্ত্রণযোগ্যতা ii. পরিমাপযোগ্যতা iii. মুনাফার প্রভাব
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৯. আদর্শ বিচ্যুতি নির্ণয়ের সূত্র কোনটি?**
ক) $\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\frac{\Sigma(\text{আয়হার} - \text{গড়হার})}{n-১}}$
খ) $\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\frac{\Sigma(\text{গড়হার} - \text{আয়হার})}{n-১}}$
গ) $\text{আদর্শ বিচ্যুতি} = \frac{\sqrt{(\text{আয়হার} - \text{গড় হার})}}{n-১}$
ঘ) $\text{আদর্শ বিচ্যুতি} = \frac{\sqrt{\Sigma(\text{আয়হার} - \text{গড়হার})}}{n-১}$

**৩০. লকার ভাড়ার বিপরীতে বাণিজ্যিক ব্যাংক কী আদায় করে?**
ক) সুদ খ) মুনাফা গ) সার্ভিস চার্জ ঘ) কমিশন

**■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# সিলেট বোর্ড–২০২৩

বিষয় কোড 152

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স ও ব্যাংকিং : সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

[২০২৩ সালের সিলেবাস অনুযায়ী]

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে কমপক্ষে তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে কমপক্ষে তিনটিসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ – ফিন্যান্স

১। কৃষক মিন্টু বসাক তার নিজ এলাকায় মহাজনের নিকট থেকে সাপ্তাহিক ১% হারে চক্রবৃদ্ধি সুদে ঋণ গ্রহণ করেন। যেখানে বার্ষিক সুদ হবে ৫২%। অন্যদিকে জনাব সামাদ 'সূচী ও রুচী' নামক দুটি প্রকল্পের একটিতে বিনিয়োগে আগ্রহী। সূচী প্রকল্প থেকে বিগত তিন বছরের আয়ের পরিমাণ যথাক্রমে ১২%, ১৪%, ৮%। একই সময়ে রুচী প্রকল্পের আয়ের গড় ৫৫% এবং আদর্শ বিচ্যুতি ৫.৫৮%।

ক. আর্থিক ঝুঁকি কী? ১
খ. সুযোগ ব্যয়ের ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. মিন্টু বসাকের প্রকৃত সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. আদর্শ বিচ্যুতি নির্ণয় করে জনাব সামাদের জন্য কোন প্রকল্পে বিনিয়োগ করা লাভজনক হবে তা মূল্যায়ন কর। ৪

২। জনাব আহসান উল্লাহ্‌র 'রকমারি স্টোর' নামে একটি মুদি দোকান আছে। সম্প্রতি তিনি তার ব্যাংকে জমাকৃত ১০ লক্ষ টাকা দিয়ে শেয়ার ব্যবসায় ও শুরু করেন। অন্যদিকে হোটেল ব্যবসায়ী জনাব রাকিব 'সম্প্রীতি' নামে একটি দাতব্য প্রতিষ্ঠানে অর্থ বিনিয়োগ করেন।

ক. সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী? ১
খ. সেলুন ব্যবসায়ের জন্য হুইলচেয়ার ক্রয় কোন ধরনের সিদ্ধান্ত? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আহসান উল্লাহ্ অর্থায়নের কোন নীতিটি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'রকমারি স্টোর' ও 'সম্প্রীতি' প্রতিষ্ঠান দুটির অর্থায়নে উদ্দেশ্য এক নয়– মতামত দাও। ৪

৩। জনাব আসলাম এককালিন প্রাপ্ত ১ লক্ষ টাকা ৮% সুদে 'A' কোম্পানির বন্ডে বিনিয়োগ করেন। কিন্তু কিছু দিন পর অর্থের সংকট হওয়ায় বন্ডগুলো কম বাজার মূল্যে বিক্রি করে ক্ষতিগ্রস্ত হন। অন্যদিকে মান্নান এন্টারপ্রাইজ 'মুন' ও 'স্টার' নামে দুটি প্রকল্পে বিনিয়োগ করতে চান' উভয় প্রকল্পের মেয়াদ ৩ বছর ও প্রাথমিক বিনিয়োগ ১৫ লক্ষ টাকা, "মুন" প্রকল্পের ৩ বছরের নগদ প্রবাহ যথাক্রমে ৭ লক্ষ, ৯ লক্ষ ও ৪ লক্ষ টাকা, অন্য দিকে তিনি 'স্টার' প্রকল্প থেকে ৩ বছরেই বিনিয়োগকৃত অর্থ ফেরত আসবে বলে আশা করছেন।

ক. মোট মুনাফা থেকে কর বাদ দিলে কী পাওয়া যায়? ১
খ. অর্থায়নের সাফল্যের চাবিকাঠি কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আসলাম তার ব্যবসায়ের কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছেন। বর্ণনা কর। ৩
ঘ. 'মুন' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয়পূর্বক মান্নান এন্টারপ্রাইজের কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত বলে তুমি মনে কর? মতামদ দাও। ৪

৪। শীতবস্ত্র উৎপাদনকারী জনাব জালাল আহমেদ এ বছর শীত বেশি পড়বে এই আশায় নতুন মেশিন কিনে অধিক পরিমাণে শীতবস্ত্র উৎপাদন করেন। কিন্তু পরবর্তীতে শীত তেমন না হওয়ায় তিনি অতিরিক্ত শীতবস্ত্র বিক্রিতে ব্যর্থ হন। অন্য দিকে জনাব আরমান পৈত্রিক সম্পত্তি থেকে প্রাপ্ত ৫ লক্ষ টাকা ৫ বছরের জন্য "সততা ব্যাংকে" জমা রাখতে চাইলে তার বন্ধু তাকে উক্ত অর্থ সাধারণ শেয়ারে বিনিয়োগ করলে বেশি লাভবান হবেন বলে জানান।

ক. ব্যবসায়িক ঝুঁকি কী? ১
খ. উপযুক্ততার নীতি অনুসারে কীভাবে অর্থায়ন করা যায়? ব্যাখ্যা কর। ২
গ. মূলধন বাজেটিং এর কোন সঠিক সিদ্ধান্তের অভাবে জনাব জালাল ক্ষতির সম্মুখীন হন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আরমানের জন্য কোনটি ঝুঁকিমুক্ত ক্ষেত্র হবে বলে তুমি মনে কর? বিশ্লেষণ করো। ৪

৫। জনাব রুম্মানের তার কনফেকশনারি ব্যবসায়ের জন্য একটি রেফ্রিজারেটর কিনলেন। আর এই রেফ্রিজারেটর ক্রয়ের অর্থ তিনি নিজস্ব তহবিল থেকে সংগ্রহ করেন। কিন্তু কিছুদিন পর তার ব্যবসায়ের বিক্রি কমে গেলে ব্যবসায়ের কর্মচারীদের মজুরি, বিদ্যুৎ বিল, দোকান ভাড়া পরিশোধে ব্যর্থ হন।

ক. অর্থের সময়মূল্য নির্ধারণের কারণ কী? ১
খ. বাট্টাকরণ প্রক্রিয়া কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রুম্মানের রেফ্রিজারেটর ক্রয় আর্থিক ব্যবস্থাপকের কোন ধরনের সিদ্ধান্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. অর্থায়নের একটি বিশেষনীতি লজ্জনের কারণেই জনাব রুম্মান বর্তমান পরিস্থিতির সম্মুখীন– তুমি কী এর সাথে একমত? বিশ্লেষণ কর। ৪

৬। জনাব শান্ত ১০% সরল সুদে ৫ বছরের জন্য M ব্যাংকে ১০,০০০ টাকা জমা রেখেছেন। কিন্তু তার বন্ধু মিন্টু তাকে একই মেয়াদে মাসিক চক্রবৃদ্ধি ৯% হারে 'N' ব্যাংকে টাকা জমা রাখতে পরামর্শ দিল।

ক. মূলধন বাজেটিং এর ব্যর্থতার দায়ভার কাকে নিতে হয়? ১
খ. যৌথ মূলধনি কোম্পানি কীভাবে অর্থায়ন করে? ব্যাখ্যা কর। ২
গ. জনাব শান্তর অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় কর। ৩
ঘ. জনাব মিন্টুর পরামর্শের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

### খ বিভাগ – ব্যাংকিং

৭। জনাব শাহেদ চামড়ার জুতা-স্যান্ডেল তৈরির ব্যবসায়ের মালিক। সম্প্রতি তার ব্যবসায়ের উৎপাদন বৃদ্ধির জন্য 'পদ্মা ব্যাংক' থেকে ঋণ গ্রহণ করেন। 'পদ্মা ব্যাংক' তাকে উৎপাদন বৃদ্ধির জন্য পুরানো মেশিনের স্থলে নতুন মেশিন ক্রয়ের পরামর্শ দেন। আবার পদ্মা ব্যাংকের কর্মকর্তা, কর্মচারীবৃন্দ অত্যন্ত দক্ষতার সাথে ব্যাংকিং কার্যক্রম পরিচালনাসহ গ্রাহকদের বিভিন্ন মুখী সেবা প্রদান করে আসছেন।

ক. কৃষি ব্যাংক কী? ১
খ. ব্যাংক কীভাবে মূলধন গঠনে সহায়তা করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ১ম ক্ষেত্রে ব্যাংক গ্রাহকদের প্রেক্ষাপটে "পদ্মা ব্যাংকের" কোন উদ্দেশ্যটি সাধিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'দক্ষতার সাথে টিকে থাকার জন্য পদ্মা ব্যাংকের মত ব্যাংকগুলোর উদ্দীপকের উল্লিখিত বিশেষ নীতিটি অবলম্বন করা একান্ত প্রয়োজন– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৮। জনাব ফয়সাল আহমেদ দক্ষিণ কোরিয়ায় চিংড়ি রফতানি করেন। কোরিয়ান 'ওন' টাকায় পরিণত করার প্রয়োজন হলে 'সিনথি ব্যাংক' কাজটিতে সহায়তা করে। 'সিনথি' বাংলাদেশ ব্যাংকের তালিকাভুক্ত এবং উক্ত ব্যাংকের ঋণের সুদ তুলনামূলকভাবে কম। হঠাৎ জনাব ফয়সালের ব্যবসায়ে অর্থের প্রয়োজন হলে তার বন্ধুরা তাকে "কাপ্তাই ব্যাংকের" মাধ্যমে লেনদেন করতে বলেন। কিন্তু তিনি খোঁজ নিয়ে জানতে পারেন 'কাপ্তাই ব্যাংকের' আমানতের ও ঋণের সুদ উভয়ই বেশি এবং ঋণ গ্রহণের আনুষ্ঠানিকতাও জটিল।

ক. ব্যাংকিং ব্যবসায় তহবিলের মূল উৎস কী? ১
খ. ডিপোজিট পেনশন স্কিম কী? ব্যাখ্যা কর। ২
গ. 'সিনথি ব্যাংকের' ১ম কাজটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে অনুসারে জনাব ফয়সাল আহমেদের জন্য কোন ব্যাংকটির সাথে লেনদেন করা যথার্থ হবে বলে তুমি মনে কর? মূল্যায়ন কর। ৪

৯। ফ্রান্সের ঔষধ সরবরাহকারী প্রতিষ্ঠান 'ওয়াংকিং' বাংলাদেশের "রূপম ফার্মাসিউটিক্যালস" কে নিয়মিত ঔষধ সরবরাহ করে। এক্ষেত্রে 'P' ব্যাংক রূপম ফার্মাসিউটিক্যালস এর পক্ষ থেকে একটি বিশেষ ব্যবস্থায় 'ওয়াংকিং' কে অর্থ প্রদানের পদক্ষেপ গ্রহণ করে। এছাড়া 'P' ব্যাংক আমদানি-রপ্তানি কার্যে সহায়তা, উপদেশ ও ঋণ প্রদানসহ ব্যবসায়-বাণিজ্যের উন্নয়নের ব্যাপক সহযোগিতা করে থাকে।

ক. পরিশোধিত মূলধন কী? ১
খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে মুদ্রা প্রচলনে সাহায্য করে? ব্যাখ্যা কর। ২
গ. 'ওয়াংকিং' কে অর্থ পরিশোধে 'P' ব্যাংকের গৃহীত পদক্ষেপটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত কার্যাবলির মাধ্যমে বাণিজ্য ও শিল্পের উন্নয়ন নিশ্চিত করা 'P' ব্যাংকগুলোর মত ব্যাংকের বিশেষ লক্ষ্য– উক্তিটি মূল্যায়ন কর। ৪

১০। খুচরা যন্ত্রাংশ বিক্রেতা জনাব আলমগীর ক্রেতা জনাব শাহীনের নিকট থেকে ৩০ জানুয়ারি ২০২১ তারিখে পরিশোধযোগ্য ৫,০০০ টাকার একটি বিল পান। এমতাবস্থায় জনাব আলমগীর অর্থের প্রয়োজনে ২৫ নভেম্বর ২০২১ বিলটিকে 'Q' ব্যাংকে বিক্রি করে ৪,৮৭৫ টাকা পান। আবার জনাব সিকদার তার ব্যবসায়িক লেনদেন নিষ্পত্তির জন্য ব্যাংকে ১,০০০ টাকা জমা দিয়ে এমন একটি হিসাব খোলেন যেখান থেকে সপ্তাহে দুবারের বেশি অর্থ উত্তোলন করতে পারবেন না। সম্পত্তি তার হিসাবে রক্ষিত ৫০,০০০ টাকার অতিরিক্ত উঠানোর প্রয়োজন হলে ব্যাংক কর্মকর্তা তাকে অন্য একটি হিসাব খোলার পরামর্শ দেন। যেখান থেকে তিনি জমাকৃত অর্থের অতিরিক্ত অর্থ উঠানোর সুবিধা পাবেন।

ক. সংরক্ষিত তহবিল কী? ১
খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে ঋণ আমানত সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আলমগীরের ক্ষেত্রে 'Q' ব্যাংকের কাজটি বাণিজ্যিক ব্যাংকের কোন প্রধান কার্যাবলিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব সিকদারের ক্ষেত্রে ব্যাংক কর্মকর্তার পরামর্শের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১১। রত্না ফুডস এন্ড বেভারেজ কোং লি. এর ব্যবস্থাপক ব্যবসায়িক লেনদেন সম্পাদনের জন্য একটি হিসাব খুলতে চাইলে ব্যাংক তাদেরকে একটি ফরম পূরণসহ বেশ কিছু কাগজ পত্রাদি সংযুক্ত করতে বলেন। এছাড়া কোম্পানিটি কিছুদিন পর ঐ ব্যাংক থেকে একটি ইলেকট্রনিক কার্ড গ্রহণ করেন যার মাধ্যমে দেশের বিভিন্নস্থান থেকে বাকিতে মালামাল ক্রয় করা যায়।

ক. মোবাইল ব্যাংকিং কী? ১
খ. ইসলামী ব্যাংকিং ব্যবস্থার 'ইজারা' সেবা ব্যাখ্যা কর। ২
গ. রত্না ফুডস এন্ড বেভারেজ কোং লি. কে হিসাব খোলার জন্য কোন কোন গুরুত্বপূর্ণ কাগজপত্রের কপিসংযুক্ত করা প্রয়োজন? ব্যাখ্যা কর। ৩
ঘ. রত্না ফুডস এন্ড বেভারেজ কোং লি. এর জন্য উদ্দীপকের ইলেকট্রনিক সেবাটি গ্রহণের ক্ষেত্রে ব্যাংকে হিসাব থাকার বাধ্যবাধকতা নেই– তুমি কি এর সাথে একমত? যুক্তি দাও। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | গ | ৮ | গ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | গ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | গ |

## সৃজনশীল

### ফিন্যান্স অংশ

**প্রশ্ন ▶ ০১** কৃষক মিন্টু বসাক তার নিজ এলাকায় মহাজনের নিকট থেকে সাপ্তাহিক ১% হারে চক্রবৃদ্ধি সুদে ঋণ গ্রহণ করেন। যেখানে বার্ষিক সুদ হবে ৫২%। অন্যদিকে জনাব সামাদ 'সূচী ও রুচী' নামক দুটি প্রকল্পের একটিতে বিনিয়োগে আগ্রহী। সূচী প্রকল্প থেকে বিগত তিন বছরের আয়ের পরিমাণ যথাক্রমে ১২%, ১৪%, ৮%। একই সময়ে রুচী প্রকল্পের আয়ের গড় ৫৫% এবং আদর্শ বিচ্যুতি ৫.৫৮%।

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. সুযোগ ব্যয়ের ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. মিন্টু বসাকের প্রকৃত সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. আদর্শ বিচ্যুতি নির্ণয় করে জনাব সামাদের জন্য কোন প্রকল্পে বিনিয়োগ করা লাভজনক হবে তা মূল্যায়ন কর। ৪

### ১নং প্রশ্নের উত্তর

**ক** ঋণকৃত মূলধনের দায় পরিশোধের অক্ষমতা থেকে যে ঝুঁকির সৃষ্টি হয় তাকে আর্থিক ঝুঁকি বলে।

**খ** কোনো একটি প্রকল্পে বিনিয়োগের ফলে অন্য যেকোনো প্রকল্পের আয়ের সুযোগ ত্যাগ করাকে সুযোগ ব্যয় বলে।

উদাহরণস্বরূপ, কোনো এলাকায় জমির মূল্য ১০ বছরে দ্বিগুণ হয়। পক্ষান্তরে, ব্যাংকের সঞ্চয়ী হিসাবে সুদের হার ৮%। এক্ষেত্রে দুটি প্রকল্পের মধ্যে একটি গ্রহণ করতে হবে এবং অন্যটিকে ত্যাগ করতে হবে। মনে করি জমি ক্রয়ে বিনিয়োগ করা হলো এবং সঞ্চয়ী হিসাবের প্রকল্প ত্যাগ করা হলো। এক্ষেত্রে জমি ক্রয়ের সুযোগ ব্যয় হবে ৮% সুদের হার।

**গ** মিন্টু বসাকের প্রকৃত সুদের হার নির্ণয় :

দেওয়া আছে,

সাপ্তাহিক সুদের হার (r) = ১%

∴ বার্ষিক সুদের হার (i) = ৫২% = ০.৫২% [∵ ১ বছর = ৫২ সপ্তাহ]

বছরে চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ৫২ বার [∵ সাপ্তাহিক চক্রবৃদ্ধি]

$$\text{প্রকৃত সুদের হার, EAR} = \left\{\left(১+\frac{i}{m}\right)^{m} - ১\right\} \times ১০০$$

$$= \left\{\left(১+\frac{০\cdot৫২}{৫২}\right)^{৫২} - ১\right\} \times ১০০$$

$$= \left\{(১\cdot০১)^{৫২} - ১\right\} \times ১০০$$

$$= (১\cdot৬৭৭৬৮৮৯২১ - ১) \times ১০০$$

$$= ৬৭\cdot৭৬৮\%$$

∴ মিন্টু বসাকের প্রকৃত সুদের হার ৬৭·৭৬৮%।

**ঘ** সূচী প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় :

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয় − গড়) | ব্যবধানের বর্গ |
|---|---|---|---|
| ১ | ১২ | (১২−১১.৩০) = ০.৬৭ | ০.৪৪৮৯ |
| ২ | ১৪ | (১৪−১১.৩৩) = ২.৬৭ | ৭.১২৮৯ |
| ৩ | ৮ | (৮−১১.৩৩) = − ৩.৩৩ | ১১.০৮৮৯ |
| যোগফল = | ৩৪% | ব্যবধানের বর্গের যোগফল = | ১৮.৬৬৬৭ |
| গড় আয় | $\frac{৩৪}{৩}$ = ১১.৩৩% | ব্যবধানের বর্গের গড় $= \frac{১১.৬৬৬৭}{n-১} = \frac{১৮.৬৬৬৭}{৩-১}$ | = ৯.৩৩ |

$$\therefore \text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{৯.৩৩}$$

$$= ৩.০৫\%$$

লক্ষণীয় যে, সূচী প্রকল্পের গড় আয় ১১.৩৩% এবং আদর্শ বিচ্যুতি ৩.০৫%। অন্যদিকে রুচী প্রকল্পের গড় আয় ৫৫% এবং আদর্শ বিচ্যুতি ৫.৫৮%। এক্ষেত্রে সূচী প্রকল্পের আদর্শ বিচ্যুতি বা ঝুঁকি (৫.৫৮ − ৩.০৫)% = ২.৫৩% কম। তাই, জনাব সামাদের সূচী প্রকল্পে বিনিয়োগ করা লাভজনক হবে।

**প্রশ্ন ▶ ০২** জনাব আহসান উল্লাহ্‌র 'রকমারি স্টোর' নামে একটি মুদি দোকান আছে। সম্প্রতি তিনি তার ব্যাংকে জমাকৃত ১০ লক্ষ টাকা দিয়ে শেয়ার ব্যবসায় ও শুরু করেন। অন্যদিকে হোটেল ব্যবসায়ী জনাব রাকিব 'সম্প্রীতি' নামে একটি দাতব্য প্রতিষ্ঠানে অর্থ বিনিয়োগ করেন।

ক. সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী? ১

খ. সেলুন ব্যবসায়ের জন্য হুইলচেয়ার ক্রয় কোন ধরনের সিদ্ধান্ত? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আহসান উল্লাহ্ অর্থায়নের কোন নীতিটি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'রকমারি স্টোর' ও 'সম্প্রীতি' প্রতিষ্ঠান দুটির অর্থায়নে উদ্দেশ্য এক নয়− মতামত দাও। ৪

### ২নং প্রশ্নের উত্তর

**ক** সরকারি অর্থায়নের প্রধান উদ্দেশ্য সমাজকল্যাণ বা জনকল্যাণ।

**খ** সেলুনের জন্য হুইল চেয়ার ক্রয় একটি বিনিয়োগ সিদ্ধান্ত।

সেলুনের জন্য হুইল চেয়ার (আসবাবপত্র) একটি স্থায়ী সম্পত্তি। আর স্থায়ী সম্পত্তি ক্রয়জনিত সিদ্ধান্ত বিনিয়োগ সিদ্ধান্তের অন্তর্গত। মূলধন বাজেটিং কৌশল প্রয়োগ করে স্থায়ী সম্পত্তি ক্রয় থেকে শুরু করে এসব সম্পত্তি প্রতিস্থাপন, ব্যবসায় সম্প্রসারণ, আধুনিকায়ন এবং অন্যান্য দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের আয়-ব্যয় প্রাক্কলন করে সম্ভাব্য লাভজনকতা বিশ্লেষণ করে তদনুসারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**গ** জনাব আহসান উল্লাহ অর্থায়নের বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টনের নীতিটি অনুসরণ করেছেন।

এ নীতি অনুযায়ী ব্যবসায়িক পণ্যে বৈচিত্র্য আনা হয়। এক ধরনের পণ্য নিয়ে ব্যবসায় করে সাফল্য অর্জন করা কঠিন। তাই, একাধিক ও বৈচিত্র্যপূর্ণ পণ্য নিয়ে ব্যবসায় সাজানো হয়। এর উদ্দেশ্য হলো ঝুঁকি বণ্টন ও বেশি মুনাফা অর্জন করা।

উদ্দীপকে জনাব আহসান উল্লাহ একজন মুদি ব্যবসায়ী। সম্প্রতি তিনি তার ব্যাংকে জমাকৃত ১০ লক্ষ টাকা দিয়ে শেয়ার ব্যবসায় শুরু করেন। এক্ষেত্রে তিনি অর্থায়নের বৈচিত্র্যায়ণের নীতি অনুসরণ করেছেন। দেশের অর্থনৈতিক অবস্থা সবসময় একরকম থাকে না তাই, মুদি দ্রব্যাদির বিক্রি সারা বছর সমান থাকে না। তাই মুনাফা কম – বেশি হওয়ার আশঙ্কা রয়েছে। ফলে তিনি মুদি ব্যবসায়ের পাশাপাশি শেয়ার ব্যবসায় শুরু করেন যাতে মুদি পন্যের বিক্রয় কমে গেলেও শেয়ার বিক্রয় হতে প্রাপ্ত মুনাফা দ্বারা তিনি সেই ক্ষতি পুষিয়ে নিতে পারেন। এর ফলে তার ব্যবসায়ের ঝুঁকি বণ্টিত হবে এবং অধিক মুনাফা অর্জন সম্ভব হবে। তাই বলা যায়, জনাব আহসান উল্লাহ অর্থায়নের বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টনের নীতি অনুসরণ করেছেন।

**ঘ** 'রকমারি স্টোর' ও 'সম্প্রীতি' প্রতিষ্ঠান দুটির অর্থায়নের মূল উদ্দেশ্য এক নয়– এ ব্যাপারে আমি একমত।

ব্যবসায় প্রতিষ্ঠান হলো মুনাফা অর্জনের উদ্দেশ্যে প্রতিষ্ঠান। অপরদিকে মানব কল্যাণের উদ্দেশ্যে গঠিত প্রতিষ্ঠান হলো অব্যবসায়ী প্রতিষ্ঠান। তাই এ দুটি প্রতিষ্ঠানের অর্থায়নের উদ্দেশ্য ভিন্ন।

উদ্দীপকে, জনাব রাকিব একজন হোটেল ব্যবসায়ী। তিনি 'সম্প্রীতি' নামে একটি দাতব্য প্রতিষ্ঠানে অর্থ বিনিয়োগ করেন যেখানে জনকল্যাণের উদ্দেশ্যে স্বল্পমূল্যে বিভিন্ন সেবা প্রদান করা হয়। উদ্দীপকে 'রকমারি স্টোর' প্রতিষ্ঠানটির অর্থায়নের ধরনটি হলো ব্যবসায় অর্থায়ন। এটি মূলত একটি একমালিকানা কারবার। কারণ এর মালিক একজন। এ ধরনের কারবারের অর্থায়নের বৈশিষ্ট্য হচ্ছে বিনিয়োগের জন্য অর্থ সংগ্রহ ও অর্থ ব্যবস্থাপনা। তহবিল সংগ্রহের উৎস হিসেবে মালিকের নিজস্ব তহবিল, মুনাফা, আত্মীয়স্বজন থেকে গৃহীত ঋণ ইত্যাদি ব্যবহৃত হয়। এ ধরনের প্রতিষ্ঠানে লাভ হলে মালিক একা ভোগ করে, লোকসান হলে ক্ষতিপূরণের জন্য মালিকের ব্যক্তিগত সম্পত্তি ব্যবহৃত হয়। নিজস্ব তহবিল নিয়োগ করে এর যথাযোগ্য ব্যবহার নিশ্চিত করে মুনাফা অর্জন করাই এ ধরনের প্রতিষ্ঠানের অর্থায়নের মূল উদ্দেশ্য। অন্যদিকে 'সম্প্রীতি' একটি অব্যবসায়ী প্রতিষ্ঠান। এ ধরনের প্রতিষ্ঠানের অর্থায়নের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন নয় বরং জনকল্যাণ।

তাই বলা যায়, 'রকমারি স্টোর' ও 'সম্প্রীতি' প্রতিষ্ঠান দুটির অর্থায়নের মূল উদ্দেশ্য এক নয়।

**প্রশ্ন ▶ ০৩** জনাব আসলাম এককালীন প্রাপ্ত ১ লক্ষ টাকা ৮% সুদে 'A' কোম্পানির বন্ডে বিনিয়োগ করেন। কিন্তু কিছু দিন পর অর্থের সংকট হওয়ায় বন্ডগুলো কম বাজার মূল্যে বিক্রি করে ক্ষতিগ্রস্ত হন। অন্যদিকে মান্নান এন্টারপ্রাইজ 'মুন' ও 'স্টার' নামে দুটি প্রকল্পে বিনিয়োগ করতে চান' উভয় প্রকল্পের মেয়াদ ৩ বছর ও প্রাথমিক বিনিয়োগ ১৫ লক্ষ টাকা, "মুন" প্রকল্পের ৩ বছরের নগদ প্রবাহ যথাক্রমে ৭ লক্ষ, ৯ লক্ষ ও ৪ লক্ষ টাকা, অন্য দিকে তিনি 'স্টার' প্রকল্প থেকে ৩ বছরেই বিনিয়োগকৃত অর্থ ফেরত আসবে বলে আশা করছেন।

ক. মোট মুনাফা থেকে কর বাদ দিলে কী পাওয়া যায়? ১

খ. অর্থায়নের সাফল্যের চাবিকাঠি কী? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আসলাম তার ব্যবসায়ের কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছেন। বর্ণনা কর। ৩

ঘ. 'মুন' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয়পূর্বক মান্নান এন্টারপ্রাইজের কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত বলে তুমি মনে কর? মতামদ দাও। ৪

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** মোট মুনাফা থেকে কর বাদ দিলে নিট মুনাফা পাওয়া যায়।

**খ** মূলধন বাজেটিং হলো অর্থায়নের সাফল্যের চাবিকাঠি।

মূলধন বাজেটিং বাস্তবসম্মত ও সঠিক হলে ব্যবসায় প্রতিষ্ঠান সফল হয়। তবে এটি ব্যর্থ হলে ব্যবসায় প্রতিষ্ঠানও ব্যর্থ হয়। এ ব্যর্থতার দায়িত্ব অর্থ ব্যবস্থাপককে নিতে হয় বলে তিনি সঠিকভাবে মূলধন বাজেটিং করতে সচেস্ট থাকেন। ব্যবসায়ীরা দীর্ঘমেয়াদি বিনিয়োগে মূলধন বাজেটিং এর মাধ্যমে সম্পত্তিতে বিনিয়োগ করে। যার মাধ্যমে মুনাফা অর্জনের চাকা সচল থাকে। তাই মুনাফা অর্জনে মূলধন বাজেটিং এর গুরুত্ব অপরিসীম।

**গ** উদ্দীপকের জনাব আসলাম তার ব্যবসায়ে সুদের হারের ঝুঁকির সম্মুখীন হয়েছেন।

বিনিয়োগকারী বন্ড, ডিবেঞ্চার ইত্যাদি কিনলে সুদের হারের ঝুঁকি মোকাবিলা করতে হয়। বাজারে সুদের হারের পরিবর্তন হলে বিনিয়োগের মূল্য উঠানামা করে। সুদের হার বাড়লে বন্ড, ডিবেঞ্চারের বাজারমূল্য কমে। আবার সুদের হার কমলে এসব বিনিয়োগের বাজারমূল্য বাড়ে।

উদ্দীপকে জনাব আসলাম ১০% সুদে 'A' কোম্পানির বন্ডে বিনিয়োগ করেন। কিছুদিন পর তিনি অর্থের সংকট হওয়ায় বন্ডগুলো বাজারে বিক্রি করেন। কিন্তু বাজারমূল্যে বিক্রি করায় তিনি ক্ষতিগ্রস্ত হন। মূলত সুদের হার বেড়ে যাওয়ায় জনাব আসলামের বন্ডের বাজারমূল্য কমে গিয়েছে। ফলে তাকে কম মূল্যে বন্ডগুলো বিক্রি করে দিতে হয়। এভাবে সুদের হারের পরিবর্তনের কারণে তিনি ক্ষতিগ্রস্ত হন। তাই বলা যায়, জনাব আসলাম বন্ড বিক্রি করে সুদের হারের ঝুঁকির সম্মুখীন হয়েছেন।

**ঘ** 'মুন' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় :

| বছর | বার্ষিক নগদ প্রবাহ (টাকায়) | ক্রমযোজিত নগদ প্রবাহ (টাকায়) |
|---|---|---|
| ০ | – ১৫,০০,০০০ | – ১৫,০০,০০০ |
| ১ | ৭,০০,০০০ | – ৮,০০,০০০ |
| ২ | ৯,০০,০০০ | ১,০০,০০০ |
| ৩ | ৪,০০,০০০ | ৫,০০,০০০ |

$$\therefore \text{ পে-ব্যাক সময় } = ১ + \frac{৮,০০,০০০}{৯,০০,০০০} \text{ বছর}$$
$$= (১ + ০.৮৮) \text{ বছর}$$
$$= ১.৮৮ \text{ বছর}$$

এখানে লক্ষণীয় যে, 'মুন' প্রকল্পের পে-ব্যাক সময় ১.৮৮ বছর। অন্যদিকে 'স্টার' প্রকল্পের পে-ব্যাক সময় ৩ বছর (প্রশ্নে প্রদত্ত) যা 'মুন' প্রকল্প থেকে বেশি। পে-ব্যাক সময় সিদ্ধান্ত নীতি অনুযায়ী যে প্রকল্পের পে-ব্যাক সময় যত কম সে প্রকল্প তত বেশি গ্রহণযোগ্য। তাই, মান্নান এন্টারপ্রাইজের 'মুন' প্রকল্পটি গ্রহণ করা উচিত বলে আমি মনে করি।

**প্রশ্ন ▶ ০৪** শীতবস্ত্র উৎপাদনকারী জনাব জালাল আহমেদ এ বছর শীত বেশি পড়বে এই আশায় নতুন মেশিন কিনে অধিক পরিমাণে শীতবস্ত্র উৎপাদন করেন। কিন্তু পরবর্তীতে শীত তেমন না হওয়ায় তিনি অতিরিক্ত শীতবস্ত্র বিক্রিতে ব্যর্থ হন। অন্য দিকে জনাব আরমান পৈত্রিক সম্পত্তি থেকে প্রাপ্ত ৫ লক্ষ টাকা ৫ বছরের জন্য "সততা ব্যাংকে" জমা রাখতে চাইলে তার বন্ধু তাকে উক্ত অর্থ সাধারণ শেয়ারে বিনিয়োগ করলে বেশি লাভবান হবেন বলে জানান।

ক. ব্যবসায়িক ঝুঁকি কী? ১

খ. উপযুক্ততার নীতি অনুসারে কীভাবে অর্থায়ন করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. মূলধন বাজেটিং এর কোন সঠিক সিদ্ধান্তের অভাবে জনাব জালাল ক্ষতির সম্মুখীন হন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আরমানের জন্য কোনটি ঝুঁকিমুক্ত ক্ষেত্র হবে বলে তুমি মনে কর? বিশ্লেষণ করো। ৪

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** পরিচালনা খরচ পরিশোধের অক্ষমতা থেকে যে ঝুঁকির সৃষ্টি হয় তাকে ব্যবসায়িক ঝুঁকি বলে।

**খ** উপযুক্ততার নীতি অনুসারে ব্যবসায়ের চলতি মূলধন স্বল্পমেয়াদি উৎস এবং স্থায়ী মূলধন দীর্ঘমেয়াদি উৎস হতে অর্থায়ন করা হয়।

উপযুক্ততার নীতি অনুসারে ব্যবসায়ীগণ বিভিন্ন স্থায়ী ব্যয় যেমন– মেশিন ক্রয়, দালানকোঠা নির্মাণ প্রভৃতির জন্য দীর্ঘমেয়াদি উৎস ব্যবহার করে থাকেন। সাধারণত বাণিজ্যিক ব্যাংক, বিনিয়োগ ব্যাংক, বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান এ দীর্ঘমেয়াদি অর্থ প্রদান করে। আবার প্রতিষ্ঠানের বিক্রয়লব্ধ আয় দ্বারা চলতি মূলধনের সংস্থান করা হয়। কারণ দীর্ঘমেয়াদী উৎস দ্বারা চলতি ব্যয় নির্বাহ করা হলে উপার্জিত আয় হতে ঋণের সুদ পরিশোধ করা অসম্ভব হয়ে যায়।

**গ** জনাব জালাল মূলধন বাজেটিং এর মাধ্যমে সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের অভাবে ক্ষতির সম্মুখীন হন।

কোন খাতে বিনিয়োগ করলে কম ঝুঁকিতে বেশি লাভ করা যাবে সে সিদ্ধান্ত গ্রহণ করাকে বিনিয়োগ সিদ্ধান্ত বলে। যেমন : স্থায়ী সম্পত্তি ক্রয়জনিত সিদ্ধান্ত দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের অন্তর্গত।

উদ্দীপকে শীতবস্ত্র উৎপাদনকারী জনাব জালাল আহমেদ এ বছর শীত বেশি পড়বে এই আশায় নতুন মেশিন কিনে অধিক পরিমাণে শীতবস্ত্র উৎপাদন করেন। কিন্তু পরবর্তীতে শীত তেমন না পড়ায় তিনি অতিরিক্ত শীতবস্ত্র বিক্রিতে ব্যর্থ হন। তার নতুন মেশিন ক্রয় দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের অন্তর্গত। এক্ষেত্রে মূলধন বাজেটিং এর কৌশল প্রয়োগ করে মেশিন ক্রয় থেকে শুরু করে মেশিনটি প্রতিস্থাপন, ব্যবসায় সম্প্রসারণ, আধুনিকায়ন ও অন্যান্য দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের আয়-ব্যয় প্রাক্কলন করে সম্ভাব্য লাভজনকতা বিশ্লেষণ করে তদনুসারে সিদ্ধান্ত গ্রহণ করা উচিত ছিল। নতুন মেশিন দ্বারা প্রস্তুতকৃত শীতবস্ত্রের বিক্রয় যদি পূর্বের তুলনায় বৃদ্ধি পায়, এতে করে যদি মুনাফা ও নগদ প্রবাহ বৃদ্ধি পায় এবং সর্বমোট নগদ প্রবাহ যদি মেশিনের ক্রয়মূল্য থেকে বেশি হয় অর্থাৎ বিনিয়োগ সিদ্ধান্তটি লাভজনক হয় তবেই মেশিনটি গ্রহণযোগ্য হবে। জনাব জালাল মূলধন বাজেটিং এর মাধ্যমে তার বিনিয়োগ সিদ্ধান্তটি সঠিকভাবে মূল্যায়ন করতে ব্যর্থ হওয়ায় ক্ষতির সম্মুখীন হন।

**ঘ** জনাব আরমানের জন্য 'সততা ব্যাংকে' টাকা জমা রাখা ঝুঁকিমুক্ত ক্ষেত্র হবে বলে আমি মনে করি।

প্রত্যাশিত আয় থেকে প্রকৃত আয়ের মধ্যে ব্যবধান হবার সম্ভাবনা হচ্ছে ঝুঁকি। সাধারণত আয়ের একটি ধরন ঝুঁকিমুক্ত, আর অন্যটা ঝুঁকিযুক্ত। ঝুঁকিযুক্ত বিনিয়োগ থেকে প্রাপ্ত আয় নির্দিষ্ট থাকে বলে একে ঝুঁকিমুক্ত আয় বলা হয়।

উদ্দীপকে জনাব আরমান পৈত্রিক সম্পত্তি থেকে প্রাপ্ত ৫ লক্ষ টাকা ৫ বছরের জন্য 'সততা ব্যাংকে' জমা রাখতে চাইলে তার বন্ধু তাকে উক্ত অর্থ সাধারণ শেয়ারে বিনিয়োগ করলে বেশি লাভবান হবে বলে জানায়।

ব্যাংকে মেয়াদি আমানত রাখলে প্রত্যাশিত আয় ও প্রকৃত আয়ের মধ্যে তেমন পার্থক্য হয় না। আয়ের হার নির্দিষ্ট থাকে বলে এটি ঝুঁকিমুক্ত আয়। অর্থাৎ জনাব আরমান 'সততা ব্যাংকে' টাকা রাখলে তার অর্জিত আয় ঝুঁকিমুক্ত আয় হিসেবে গণ্য হবে। পক্ষান্তরে, তিনি তার বন্ধুর পরামর্শে সাধারণ শেয়ারে বিনিয়োগ করলে ভবিষ্যতে প্রাপ্ত লভ্যাংশ তার প্রত্যাশিত লভ্যাংশের সমান নাও হতে পারে। কারণ, ভবিষ্যতে কোম্পানি কী পরিমাণ লভ্যাংশ দেবে সেটি নির্ভর করে ভবিষ্যৎ বছরগুলোতে কোম্পানির অর্জিত মুনাফা ও অন্যান্য বিষয়ের উপর। আয়ের হার নির্দিষ্ট থাকে না বলে সাধারণ শেয়ার থেকে প্রাপ্ত আয় সবচেয়ে বেশি ঝুঁকি বহুল আয় হিসেবে গণ্য হয়। তাই বলা যায়, জনাব আরমানের জন্য ব্যাংকে টাকা রাখা ঝুঁকিমুক্ত ক্ষেত্র হবে বলে আমি মনে করি।

**প্রশ্ন ▶ ০৫** জনাব রুম্মানের তার কনফেকশনারি ব্যবসায়ের জন্য একটি রেফ্রিজারেটর কিনলেন। আর এই রেফ্রিজারেটর ক্রয়ের অর্থ তিনি নিজস্ব তহবিল থেকে সংগ্রহ করেন। কিন্তু কিছুদিন পর তার ব্যবসায়ের বিক্রি কমে গেলে ব্যবসায়ের কর্মচারীদের মজুরি, বিদ্যুৎ বিল, দোকান ভাড়া পরিশোধে ব্যর্থ হন।

ক. অর্থের সময়মূল্য নির্ধারণের কারণ কী? ১

খ. বাট্টাকরণ প্রক্রিয়া কী? ব্যাখ্যা কর। ২

গ. জনাব রুম্মানের রেফ্রিজারেটর ক্রয় আর্থিক ব্যবস্থাপকের কোন ধরনের সিদ্ধান্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. অর্থায়নের একটি বিশেষনীতি লঙ্ঘনের কারণেই জনাব রুম্মান বর্তমান পরিস্থিতির সম্মুখীন– তুমি কী এর সাথে একমত? বিশ্লেষণ কর। ৪

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** প্রকল্প মূল্যায়ন, ঋণ গ্রহণ সিদ্ধান্ত, সুযোগ ব্যয় ইত্যাদির ব্যাপারে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করার জন্য অর্থের সময়মূল্য নির্ধারণ করা হয়।

**খ** অর্থের বর্তমান মূল্য নির্ণয়ের পদ্ধতিকে বাট্টাকরণ প্রক্রিয়া বলে। অর্থের ভবিষ্যৎ মূল্য জানা থাকলে বর্তমান মূল্য নির্ণয় করা যায়। একে বলে বাট্টাকরণ প্রক্রিয়া। একাধিকবার চক্রবৃদ্ধিকরণের ক্ষেত্রেও ভবিষ্যৎ মূল্য থেকে বাট্টাকরণের মাধ্যমে বর্তমান মূল্য নির্ণয় করা যায়। সাধারণত বর্তমান মূল্য নির্ণয়ে নিম্নোক্ত সূত্র ব্যবহার করা হয়–

$$\text{বর্তমান মূল্য (PV)} = \frac{\text{ভবিষ্যৎ মূল্য (FV)}}{(১ + \text{সুদের হার})^{\text{মেয়াদ}}}$$

**গ** জনাব রুম্মানের রেফ্রিজারেটর ক্রয় আর্থিক ব্যবস্থাপকদের ব্যয় সিদ্ধান্ত বা বিনিয়োগ সিদ্ধান্ত কাজটি নির্দেশ করে।

ব্যয় সিদ্ধান্তের অপর নাম বিনিয়োগ সিদ্ধান্ত। প্রতিষ্ঠানের সংগৃহীত তহবিল কোন কোন খাতে ব্যয় করা হবে সে সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণই

হলো বিনিয়োগ সিদ্ধান্ত। প্রতিষ্ঠানের স্থায়ী ব্যয় নির্বাহ অর্থাৎ যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়, কারখানা নির্মাণ খরচ প্রভৃতি ব্যয় সিদ্ধান্ত বা বিনিয়োগ সিদ্ধান্তের অন্তর্ভুক্ত। এ ধরনের বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করার আগে প্রতিষ্ঠানের সম্ভাব্য আগমন-নির্গমনের একটি পরিকল্পনা করতে হয়।

উদ্দীপকে জনাব রুমান প্রতি বছর তার ব্যবসায়ের জন্য একটি রেফ্রিজারেটর ক্রয় করেন। যন্ত্রপাতি স্থায়ী সম্পত্তি বিধায় এতে বিনিয়োগ দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের অন্তর্ভুক্ত।

উদ্দীপকে জনাব রুম্মানের ক্রয়কৃত রেফ্রিজারেটর দ্বারা তার কনফেকশনারীর পণ্য সামগ্রীর বিক্রয়, মুনাফা ও নগদ প্রবাহ যদি বৃদ্ধি পায় এবং সর্বমোট নগদ প্রবাহ যদি রেফ্রিজারেটর ক্রয়মূল্য থেকে বেশি হয় তবে বিনিয়োগটি লাভজনক হবে। এক্ষেত্রে বিভিন্ন মূল্যায়ন প্রক্রিয়া ব্যবহার করে রেফ্রিজারেটর ক্রয় কতটুকু লাভজনক হবে তা নির্ধারণ করে তাকে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করতে হয়। তাই বলা যায়, জনাব রুম্মানের ব্যবসায়ের জন্য রেফ্রিজারেটর ক্রয় আর্থিক ব্যবস্থাপকের বিনিয়োগ সিদ্ধান্ত কাজটি নির্দেশ করে।

**ঘ** অর্থায়নের 'তারল্য বনাম মুনাফানীতি' লঙ্ঘনের কারণেই জনাব রুম্মান বর্তমান পরিস্থিতির সম্মুখীন। -এর সাথে আমি একমত।

এ নীতি অনুযায়ী নগদ অর্থ (তারল্য) ও বিনিয়োগের (মুনাফা) মধ্যে সমন্বয় করা হয়। হাতে নগদ অর্থ বেশি রাখলে মুনাফা কমে যায়। অন্যদিকে অতিরিক্ত অর্থ বিনিয়োগ করলে তারল্য ঘাটতি দেখা দেয়।

উদ্দীপকে জনাব রুম্মান নিজস্ব তহবিল থেকে ব্যবসায়ের জন্য একটি রেফ্রিজারেটর ক্রয় করেন। কিছুদিন পর তার বিক্রয় কমে গেলে তিনি কর্মচারীর মজুরি, বিদ্যুৎ বিল, দোকান ভাড়া পরিশোধ করতে ব্যর্থ হন। জনাব রুম্মান নগদ অর্থ ও বিনিয়োগের মধ্যে সমন্বয় করতে পারেননি। তারল্য বনাম মুনাফা নীতি অনুযায়ী ব্যবসায়ীকে তারল্য ও বিনিয়োগের মধ্যে ভারসাম্য রেখে আর্থিক ব্যবস্থাপনা করতে হয়। বেশি নগদ অর্থ হাতে রাখলে বিনিয়োগ থেকে তার প্রাপ্য আয় কমে যাবে। আবার প্রয়োজনের চেয়ে কম নগদ অর্থ হাতে রাখলে চলতি ব্যয় নির্বাহে সমস্যা দেখা দিবে। এর ফলে ব্যবসায় সুষ্ঠুভাবে পরিচালনা করা যাবে না। জনাব রুম্মান রেফ্রিজারেটররে অতিরিক্ত বিনিয়োগ করায় নগদ অর্থের (তারল্য) ঘাটতি দেখা দেয় যার কারণে তিনি তার ব্যবসায়ের প্রয়োজনীয় দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করতে পারছেন না। অর্থাৎ তার ব্যবসায়ে চলতি ব্যয় নির্বাহে সমস্যা হচ্ছে। তাই বলা যায়, জনাব রুম্মানের ব্যবসায়ে তারল্য বনাম মুনাফা নীতিটি অনুসরণ না করায় তাকে সমস্যায় পড়তে হয়।

**প্রশ্ন ▶ ০৬** জনাব শান্ত ১০% সরল সুদে ৫ বছরের জন্য M ব্যাংকে ১০,০০০ টাকা জমা রেখেছেন। কিন্তু তার বন্ধু মিন্টু তাকে একই মেয়াদে মাসিক চক্রবৃদ্ধি ৯% হারে 'N' ব্যাংকে টাকা জমা রাখতে পরামর্শ দিল।

ক. মূলধন বাজেটিং এর ব্যর্থতার দায়ভার কাকে নিতে হয়? ১
খ. যৌথ মূলধনি কোম্পানি কীভাবে অর্থায়ন করে? ব্যাখ্যা কর। ২
গ. জনাব শান্তর অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় কর। ৩
ঘ. জনাব মিন্টুর পরামর্শের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** অর্থ ব্যবস্থাপককে মূলধন বাজেটিংয়ের ব্যর্থতার দায়ভার নিতে হয়।

**খ** যৌথ মূলধনী কোম্পানি বাজারে শেয়ার, বন্ড ও ডিবেঞ্চার বিক্রয়ের মাধ্যমে অর্থায়ন করে।

যৌথ মূলধনী কোম্পানি সরকারের অনুমোদন নিয়ে শেয়ার বাজারে শেয়ার ইস্যুর মাধ্যমে মূলধন সংগ্রহ করতে পারে। শেয়ারহোল্ডারগণ কোম্পানির মালিক হিসেবে গণ্য হয়। শেয়ার ছাড়াও বন্ড ও ডিবেঞ্চার বিক্রয় করে যৌথ মূলধনী কোম্পানি সাধারণ জনগণ থেকে ঋণের মাধ্যমে তহবিল সংগ্রহ করতে পারে। সেক্ষেত্রে কোম্পানিকে ডিবেঞ্চার হোল্ডারদের নির্দিষ্ট হারে নিয়মিতভাবে সুদ প্রদান করতে হয়।

**গ** জনাব শান্তর 'M' ব্যাংকে জমাকৃত অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় :

এখানে,

বর্তমান মূল্য (PV) = ১০,০০০ টাকা
মেয়াদকাল (n) = ৫ বছর
সুদের হর (i) = ১০% = ০.১০

আমরা জানি,

সরল সুদে ভবিষ্যৎ মূল্য (FV) = PV + (PV × i × n)
= ১০,০০০ + (১০,০০০ × ১০ × ৫)
= ১০,০০০ + ৫,০০০
= ১৫,০০০ টাকা

∴ জনাব শান্তর অর্থের ভবিষ্যৎ মূল্য ১৫,০০০ টাকা।

**ঘ** জনাব মিন্টুর পরামর্শের যৌক্তিকতা বিশ্লেষণে 'N' ব্যাংকে জমাকৃত টাকার ভবিষ্যৎ মূল্য নির্ণয় :

এখানে,

বর্তমান মূল্য (PV) = ১০,০০০ টাকা
মেয়াদকাল (n) = ৫ বছর
সুদের হর (i) = ৯% = ০.০৯
বছরে চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ১২ বার

আমরা জানি,

$$\text{ভবিষ্যৎ মূল্য (FV)} = PV\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}$$
$$= ১০,০০০\left(১ + \frac{০৯}{১২}\right)^{৫ \times ১২}$$
$$= ১০,০০০\,(১.০০৭৫)^{৬০}$$
$$= ১৫,৬৫৬.৮১ \text{ টাকা (প্রায়)}$$

∴ লক্ষণীয় যে, জনাব শান্ত ১০,০০০ টাকা ৫ বছরের জন্য 'M' ব্যাংকে জমা রাখলে মেয়াদ শেষে ১৫,০০০ টাকা পাবেন। অন্যদিকে তার বন্ধু মিন্টুর পরামর্শে একই পরিমাণ টাকা একই সময়ের জন্য 'N' ব্যাংকে জমা রাখলে মেয়াদ শেষে ১৫,৬৫৬.৮১ টাকা পাবেন। অর্থাৎ 'N' ব্যাংকে জমা রাখলে বেশি টাকা পাবেন। তাই বলা যায়, জনাব মিন্টুর দেওয়া পরামর্শটি যৌক্তিক বলে প্রতীয়মান হয়।

## ব্যাংকিং অংশ

**প্রশ্ন ▶ ০৭** জনাব শাহেদ চামড়ার জুতা-স্যান্ডেল তৈরির ব্যবসায়ের মালিক। সম্প্রতি তার ব্যবসায়ের উৎপাদন বৃদ্ধির জন্য 'পদ্মা ব্যাংক' থেকে ঋণ গ্রহণ করেন। 'পদ্মা ব্যাংক' তাকে উৎপাদন বৃদ্ধির জন্য পুরানো মেশিনের স্থলে নতুন মেশিন ক্রয়ের পরামর্শ দেন। আবার পদ্মা ব্যাংকের কর্মকর্তা, কর্মচারীবৃন্দ অত্যন্ত দক্ষতার সাথে ব্যাংকিং কার্যক্রম পরিচালনাসহ গ্রাহকদের বিভিন্ন মুখী সেবা প্রদান করে আসছেন।

ক. কৃষি ব্যাংক কী? ১
খ. ব্যাংক কীভাবে মূলধন গঠনে সহায়তা করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ১ম ক্ষেত্রে ব্যাংক গ্রাহকদের প্রেক্ষাপটে "পদ্মা ব্যাংকের" কোন উদ্দেশ্যটি সাধিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'দক্ষতার সাথে টিকে থাকার জন্য পদ্মা ব্যাংকের মত ব্যাংকগুলোর উদ্দীপকের উল্লিখিত বিশেষ নীতিটি অবলম্বন করা একান্ত প্রয়োজন– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৭নং প্রশ্নের উত্তর**

**ক** কৃষিক্ষেত্রে উন্নয়নের লক্ষ্যে কৃষকগণকে বিভিন্ন মেয়াদের ঋণ প্রদানসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানের লক্ষ্যে যে ব্যাংক কাজ করে তাকে কৃষি ব্যাংক বলে।

**খ** জনগণের ছড়িয়ে-ছিটিয়ে থাকা সঞ্চয়গুলো বিভিন্ন হিসাবের মাধ্যমে একত্রিত করে বাণিজ্যিক ব্যাংক মূলধন গঠন করে।

গ্রাহকদের কাছ থেকে তাদের সঞ্চিত অর্থ বিভিন্ন হিসাবের (যথা : চলতি, সঞ্চয়ী, স্থায়ী) মাধ্যমে বাণিজ্যিক ব্যাংক আমানত হিসেবে সংগ্রহ করে। এভাবে সংগৃহীত ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়গুলো একত্রিত করে ব্যাংক বড় অঙ্কের মূলধন বা পুঁজি গঠন করে। এ তহবিল থেকে ব্যাংক বিভিন্ন উৎপাদনশীল ও লাভজনক খাতে বিনিয়োগ বা ঋণদান করে।

**গ** উদ্দীপকের ১ম ক্ষেত্রে ব্যাংক গ্রাহকদের প্রেক্ষাপটে 'পদ্মা' ব্যাংকের 'উপদেষ্টা ও পরামর্শদাতা' উদ্দেশ্যটি সাধিত হয়েছে।

ব্যাংকের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন গোত্রের প্রেক্ষাপটে ব্যাংকের উদ্দেশ্য ভিন্ন ধরনের হয় এর মধ্যে ব্যাংক গ্রাহকের প্রেক্ষাপটে ব্যাংকের কিছু উদ্দেশ্য রয়েছে। আমানত সৃষ্টি, নিরাপত্তা প্রদান, উপদেষ্টা ও পরামর্শদাতা হিসেবে কাজ, অর্থ স্থানান্তর, জীবনযাত্রার মানোন্নয়ন ইত্যাদি গ্রাহকের প্রেক্ষাপটে ব্যাংকের কাজ।

উদ্দীপকে জনাব শাহেদ একজন চামড়ার জুতা-স্যান্ডেল তৈরির ব্যবসায়ী। সম্প্রতি তিনি তার ব্যবসায়ের উৎপাদন বৃদ্ধির জন্য 'পদ্মা' ব্যাংক থেকে ঋণ গ্রহণ করেন। 'পদ্মা' ব্যাংক তাকে উৎপাদন বৃদ্ধির জন্য পুরানো মেশিনের স্থলে নতুন মেশিন ক্রয়ের পরামর্শ দেয়। ব্যাংক যখন কোনো প্রকল্পে অর্থ লগ্নি করে, তখন প্রকল্পের লাভজনকতা মূল্যায়ন করে সে ব্যাপারে নিশ্চিত হলেই অর্থায়নে জড়িত হয়। প্রকল্পটি যদি পরিবর্ধন, পরিমার্জন করতে হয়, ব্যাংক সে বিষয়ে ঋণ গ্রহীতাকে পরামর্শ প্রদান করে। এছাড়াও বিভিন্ন রকম আর্থিক ও অর্থসংক্রান্ত পরামর্শ ব্যাংক গ্রাহককে দিয়ে থাকে যা গ্রাহকদের প্রেক্ষাপটে ব্যাংকের একটি উদ্দেশ্য। তাই, জনাব শাহেদকে পুরাতন মেশিনের স্থলে নতুন মেশিন ক্রয়ের পরামর্শ প্রদানের মাধ্যমে 'পদ্মা' ব্যাংকের "উপদেষ্টা ও পরামর্শ দাতা" উদ্দেশ্যটি সাধিত হয়েছে।

**ঘ** "দক্ষতার সাথে টিকে থাকার জন্য পদ্মা ব্যাংকের মতো ব্যাংকগুলোর উদ্দীপকে উল্লিখিত 'দক্ষতার নীতিটি' অবলম্বন করা একান্ত প্রয়োজন" উক্তিটি যথার্থ।

কম শ্রম ও স্বল্পব্যয়ে সার্থকভাবে ব্যাংকিং কার্যাবলি সম্পাদন করার নীতিকে ব্যাংকিং ব্যবসায়ের দক্ষতার নীতি বলে।

উদ্দীপকে 'পদ্মা' ব্যাংকটি তার গ্রাহক জনাব শাহেদকে ব্যবসায়ের উৎপাদন বৃদ্ধির জন্য ঋণ প্রদান করে। এছাড়া ব্যাংকটি তাকে উৎপাদনবৃদ্ধি কল্পে বিভিন্ন পরামর্শ দেয়। এ ব্যাংকের কর্মকর্তা, কর্মচারীবৃন্দ অত্যন্ত দক্ষতার সাথে ব্যাংকিং কার্যক্রম পরিচালনাসহ গ্রাহকদের বিভিন্নমুখী সেবা প্রদান করে আসছে।

দক্ষতার নীতি অনুযায়ী ব্যাংক ব্যবস্থাপনায় বোর্ড, কর্মকর্তা, কর্মচারীদের দক্ষতায় ব্যাংকের সাফল্য অনেকাংশে নির্ভর করে। সুদক্ষ কর্মী নিয়োগের মাধ্যমে ব্যাংকের দক্ষতা বৃদ্ধি পায়। এতে প্রতিষ্ঠান ও মালিক উভয়ের সুনাম বৃদ্ধি পায়। এ নীতি অনুযায়ী ব্যাংক সব কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতার সাথে কাজে লাগিয়ে প্রতিযোগিতামূলক বিশ্বে সাফল্য অর্জন করতে পারে।

তাই, "দক্ষতার সাথে টিকে থাকার জন্য 'পদ্মা' ব্যাংকের মতো ব্যাংকগুলোর দক্ষতার নীতিটি অবলম্বন করা একান্ত প্রয়োজন" উক্তিটি যথার্থ।

**প্রশ্ন ▶ ০৮** জনাব ফয়সাল আহমেদ দক্ষিণ কোরিয়ায় চিংড়ি রফতানি করেন। কোরিয়ান 'ওন' টাকায় পরিণত করার প্রয়োজন হলে 'সিনথি ব্যাংক' কাজটিতে সহায়তা করে। 'সিনথি' বাংলাদেশ ব্যাংকের তালিকাভুক্ত এবং উক্ত ব্যাংকের ঋণের সুদ তুলনামূলকভাবে কম। হঠাৎ জনাব ফয়সালের ব্যবসায়ে অর্থের প্রয়োজন হলে তার বন্ধুরা তাকে "কাপ্তাই ব্যাংকের" মাধ্যমে লেনদেন করতে বলেন। কিন্তু তিনি খোঁজ নিয়ে জানতে পারেন 'কাপ্তাই ব্যাংকের' আমানতের ও ঋণের সুদ উভয়ই বেশি এবং ঋণ গ্রহণের আনুষ্ঠানিকতাও জটিল।

ক. ব্যাংকিং ব্যবসায় তহবিলের মূল উৎস কী? ১

খ. ডিপোজিট পেনশন স্কিম কী? ব্যাখ্যা কর। ২

গ. 'সিনথি ব্যাংকের' ১ম কাজটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে অনুসারে জনাব ফয়সাল আহমেদের জন্য কোন ব্যাংকটির সাথে লেনদেন করা যথার্থ হবে বলে তুমি মনে কর? মূল্যায়ন কর। ৪

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যাংকিং ব্যবসায়ের তহবিলের মূল উৎস হলো আমানত।

**খ** যে হিসাবে গ্রাহকরা নির্দিষ্ট সময় পর পর দীর্ঘমেয়াদে টাকা জমা রাখে ও মেয়াদপূর্তিতে সুদসহ এককালীন টাকা ফেরত পায় সে হিসাবকে ডিপোজিট পেনশন স্কিম (ডিপিএস) হিসাব বলা হয়।

এ হিসাবে দীর্ঘমেয়াদে বিনিয়োগ করা হয় এবং নির্দিষ্ট সময়ান্তে সুদসহ টাকা জমাকারীকে ফেরত দেওয়া হয়। এটি জমাকারীর জন্য মূলধন হিসেবে কাজ করে। ঝুঁকিমুক্ত বিনিয়োগকারীদের জন্য এটি একটি বিশেষ সুবিধাযুক্ত হিসাব।

**গ** উদ্দীপকে, 'সিনথি ব্যাংকের' ১ম কাজটি হলো আমদানি-রপ্তানিতে সাহায্য।

আমদানিকারকদের দেশি মুদ্রা থেকে বৈদেশিক মুদ্রায় ও রপ্তানিকারকদের বৈদেশিক মুদ্রা থেকে দেশি মুদ্রায় রূপান্তর করার প্রয়োজন হয়। এ কাজে সহায়তা করা বাণিজ্যিক ব্যাংকগুলোর অন্যতম কাজ।

উদ্দীপকে জনাব ফয়সাল আহমেদ দক্ষিণ কোরিয়ায় চিংড়ি রপ্তানি করেন। কোরিয়ান 'ওন' টাকায় পরিণত করার প্রয়োজন হলে 'সিনথি ব্যাংক' কাজটিতে সহায়তা করে। বাণিজ্যিক ব্যাংক আমদানি-রপ্তানি বাণিজ্যে প্রত্যয়পত্র ইস্যুর মাধ্যমে আমদানিকারকের পক্ষে রপ্তানিকারককে মূল্য পরিশোধের নিশ্চয়তা দেয়। আবার ব্যবসায়িক প্রতিনিধি হিসেবে বৈদেশিক লেনদেন নিষ্পত্তিতে দেশি মুদ্রা থেকে বৈদেশিক মুদ্রায় রুপান্তরে ব্যাংক সহায়তা করে যা বাণিজ্যিক ব্যাংকের প্রধান কার্যাবলির মধ্যে একটি। উদ্দীপকে 'সিনথি ব্যাংক' জনাব ফয়সালকে চিংড়ি রপ্তানির ক্ষেত্রে বিদেশি মুদ্রাকে (ওন) দেশি মুদ্রায় (টাকা) রুপান্তরের কাজে সহায়তা করে। তাই বলা যায়, উদ্দীপকে 'সিনথি ব্যাংকের ১ম কাজটি হলো আমদানি-রপ্তানিতে সাহায্য।

**ঘ** উদ্দীপক অনুসারে জনাব ফয়সাল আহমেদের জন্য 'সিনথি ব্যাংকটির' সাথে লেনদেন করা যথার্থ হবে বলে আমি মনে করি।

ব্যাংকে হিসাব খোলার পূর্বে গ্রাহককে বিভিন্ন বিষয় বিবেচনা করতে হয়। যেমন : ব্যাংকের অবস্থান, বহুমুখী সেবা, শাখা, বৈদেশিক বিনিময়, তালিকাভুক্ত ব্যাংক, ঋণ সুবিধা, সুদ ইত্যাদি।

উদ্দীপকে জনাব ফয়সাল আহমেদ একজন রপ্তানিকারক। তার রপ্তানিকার্যে বৈদেশিক মুদ্রা বিনিময়ের প্রয়োজন হলে 'সিনথি ব্যাংক'

কাজটিতে সহায়তা করে। 'সিনথি ব্যাংকটি বাংলাদেশ ব্যাংকের তালিকাভুক্ত এবং ঋণের সুদ তুলনামূলক কম। হঠাৎ, জনাব ফয়সালের অর্থের প্রয়োজন হলে তার বন্ধুরা তাকে 'কাপ্তাই ব্যাংকের' মাধ্যমে লেনদেন করতে বলে। 'কাপ্তাই ব্যাংকের আমানতের ও ঋণের সুদ উভয়ই বেশি এবং ঋণ গ্রহণের আনুষ্ঠানিকতাও জটিল।

উদ্দীপকের জনাব ফয়সাল একজন রপ্তানিকারক হওয়ায় তার বৈদেশিক মুদ্রার বিনিময়ের প্রয়োজন হয়, একারনে যে ব্যাংক বৈদেশিক মুদ্রা বিনিময়ে অনুমতি প্রাপ্ত সেই ব্যাংকের মাধ্যমেই লেনদেন করা উচিত। এছাড়া ব্যবসায়ী হিসেবে তার ঋণের প্রয়োজন হয়। তাই যে ব্যাংকের ঋণ প্রদানের নীতি অপেক্ষাকৃত নমনীয় সে ব্যাংকের মাধ্যমে লেনদেন করা তার জন্য সুবিধাজনক হবে।

উদ্দীপকে 'কাপ্তাই ব্যাংকের' ঋণ গ্রহণের আনুষ্ঠানিকতা বেশি এবং আমানতের ও ঋণের সুদ উভয়ই বেশি। পক্ষান্তরে, সিনথি ব্যাংকের ঋণের সুদ তুলনামূলক কম। যেসব ব্যাংকের আমানতের সুদ তুলনামূলক উচ্চ এবং ঋণের সুদ তুলনামূলক কম সেসব ব্যাংক গ্রাহকের কাছে বেশি গ্রহণীয়। এছাড়া 'সিনথি ব্যাংকটি তালিকাভুক্ত ব্যাংক হওয়ায় অধিক নিরাপদ হিসেবে বিবেচিত হবে।

তাই, উদ্দীপক অনুসারে জনাব ফয়সাল আহমেদের জন্য 'সিনথি ব্যাংকটির' সাথে লেনদেন করা যথার্থ হবে বলে আমি মনে করি।

**প্রশ্ন ▶ ০৯** ফ্রান্সের ঔষধ সরবরাহকারী প্রতিষ্ঠান 'ওয়াংকিং' বাংলাদেশের "রূপম ফার্মাসিউটিক্যালস" কে নিয়মিত ঔষধ সরবরাহ করে। এক্ষেত্রে 'P' ব্যাংক রূপম ফার্মাসিউটিক্যালস এর পক্ষ থেকে একটি বিশেষ ব্যবস্থায় 'ওয়াংকিং' কে অর্থ প্রদানের পদক্ষেপ গ্রহণ করে। এছাড়া 'P' ব্যাংক আমদানি-রপ্তানি কার্যে সহায়তা, উপদেশ ও ঋণ প্রদানসহ ব্যবসায়-বাণিজ্যের উন্নয়নের ব্যাপক সহযোগিতা করে থাকে।

ক. পরিশোধিত মূলধন কী? ১

খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে মুদ্রা প্রচলনে সাহায্য করে? ব্যাখ্যা কর। ২

গ. 'ওয়াংকিং' কে অর্থ পরিশোধে 'P' ব্যাংকের গৃহীত পদক্ষেপটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কার্যাবলির মাধ্যমে বাণিজ্য ও শিল্পের উন্নয়ন নিশ্চিত করা 'P' ব্যাংকগুলোর মত ব্যাংকের বিশেষ লক্ষ্য– উক্তিটি মূল্যায়ন কর। ৪

### ৯নং প্রশ্নের উত্তর

**ক** কোম্পানি প্রতিষ্ঠায় অনুমোদিত মূলধনের যে অংশ শেয়ার হোল্ডাররা পরিশোধ করে তাকে পরিশোধিত মূলধন বলে।

**খ** বাণিজ্যিক ব্যাংক চেক বা নোট ইস্যুর মাধ্যমে মুদ্রা প্রচলনে সাহায্য করে।

নোট ইস্যুতে বাণিজ্যিক ব্যাংক পরোক্ষভাবে সহায়তা করে। নোট ইস্যু কেন্দ্রীয় ব্যাংকের কাজ। তবে বাণিজ্যিক ব্যাংক এ কাজে সাহায্য করে। ধরা যাক, কোনো বাণিজ্যিক ব্যাংকে একজন গ্রাহকের ৪০,০০০ টাকা আছে। ঐ গ্রাহক একটি ল্যাপটপ কেনার জন্য যদি চেকে মূল্য পরিশোধ করে তবে তা নোটের বিকল্প হিসেবে কাজ করে। এভাবে ব্যাংক চেক কখনো কখনো বিনিময়ের মাধ্যম হিসেবে এবং মুদ্রার বিকল্প হিসেবে কাজ করে সরকারের মুদ্রা প্রচলনের কাজটি সহজ করে দেয়।

**গ** উদ্দীপকে 'ওয়াংকিং'কে অর্থ পরিশোধে 'P' ব্যাংকের গৃহীত পদক্ষেপটি হলো LC বা প্রত্যয়পত্র ইস্যু।

LC বা প্রত্যয়পত্র হলো আন্তর্জাতিক বাণিজ্যে ব্যবহৃত একটি গুরুত্বপূর্ণ দলিল। এ দলিলের মাধ্যমে ব্যাংক রপ্তানিকারককে আমদানিকারকের পক্ষে মূল্য পরিশোধের নিশ্চয়তা প্রদান করে।

উদ্দীপকে ফ্রান্সের ঔষধ সরবরাহকারী প্রতিষ্ঠান 'ওয়াংকিং' বাংলাদেশের 'রূপম ফার্মাসিউটিক্যালস'-কে নিয়মিত ঔষধ সরবরাহ করে। এক্ষত্রে 'P' ব্যাংক "রূপম ফার্মাসিউটিক্যালস" এর পক্ষ থেকে একটি বিশেষ ব্যবস্থায় 'ওয়াংকিং'কে অর্থ প্রদানের পদক্ষেপ গ্রহণ করে।

'P' ব্যাংক কর্তৃক প্রদত্ত এ ব্যবস্থাটি হলো LC বা প্রত্যয়পত্র। কারণ, প্রত্যয়পত্রের মাধ্যমে ব্যাংক বৈদেশিক বাণিজ্যে রপ্তানিকারককে আমদানিকারকের পক্ষ থেকে অগ্রিম অর্থ পরিশোধের ব্যবস্থা করে। তাই বলা যায়, 'ওয়াংকিং'কে অর্থ পরিশোধে 'P' ব্যাংকের গৃহীত পদক্ষেপটি হলো প্রত্যয়পত্র ইস্যু।

**ঘ** উদ্দীপকে উল্লিখিত আমদানি-রপ্তানি কার্যে সহায়তা, উপদেশ ও ঋণ প্রদানের মাধ্যমে বাণিজ্য ও শিল্পের উন্নয়ন নিশ্চিত করা 'P' ব্যাংকের মতো বাণিজ্যিক ব্যাংকগুলোর বিশেষ লক্ষ্য– উক্তিটি যথার্থ।

বাণিজ্যিক ব্যাংক মুনাফা অর্জনের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়। তবে মুনাফা অর্জন ছাড়াও এ ব্যাংক অন্যান্য উদ্দেশ্য নিয়ে কাজ করে। যেমন– মূলধন গঠন, বিনিময়ের মাধ্যমে সৃষ্টি, কর্মসংস্থান সৃষ্টি, শিল্প ও বাণিজ্যিক উন্নয়ন, জীবনযাত্রার মান উন্নয়ন ইত্যাদি।

উদ্দীপকে 'রূপম ফার্মাসিউটিক্যালস' ফ্রান্স থেকে ঔষধ আমদানি করে। এ আমদানি কার্যে 'P' ব্যাংক তাদেরকে প্রত্যয়পত্র ইস্যুর মাধ্যমে সহায়তা করে। এছাড়াও ব্যাংকটি তাদেরকে উপদেশ ও ঋণ প্রদানসহ ব্যবসায়-বাণিজ্যের উন্নয়নে ব্যাপক সহযোগিতা করে।

বৈদেশিক বাণিজ্যে বাণিজ্যিক ব্যাংকগুলো সহায়তা না করলে আমদানি-রপ্তানি সম্ভব হতো না। কারণ বৈদেশিক বাণিজ্যে আমদানিকারক ও রপ্তানিকারক কেউ কাউকে চেনে না। এক্ষেত্রে ব্যাংক কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়পত্রই রপ্তানিকারকের মূল্য প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে। ফলে আন্তর্জাতিক পর্যায়ে ব্যবসায়-বাণিজ্যের উন্নয়ন হয় যা ব্যাংকের একটি উদ্দেশ্য বা লক্ষ্য। বাণিজ্যিক ব্যাংক শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে বিনিয়োগ বা ঋণ প্রদান করে, যা একটি দেশের মোট উৎপাদন ও মূলধনের গতিশীলতা বৃদ্ধিতে সহায়তা করে। ঋণ প্রদানের পাশাপাশি বাণিজ্যিক ব্যাংক শিল্পোদ্যোক্তা ও ব্যাবসায়ীদের বিভিন্ন উপদেশ ও পরামর্শ প্রদান করে সহায়তা করে। বাণিজ্যিক ব্যাংকের এসব কার্যাবলি সম্পাদনের মাধ্যমে দেশের শিল্পের উন্নয়ন তরান্বিত হয় যা বণিজ্যিক ব্যাংকের উদ্দেশ্য বা লক্ষ্য।

তাই উল্লিখিত কার্যাবলির মাধ্যমে বাণিজ্য ও শিল্পের উন্নয়ন নিশ্চিত করা 'P' ব্যাংকের মতো বাণিজ্যিক ব্যাংকগুলোর বিশেষ লক্ষ্য'– উক্তিটি যথার্থ।

**প্রশ্ন ▶ ১০** খুচরা যন্ত্রাংশ বিক্রেতা জনাব আলমগীর ক্রেতা জনাব শাহীনের নিকট থেকে ৩০ জানুয়ারি ২০২১ তারিখে পরিশোধযোগ্য ৫,০০০ টাকার একটি বিল পান। এমতাবস্থায় জনাব আলমগীর অর্থের প্রয়োজনে ২৫ নভেম্বর ২০২১ বিলটিকে 'Q' ব্যাংকে বিক্রি করে ৪,৮৭৫ টাকা পান। আবার জনাব সিকদার তার ব্যবসায়িক লেনদেন নিষ্পত্তির জন্য ব্যাংকে ১,০০০ টাকা জমা দিয়ে এমন একটি হিসাব খোলেন যেখান থেকে সপ্তাহে দুবারের বেশি অর্থ উত্তোলন করতে পারবেন না। সম্প্রতি তার হিসাবে রক্ষিত ৫০,০০০ টাকার অতিরিক্ত উঠানোর প্রয়োজন হলে ব্যাংক কর্মকর্তা তাকে অন্য একটি হিসাব খোলার পরামর্শ দেন। যেখান থেকে তিনি জমাকৃত অর্থের অতিরিক্ত অর্থ উঠানোর সুবিধা পাবেন।

ক. সংরক্ষিত তহবিল কী? ১

খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে ঋণ আমানত সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আলমগীরের ক্ষেত্রে 'Q' ব্যাংকের কাজটি বাণিজ্যিক ব্যাংকের কোন প্রধান কার্যাবলিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সিকদারের ক্ষেত্রে ব্যাংক কর্মকর্তার পরামর্শের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

**১০নং প্রশ্নের উত্তর**

**ক** প্রতি বছর মুনাফার একটি অংশ শেয়ারহোল্ডার বা মালিকগণের মধ্যে বণ্টন না করে ভবিষ্যতের জন্য সঞ্চয় করে রাখা হলে তাকে সংরক্ষিত তহবিল বলে।

**খ** ব্যাংক মঞ্জুরিকৃত ঋণের অর্থ নগদে ঋণ গ্রহীতাকে না প্রদান করে ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করে ঋণ আমানত সৃষ্টি করে।

ঋণ গ্রহণের সময় ঋণগ্রহীতাকে সংশ্লিষ্ট ব্যাংকের সাথে একটি হিসাব খুলতে হয়। ঋণের সম্পূর্ণ অর্থ সেই হিসাবে জমা বা ক্রেডিট করা হয়। এরপর ঋণগ্রহীতা যে পরিমাণ টাকা সেই হিসাব থেকে উত্তোলন করে, তা ঐ হিসাবে ডেবিট করা হয়। এ প্রক্রিয়ায় ব্যাংক ঋণের মাধ্যমে ঋণ আমানত সৃষ্টি করে।

**গ** উদ্দীপকে জনাব আলমগীরের ক্ষেত্রে 'Q' ব্যাংকের কাজটি বাণিজ্যিক ব্যাংকের প্রধান কাজ। বিনিময় বিল ভাঙানো– কে নির্দেশ করে।

বাকিতে পণ্য ক্রয়ের ক্ষেত্রে ক্রেতা যে দলিলের মাধ্যমে বিক্রেতাকে নির্দিষ্ট মেয়াদ শেষে নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধের নিশ্চয়তা প্রদান করে তাকে বিনিময় বিল বলে। মেয়াদ পূর্ণ হওয়ার পূর্বে বিনিময় বিল বাট্টাকরণের মাধ্যমে বাণিজ্যিক ব্যাংক অর্থ আয় করে থাকে।

উদ্দীপকে খুচরা যন্ত্রাংশ বিক্রেতা জনাব আলমগীর ক্রেতা জনাব শাহীনের নিকট থেকে ৩০ জানুয়ারি ২০২১ তারিখে পরিশোধ যোগ্য ৫,০০০ টাকার একটি বিনিময় বিল পান। ২৫ নভেম্বর ২০২০ তারিখে তার অর্থের প্রয়োজন হলে তিনি বিলটিকে 'Q' ব্যাংকের নিকট বিক্রয় করে ৪,৮৭৫ টাকা পান। এক্ষেত্রে 'Q' ব্যাংক তাকে বিলের সমমূল্য হতে কিছু কম টাকায় অর্থাৎ (৫,০০০ – ৪,৮৭৫) = ১২৫ টাকায় ভাঙিয়ে বা বাট্টা করে নগদ অর্থ প্রদান করে। মেয়াদশেষে ব্যাংক ইস্যুকারীর কাছ থেকে সম্পূর্ণ অর্থ আদায় করে নিবে। এই পরিশোধিত অর্থ ও আদায়কৃত অর্থের পার্থক্য হলো ব্যাংকের আয়। তাই বলা যায়, ব্যাংকের কাজটি বাণিজ্যিক ব্যাংকের 'বিনিময় বিল ভাঙানোর কাজকে নির্দেশ করে যা বাণিজ্যিক ব্যাংকের একটি প্রধান কাজ।

**ঘ** জনাব সিকদারের ক্ষেত্রে ব্যাংক কর্মকর্তার চলতি হিসাব খোলার পরামর্শটি যৌক্তিক।

যে হিসাবের মাধ্যমে যতবার খুশি অর্থ জমা ও উত্তোলন করা যায় তাকে চলতি হিসাব বলে। ব্যবসায়ীদের জন্য এ হিসাব অধিক সুবিধাজনক।

উদ্দীপকে জনাব সিকদার তার ব্যবসায়িক লেনদেন নিষ্পত্তির জন্য ব্যাংকে ১,০০০ টাকা জমা দিয়ে এমন একটি হিসাব খোলেন যেখান থেকে সপ্তাহে দুইবারের বেশি টাকা উত্তোলন করতে পারেন না অর্থাৎ তিনি সঞ্চয়ী হিসাব খুলেছেন। সম্প্রতি তার হিসাবে রক্ষিত ৫০,০০০ টাকার অতিরিক্ত উঠানোর প্রয়োজন হলে ব্যাংক কর্মকর্তা তাকে এমন একটি হিসাব খোলার পরামর্শ দেন যেখান থেকে তিনি জমাকৃত অর্থের অতিরিক্ত অর্থ উঠানোর সুবিধা পাবেন অর্থাৎ ব্যাংক কর্মকর্তা তাকে চলতি হিসাব খোলার পরামর্শ দেন।

যেহেতু জনাব সিকদার একজন ব্যবসায়ী তার জন্য চলতি হিসাব খোলা উপযুক্ত হবে। কারণ, এ হিসাবের মাধ্যমে তিনি প্রতিদিন যতবার খুশি টাকা জমা ও উত্তোলন করতে পারবেন। এতে তার ব্যবসায়িক কাজ সচল থাকবে। এছাড়া ব্যবসায়ে অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে তিনি এ হিসাব থেকে জমাতিরিক্ত উত্তোলনের সুযোগ পাবেন। তাই বলা যায়, জনাব সিকদারের ক্ষেত্রে ব্যাংক কর্মকর্তার চলতি হিসাব খোলার পরামর্শটি যৌক্তিক।

**প্রশ্ন ▶ ১১** রত্না ফুডস এন্ড বেভারেজ কোং লি. এর ব্যবস্থাপক ব্যবসায়িক লেনদেন সম্পাদনের জন্য একটি হিসাব খুলতে চাইলে ব্যাংক তাদেরকে একটি ফরম পূরণসহ বেশ কিছু কাগজ পত্রাদি সংযুক্ত করতে বলেন। এছাড়া কোম্পানিটি কিছুদিন পর ঐ ব্যাংক থেকে একটি ইলেকট্রনিক কার্ড গ্রহণ করেন যার মাধ্যমে দেশের বিভিন্নস্থান থেকে বাকিতে মালামাল ক্রয় করা যায়।

ক. মোবাইল ব্যাংকিং কী? ১

খ. ইসলামী ব্যাংকিং ব্যবস্থার 'ইজারা' সেবা ব্যাখ্যা কর। ২

গ. রত্না ফুডস এন্ড বেভারেজ কোং লি. কে হিসাব খোলার জন্য কোন কোন গুরুত্বপূর্ণ কাগজপত্রের কপিসংযুক্ত করা প্রয়োজন? ব্যাখ্যা কর। ৩

ঘ. রত্না ফুডস এন্ড বেভারেজ কোং লি. এর জন্য উদ্দীপকের ইলেকট্রনিক সেবাটি গ্রহণের ক্ষেত্রে ব্যাংকে হিসাব থাকার বাধ্যবাধকতা নেই– তুমি কি এর সাথে একমত? যুক্তি দাও। ৪

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** মোবাইল ব্যাংকিং এর ধরনের ব্যাংকিং সেবা, যার মাধ্যমে গ্রাহক ব্যাংকিং লেনদেন মোবাইলের মাধ্যমে সম্পন্ন করে থাকে।

**খ** ইজারা এক ধরনের ইসলামিক ব্যাংকিং পণ্য বা সেবা।

সাধারণ অর্থে ইজারা বলতে নির্দিষ্ট অর্থের বিনিময়ে নির্দিষ্ট সময়ের জন্য কোনো স্থায়ী সম্পত্তি ব্যবহার করার অধিকারকে বুঝায়। ব্যাংক কখনো কখনো ক্রেতার পক্ষ হয়ে গ্রাহকের অনুরোধে বিভিন্ন পণ্য ক্রয় করে এবং নির্দিষ্ট সময়ের জন্য ক্রেতার ব্যবহারের জন্য তার কাছে হস্তান্তর করে। নির্দিষ্ট সময় শেষে গ্রাহক ব্যাংকের পণ্য ব্যাংকের নিকট ফেরত দেয় এবং ব্যবহারের সময়টুকুর জন্য ব্যাংককে নির্দিষ্ট পরিমাণে ভাড়া প্রদান করে।

**গ** রত্না ফুড এন্ড বেভারেজ কোং লিঃ কে হিসাব খোলার জন্য গ্রাহক পরিচিতি ফর্মের সাথে কোম্পানির ট্রেড লাইসেন্স ও কোম্পানির সবার সিদ্ধান্তের কপি ইত্যাদি কাগজপত্রের কপি সংযুক্ত করা প্রয়োজন।

গ্রাহক তার চাহিদা ও উদ্দেশ্য অনুযায়ী ব্যাংকে বিভিন্ন রকমের হিসাব (চলতি, সঞ্চয়ী, স্থায়ী) খুলতে পারেন। হিসাব খোলার ক্ষেত্রে গ্রাহককে ব্যাংকের গ্রাহক পরিচিতি ফর্ম পূরণ করে তার সাথে গুরুত্বপূর্ণ কাগজপত্রের কপি সংযুক্ত করে, সাক্ষরসহ আবেদন করতে হয়।

উদ্দীপকে রত্না ফুডস এন্ড বেভারেজ কোং লিঃ এর ব্যবস্থাপক ব্যবসায়িক লেনদেনের জন্য একটি হিসাব খুলতে চাইলে ব্যাংক তাদেরকে একটি ফরম পূরণসহ বেশ কিছু কাগজপত্র সংযুক্ত করতে বলেন। উক্ত ফর্মটি মূলত একটি গ্রাহক পরিচিতি ফর্ম। এ ফর্মে গ্রাহক ও তার লেনদেন সম্পর্কিত বিস্তারিত তথ্য থাকে। এসকল তথ্যের সাথে একজন পুরাতন গ্রাহকের পরিচিতি সাক্ষরসহ হিসাব খোলার জন্য আবেদন করতে হয়। ব্যাংক উক্ত তথ্য যাচাই-বাছাই করে সন্তুষ্ট হলে একটি ন্যূনতম অর্থ জমা নিয়ে হিসাব খুলে দেয়। হিসাব খোলার ক্ষেত্রে গ্রাহকের ছবি, নমিনি সংক্রান্ত তথ্য ও ছবি, গ্রাহকের পরিচয়পত্র/ পাসপোর্ট/ ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত কপি প্রয়োজন হয়। কোম্পানির হিসাব খোলার ক্ষেত্রে কোম্পানির ট্রেড লাইসেন্স ও কোম্পানির সভার সিদ্ধান্তের কপি প্রয়োজন হয়। যেহেতু রত্না ফুড এন্ড বেভারেজ একটি কোম্পানি তাই তাদের হিসাব খোলার জন্য কোম্পানির ট্রেড লাইসেন্স ও কোম্পানির সভার সিদ্ধান্তের কপি সংযুক্ত করা প্রয়োজন।

**ঘ** উদ্দীপকে রত্না ফুড এন্ড বেভারেজ কোং লিঃ এর জন্য উদ্দীপকে উল্লিখিত ইলেকট্রনিক সেবা তথা ক্রেডিট কার্ড সেবাটি গ্রহণের ক্ষেত্রে ব্যাংকে হিসাব থাকার বাধ্যবাধকতা নেই– আমি এর সাথে একমত।

ক্রেডিট কার্ড হলো ব্যাংক কর্তৃক ইস্যুকৃত একটি ইলেকট্রনিক প্লাস্টিক কার্ড। এ কার্ডের মাধ্যমে গ্রাহক নগদ টাকা ছাড়া কেনাকাটা ও লেনদেন করতে পারে। এক্ষেত্রে ব্যাংকে হিসাব থাকা বাধ্যতামূলক নয়।

উদ্দীপকে রত্না ফুড এন্ড বেভারেজ কোং লিঃ এর ব্যবস্থাপক ব্যবসায়িক লেনদেন সম্পাদনের জন্য ব্যাংকে একটি হিসাব খুলতে চাইলে ব্যাংক তাদেরকে একটি ফর্ম পূরণসহ বেশকিছু কাগজপত্রাদি সংযুক্ত করতে বলে। কোম্পানিটি কিছুদিন পর ঐ ব্যাংক থেকে একটি ইলেকট্রনিক কার্ড গ্রহণ করেন যার মাধ্যমে দেশের বিভিন্ন স্থান থেকে বাকিতে মালামাল ক্রয় করা যায়।

উদ্দীপকে উল্লিখিত কার্ডটি মূলত একটি ক্রেডিট কার্ড। গ্রাহক তার হিসাবে টাকা জমা না থাকলেও ক্রেডিট কার্ড ব্যবহার করতে পারেন। কারণ ব্যাংক গ্রাহককে এই কার্ডে নির্দিষ্ট সীমা পর্যন্ত ঋণ দেয়। এর ফরে গ্রাহক এই কার্ডের মাধ্যমে বাকীতে লেনদেন ও মালামাল ক্রয় করার সুযোগ পায়। ক্রেডিট কার্ড এক ধরনের ব্যক্তিগত ঋণ, যা নির্দিষ্ট সময়ান্তে গ্রাহককে সুদসহ পরিশোধ করতে হয়। এক্ষেত্রে ব্যাংকে হিসাব থাকার বাধ্যবাধকতা নেই। একারণে উদ্দীপকের রত্না ফুড এন্ড বেভারেজ কোং লিঃ ব্যাংকে হিসাব না খুলেই ক্রেডিট কার্ড ব্যবহারের সুযোগ পায়। অর্থাৎ ক্রেডিট কার্ড সেবা গ্রহণের ক্ষেত্রে কোম্পানিটির ব্যাংকে হিসাব থাকার বাধ্যবাধকতা নেই।

# দিনাজপুর বোর্ড–২০২৩

বিষয় কোড 152

সময় : ৩০ মিনিট

ফিন্যান্স ও ব্যাংকিং : বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[২০২৩ সালের সিলেবাস অনুযায়ী]

*[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান–১।]*

*প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।*

**১. নিচের কোনটি বিশেষ গ্রাহকভিত্তিক ব্যাংকের শ্রেণি বিভাগ?**
ক আঞ্চলিক ব্যাংক খ জাতীয় ব্যাংক
গ আন্তর্জাতিক ব্যাংক ঘ শ্রমিক ব্যাংক

**২. বৈদেশিক বাণিজ্য ও লেনদেন নিষ্পত্তিতে ভূমিকা পালনের মাধ্যমে বাণিজ্যিক ব্যাংক অর্জন করে–**
ক কমিশন খ সুদ গ বাট্টা ঘ শুল্ক

**৩. মূলধন বাজেটিং প্রয়োগ করা হয়–**
i. ভূমি ক্রয়ে ii. শ্রমিকদের মজুরি বৃদ্ধিতে iii. উৎপাদন পদ্ধতির আধুনিকায়নে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৪. বাণিজ্যিক ব্যাংকের ব্যয়ের খাত নিচের কোনটি?**
ক লকার ভাড়া খ বিল বাট্টাকরণ গ বিমা প্রিমিয়াম ঘ প্রত্যয়পত্র ইস্যু

**৫. কোনটির ক্ষেত্রে চলতি মূলধনের ব্যবহার করা উচিত?**
ক ভূমি ক্রয়ে খ অফিস সরঞ্জাম ক্রয়ে
গ বিল্ডিং তৈরি ঘ কর্মচারীর বেতন পরিশোধ

□ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
মিনি ব্যাংক পে-অর্ডার, চেক ও প্রত্যয়পত্র ইস্যু করে। এছাড়াও ওয়াসার পক্ষ হয়ে ব্যাংকটি পানির বিল আদায় করে।

**৬. মিনি ব্যাংক ওয়াসার পক্ষে কী হিসেবে কাজ করে?**
ক অবলেখক খ প্রতিনিধি গ বিল বাট্টাকারী ঘ তত্ত্বাবধায়ক

**৭. উদ্দীপকে উল্লিখিত কাজের মাধ্যমে মিনি ব্যাংক–**
i. প্রচুর অর্থ আয় করে ii. গ্রাহকের লেনদেন কার্য সহজ করে
iii. গ্রাহকের কাছ থেকে সুদ আদায় করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৮. নিয়মিত বিদেশ ভ্রমণকারীদের জন্য কোন ব্যাংক হিসাব উপযুক্ত?**
ক বিমা সঞ্চয়ী হিসাব খ বৈদেশিক মুদ্রা স্থায়ী হিসাব
গ রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাব ঘ ডিপোজিট পেনশন স্কিম হিসাব

**৯. ব্যাংক বিশেষায়নের নীতি গ্রহণের ফলে–**
i. কর্মীদের কর্মদক্ষতা বৃদ্ধি পায় ii. বৈদেশিক লেনদেন সহজতর হয়
iii. মক্কেলদের অধিক সেবা প্রদান সম্ভব হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১০. ABC লিঃ-এর নতুন প্রকল্প 'জীবন'-এর নিট মুনাফা ৫৮,০০০ টাকা এবং গড় বিনিয়োগ ৪,০০,০০০ টাকা হলে প্রকল্পটির গড় মুনাফার হার কত?**
ক ১৪% খ ১৪.৫০% গ ১৫% ঘ ১৫.৫০%

**১১. বাণিজ্যিক ব্যাংকের আয়ের উৎস কোনটি?**
ক নিরীক্ষকের বিল খ শুল্ক ও কর গ বিজ্ঞাপন ঘ বিল বাট্টাকরণ

**১২. নিচের কোন প্রতিষ্ঠান নোট ও মুদ্রার প্রচলন করে?**
ক বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ খ বাংলাদেশ ব্যাংক
গ সোনালী ব্যাংক লিঃ ঘ জনতা ব্যাংক লিঃ

**১৩. বাণিজ্য ঘাটতি দেখা যায় কোন ধরনের অর্থায়নে?**
ক আন্তর্জাতিক খ ব্যবসায় গ পারিবারিক ঘ সরকারি

**১৪. সেলুন মালিক মি. সুমন মূলধন বাজেটিং এর সাহায্যে কোন সিদ্ধান্তটি গ্রহণ করবেন?**
ক সেভিং ক্রিম ক্রয় খ সেভিং লোশন ক্রয়
গ ব্লেড ক্রয় ঘ হুইল চেয়ার ক্রয়

**১৫. শুধু আসলের উপর কোন সুদ গণনা করা হয়?**
ক চক্রবৃদ্ধি সুদ খ নিট সুদ গ সরল সুদ ঘ প্রকৃত সুদ

□ **নিচের উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
সামিয়া লি. এর অর্থ ব্যবস্থাপক জনাব মাসুম একটি নতুন প্রকল্পে বিনিয়োগের লাভজনকতা নির্ণয় করতে চান। তাই তিনি পর পর ৪ বছরের মুনাফার সাথে অবচয় যোগ না করেই মোট মুনাফাকে ৪ দ্বারা ভাগ করেন। কিন্তু মোট বিনিয়োগকে ২ দ্বারা ভাগ করেন।

**১৬. জনাব মাসুম এর অনুসৃত পদ্ধতি কোনটি?**
ক গড় মুনাফার হার খ পে-ব্যাক সময়
গ নিট বর্তমান মূল্য ঘ অভ্যন্তরীণ মুনাফার হার

**১৭. উদ্দীপকে নির্দেশিত পদ্ধতিটির সীমাবদ্ধতা হলো–**
i. অর্থের সময় মূল্য উপেক্ষিত ii. সকল নগদ প্রবাহের মূল্য সমান
iii. মুনাফা ও বিনিয়োগকে ভিন্ন সংখ্যা দ্বারা ভাগ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৮. কোন ধরনের চক্রবৃদ্ধিতে বিনিয়োগ করলে ভবিষ্যৎ মূল্য সর্বাধিক হয়?**
ক বার্ষিক খ অর্ধ-বার্ষিক গ মাসিক ঘ ত্রৈমাসিক

**১৯. বহিস্থ উৎস থেকে মূলধন সংগ্রহ করলে কোন ঝুঁকির সৃষ্টি হতে পারে?**
ক তারল্য ঝুঁকি খ সুদ হারের ঝুঁকি গ আর্থিক ঝুঁকি ঘ ব্যবসায়িক ঝুঁকি

**২০. মূলধন বাজেটিং এর কোন পদ্ধতিতে বিনিয়োগ ফেরত আসার সময়কে বিবেচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হয়?**
ক গড় মুনাফার হার খ পে-ব্যাক সময়
গ নিট বর্তমান মূল্য ঘ অভ্যন্তরীণ মুনাফার হার পদ্ধতি

**২১. মিসেস রিনা ১০ লক্ষ টাকা পাঁচ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চান। তাঁর জন্য কোন ব্যাংক হিসাবটি উপযুক্ত?**
ক চলতি হিসাব খ সঞ্চয়ী ব্যাংক
গ স্থায়ী হিসাব ঘ ডিপোজিট পেনশন স্কিম হিসাব

**২২. সংরক্ষিত তহবিল–**
i. মুনাফার একটি অংশ ii. ভবিষ্যতে মূলধন হিসেবে ব্যবহৃত হয়
iii. শেয়ার হোল্ডারদের মধ্যে বণ্টন করা হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৩. গ্রাহকের জন্য ব্যাংক আমানতের উদ্দেশ্য কোনটি?**
ক তহবিলের উৎস খ বৈদেশিক বিনিময়
গ সেবা অর্জন ঘ মূলধন গঠন

**২৪. ঋণ গ্রহণের পূর্বে পরিশোধ ক্ষমতা যাচাই না করা হলে কোনটি ঘটতে পারে?**
ক কারবার দেউলিয়া খ সুদের হার বৃদ্ধি
গ মূলধন সংকট ঘ কারবারের ব্যয় বৃদ্ধি

**২৫. নিচের কোন সেবায় ব্যাংক ও গ্রাহকের যৌথ উদ্যোগে ব্যবসায় পরিচালিত হয়?**
ক মুদারাবা খ মুরাবাহা গ ইজারা ঘ মুসারাকা

□ **নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
বেগম আশা ৩ বছর পর ২,০০,০০০ টাকা পাওয়ার আশায় কিছু টাকা সবুজ ব্যাংক-এ জমা রাখেন। ব্যাংকটির মুনাফার হার ১০%। তাঁর এক আত্মীয় প্রস্তাব দিল ঐ টাকা শ্যামল ব্যাংক-এ জমা রাখলে ৮ বছর পর দ্বিগুণ টাকা ফেরৎ দিবে।

**২৬. বেগম আশা বর্তমানে সবুজ ব্যাংকে কত টাকা জমা রাখেন?**
ক ১,৫০,২৬৩ টাকা খ ২,০০,০০০ টাকা
গ ২,৬০,০০০ টাকা ঘ ২,৬৬,২০০ টাকা

**২৭. উদ্দীপক অনুযায়ী–**
i. বেগম আশার সুযোগ ব্যয় ১০% ii. শ্যামল ব্যাংকের ক্ষেত্রে সুযোগ ব্যয় ১২%
iii. বেগম আশার বিনিয়োগ সিদ্ধান্ত সঠিক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৮. জনাব হামিদ একটি কোম্পানীর সাধারণ শেয়ারে বিনিয়োগ করেন। বর্তমানে বাজারে শেয়ারের মূল্যহ্রাস পাওয়াতে তিনি কোন ঝুঁকির সম্মুখীন হন?**
ক ব্যবসায়িক ঝুঁকি খ আর্থিক ঝুঁকি গ সুদ হারের ঝুঁকি ঘ তারল্য ঝুঁকি

**২৯. নগদ প্রবাহ প্রাক্কলন এবং বাট্টাহার নির্ধারণের পর কোনটি নির্বাচন করা হয়?**
ক আদর্শ বিচ্যুতি খ মূলধন বাজেটিং পদ্ধতি
গ অর্থের ভবিষ্যৎ মূল্য ঘ অর্থের বর্তমান মূল্য

**৩০. কারবারি অর্থায়নের নীতি অনুসারে কোন দুইটির মধ্যে বিপরিত সম্পর্ক বিদ্যমান?**
ক নগদ অর্থ ও মুনাফা খ নগদ অর্থ ও ক্ষতি
গ নগদ অর্থ ও চেক ঘ মূলধন ও মুনাফা

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# দিনাজপুর বোর্ড-২০২৩

বিষয় কোড 152

সময় : ২ঘণ্টা

ফিন্যান্স ও ব্যাংকিং : সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

[২০২৩ সালের সিলেবাস অনুযায়ী]

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে কমপক্ষে তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে কমপক্ষে তিনটিসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

## ফিন্যান্স অংশ

১। জনাব রবি একটি বহুজাতিক কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। উক্ত কোম্পানি নূতন কারখানা স্থাপনের জন্য Fresh Bank থেকে দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ করে। পরবর্তীতে কারখানা চালু হলে কাঁচামাল ক্রয়, শ্রমিকদের মজুরিসহ কারখানা চালু রাখার জন্য স্বল্পমেয়াদি ব্যাংক ঋণ গ্রহণ করে অর্থের সংস্থান করেন। বর্তমানে স্থানীয় চাহিদা মিটিয়ে উক্ত প্রতিষ্ঠান বিদেশেও পণ্য রপ্তানি করে।

ক. বাণিজ্য ঘাটতি কী? ১

খ. বৃদ্ধাশ্রম নির্মাণের ব্যয় কোন ধরনের অর্থায়ন? ব্যাখ্যা কর। ২

গ. Fresh Bank থেকে ঋণ গ্রহণ জনাব রবির কোন ধরনের অর্থায়ন সিদ্ধান্ত? বর্ণনা কর। ৩

ঘ. ঋণ গ্রহণের ক্ষেত্রে জনাব রবি যথাযথ অর্থায়নের নীতি অনুসরণ করেছেন কী? উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

২। জনাব শফি তাঁর বিশ্ববিদ্যালয় অধ্যয়নরত ছেলের জন্য তাঁর বন্ধুর নিকট থেকে ধার নিয়ে একটি কম্পিউটার ক্রয় করেন। তিনি কম্পিউটার বিক্রেতার নিকট থেকে জানতে পারেন এই কম্পিউটারগুলো এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি জাপান থেকে আমদানি করা হয়।

ক. চলতি বিনিয়োগ সিদ্ধান্ত কী? ১

খ. "মুনাফা ও তারল্যের মধ্যে বিপরীত সম্পর্ক বিদ্যমান।"– ব্যাখ্যা কর। ২

গ. জনাব শফি সাহেবের বন্ধুর নিকট থেকে ধার নিয়ে কম্পিউটার ক্রয় কোন ধরনের অর্থায়ন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে কম্পিউটার বিক্রেতার অর্থায়ন জনাব শফির অর্থায়ন হতে ভিন্ন।"– উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩। জনাব সেলিম তার অবসর ভাতা বাবদ প্রাপ্ত অর্থ বিনিয়োগের জন্য নিচের দুইটি ব্যাংকের তথ্য পর্যালোচনা করেন :

| ব্যাংকের নাম | সুদের হার | চক্রবৃদ্ধির সংখ্যা | মেয়াদ | পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| সাজ্জু ব্যাংক | ৯.৫% | মাসিক | ১০ বছর | ২,৫০,০০০ |
| কর্ণফুলী ব্যাংক | ১০% | বার্ষিক | ১০ বছর | ২,৫০,০০০ |

ক. সরল সুদ কী? ১

খ. বাট্টাকরণ প্রক্রিয়া বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব সেলিম সাজ্জু ব্যাংক থেকে মেয়াদ শেষে কত টাকা পাবেন? নির্ণয় কর। ৩

ঘ. জনাব সেলিমের জন্য কোন ব্যাংক বেশি উপযুক্ত বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৪। মিজান সাহেব ১২ বছর পর ২০ লক্ষ টাকা পাওয়ার আশায় কিছু টাকা ব্যাংকে জমা রাখতে ইচ্ছুক। 'B' ব্যাংকে ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে সুদের হার ৯%। অন্যদিকে 'C' ব্যাংক তাকে প্রস্তাব করে যে, বর্তমানে ৮ লক্ষ টাকা রাখলে ১২ বছর পর তিনি কাঙ্ক্ষিত টাকা ফেরত পাবেন।

ক. সুযোগ ব্যয় কী? ১

খ. চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি কী? ব্যাখ্যা কর। ২

গ. 'B' ব্যাংকের প্রকৃত সুদের হার কত? নির্ণয় কর। ৩

ঘ. মিজান সাহেব কোন ব্যাংকে টাকা রাখলে লাভবান হবেন? 'B' ব্যাংকের বর্তমান মূল্য নির্ণয় সাপেক্ষে তোমার মতামত দাও। ৪

৫। শাপলা কোম্পানি প্রাইভেট লিমিটেড সম্পূর্ণ অভ্যন্তরীণ উৎস থেকে তহবিল সংগ্রহ করে ব্যবসা পরিচালনা করে। উক্ত প্রতিষ্ঠানের বিগত পাঁচ বছরের আয় যথাক্রমে ১৫%, ১৭%, ২০%, ১৮% ও ১৫% এবং সম্ভাব্য আদর্শ ঝুঁকি ও গড় আয় যথাক্রমে ৫% ও ১৫%। সম্প্রতি বৈশ্বিক অর্থনৈতিক মন্দার প্রভাবে বিক্রয়ের পরিমাণ হ্রাস পাওয়ায় পরিচালন খরচ মেটাতে অনিশ্চয়তা দেখা দেয়। ফলে উক্ত কোম্পানি বহিস্থ উৎস থেকে ঋণ গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. ঝুঁকিমুক্ত আয় কী? ১

খ. শেয়ারে বিনিয়োগকারীর তারল্য ঝুঁকি সৃষ্টির সম্ভাবনা কম কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানে কোন ধরনের ঝুঁকি বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. আদর্শ বিচ্যুতি নির্ণয়পূর্বক শাপলা কোম্পানির আয় সন্তোষজনক কিনা মতামত দাও। ৪

৬। সিগমা মোটরস লিমিটেড এর 'ধূমকেতু' প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১ কোটি টাকা। বিগত ৫ বছরের মোট মুনাফা যথাক্রমে ২৪ লক্ষ টাকা, ৪০ লক্ষ টাকা, ৫২ লক্ষ টাকা, ৪৪ লক্ষ টাকা এবং ৬০ লক্ষ টাকা। কর হার ২৫% এবং পে-ব্যাক সময় ৩.৫ বছর। উক্ত কোম্পানির প্রকল্প 'নক্ষত্র' এর প্রাথমিক বিনিয়োগ ১ কোটি টাকা। বিগত পাঁচ বছরের নিট মুনাফা যথাক্রমে ২০ লক্ষ টাকা, ৩০ লক্ষ টাকা, ৪০ লক্ষ টাকা, ৩৫ লক্ষ টাকা এবং ৩০ লক্ষ টাকা।

ক. পণ্য বৈচিত্র্যায়ণ কী? ১

খ. মূলধন বাজেটিং এ বাট্টা হার নির্ধারন করা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. সিগমা মোটরস লিমিটেড এর 'ধূমকেতু' প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'নক্ষত্র' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয়পূর্বক কোন প্রকল্প বন্ধ করে দেয়া উচিত? মন্তব্য কর। ৪

## ব্যাংকিং অংশ

৭।

| ব্যাংকের নাম | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|
| B ব্যাংক | অন্যান্য ব্যাংকের নিয়ন্ত্রক, মুদ্রা প্রচলন করে। |
| C ব্যাংক | আমানত গ্রহণ ও ঋণ প্রদান এবং সেবা প্রদানের মাধ্যমে মুনাফা অর্জন করে। |
| D ব্যাংক | ব্যাংক ও গ্রাহকের যৌথ উদ্যোগে ব্যবসায় পরিচালনার মাধ্যমে লাভ লোকসান সমবণ্টন করে থাকে এবং শরিয়ত মোতাবেক লেনদেন সম্পন্ন করেন। |

ক. বিনিময় ব্যাংক কাকে বলে? ১

খ. ব্যবসায়ীদের জন্য কোন ধরনের ব্যাংক হিসাব উপযোগী? ব্যাখ্যা কর। ২

গ. 'D' ব্যাংক কোন ধরনের ব্যাংক? বর্ণনা কর। ৩

ঘ. 'B' ব্যাংক ও 'C' ব্যাংক বিভিন্ন ব্যাংকিং কার্যক্রম পরিচালনায় পরস্পরের উপর নির্ভরশীল– মূল্যায়ন কর। ৪

৮। জনাব শিবলি সাদিক সিলেটে বসবাস করেন। তাঁর বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছেলেকে তিনি চট্টগ্রামে আধুনিক ব্যাংকিং ব্যবস্থায় টাকা পাঠান। তাঁর ছেলে মেশিনের মাধ্যমে টাকা উত্তোলন করে। ফলে সময় এর অপচয় হয় না। জনাব শিবলি সাদিক তাঁর ছেলেকে চট্টগ্রামে দেখতে গেলে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। তাঁর হিসাবে টাকা না থাকলেও বিশেষ কার্ডের মাধ্যমে হাসপাতালের বিল পরিশোধ করেন।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১

খ. ইন্টানেট ব্যাংকিং বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব শিবলি সাদিক এর ছেলে ব্যাংকের কোন সেবা গ্রহণ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব শিবলি সাদিক ও তাঁর ছেলের ব্যবহৃত কার্ড দুটির মধ্যে কোন ধরনের পার্থক্য বিদ্যমান? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। ভোগ্যপণ্যের পাইকার জনাব নজরুল শহরের অনেকগুলো সুপারশপে পণ্য সরবরাহ করেন। দৈনন্দিন লেনদেনের সুবিধার্থে তিনি তার পাশের ‘ক’ নামক একটি ব্যাংকে হিসাব খোলেন। হিসাবের বিপরীতে উক্ত ব্যাংকটি তাকে ইলেকট্রনিক কার্ড প্রদান করেন। অনেক সময় তিনি মোবাইলের মাধ্যমেও লেনদেন সম্পন্ন করেন। ব্যবসায়িক কাজে অর্থের প্রয়োজন হলে তিনি উক্ত ব্যাংক থেকে ঋণ নেন। পণ্য সংগ্রহের জন্য দিনাজপুর গেলে উক্ত ব্যাংকের একটি শাখা থেকে টাকা উত্তোলন করে মূল্য পরিশোধ করেন।

ক. প্রত্যয়পত্র কী? ১

খ. ব্যাংক কীভাবে গ্রাহকের জীবনযাত্রার মান উন্নয়ন করে? ব্যাখ্যা কর। ২

গ. জনাব নজরুলের ‘ক’ ব্যাংকে কোন ধরনের হিসাব আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব নজরুলের ‘ক’ ব্যাংকে হিসাব খোলার যৌক্তিকতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। গ্লোবাল ব্যাংক গ্রাহকদের আকৃষ্ট করার জন্য বিভিন্ন সঞ্চয় প্রকল্প ও ঋণ প্রদান প্রকল্প চালু করে। উক্ত ব্যাংকে জনাব সবুজের একটি চলতি হিসাব আছে। তাঁর স্ত্রী ব্যাংকে টাকা উত্তোলন করতে গেলে জনাব সবুজের ব্যাংকে হিসাবে জমা টাকার পরিমাণ জানানোর জন্য ব্যাংক অফিসারকে বলেন। ব্যাংক অফিসার তথ্য দিতে অস্বীকৃতি জানায়। উক্ত ব্যাংক অনুৎপাদনশীল ও অনিশ্চিত ক্ষেত্রে ঋণ প্রত্যাখ্যান করে। যুক্তরাষ্ট্র, ফ্রান্সসহ বিভিন্ন দেশে উক্ত ব্যাংকের শাখা আছে।

ক. বন্ধকী ব্যাংক কাকে বলে? ১

খ. ব্যাংক কীভাবে গ্রাহকদের উপদেষ্টা ও পরামর্শদাতা হিসেবে কাজ করে? ব্যাখ্যা কর। ২

গ. অঞ্চলভিত্তিক শ্রেণিকরণে গ্লোবাল ব্যাংক কোন ধরনের ব্যাংক? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে ব্যাংকিং ব্যবসায়ের নীতিসমূহ বিশ্লেষণ কর। ৪

১১। ‘মেঘনা ব্যাংক’ গ্রাহকদের আমানত হ্রাস পাওয়ায় নিজস্ব তহবিল এবং কেন্দ্রীয় ব্যাংক থেকে ঋণ নিয়ে গ্রাহকদের অর্থ-উত্তোলনের চাহিদা পূরণ করে। কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশে ব্যাংকটি সুদের হার কমিয়েছে এবং তার একজন গ্রাহকের সন্তানের পড়াশুনার জন্য বিদেশে একটি বিশ্ববিদ্যালয়ে অর্থ প্রেরণে সহায়তা করেছে। সুদের হার কমানোতে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানগুলো ব্যাংকটি থেকে ঋণ নিতে আগ্রহী হচ্ছে।

ক. আমানত কী? ১

খ. ব্যাংক কীভাবে মূলধন গঠন করে? ব্যাখ্যা কর। ২

গ. মেঘনা ব্যাংক গ্রাহকদের চাহিদা পূরণে কোন তহবিল থেকে অর্থ-সংগ্রহ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে ব্যাংকটির কার্যাবলি বিশ্লেষণ কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | ক | ৩ | খ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ক | ৮ | গ | ৯ | ক | ১০ | খ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | গ | ২০ | খ | ২১ | গ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ক |

## সৃজনশীল

### ফিন্যান্স অংশ

**প্রশ্ন ▶ ০১** জনাব রবি একটি বহুজাতিক কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। উক্ত কোম্পানি নতুন কারখানা স্থাপনের জন্য Fresh Bank থেকে দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ করে। পরবর্তীতে কারখানা চালু হলে কাঁচামাল ক্রয়, শ্রমিকদের মজুরিসহ কারখানা চালু রাখার জন্য স্বল্পমেয়াদি ব্যাংক ঋণ গ্রহণ করে অর্থের সংস্থান করেন। বর্তমানে স্থানীয় চাহিদা মিটিয়ে উক্ত প্রতিষ্ঠান বিদেশেও পণ্য রপ্তানি করে।

ক. বাণিজ্য ঘাটতি কী? ১

খ. বৃদ্ধাশ্রম নির্মাণের ব্যয় কোন ধরনের অর্থায়ন? ব্যাখ্যা কর। ২

গ. Fresh Bank থেকে ঋণ গ্রহণ জনাব রবির কোন ধরনের অর্থায়ন সিদ্ধান্ত? বর্ণনা কর। ৩

ঘ. ঋণ গ্রহণের ক্ষেত্রে জনাব রবি যথাযথ অর্থায়নের নীতি অনুসরণ করেছেন কী? উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

#### ১নং প্রশ্নের উত্তর

**ক** দেশে রপ্তানি অপেক্ষা আমদানি বেশি হওয়ার কারণে সৃষ্ট ঘাটতিকে বাণিজ্য ঘাটতি বলে।

**খ** বৃদ্ধাশ্রম নির্মাণের ব্যয় হচ্ছে অব্যবসায়ী অর্থায়ন।

যেসব প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন নয়, বরং জনকল্যাণ যেসব প্রতিষ্ঠানের অর্থায়নকে অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থায়ন বলা হয়। বৃদ্ধাশ্রম তদরূপ একটি অব্যবসায়ী প্রতিষ্ঠান। যা মানব কল্যাণের জন্য গঠিত ও পরিচালিত হয়ে থাকে। মুনাফা অর্জন প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য নয়। তাই বৃদ্ধাশ্রম নির্মাণের ব্যয় অব্যবসায়ী অর্থায়ন।

**গ** Fresh Bank থেকে ঋণ গ্রহণ জনাব রবির জন্য দীর্ঘমেয়াদি আয় বা অর্থায়ন সিদ্ধান্ত।

আয় বা অর্থায়ন সিদ্ধান্ত বলতে মূলত তহবিল সংগ্রহ প্রক্রিয়াকে বোঝায়। অর্থায়ন সিদ্ধান্তের আওতায় তহবিল সংগ্রহের ভিন্ন উৎস নির্বাচন এবং এসব উৎসের সুবিধা-অসুবিধা বিশ্লেষণ করে অর্থায়ন সংক্রান্ত পরিকল্পনা গ্রহণ করা হয়। সাধারণত চলতি ব্যয় নির্বাহের জন্য স্বল্পমেয়াদি উৎস থেকে আর স্থায়ী ব্যয় নির্বাহের জন্য দীর্ঘমেয়াদি উৎস থেকে অর্থ সংগ্রহ করা হয়।

উদ্দীপকে জনাব রবি একটি বহুজাতিক কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। উক্ত কোম্পানি নতুন কারখানা স্থাপনের জন্য Fresh Bank থেকে দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ করে। যা হচ্ছে অর্থায়ন সিদ্ধান্তের দীর্ঘমেয়াদি উৎস থেকে সংগ্রহিত তহবিল। ব্যাংক ঋণ গ্রহণের ফলে তিনি সম্ভব্য সুবিধা-অসুবিধা বিশ্লেষণ করেছেন। একজন ব্যবস্থাপক অবশ্যই আয় সিদ্ধান্ত অনুযায়ী তহবিল সংগ্রহ করেন।

অতএব, বলা যায় যে, জনাব রবির সিদ্ধান্ত হচ্ছে দীর্ঘমেয়াদি অর্থায়ন সিদ্ধান্ত।

**ঘ** ঋণ গ্রহণের ক্ষেত্রে জনাব রবি যথাযথ অর্থায়নের 'উপযুক্ততার নীতি' অনুসরণ করেছে।

স্বল্পমেয়াদি উৎস থেকে চলতি মূলধন এবং দীর্ঘমেয়াদি উৎস থেকে স্থায়ী মূলধন সংগ্রহের প্রক্রিয়াকে, উপযুক্ততার নীতি বলে। উপযুক্ততার নীতি অনুসারে ব্যবসায়ীগণ বিভিন্ন স্থায়ী ব্যয় যেমন– মেশিন ক্রয়, দালানকোঠা নির্মাণ, কারখানা স্থাপন প্রভৃতির জন্য দীর্ঘমেয়াদি উৎস ব্যবহার করে থাকেন। সাধারণত বাণিজ্যিক ব্যাংক, বিনিয়োগ ব্যাংক ইত্যাদি দীর্ঘমেয়াদি অর্থ প্রদান করে। আবার প্রতিষ্ঠানের চলতি ব্যয় নির্বাহের জন্য বিক্রয়লব্ধ অর্থ দ্বারা চলতি মূলধন গঠন করা উচিত। তা না হলে স্বল্পমেয়াদি উৎস হতে ঋণ গ্রহণ করা যেতে পারে। মূলত পরিচালন খরচ মেটাতে চলতি মূলধন গঠন করা হয়।

উদ্দীপকে জনাব রবি তিনি একজন বহুজাতিক কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তিনি কারখানা স্থাপনের জন্য ব্যাংক থেকে দীর্ঘ মেয়াদি ঋণ নেয় আবার কারখানা চালু হলে কাঁচামাল ক্রয়, শ্রমিকের মজুরিসহ কারখানা চালু রাখতে স্বল্পমেয়াদি ব্যাংক ঋণ নেয়। অর্থাৎ যে অর্থায়নের উপযুক্ততার নীতি অনুসরণ করে স্থায়ী ও চলতি মূলধনের জন্য দীর্ঘমেয়াদি ও স্বল্পমেয়াদি উৎস হতে তহবিল সংগ্রহ করেছেন।

অতএব, বলা যায় যে, ঋণ গ্রহণের ক্ষেত্রে জনাব রবি অর্থায়নের উপযুক্ততার নীতি যথাযথ অনুসরণ করেছেন।

**প্রশ্ন ▶ ০২** জনাব শফি তাঁর বিশ্ববিদ্যালয় অধ্যয়নরত ছেলের জন্য তাঁর বন্ধুর নিকট থেকে ধার নিয়ে একটি কম্পিউটার ক্রয় করেন। তিনি কম্পিউটার বিক্রেতার নিকট থেকে জানতে পারেন এই কম্পিউটারগুলো এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি জাপান থেকে আমদানি করা হয়।

ক. চলতি বিনিয়োগ সিদ্ধান্ত কী? ১

খ. "মুনাফা ও তারল্যের মধ্যে বিপরীত সম্পর্ক বিদ্যমান।"– ব্যাখ্যা কর। ২

গ. জনাব শফি সাহেবের বন্ধুর নিকট থেকে ধার নিয়ে কম্পিউটার ক্রয় কোন ধরনের অর্থায়ন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে কম্পিউটার বিক্রেতার অর্থায়ন জনাব শফির অর্থায়ন হতে ভিন্ন।"– উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

#### ২নং প্রশ্নের উত্তর

**ক** কী পরিমাণ কাঁচামাল ক্রয় বা প্রতিষ্ঠানের জন্য উপযোগী এবং সেই অর্থ কোথায় থেকে সংগ্রহ করা যাবে– এ সংক্রান্ত সিদ্ধান্তকে চলতি বিনিয়োগ সিদ্ধান্ত বলে।

**খ** তারল্য ও মুনাফার মধ্যকার সম্পর্ক হলো বিপরীতমুখী।

তারল্য বা নগদ অর্থ বেশি রাখলে মুনাফা কমে যায়। আবার মুনাফা বৃদ্ধির উদ্দেশ্যে বেশি বিনিয়োগ করা হলে তারল্য বা নগদ অর্থের ঘাটতি দেখা দেয়। অতএব পরিলক্ষিত হয় যে, তারল্য ও মুনাফার মধ্যে বিপরীত সম্পর্ক বিরাজ করে।

**গ** জনাব শফি সাহেবের বন্ধুর নিকট থেকে ধার নিয়ে কম্পিউটার ক্রয় করা হচ্ছে পারিবারিক অর্থায়ন।

পারিবারিক অর্থায়ন হলো পরিবারের আয়ের উৎস ও পরিমাণ নির্ধারণ করে সেই আয় কীভাবে ব্যয় করলে পরিবারের সদস্যদের সর্বাঙ্গীন মঙ্গল হয়, তা নির্ধারণ করার একটি প্রক্রিয়া। এক্ষেত্রে পরিবারের অসংখ্য ব্যয়ের মধ্য অগ্রাধিকারের ভিত্তিতে অধিক গুরুত্বপূর্ণ ব্যয়গুলো পূরণ করা হয়। যদি ঘাটতি থাকে তাহলে তা বিভিন্ন আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব থেকে ঋণ বা ধার হিসেবে নেওয়া হয়।

উদ্দীপকে জনাব শফি তার বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছেলের জন্য তার বন্ধুর নিকট থেকে ধার নিয়ে একটি কম্পিউটার ক্রয় করেন। তার অর্থায়ন প্রক্রিয়ায় ঘাটতি হওয়াতে যে বন্ধুর থেকে ঋণ নেয়। সেহেতু পারিবারিক অর্থায়নের মূল উদ্দেশ্য পরিবারের সকলের মঙ্গল করা।

তাই বলা যায়, শফি তিনি কম্পিউটার ক্রয়ে বন্ধুর থেকে ধার নেওয়া হচ্ছে পারিবারিক অর্থায়ন।

**ঘ** উদ্দীপকে কম্পিউটার বিক্রেতার অর্থায়ন হচ্ছে আন্তর্জাতিক অর্থায়ন ও জনাব শফির অর্থায়ন হচ্ছে পারিবারিক অর্থায়ন। তাই দুটি অর্থায়ন প্রক্রিয়া সম্পূর্ণ ভিন্ন।

অর্থায়নের গুরুত্বপূর্ণ ধরন হচ্ছে আন্তর্জাতিক অর্থায়ন। ব্যবসায় প্রতিষ্ঠান তার তহবিল সংগ্রহ ও বিনিয়োগের জন্য যে অর্থায়ন প্রক্রিয়া ব্যবহার করে, সেটাই ব্যবসায় অর্থায়ন। অপরদিকে পরিবারের আয় কীভাবে ব্যয় করলে পরিবারের সকল সদস্যদের মঙ্গল হবে, তা নির্ধারণ করা হচ্ছে পারিবারিক অর্থায়ন। পারিবারিক অর্থায়নের উদ্দেশ্য পরিবারের সদস্যদের মঙ্গল করা।

উদ্দীপকে জনাব শফি যে তার ছেলের কম্পিউটার ক্রয়ের জন্য তার বন্ধুর নিকট থেকে ঋণ নেয়, যা পারিবারিক অর্থায়ন। অপরদিকে কম্পিউটার বিক্রেতা যে ব্যবসায়ে কম্পিউটার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি আমদানি করে, যা হচ্ছে আন্তর্জাতিক অর্থায়ন। এই দুটি অর্থায়ন সম্পূর্ণ ভিন্ন প্রকৃতির। কেননা আন্তর্জাতিক অর্থায়নে তহবিল সংগ্রহণ করা হয় নিজস্ব মূলধন ও বহিস্থ উৎস থেকে। অপরদিকে পারিবারিক অর্থায়নে তহবিল সংগ্রহ করা হয় নিজস্ব আয় ও ঘাটতি হলে বন্ধু, আত্মীয়, পরিচিত ব্যক্তিদের থেকে তা সংগ্রহ করা হয়, ব্যবসায় অর্থায়নের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন ও তহবিলের বাহ্যিক উৎস হচ্ছে ঋণ। আবার পারিবারিক অর্থায়নের প্রক্রিয়া ভিন্ন ও উদ্দেশ্য।

তাই বলা যায় যে, কম্পিউটার বিক্রেতার অর্থায়ন ও জনাব শফির অর্থায়ন হতে ভিন্ন।

**প্রশ্ন ▶ ০৩** জনাব সেলিম তার অবসর ভাতা বাবদ প্রাপ্ত অর্থ বিনিয়োগের জন্য নিচের দুইটি ব্যাংকের তথ্য পর্যালোচনা করেন :

| ব্যাংকের নাম | সুদের হার | চক্রবৃদ্ধির সংখ্যা | মেয়াদ | পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| সাজ্জু ব্যাংক | ৯.৫% | মাসিক | ১০ বছর | ২,৫০,০০০ |
| কর্ণফুলী ব্যাংক | ১০% | বার্ষিক | ১০ বছর | ২,৫০,০০০ |

ক. সরল সুদ কী? ১

খ. বাট্টাকরণ প্রক্রিয়া বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব সেলিম সাজ্জু ব্যাংক থেকে মেয়াদ শেষে কত টাকা পাবেন? নির্ণয় কর। ৩

ঘ. জনাব সেলিমের জন্য কোন ব্যাংক বেশি উপযুক্ত বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** শুধুমাত্র আসল টাকার ওপর যে সুদ প্রদান করা হয়, তাকে সরল সুদ বলে।

**খ** অর্থের বর্তমান মূল্য নির্ণয়ের পদ্ধতিকে বাট্টাকরণ প্রক্রিয়া বলে। অর্থের ভবিষ্যৎ মূল্য জানা থাকলে বর্তমান মূল্য নির্ণয় করা যায়। একে বলে বাট্টাকরণ প্রক্রিয়া। একাধিকবার চক্রবৃদ্ধিকরণের ক্ষেত্রেও ভবিষ্যৎ মূল্য থেকে বাট্টাকরণের মাধ্যমে বর্তমান মূল্য নির্ণয় করা যায়। সাধারণত বর্তমান মূল্য নির্ণয়ে নিম্নোক্ত সূত্র ব্যবহার করা হয়–

$$\text{বর্তমান মূল্য (PV)} = \frac{\text{ভবিষ্যৎ মূল্য (FV)}}{(১ + \text{সুদের হার})^{\text{মেয়াদ}}}$$

**গ** জনাব সেলিম 'সাজ্জু ব্যাংক' থেকে মেয়াদ শেষে কত টাকা পাবেন, তা নির্ণয় করা হলো :

এখানে,

বর্তমান মূল্য (PV) = ২,৫০,০০০ টাকা

মেয়াদ (n) = ১০ বছর, চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ১২ বার

সুদের হার (i) = ৯.৫% বা ০.০৯৫

আমরা জানি,

$$\text{ভবিষ্যৎ মূল্য (FV)} = PV\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}$$

$$= ২,৫০,০০০\left(১ + \frac{০.০৯৫}{১২}\right)^{১০ \times ১২}$$

$$= ২,৫০,০০০ \times ২.৫৭৬০৫৫৩৯৭$$

$$= ৬,৪৪,০১৩.৮৪ \text{ টাকা}$$

∴ তিনি সাজ্জু ব্যাংক থেকে মেয়াদ শেষে ৬,৪৪,০১৩.৮৪ টাকা পাবেন।

**ঘ** 'কর্ণফুলী ব্যাংক' থেকে মেয়াদ শেষে কতো টাকা পাবেন, তা নির্ণয় করা হলো :

এখানে,

বর্তমান মূল্য (PV) = ২,৫০,০০ টাকা

মেয়াদ (n) = ১০ বছর

সুদের হার (i) = ১০% বা ০.১

আমরা জানি,

$$\text{ভবিষ্যৎ মূল্য (FV)} = PV\ (১ + i)^n$$

$$= ২,৫০,০০০(১ + ০.১)^{১০}$$

$$= ২,৫০,০০০ \times ২.৫৯৩৭৪২$$

$$= ৬,৪৮,৪৩৫.৬১ \text{ টাকা।}$$

∴ কর্ণফুলী ব্যাংকে টাকা জমা রাখলে মেয়াদ শেষে ৬,৪৮,৪৩৫.৬১ টাকা পাবেন।

∴ জনাব সেলিমের উচিত কর্ণফুলী ব্যাংক অর্থ জমা রাখা, কেননা কর্ণফুলী ব্যাংকে টাকা জমা রাখলে সাজ্জু ব্যাংক থেকে (৬,৪৮,৪৩৫.৬১ − ৬,৪৪,০১৩.৮৪) = ৪,৪২১.৭৭ টাকা মেয়াদ শেষে বেশি পাবেন।

**প্রশ্ন ▶ ০৪** মিজান সাহেব ১২ বছর পর ২০ লক্ষ টাকা পাওয়ার আশায় কিছু টাকা ব্যাংকে জমা রাখতে ইচ্ছুক। 'B' ব্যাংকে ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে সুদের হার ৯%। অন্যদিকে 'C' ব্যাংক তাকে প্রস্তাব করে যে, বর্তমানে ৮ লক্ষ টাকা রাখলে ১২ বছর পর তিনি কাঙ্ক্ষিত টাকা ফেরত পাবেন।

ক. সুযোগ ব্যয় কী? ১

খ. চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি কী? ব্যাখ্যা কর। ২

গ. 'B' ব্যাংকের প্রকৃত সুদের হার কত? নির্ণয় কর। ৩

ঘ. মিজান সাহেব কোন ব্যাংকে টাকা রাখলে লাভবান হবেন? 'B' ব্যাংকের বর্তমান মূল্য নির্ণয় সাপেক্ষে তোমার মতামত দাও। ৪

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** কোনো একটি প্রকল্পে বিনিয়োগের ফলে অন্য যেকোনো প্রকল্পের আয়ের সুযোগ ত্যাগ করাকে সুযোগ ব্যয় বলে।

**খ** যে পদ্ধতিতে প্রতি বছর সুদাসলের উপর সুদ ধার্য করে ভবিষ্যৎ মূল্য নির্ধারণ করা হয় তাকে চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি বলে।

সরল সুদের ক্ষেত্রে শুধু আসলের উপর সুদ গণনা করা হয়। কিন্তু চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিতে প্রতি বছর সুদাসলের উপর সুদ গণনা করা হয়। যেমন : আসল ১০০ টাকা ও সুদের হার ১০% ধরলে ১ বছর পর সুদ হবে (১০০ × ১০%) = ১০ টাকা। ভবিষ্যৎ মূল্য দাঁড়াবে {১০০ + (১০০ × ১০%)} = ১১০ টাকা। দ্বিতীয় বছর এই ১১০ টাকাকে আসল ধরে তার উপর দ্বিতীয় বছরের ১০% হারে সুদ ধার্য করলে সুদ হবে (১১০ × ১০%) = ১১ টাকা। এভাবে প্রথম বছরের সুদাসলকে দ্বিতীয় বছরের আসল ধরে তার উপর দ্বিতীয় বছরের সুদ ধার্য করার প্রক্রিয়াকে বলা হয় চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি।

**গ** 'B' ব্যাংকের প্রকৃত সুদের হার নির্ণয় করা হলো:
এখানে,
সুদের হার (i) = ৯% বা ০.০৯
চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ৪ বার [ত্রৈমাসিক চক্রবৃদ্ধি]
আমরা জানি,

$$\text{প্রকৃত সুদের হার, EAR} = \left\{\left(১ + \frac{i}{m}\right)^{m} - ১\right\} \times ১০০$$
$$= \left\{\left(১ + \frac{০.০৯}{৪}\right)^{৪} - ১\right\} \times ১০০$$
$$= \{(১ + ০.০২২৫)^{৪} - ১\} \times ১০০$$
$$= ৯.৩০\%$$

∴ 'B' ব্যাংকের প্রকৃত সুদের ৯.৩০%।

**ঘ** 'B' ব্যাংকের বর্তমান মূল্য নির্ণয় করা হলো:
এখানে,
ভবিষ্যৎ মূল্য (FV) = ২০,০০,০০০ টাকা
মেয়াদ (n) = ১২ বছর
চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ৪ বার
সুদের হার (i) = ৯% বা ০.০৯
আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য (PV)} = \frac{FV}{\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}}$$
$$= \frac{২০,০০,০০০}{(১.০২২৫)^{৪৮}}$$
$$= ৬,৮৭,৩৭০.৩৫ \text{ টাকা}$$

∴ মিজান সাহেবের উচিত 'B' ব্যাংকে টাকা জমা রাখা উচিত। কেননা 'B' ব্যাংকে টাকা জমা রাখলে 'C' ব্যাংক থেকে (৮,০০,০০০ − ৬,৮৭,৩৭০) = ১,১২,৬৩০ টাকা কম জমা রেখে ২০,০০,০০০ টাকা পাবেন।

**প্রশ্ন ▶ ০৫** শাপলা কোম্পানি প্রাইভেট লিমিটেড সম্পূর্ণ অভ্যন্তরীণ উৎস থেকে তহবিল সংগ্রহ করে ব্যবসা পরিচালনা করে। উক্ত প্রতিষ্ঠানের বিগত পাঁচ বছরের আয় যথাক্রমে ১৫%, ১৭%, ২০%, ১৮% ও ১৫% এবং সম্ভাব্য আদর্শ ঝুঁকি ও গড় আয় যথাক্রমে ৫% ও ১৫%। সম্প্রতি বৈশ্বিক অর্থনৈতিক মন্দার প্রভাবে বিক্রয়ের পরিমাণ হ্রাস পাওয়ায় পরিচালন খরচ মেটাতে অনিশ্চয়তা দেখা দেয়। ফলে উক্ত কোম্পানি বহিস্থ উৎস থেকে ঋণ গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. ঝুঁকিমুক্ত আয় কী? ১
খ. শেয়ারে বিনিয়োগকারীর তারল্য ঝুঁকি সৃষ্টির সম্ভাবনা কম কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানে কোন ধরনের ঝুঁকি বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. আদর্শ বিচ্যুতি নির্ণয়পূর্বক শাপলা কোম্পানির আয় সন্তোষজনক কিনা মতামত দাও। ৪

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** যে আয়ের প্রকৃত আয় সর্বদা প্রত্যাশিত আয়ের সমান হয়, সে আয়কে ঝুঁকিমুক্ত আয় বলে।

**খ** শেয়ারে বিনিয়োগকারীর তারল্য ঝুঁকি সৃষ্টির সম্ভাবনা কম থাকে।

শেয়ারে বিনিয়োগকারী কোনো কোম্পানির শেয়ার কিনলে, তাকে তারল্য ঝুঁকি নিয়ে তেমন চিন্তা করতে হয় না। কারণ সে ইচ্ছে করলেই যেকোনো সময় সেকেন্ডারি মূলধন বাজারে বা শেয়ার মার্কেটে গিয়ে তার শেয়ার বিক্রয় করে দিতে পারে।

**গ** উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানে ব্যবসায়িক ঝুঁকি বিদ্যমান।

ব্যবসায় প্রতিষ্ঠান সফলভাবে চালানোর জন্য বিভিন্ন রকম পরিচালন ব্যয়ের সৃষ্টি হয়। যেমন: কাঁচামাল ক্রয়, শ্রমিকের বেতন, অফিস ভাড়া ইত্যাদি। এসব পরিচালন খরচ পরিশোধের অসমতা থেকে ব্যবসায়িক ঝুঁকির সৃষ্টি হয়। প্রতিষ্ঠানের পরিচালন ব্যয় মেটানোর সক্ষমতা নির্ভর করে বিক্রয় থেকে আয়ের স্থিতিশীলতার উপর। বিক্রয়লব্ধ আয় কোনো সময় বেশি আবার কোনো সময় কম হলে প্রতিষ্ঠানের পরিচালনা ব্যয় মেটাতে অনিশ্চয়তা দেখা দেয়।

উদ্দীপকে শাপলা কোম্পানি সম্প্রতি বৈশ্বিক অর্থনৈতিক মন্দার কারণে বিক্রয়ের পরিমাণ হ্রাস পাওয়ায় পরিচালন খরচ মেটাতে অনিশ্চয়তা দেখা দেয়। উক্ত কোম্পানিতে ব্যবসায়িক ঝুঁকি বিদ্যমান। কেননা বিক্রয়ের পরিমাণ হ্রাস পেলে প্রতিষ্ঠান পরিচালন খরচ মেটাতে সক্ষম হয় না, ফলে ব্যবসায়িক ঝুঁকি সৃষ্টি হয়। সুতরাং বলা যায় যে, শাপলা কোম্পানিতে ব্যবসায়িক ঝুঁকি বিদ্যমান।

**ঘ** শাপলা কোম্পানির আদর্শ বিচ্যুতি নির্ণয় করা হলো:

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয় − গড়) | ব্যবধানের বর্গ |
|---|---|---|---|
| ১ | ১৫ | (১৫ − ১৭) = − ২ | ৪ |
| ২ | ১৭ | (১৭ − ১৭) = ০ | ০ |
| ৩ | ২০ | (২০ − ১৭) = ৩ | ৯ |
| ৪ | ১৮ | (১৮ − ১৭) = ১ | ১ |
| ৫ | ১৫ | (১৫ − ১৭) = − ২ | ৪ |
| যোগফল = | ৮৫% | ব্যবধানের বর্গের যোগফল = | ১৮ |
| গড় আয় | $\frac{৮৫}{৫} = ১৭\%$ | ব্যবধানের বর্গের গড় $= \frac{১৮}{(n - ১)} = \frac{১৮}{৫ - ১}$ | = ৪.৫ |

$$\therefore \text{ আদর্শ বিচ্যুতি} = \sqrt{৪.৫} = ২.১২\%$$

∴ বলা যায় যে, শাপলা কোম্পানির আয় সন্তোষজনক। কেননা সম্ভাব্য গড় আয় ছিলো ১৫% এবং ঝুঁকি ৫% কিন্তু প্রকৃত গড় আয় ও ঝুঁকি ১৭% ও ২.১২%। সুতরাং প্রতিষ্ঠানের আয় সন্তোষজনক।

**প্রশ্ন ▶ ০৬** সিগমা মোটরস লিমিটেড এর 'ধূমকেতু' প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১ কোটি টাকা। বিগত ৫ বছরের মোট মুনাফা যথাক্রমে ২৪ লক্ষ টাকা, ৪০ লক্ষ টাকা, ৫২ লক্ষ টাকা, ৪৪ লক্ষ টাকা এবং ৬০ লক্ষ টাকা। কর হার ২৫% এবং পে-ব্যাক সময় ৩.৫ বছর। উক্ত কোম্পানির প্রকল্প 'নক্ষত্র' এর প্রাথমিক বিনিয়োগ ১ কোটি টাকা। বিগত পাঁচ বছরের নিট মুনাফা যথাক্রমে ২০ লক্ষ টাকা, ৩০ লক্ষ টাকা, ৪০ লক্ষ টাকা, ৩৫ লক্ষ টাকা এবং ৩০ লক্ষ টাকা।

ক. পণ্য বৈচিত্র্যায়ণ কী? ১
খ. মূলধন বাজেটিং এ বাট্টা হার নির্ধারন করা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. সিগমা মোটরস লিমিটেড এর 'ধূমকেতু' প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত 'নক্ষত্র' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয়পূর্বক কোন প্রকল্প বন্ধ করে দেয়া উচিত? মন্তব্য কর। ৪

### ৬নং প্রশ্নের উত্তর

**ক** পণ্য বৈচিত্র্যায়ণ হচ্ছে বিভিন্ন পণ্যের সমাহার ঘটিয়ে ঝুঁকি কমানোর ব্যবস্থা করা।

**খ** ভবিষ্যতের নগদ প্রবাহকে বর্তমান মূল্যে রূপান্তর করার জন্য যে হারের প্রয়োজন হয় তাকে বাট্টার হার বলে।

মূলধন বাজেটিং প্রক্রিয়ার দ্বিতীয় ধাপ হলো বাট্টার হার নির্ধারণ। নগদ প্রবাহ নির্ধারণ করার পর সেগুলোকে নগদ মূল্যে রূপান্তর করার জন্য বাট্টার হার প্রয়োজন। মূলধন খরচকে মূলধন বাজেটিং প্রক্রিয়ার বাট্টার হার হিসেবে ব্যবহার করা হয়।

**গ** 'ধূমকেতু' প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় করা হলো:

| বিবরণ | পরিমাণ (টাকায়) | | | | |
|---|---|---|---|---|---|
| | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ | বছর-৫ |
| মোট মুনাফা | ২৪,০০,০০০ | ৪০,০০,০০০ | ৫২,০০,০০০ | ৪৪,০০,০০০ | ৬০,০০,০০০ |
| (–) কর (২৫%) | (৬,০০,০০০) | (১০,০০,০০০) | (১৩,০০,০০০) | (১১,০০,০০০) | (১৫,০০,০০০) |
| নিট মুনাফা | ১৮,০০,০০০ | ৩০,০০,০০০ | ৩৯,০০,০০০ | ৩৩,০০,০০০ | ৪৫,০০,০০০ |

এখানে, গড় নিট মুনাফা $= \frac{১৮,০০,০০০ + ৩০,০০,০০০ + ৩৯,০০,০০০ + ৩৩,০০,০০০ + ৪৫,০০,০০০}{৫}$

$= ৩৩,০০,০০০$ টাকা

$\therefore$ গড় বিনিয়োগ $= \frac{১,০০,০০,০০০ + ০}{২}$

$= ৫০,০০,০০০$ টাকা

আমরা জানি,

গড় মুনাফার হার $= \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$

$= \frac{৩৩,০০,০০০}{৫০,০০,০০০} \times ১০০ = ৬৬\%$

$\therefore$ 'ধূমকেতু' প্রকল্পের গড় মুনাফার হার ৬৬%।

$\therefore$ সিগমা মোটরস লিঃ এর উচিত 'ধূমকেতু' প্রকল্প বন্ধ করে দেওয়া। কেননা, 'নক্ষত্র' প্রকল্পে পে-ব্যাক সময় ২.১৬ বছর। অপরদিকে, 'ধূমকেতু' প্রকল্পে পে-ব্যাক সময় ৩.৫ বছর। অর্থাৎ বিনিয়োগকৃত অর্থ 'নক্ষত্র' প্রকল্পে 'ধূমকেতু' প্রকল্পের তুলনায় কম সময়ে ফেরত আসছে।

**ঘ** 'নক্ষত্র' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করা হলো :

বার্ষিক অবচয় $= \frac{\text{প্রাথমিক বিনিয়োগ + ভগ্নাবশেষ মূল্য}}{\text{আয়ুষ্কাল}}$

$= \frac{১,০০,০০,০০০ + ০}{৫} = ২০,০০,০০০$ টাকা

| বিবরণ | পরিমাণ (টাকায়) | | | | |
|---|---|---|---|---|---|
| | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ | বছর-৫ |
| নিট মুনাফা | ২০,০০,০০০ | ৩০,০০,০০০ | ৪০,০০,০০০ | ৩৫,০০,০০০ | ৩০,০০,০০০ |
| (+) অবচয় | ২০,০০,০০০ | ২০,০০,০০০ | ২০,০০,০০০ | ২০,০০,০০০ | ২০,০০,০০০ |
| নগদ প্রবাহ | ৪০,০০,০০০ | ৫০,০০,০০০ | ৬০,০০,০০০ | ৫৫,০০,০০০ | ৫০,০০,০০০ |

সারণি থেকে প্রাপ্ত নগদ প্রবাহ সারণিতে নির্ণীয় নগদ প্রবাহ ব্যবহার করে প্রকল্পটির পে-ব্যাক সময় নিম্নরূপে নির্ণয় করা যায় :

| বছর | বার্ষিক নগদ প্রবাহ (টাকায়) | ক্রমযোজিত নগদ প্রবাহ (টাকায়) |
|---|---|---|
| ০ | – ১,০০,০০,০০০ | –১,০০,০০,০০০ |
| ১ | ৪০,০০,০০০ | – ৬০,০০,০০০ |
| ২ | ৫০,০০,০০০ | – ১০,০০,০০০ |
| ৩ | ৬০,০০,০০০ | ৫০,০০,০০০ |
| ৪ | ৫৫,০০,০০০ | ১,০৫,০০,০০০ |
| ৫ | ৫০,০০,০০০ | ১,৫৫,০০,০০০ |

$\therefore$ পে-ব্যাক সময় $= ২ + \frac{১০,০০,০০০}{৬০,০০,০০০}$

$= ২.১৬$ বছর (প্রায়)

$\therefore$ সিগমা মোটরস লিঃ এর উচিত 'ধূমকেতু' প্রকল্প বন্ধ করে দেওয়া। কেননা 'নক্ষত্র' প্রকল্পে পে-ব্যাক সময় ২.১৬ বছর। অপরদিকে, 'ধূমকেতু' প্রকল্পে পে-ব্যাক সময় ৩.৫ বছর। অর্থাৎ বিনিয়োগকৃত অর্থ 'নক্ষত্র' প্রকল্পে 'ধূমকেতু' প্রকল্পের তুলনায় কম সময়ে ফেরত আসছে।

## ব্যাংকিং অংশ

**প্রশ্ন ▶ ০৭**

| ব্যাংকের নাম | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|
| B ব্যাংক | অন্যান্য ব্যাংকের নিয়ন্ত্রক, মুদ্রা প্রচলন করে। |
| C ব্যাংক | আমানত গ্রহণ ও ঋণ প্রদান এবং সেবা প্রদানের মাধ্যমে মুনাফা অর্জন করে। |
| D ব্যাংক | ব্যাংক ও গ্রাহকের যৌথ উদ্যোগে ব্যবসায় পরিচালনার মাধ্যমে লাভ লোকসান সমবণ্টন করে থাকে এবং শরিয়ত মোতাবেক লেনদেন সম্পন্ন করেন। |

ক. বিনিময় ব্যাংক কাকে বলে? ১
খ. ব্যবসায়ীদের জন্য কোন ধরনের ব্যাংক হিসাব উপযোগী? ব্যাখ্যা কর। ২
গ. 'D' ব্যাংক কোন ধরনের ব্যাংক? বর্ণনা কর। ৩
ঘ. 'B' ব্যাংক ও 'C' ব্যাংক বিভিন্ন ব্যাংকিং কার্যক্রম পরিচালনায় পরস্পরের উপর নির্ভরশীল– মূল্যায়ন কর। ৪

## ৭নং প্রশ্নের উত্তর

**ক** বৈদেশিক লেনদেন নিষ্পত্তি ও বৈদেশিক মুদ্রা বিনিময়ের জন্য যে ব্যাংক গঠিত হয়, তাকে বিনিময় ব্যাংক বলে।

**খ** ব্যবসায়ীদের দৈনন্দিন লেনদেনের জন্য চলতি হিসাব খোলা উপযুক্ত।

যে হিসাবের মাধ্যমে প্রতিদিন যতবার খুশি টাকা জমা রাখা যায় এবং চেক বা কার্ড ব্যবহার করে যতবার খুশি টাকা উত্তোলন করা যায় তাকে চলতি হিসাব বলে। এ হিসাব ব্যবসায়ীদের জন্য আধিক উপযোগী। কেননা ব্যবসায়ীরা প্রতিদিন অসংখ্যার লেনদেন করেন। যার সুবিধা শুধু চলতি হিসাবের মাধ্যমেই পাওয়া যায়। তাছাড়া এ হিসাবের মাধ্যমে জমাতিরিক্ত টাকাও উত্তোলন করা যায়।

**গ** উদ্দীপকে 'D' ব্যাংক হচ্ছে সুদমুক্ত ব্যাংক।

সুদমুক্ত ব্যাংক গুলো সাধারণত বাকি ব্যাংকগুলো থেকে এদের কার্যক্রম ভিন্ন। ইসলামি শরিয়ত অনুযায়ী সুদমুক্তভাবে ব্যাংকিং সেবাদানের লক্ষ্যে ১৯৮৩ সালে বাংলাদেশে সর্বপ্রথম সুদমুক্ত ব্যাংক প্রতিষ্ঠিত হয়। অন্যান্য বাণিজ্যিক ব্যাংকের সাথে সেবা প্রদানের সামঞ্জস্য থাকলেও ইসলামি ব্যাংকিং ব্যবস্থার আমানত গ্রহণ ও ঋণ প্রদানে মুদারাবা, মুসারাকা, মুরাবাহা সেবা দেখতে পাওয়া যায়।

উদ্দীপকে 'D' ব্যাংক হচ্ছে ব্যাংক ও গ্রাহকের যৌথ উদ্যোগে ব্যবসায় পরিচালনার মাধ্যমে লাভ-লোকসান সমবণ্টন করে থাকে এবং শরিয়ত মোতাবেক লেনদেন সম্পন্ন করে। 'D' ব্যাংকের উক্ত সেবা হচ্ছে মুসারাকা যা সুদমুক্ত ব্যাংকের সেবা। সুদমুক্ত ব্যাংক মুসারাকা সেবার দ্বারা ব্যাংক ও গ্রাহকের যৌথ উদ্যোগে লাভ-লোকসান সমবণ্টন করে। তাই বলা যায় যে, 'D' ব্যাংক হচ্ছে সুদমুক্ত ব্যাংক।

**ঘ** 'B' ব্যাংক হচ্ছে কেন্দ্রীয় ব্যাংক ও 'C' ব্যাংক হচ্ছে বাণিজ্যিক ব্যাংক। বিভিন্ন ব্যাংকিং কার্যক্রমে পরিচালনায় পরস্পরের ওপর নির্ভরশীল।

যে ব্যাংক দেশের নোট ও মুদ্রা প্রচলন করে ও ঋণ নিয়ন্ত্রণ ও অন্যান্য ব্যাংকের নিয়ন্ত্রক তাকে কেন্দ্রীয় ব্যাংক বলে। এই কেন্দ্রীয় ব্যাংক ব্যাংকিং কার্যক্রম পরিচালনায় বাণিজ্যিক ব্যাংকের ওপর নির্ভরশীল। যে ব্যাংক আমানত গ্রহণ ও ঋণ প্রদান দ্বারা মুনাফা অর্জন করে, তাকে বাণিজ্যিক ব্যাংক বলে। বাণিজ্যিক ব্যাংক তার কার্যক্রম পরিচালনায় আবার কেন্দ্রীয় ব্যাংকের ওপর নির্ভরশীল। বাণিজ্যিক ব্যাংক তারল্য ঘাটতিতে পড়লে কেন্দ্রীয় ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে থাকে। আবার কেন্দ্রীয় ব্যাংক, ব্যাংক হার নীতি, খোলাবাজার নীতি ইত্যাদি পদ্ধতি দ্বারা বাণিজ্যিক ব্যাংক সমূহের ঋণ নিয়ন্ত্রণ করে। আবার কেন্দ্রীয় ব্যাংক তার নীতি ও পরিকল্পনা বাণিজ্যিক ব্যাংক দ্বারা বাস্তবায়ন করে। কেন্দ্রীয় ব্যাংক দেশ-বিদেশের অর্থ বাজারের তথ্য বাণিজ্যিক ব্যাংকে সরবরাহ করে।

উদ্দীপকে 'B' ব্যাংকের কার্যক্রম হচ্ছে কেন্দ্রীয় ব্যাংক ও 'C' ব্যাংকের কার্যক্রম হচ্ছে বাণিজ্যিক ব্যাংক। তাই বলা যায়, এই দুই শ্রেণির ব্যাংক বিভিন্ন ব্যাংকিং কার্যক্রম পরিচালনায় পরস্পরের ওপর নির্ভরশীল। কেননা বাণিজ্যিক ব্যাংক ঋণ গ্রহণ, ঋণের সুদের হার নির্ধারণে কেন্দ্রীয় ব্যাংকের ওপর নির্ভরশীল অপর দিকে কেন্দ্রীয় ব্যাংক তার নীতি ও পরিকল্পনা প্রণয়নে বাণিজ্যিকের ওপর নির্ভরশীল। আবার বাণিজ্যিক ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের হয়ে নিকাশ ঘরের দায়িত্ব পালন করে থাকে।

**প্রশ্ন ▶ ০৮** জনাব শিবলি সাদিক সিলেটে বসবাস করেন। তাঁর বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছেলেকে তিনি চট্টগ্রামে আধুনিক ব্যাংকিং ব্যবস্থায় টাকা পাঠান। তাঁর ছেলে মেশিনের মাধ্যমে টাকা উত্তোলন করে। ফলে সময় এর অপচয় হয় না। জনাব শিবলি সাদিক তাঁর ছেলেকে চট্টগ্রামে দেখতে গেলে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। তাঁর হিসাবে টাকা না থাকলেও বিশেষ কার্ডের মাধ্যমে হাসপাতালের বিল পরিশোধ করেন।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১
খ. ইন্টানেট ব্যাংকিং বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব শিবলি সাদিক এর ছেলে ব্যাংকের কোন সেবা গ্রহণ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব শিবলি সাদিক ও তাঁর ছেলের ব্যবহৃত কার্ড দুটির মধ্যে কোন ধরনের পার্থক্য বিদ্যমান? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

## ৮নং প্রশ্নের উত্তর

**ক** যে ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের নিয়ম-নির্দেশনা মেনে ও এর তালিকায় অন্তর্ভুক্ত থেকে তার ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে তাকে তালিকাভুক্ত ব্যাংক বলে।

**খ** ইন্টারনেট ব্যাংকিংয়ের মাধ্যমে গ্রাহক ব্যাংকের একটি নিরাপদ ওয়েবসাইটে নাম ও পাসওয়ার্ড দ্বারা নিবন্ধিত হয়ে থাকে। যথাযথ তথ্য প্রদানের পর গ্রাহক পৃথিবীর যেকোন প্রান্ত থেকে যেকোনো সময় তার হিসাবের বিবরণী, তহবিল স্থানান্তর, বিল প্রদানসহ অন্যান্য লেনদনে ইন্টারনেটের মাধ্যমে করতে পারে।

**গ** জনাব শিবলি সাদিকের ছেলে ব্যাংকের ই-সেবা বা ইলেকট্রনিক ব্যাংকিং সেবার এটিএম সেবা গ্রহণ করেন।

কম্পিউটার এবং ইলেকট্রনিক দ্রব্যাদির উন্নতি ও আধুনিকায়নের সাথে সাথে ব্যাংকিং ব্যবসায়েও বিভিন্ন রকমের ইলেকট্রনিক পণ্যের আবির্ভাব ঘটেছে। ইলেকট্রনিক ব্যাংকিং সেবায় ২৪ ঘন্টা লেনদেন কার্যক্রম করা যায়। ইলেকট্রনিক ব্যাংকিং সেবায় ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ATM মেশিন, ইন্টারনেট ব্যাংকিং ইত্যাদির সাহায্যে ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন করা হয়ে থাকে।

উদ্দীপকে জনাব শিবলি সাদিকের ছেলে চট্টগ্রামে থাকে শিবলি সাদিক তার ছেলেকে আধুনিক ব্যাংকিং ব্যবসার টাকা পাঠান। তার ছেলে মেশিনের সাহায্যে টাকা উত্তোলন করে। তার ছেলে ব্যাংকের ই-সেবা গ্রহণ করে। যার ফলে ডেবিট কার্ড ব্যবহার করে এটিএম মেশিন থেকে জমাকৃত অর্থ উত্তোলন করে। তাই বলা যায় যে, জনাব শিবলি সাদিকের ছেলে ব্যাংকের ইলেকট্রনিক ব্যাংকিং সেবার এটিএম সেবাটি গ্রহণ করে।

**ঘ** উদ্দীপকে জনাব শিবলি সাদিক ও তার ছেলের ব্যবহৃত কার্ড একটি ডেবিট কার্ড অন্যটি ক্রেডিট কার্ড, এই দুটি কার্ডের পার্থক্য হচ্ছে ক্রেডিট কার্ডে ঋণ সুবিধা রয়েছে, যা ডেবিট কার্ডে তা নেই।

ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ড হচ্ছে একক ধরনের ইলেকট্রনিক প্লাস্টিক কার্ড। এই কার্ডের মাধ্যমে নগদ টাকা ছাড়াই কেনা-কাটা ও বিল পরিশোধ করা যায় ও এটিএম মেশিন থেকে নগদ টাকা উত্তোলন করা যায়। ব্যাংকের হিসাবে টাকা থাকা সাপেক্ষে ডেবিট কার্ড ব্যবহার যায়, অপরদিকে ক্রেডিট দ্বারা লেনদেন করতে হিসাব টাকা না থাকলেও বিল পরিশোধ করা যায়। ক্রেডিট কার্ড হচ্ছে এক ধরনের ব্যক্তিগত ঋণ, যা নির্দিষ্ট সময় শেষে গ্রাহককে সুদসহ পরিশোধ করতে হয়।

উদ্দীপকে শিবলি সাদিকের ছেলে এটিএম মেশিন থেকে জমাকৃত অর্থ উত্তোলন করে ডেবিট কার্ড ব্যবহার করে। এই ডেবিট কার্ডে হিসাবে অর্থ থাকা সাপেক্ষে বিল পরিশোধ ও অর্থ উত্তোলন করা যায়। অপরদিকে শিবলি সাদিক তার ছেলেকে চট্টগ্রামে দেখতে গেলে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। তার হিসাবে টাকা না থাকলেও যে বিশেষ কার্ডের দ্বারা হাসপাতালের বিল পরিশোধ করেন। তার এই বিশেষ কার্ডটি হচ্ছে ক্রেডিট কার্ড। যার মাধ্যমে ঋণ সুবিধা নিয়ে বিল পরিশোধ করা যায়। যা তাকে সুদসহ পরিশোধ করতে হয়।

তাই বলা যায় যে, তাদের ব্যবহৃত কার্ড দুটির পার্থক্য হচ্ছে ক্রেডিট কার্ডে ঋণ সুবিধা রয়েছে, যা ডেবিট কার্ডে নেই।

**প্রশ্ন ▶ ০৯** ভোগ্যপণ্যের পাইকার জনাব নজরুল শহরের অনেকগুলো সুপারশপে পণ্য সরবরাহ করেন। দৈনন্দিন লেনদেনের সুবিধার্থে তিনি তার পাশের 'ক' নামক একটি ব্যাংকে হিসাব খোলেন। হিসাবের বিপরীতে উক্ত ব্যাংকটি তাকে ইলেকট্রনিক কার্ড প্রদান করেন। অনেক সময় তিনি মোবাইলের মাধ্যমেও লেনদেন সম্পন্ন করেন। ব্যবসায়িক কাজে অর্থের প্রয়োজন হলে তিনি উক্ত ব্যাংক থেকে ঋণ নেন। পণ্য সংগ্রহের জন্য দিনাজপুর গেলে উক্ত ব্যাংকের একটি শাখা থেকে টাকা উত্তোলন করে মূল্য পরিশোধ করেন।

ক. প্রত্যয়পত্র কী? ১

খ. ব্যাংক কীভাবে গ্রাহকের জীবনযাত্রার মান উন্নয়ন করে? ব্যাখ্যা কর। ২

গ. জনাব নজরুলের 'ক' ব্যাংকে কোন ধরনের হিসাব আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব নজরুলের 'ক' ব্যাংকে হিসাব খোলার যৌক্তিকতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

### ৯নং প্রশ্নের উত্তর

**ক** যে দলিলের মাধ্যমে ব্যাংক বৈদেশিক বাণিজ্যে রপ্তানিকারককে আমদানিকারকের পক্ষ থেকে অগ্রিম অর্থ প্রদানে প্রতিশ্রুতি প্রদান করে তাকে প্রত্যয়পত্র বা Letter of Credit (LC) বলে।

**খ** ইলেকট্রনিক ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে ব্যাংক গ্রাহকের জীবনযাত্রার মান উন্নয়ন করে।

ইলেকট্রনিক ব্যাংকিং সেবায় গ্রাহক ২৪ ঘণ্টা ব্যাংকিং সেবা পেয়ে থাকে। ই-ব্যাংকিং এর মাধ্যমে স্বল্প সময়ে অর্থ স্থানান্তর, বিদেশ থেকে আনা রেমিটেন্স বিতরণসহ সেবা পাওয়া যায়। গ্রাহক ডেবিট, ক্রেডিট কার্ড, এটিএম মেশিন, এ্যানি ব্রাঞ্চ ব্যাংকিং ইত্যাদি সুযোগ-সুবিধা পেয়ে থাকে।

**গ** জনাব নজরুলের 'ক' ব্যাংকে চলতি হিসাব রয়েছে।

যে হিসাবে যতবার খুশি অর্থ জমা রাখা ও উত্তোলন করা যায়, তাকে চলতি হিসাব বলে। ব্যবসায়ীদের জন্য এ হিসাব সুবিধাজনক। এ হিসাবে জমাতিরিক্ত ঋণের সুবিধা পাওয়া যায়।

উদ্দীপকে ভোগ্যপণ্যের পাইকার জনাব নজরুল শহরের অনেকগুলো সুপারশপে পণ্য সরবরাহ করেন। দৈনন্দিন লেনদেনের সুবিধার্থে তিনি তার পাশের 'ক' নামক একটি ব্যাংকে হিসাব খোলেন। তার উক্ত হিসাবটি হচ্ছে একটি চলতি হিসাব। কেননা তিনি দৈনন্দিন লেনদেন সম্পন্ন করার সুবিধার্থে হিসাবটি খুলেছেন। চলতি হিসাবে শুধুমাত্র দৈনন্দিন লেনদেন করা যায়। তাই বলা যায়, হিসাবটি চলতি হিসাব।

**ঘ** জনাব নজরুলের 'ক' ব্যাংকে হিসাব খোলার যৌক্তিকতা হচ্ছে ইলেকট্রনিক সেবা।

ইলেকট্রনিক প্রযুক্তি ব্যবহার করে অতি দ্রুত, নির্ভুল ও বিস্তৃত কার্য পরিচালনায় সক্ষম ব্যাংক ব্যবস্থাকেই ইলেকট্রনিক ব্যাংকিং বলে। এই সেবার ক্ষেত্রে ২৪ ঘণ্টা ব্যাংকিং সেবা পাওয়ার সুযোগ রয়েছে।

উদ্দীপকে জনাব আসিফ তার প্রতিষ্ঠানের পাশে অবস্থিত একটি ব্যাংকে নিজ নামে হিসাব খোলেন। নিজ ব্যাংক হিসাবের তথ্যাবলি তিনি মোবাইলের মাধ্যমে দেখতে পারেন। তিনি এটিএম বুথ অথবা অন্য শাখা থেকে অর্থ জমা ও উত্তোলন করতে পারেন।

উদ্দীপকের ব্যাংকটিতে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, এটিএম, এসএমএস ব্যাংকিং, ফোন ব্যাংকিং পদ্ধতি চালু আছে। এসবকে ইলেকট্রনিক ব্যাংকিং এর বিভিন্ন পণ্য বা সেবা বলা হয়। ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ড সেবার মাধ্যমে জনাব আসিফ ২৪ ঘণ্টা যেকোনো সময় এটিএম বুথ থেকে অর্থ উত্তোলন ও জমা দিতে পারেন। ফোন ব্যাংকিং এর মাধ্যমে তিনি মোবাইল ফোনের মাধ্যমে ব্যাংকিং লেনদেন সম্পন্ন করতে পারেন। মোবাইল এসএমএসের মাধ্যমে তিনি নিজ হিসাবের স্থিতি হিসাবের বিবরণী ইত্যাদি দেখতে পারেন। এছাড়া এ্যানি ব্রাঞ্চ ব্যাংকিং সেবার মাধ্যমে তিনি দেশের অন্য যেকোনো শাখা থেকে আর্থিক লেনদেন করতে পারবেন। অর্থাৎ উদ্দীপকে উল্লিখিত ব্যাংকের পণ্য বা সেবাসমূহ হলো ইলেকট্রনিক ব্যাংকিং পণ্য বা সেবা।

**প্রশ্ন ▶ ১০** গ্লোবাল ব্যাংক গ্রাহকদের আকৃষ্ট করার জন্য বিভিন্ন সঞ্চয় প্রকল্প ও ঋণ প্রদান প্রকল্প চালু করে। উক্ত ব্যাংকে জনাব সবুজের একটি চলতি হিসাব আছে। তাঁর স্ত্রী ব্যাংকে টাকা উত্তোলন করতে গেলে জনাব সবুজের ব্যাংকে হিসাবে জমা টাকার পরিমাণ জানানোর জন্য ব্যাংক অফিসারকে বলেন। ব্যাংক অফিসার তথ্য দিতে অস্বীকৃতি জানায়। উক্ত ব্যাংক অনুৎপাদনশীল ও অনিশ্চিত ক্ষেত্রে ঋণ প্রত্যাখ্যান করে। যুক্তরাষ্ট্র, ফ্রান্সসহ বিভিন্ন দেশে উক্ত ব্যাংকের শাখা আছে।

ক. বন্ধকী ব্যাংক কাকে বলে? ১

খ. ব্যাংক কীভাবে গ্রাহকদের উপদেষ্টা ও পরামর্শদাতা হিসেবে কাজ করে? ব্যাখ্যা কর। ২

গ. অঞ্চলভিত্তিক শ্রেণিকরণে গ্লোবাল ব্যাংক কোন ধরনের ব্যাংক? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে ব্যাংকিং ব্যবসায়ের নীতিসমূহ বিশ্লেষণ কর। ৪

### ১০নং প্রশ্নের উত্তর

**ক** ভূমি বন্ধক রেখে কৃষি বা শিল্পের প্রয়োজনে দীর্ঘমেয়াদে যে ব্যাংক ঋণ প্রদান করে, তাকে বন্ধকী ব্যাংক বলে।

**খ** ব্যাংক গ্রাহকদের উপদেষ্টা ও পরামর্শদাতা হিসেবে কাজ করা, এটি ব্যাংক গ্রাহকদের প্রেক্ষাপটে ব্যাংকের উদ্দেশ্য।

ব্যাংকের পেশাগত দক্ষতা কোনো প্রকল্পের লাভজনকতার ব্যাপারে আবেদনকারীর ধারণাকে শক্তিশালী করে। প্রকল্পটি যদি পরিবর্ধন, পরিমার্জন করতে হয়, ব্যাংক সে পরামর্শ প্রদান করে। এভাবে ব্যাংক গ্রাহকদের উপদেষ্টা ও পরামর্শ দাতা হিসেবে কাজ করে।

**গ** অঞ্চলভিত্তিক শ্রেণিকরণে গ্লোবাল ব্যাংক হচ্ছে একটি আন্তর্জাতিক ব্যাংক।

একটি দেশের জাতীয় সীমানার গন্ডি ভেদ করে আন্তর্জাতিক পর্যায়ে ব্যাংকিং ব্যবসায় পরিচালনা করার উদ্দেশ্য যে ব্যাংকের শাখা আন্তর্জাতিক পর্যায়ে বিস্তৃত, তাকে আন্তর্জাতিক ব্যাংক বলে।

উদ্দীপকে গ্লোবাল ব্যাংকের যুক্তরাষ্ট্র, ফ্রান্সসহ বিভিন্ন দেশে উক্ত ব্যাংকের কার্যক্রম সম্পাদন করে। গ্লোবাল ব্যাংকের দেশে-বিদেশে বিভিন্ন শাখা থাকার কারণে গ্রাহক খুব সহজেই যেকোনো স্থানে ব্যাংকিং সুবিধা ভোগ করতে পারে। অর্থাৎ ব্যাংকটির দেশের বাহিরে শাখা রয়েছে বিধায়। গ্লোবাল ব্যাংকটি হচ্ছে আন্তর্জাতিক ব্যাংক।

**ঘ** উদ্দীপকের আলোকে ব্যাংকিং ব্যবসায়ের নীতিসমূহ বিশ্লেষন করা হলো। উদ্দীপকের গ্লোবাল ব্যাংকে গোপনীয়তার নীতি ও ঋণ মঞ্জুর নীতির প্রভাব লক্ষণীয়।

ব্যাংক গ্রাহকের হিসাবের গোপনীয়তা রক্ষার জন্য একজন গ্রাহকের তথ্য অন্যজনের নিকট প্রকাশ করে না। ব্যাংকের মক্কেলের আস্থা অর্জনের একটি উপায় তাদের হিসাবের গোপনীয়তা রক্ষা। ব্যাংক গ্রাহকের হিসাবের তথ্য প্রকাশ করলে, গ্রাহক ব্যাংকের আস্থা হারাবে এবং ব্যাংকের সুনাম নষ্ট হবে। ব্যাংক ঋণ মঞ্জুর নীতির আলোকে উৎপাদনশীল ও লাভজনক প্রকল্পে ঋণ মঞ্জুর করে থাকে। এই নীতির আলোকে ব্যাংক ঋণ প্রদানের পূর্বে প্রকল্পের উৎপাদনশীলতা ও লাভজনকতা বিবেচনা করে। এ ব্যাপারে অনুৎপাদনশীল এবং অনিশ্চিত ক্ষেত্রে ঋণ প্রত্যাখ্যান করে।

উদ্দীপকে লক্ষ্য করা যায় যে, জনাব সবুজের একটি চলতি হিসাব রয়েছে গ্লোবাল ব্যাংকে। তার স্ত্রী ব্যাংকে টাকা উত্তোলন করতে তোলে, সবুজের ব্যাংক হিসাবের জমা টাকার পরিমাণ জানতে চায়, কিন্তু ব্যাংক তথ্য দিতে অস্বীকৃতি জানায়। উক্ত নীতিটি হচ্ছে গোপনীয়তার নীতি। আবার গ্লোবাল ব্যাংক অনুৎপাদনশীল ও অনিশ্চিত ক্ষেত্রে ঋণ প্রত্যাখ্যান করে। ব্যাংকের এই কাজের নীতিটি হলো ঋণ মঞ্জুর নীতি।

তাই বলা যায় যে, উদ্দীপকের গ্লোবাল ব্যাংক গোপনীয়তার নীতি ও ঋণ মঞ্জুর নীতি পালন করে।

**প্রশ্ন ▸ ১১** 'মেঘনা ব্যাংক' গ্রাহকদের আমানত হ্রাস পাওয়ায় নিজস্ব তহবিল এবং কেন্দ্রীয় ব্যাংক থেকে ঋণ নিয়ে গ্রাহকদের অর্থ-উত্তোলনের চাহিদা পূরণ করে। কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশে ব্যাংকটি সুদের হার কমিয়েছে এবং তার একজন গ্রাহকের সন্তানের পড়াশুনার জন্য বিদেশে একটি বিশ্ববিদ্যালয়ে অর্থ প্রেরণে সহায়তা করেছে। সুদের হার কমানোতে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানগুলো ব্যাংকটি থেকে ঋণ নিতে আগ্রহী হচ্ছে।

ক. আমানত কী? ১

খ. ব্যাংক কীভাবে মূলধন গঠন করে? ব্যাখ্যা কর। ২

গ. মেঘনা ব্যাংক গ্রাহকদের চাহিদা পূরণে কোন তহবিল থেকে অর্থ-সংগ্রহ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে ব্যাংকটির কার্যাবলি বিশ্লেষণ কর। ৪

## ১১নং প্রশ্নের উত্তর

**ক** বিভিন্ন হিসাবের মাধ্যমে ব্যাংক গ্রাহকদের নিকট থেকে যে অর্থ সংগ্রহ করে, তাকে ব্যাংকের আমানত বলে।

**খ** বিভিন্ন হিসাবের মাধ্যমে ব্যাংক গ্রাহকদের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ করে বিনিয়োগের জন্য পুঁজি বা মূলধন গঠন করে।

বাণিজ্যিক ব্যাংক জনগণের বিভিন্ন মেয়াদি যেমন চলতি, সঞ্চয়ী, স্থায়ী ইত্যাদি হিসাবের মাধ্যমে আমাণত গ্রহণ করে থাকে, যা আমানতকারীরা একত্রে উত্তোলন করে না। এভাবে হিসাব খোলার সুবিধা দিয়ে ব্যাংক জনগণের ছড়িয়ে ছিটিয়ে থাকা অর্থ সংগ্রহ করে মূলধন গঠন করে।

**গ** মেঘনা ব্যাংক গ্রাহকদের চাহিদা পূরণে সংরক্ষিত তহবিল থেকে অর্থ সংগ্রহ করেছে।

প্রতিবছর মুনাফার একটি অংশ শেয়ার হোল্ডার বা মালিকগণের মধ্য বণ্টন না করে ভবিষ্যতের জন্য সঞ্চয় করে রাখা হয়, তাকে সংরক্ষিত তহবিল বলে। এই অর্থ ভবিষ্যতে মূলধন হিসেবে ব্যবহার করা হয়ে থাকে। এই তহবিলের উদ্দেশ্য হচ্ছে ব্যাংকের ভিত্তিকে মজবুত করা। এটি ব্যাংক তহবিলের একটি স্থায়ী উৎস।

উদ্দীপকে 'মেঘনা ব্যাংক' গ্রাহকদের আমানত হ্রাস পাওয়ায় নিজস্ব তহবিল এবং কেন্দ্রীয় ব্যাংক থেকে ঋণ নিয়ে গ্রাহকদের অর্থ উত্তোলনের চাহিদা পূরণ করে। যেহেতু ব্যাংকটির নিজস্ব তহবিলের অর্থ থেকে গ্রাহকদের অর্থ উত্তোলনের চাহিদা পূরণ করে। তাই বলা যায় যে, সংরক্ষিত তহবিল ব্যবহার করে অর্থ সংগ্রহ করেছে ব্যাংকটি।

**ঘ** উদ্দীপকের ব্যাংকটির ধরন হচ্ছে বাণিজ্যিক ব্যাংক।

মুনাফা অর্জনের উদ্দেশ্য জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ এবং সে আমানত হতে ঋণ প্রদানসহ বিভিন্ন ব্যাংকিং সেবায় নিয়োজিত ব্যাংককে বাণিজ্যিক ব্যাংক বলে। বাণিজ্যিক ব্যাংকের প্রধান উদ্দেশ্য মুনাফা অর্জন। বাণিজ্যিক ব্যাংক বিভিন্ন প্রকার হিসাবের দ্বারা আমানতকারীর নিকট হতে তাদের সঞ্চয় গ্রহণ করে। সেই অর্থ ঋণগ্রহীতাদের বিভিন্ন মেয়াদে ঋণ হিসেবে প্রদান করে। ঋণগ্রহীতাদের ঋণ দিয়ে ব্যাংক এদিকে যেমন উৎপাদনমুখী কাজে সহায়তা করে। অন্যদিকে ঋণের ওপর যে সুদ আদায় করে, তা ব্যাংকের আয়ের প্রধান উৎস। এই সুদের হার কেন্দ্রীয় ব্যাংক নির্ধারণ করে থাকে।

উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশে 'মেঘনা ব্যাংক' সুদের হার কমিয়েছে এবং তারা একজন গ্রাহকের সন্তানের পড়াশুনার জন্য বিদেশে একটি বিশ্ববিদ্যালয়ে অর্থ প্রেরণে সহায়তা করেছে। বাণিজ্যিক ব্যাংক মূলত দেশের বাহিরে অর্থ স্থানান্তর করে তাকেও বাণিজ্যিক ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশে সুদের হার পরিবর্তন করে থাকে।

তাই বলা যায় যে, উদ্দীপকের 'মেঘনা ব্যাংক' হচ্ছে বাণিজ্যিক ব্যাংক। আর এই উপরিউক্ত বিশেষ কার্যাবলির মাধ্যমে মেঘনা ব্যাংক গ্রাহকদের সেবা দিয়ে যাচ্ছে।

# ময়মনসিংহ বোর্ড–২০২৩

বিষয় কোড 152

সময় : ৩০ মিনিট

## ফিন্যান্স ও ব্যাংকিং : বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[২০২৩ সালের সিলেবাস অনুযায়ী]

*[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান–১ ।]*

*প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।*

**১. কোন ব্যাংকিং সকলের কাছে নিরাপদ?**
ⓚ শাখা ⓚ চেইন ⓖ তালিকাভুক্ত ⓘ অতালিকাভুক্ত

**২. আন্তর্জাতিক মুদ্রা তহবিলের প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?**
ক ভিয়েনা খ লন্ডন গ নিউইয়র্ক ঘ ওয়াশিংটন

**৩. রুল ৭২ অনুযায়ী ১২% সুদে ১০,০০০ টাকা কত বছরে ২০,০০০ টাকা হবে?**
ক ২ খ ৪ গ ৬ ঘ ৮

**৪. কোন ধরনের হিসাবে গ্রাহককে চেক বই প্রদান করা হয় না?**
ক সঞ্চয়ী খ চলতি গ স্থায়ী ঘ বিমা সঞ্চয়ী

**৫. পরিচালন ব্যয় হলো–**
i. বিমা সেলামী ii. মজুরি ও বেতন iii. অফিস ভাড়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৬. ঝুঁকি বেশি হলে মুনাফা–**
ক কম হয় খ বেশি হয়
গ সমান থাকে ঘ মুনাফা হয় না

☐ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**
"ক" ব্যাংক জনগণের অর্থ আমানত রাখে ও অধিক সুদে ঋণ দেয়। এটি সুনাম বৃদ্ধির মাধ্যমে স্থায়ীভাবে ব্যাংক ব্যবসায় টিকে থাকতে চায়।

**৭. "ক" ব্যাংকটির প্রধান উদ্দেশ্য কী?**
ক আমানত রাখা খ সুদ গ্রহণ করা
গ ঋণ দেওয়া ঘ মুনাফা অর্জন করা

**৮. "ক" ব্যাংকটি সুনাম বৃদ্ধিতে করণীয় হলো–**
i. লকার ভাড়া দেওয়া ii. সর্বোচ্চ গ্রাহক সেবা প্রদান iii. দক্ষতা উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৯. রাজিব ব্যাংকে ১০০ টাকা জমা দিয়ে ১০% হারে চক্রবৃদ্ধি সুদে ৪ বছর পর কত টাকা পাবে?**
ক ১২৮ খ ১৪৬ গ ১৫৬ ঘ ১৯২

**১০. দেশের উন্নয়নে যে সব প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণ করা হয়–**
i. ADB ii. IDB iii. WORLD BANK
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১১. কোন হিসাবে জমাতিরিক্ত টাকা উত্তোলন করা যায়?**
ক চলতি খ সঞ্চয়ী গ স্থায়ী ঘ বিমা সঞ্চয়ী

**১২. ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে গ্রাহকের বিবেচ্য বিষয়–**
i. বহুমুখী সেবা ii. আয়ের উৎস iii. ঋণ সুবিধা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

☐ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মাহিম বার্ষিক ১০% মুনাফায় ৫,০০,০০০ টাকা ABC ব্যাংকে জমা রাখতে চান। তার বন্ধুর প্রস্তাব ছিল ঐ টাকার জমি কিনলে ৬ বছর পর তার বিনিয়োগকৃত টাকা দ্বিগুণ হবে। তিনি তার বন্ধুর প্রস্তাবটি গ্রহণ করেছেন।

**১৩. জনাব মাহিম ৬ বছর পর কত টাকা মুনাফা পাবে?**
ক ৮,৮৫,৭৮০ খ ৩,৮৫,৭৮০ গ ৫,০০,০০০ ঘ ১০,০০,০০০

**১৪. উদ্দীপক অনুযায়ী–**
i. জমি ক্রয়ের ক্ষেত্রে সুদের হার ৯% ii. জনাব মাহিমের সুযোগ ব্যয় ১০%
iii. জনাব মাহিমের বিনিয়োগ সিদ্ধান্ত সঠিক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৫. কিসের মাধ্যমে নগদ টাকা ছাড়াই গ্রহক কেনাকাটা করতে পারে?**
ক এটিএম খ মোবাইল ব্যাংকিং
গ ডেবিট কার্ড ঘ ইন্টারনেট ব্যাংকিং

**১৬. বাণিজ্যিক ব্যাংক কর্তৃক ইস্যুকৃত দলিল–**
i. ব্যাংকের আজ্ঞাপত্র ii. প্রত্যয়ন পত্র iii. ট্রেজারি চালান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৭. বাণিজ্যিক ব্যাংকের আয়ের প্রধান উৎস কী?**
ক ঋণের সুদ খ বিনিয়োগ গ বিল বাট্টাকরণ ঘ লকার ভাড়া

**১৮. ভবিষ্যৎ মূল্যকে বর্তমান মূল্যে রূপান্তরের ক্ষেত্রে m এর মান যত বেশি হবে, বর্তমান মূল্য তত–**
ক বেশি হবে খ কম হবে
গ সমান হবে ঘ দ্বিগুণ হবে

**১৯. "X" ব্যাংক ৬ বছরে দ্বিগুণ শর্তে জনগণের নিকট থেকে টাকা নিচ্ছে। এতে সুদের হার কত?**
ক ১০% খ ১২% গ ১৪% ঘ ১৬%

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
"ক" প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৬০,০০০ টাকা, যা আগামী ৫ বছরে বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ৮,০০০, ১২,০০০, ২৫,০০০, ২০,০০০ এবং ২১,০০০ টাকা।

**২০. "ক" প্রকল্পটির ৩য় বছরের ক্রমযোজিত নগদ প্রবাহ কত হবে?**
ক ৮,০০০ খ ২০,০০০ গ ৪৫,০০০ ঘ ৬৫,০০০

**২১. প্রকল্পের পে-ব্যাক সময় কত হবে?**
ক ৩ বছর খ ৩.৯ বছর গ ৪ বছর ঘ ৪.৯ বছর

**২২. ব্যবসায়ের নগদ বহিঃপ্রবাহের খাত হলো–**
i. চলতি ব্যয় ii. মূলধনী ব্যয় iii. নিট মুনাফা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৩. মূলধন বাজেটিং প্রক্রিয়ার ধাপ কয়টি?**
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

**২৪. ৫ বছর মেয়াদি একটি প্রকল্পের প্রারম্ভিক বিনিয়োগ ১৫ লক্ষ টাকা এবং প্রতি বছর কোম্পানির প্রাক্কলিত আয় ৩,০০,০০০ টাকা। প্রকল্পটির পে-ব্যাক সময় কত?**
ক ২ বছর খ ৩ বছর গ ৪ বছর ঘ ৫ বছর

**২৫. রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক কোন ধরনের ব্যাংক?**
ক বাণিজ্যিক খ সহায়ক
গ বিশেষ ঘ আঞ্চলিক

**২৬. বাংলাদেশে কত সালে স্কুল ব্যাংক প্রতিষ্ঠিত হয়েছিল?**
ক ১৮৬০ খ ১৮৭০ গ ১৯৬০ ঘ ১৯৭০

**২৭. মিনা বেকারির ২ বছরের গড় আয় ১০%। প্রতিষ্ঠানটির প্রথম বছরের আয় ২০% হলে ঐ বছরে ব্যবধান বর্গ কত হবে?**
ক ১০০ খ ২০০ গ ৩০০ ঘ ৪০০

**২৮. দায় সৃষ্টি করে কোনটি?**
ক সঞ্চিত তহবিল খ ঋণ মূলধন
গ আবণ্টিত মুনাফা ঘ শেয়ার মূলধন

**২৯. কোন দশকে অর্থায়ন অঙ্কনির্ভর হয়ে ওঠে?**
ক ১৯৪০ খ ১৯৫০ গ ১৯৬০ ঘ ১৯৭০

**৩০. IMF এর সদর দপ্তর কোথায় অবস্থিত?**
ক ঢাকা খ নয়াদিল্লি গ ভারত ঘ ওয়াশিংটন

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ময়মনসিংহ বোর্ড–২০২৩

বিষয় কোড 152

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স ও ব্যাংকিং : সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

[২০২৩ সালের সিলেবাস অনুযায়ী]

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে কমপক্ষে তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে কমপক্ষে তিনটিসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ – ফিন্যান্স

১। 'ক' অর্থায়ন ব্যবস্থায় দেশের সার্বিক উন্নয়নে বিভিন্ন খাতসমূহে অর্থ ব্যয় করা হয়। এই অর্থ ব্যবস্থায় প্রথমে ব্যয়ের পরিমাণ নির্ধারণ করে সে অনুযায়ী তহবিল সংগ্রহের লক্ষ্যমাত্রা ঠিক করা হয়। পক্ষান্তরে 'খ' অর্থায়ন ব্যবস্থায় আমদানি ও রপ্তানির খাতসমূহ বিশ্লেষণ এবং এ সংক্রান্ত ঘাটতি ব্যবস্থাপনা আলোচিত হয়।

ক. অর্থায়ন কী নিয়ে কাজ করে? ১
খ. অর্থায়নের উপযুক্ততার নীতি কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'ক' অর্থায়ন ব্যবস্থাপনায় অর্থায়নের ধরন বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের 'ক' অর্থায়ন ব্যবস্থাপনার মাধ্যমে বাণিজ্যঘাটতি নিরসন করা যায়– মূল্যায়ন কর। ৪

২। ABC কোম্পানি লিমিটেড ১৮% হারে ৮০ লক্ষ টাকা ৫ বছর মেয়াদি বন্ড বিক্রয় করে মূলধন সংগ্রহ করে এবং উক্ত মেয়াদকালীন সময়ে নগদ আন্তপ্রবাহ না থাকায় কোম্পানিটি দেনা পরিশোধে ব্যর্থ হয়।

ক. কোন বাজারে সহজে শেয়ারে ক্রেতা পাওয়া যায়? ১
খ. ঝুঁকিমুক্ত আয় কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ABC কোম্পানির সৃষ্ট ঝুঁকির ধরন বর্ণনা কর। ৩
ঘ. ABC কোম্পানি লিমিটেডের ক্ষেত্রে ঝুঁকির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৩। জনাব আজাদ তার অবসরকালীন সুবিধার ২৫,০০,০০০ টাকা 'তিতাস ব্যাংক' ৮% হারে ১০ বছরের জন্য স্থায়ী হিসাবে জমা রাখার সিদ্ধান্ত গ্রহণ করেন। অপরদিকে 'বিজনা ব্যাংক' তাকে ৯% হারে উক্ত টাকার মাসিক চক্রবৃদ্ধি প্রস্তাব করে।

ক. অর্থের সময়মূল্যের মূল কারণ কী? ১
খ. অর্থের সুযোগ ব্যয় কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আজাদ মেয়াদান্তে তিতাস ব্যাংক থেকে কত টাকা পাবেন? ৩
ঘ. জনাব আজাদের কোন ব্যাংকে টাকা রাখা অধিকতর যুক্তিযুক্ত? যুক্তি দাও। ৪

৪। সুমি এন্ড ব্রাদার্স এর গড় মুনাফার হার ৪০% লক্ষ্যমাত্রায় নির্ধারণ করা হলো। এ লক্ষ্যে ৩ বছর মেয়াদি একটি প্রকল্পে ১২,০০,০০০ টাকা বিনিয়োগ করল। আগামী ৩ বছরের প্রাক্কলিত বিক্রয় যথাক্রমে ৭ লক্ষ, ৮ লক্ষ এবং ৯ লক্ষ টাকা। অনুমিত হয় যে, প্রতি বছর বিক্রয়ের ৪০% চলতি খরচ হবে। প্রাক্কলিত বার্ষিক অবচয় ১,০০,০০০ টাকা এবং কর হার ৩০%।

ক. মূলধন বাজেটিং এর ব্যর্থতার দায়ভার নিতে হয় কাকে? ১
খ. পণ্য বৈচিত্র্যায়ণ কী? ব্যাখ্যা কর। ২
গ. সুমি এন্ড ব্রাদার্সের প্রকল্পের নিট মুনাফা নির্ণয় কর। ৩
ঘ. গড় মুনাফার হারের ভিত্তিতে সুমি এন্ড ব্রাদার্সের প্রকল্পটিতে বিনিয়োগ যথার্থ হয়েছে কি-না তা মূল্যায়ন কর। ৪

৫। জনাব মুত্তাকিন A ও B দুটি প্রকল্পে তার মূলধন বিনিয়োগ করেছেন। কিন্তু মূলধনের অপর্যাপ্ততার কারণে তিনি একটি প্রকল্পের কার্যক্রম বন্ধ করে দেয়ার সিদ্ধান্ত নেন। প্রকল্প দুটির বিগত ৪ বছরের আয়ের পরিমাণ নিম্নরূপ :

| সাল | প্রকল্প | |
|---|---|---|
| | A | B |
| ২০১৮ | ২৪% | ১২% |
| ২০১৯ | ২৩% | ১৭% |
| ২০২০ | – ৯% | ১৫% |
| ২০২১ | ২২% | ১৬% |

ক. ব্যবসায় প্রতিষ্ঠানের মুনাফা অর্জন কীসের উপর নির্ভর করে? ১
খ. তারল্য ঝুঁকি কী? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প A এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. কোন প্রকল্পটি বন্ধ করে দেয়া উচিত এবং কেন? যুক্তি দাও। ৪

৬। মামুন এন্ড ব্রাদার্সের হাতে দুটি প্রকল্প আছে। প্রতিটি প্রকল্পে প্রাথমিক বিনিয়োগের পরিমাণ ১,১২,০০০ টাকা। প্রকল্পের মেয়াদ ৫ বছর এবং প্রকল্পদ্বয়ের নগদ আন্তপ্রবাহের পরিমাণ নিম্নরূপ :

| বছর | নগদ আন্তপ্রবাহ | |
|---|---|---|
| | প্রকল্প-ক | প্রকল্প-খ |
| ১ | ৪০,০০০ | ৩০,০০০ |
| ২ | ৬০,০০০ | ৪০,০০০ |
| ৩ | ৪০,০০০ | ২৫,০০০ |
| ৪ | ৫৫,০০০ | ৫০,০০০ |
| ৫ | ৫০,০০০ | ৭০,০০০ |

ক. মূলধন বাজেটিং এর পদ্ধতি কয়টি? ১
খ. পে-ব্যাক পিরিয়ড পদ্ধতি কেন এত জনপ্রিয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে প্রকল্প 'ক' এর পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩
ঘ. পে-ব্যাক সময় বিবেচনায় কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত? মতামত দাও। ৪

### খ বিভাগ – ব্যাংকিং

৭। নিচে দুইটি ব্যাংকের কার্যাবলি দেওয়া হলো :

| ব্যাংক | কার্যাবলিসমূহ |
|---|---|
| ক | মুদ্রা প্রচলন ও ঋণ নিয়ন্ত্রণ করে। |
| খ | বিনিয়োগের আকার, মেয়াদ হার, উৎপাদনশীলতা ও লাভজনকতা বিবেচনা করে ঋণ প্রদান করে। |

ক. ঝুঁকিবহুল ব্যবসায় কোনটি? ১
খ. ব্যাংক কীভাবে কর্মসংস্থান করে? ২
গ. কার্যভিত্তিক শ্রেণিবিভাগের ভিত্তিতে উদ্দীপকের 'ক' ব্যাংকের ধরন বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের 'খ' ব্যাংকের ক্ষেত্রে ব্যাংকিং ব্যবসার মূলনীতি বিশ্লেষণ কর। ৪

৮। জনাব কামাল চালের ব্যবসায় করেন। তিনি ব্যাংকে একটি হিসাব খোলেন যার মাধ্যমে তিনি ঋণ সুবিধার পাশাপাশি ইলেকট্রনিক ব্যাংকিং সেবা নিতে পারেন। ব্যাংকটি কেন্দ্রীয় ব্যাংকের অধীনস্ত একটি ব্যাংক।

ক. ব্যাংকিং ব্যবসায়ের তহবিলের মূল উৎস কী? ১
খ. ইন্টারনেট ব্যাংকিং কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব কামাল ব্যাংকে যে হিসাব খুলেছেন তার ধরন বর্ণনা কর। ৩
ঘ. গ্রাহক হিসাবে জনাব কামালের ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে বিবেচ্য বিষয় মূল্যায়ন কর। ৪

৯। 'মেঘলা ব্যাংক' রুবি কোম্পানিকে একটি মেশিন ক্রয়ের সময় জাপানের কিয়াম এন্টারপ্রাইজকে অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা করে দেয়। উক্ত ব্যাংক রুবি কোম্পানির একটি বিলের অর্থ মেয়াদ পূর্তির পূর্বেই পরিশোধ করে দেয়। তাছাড়া কোম্পানির মূল্যবান দলিল নিরাপত্তার জন্য মেঘলা ব্যাংকে জমা রাখে। মেঘলা ব্যাংক অর্জিত মুনাফার সবটুকু শেয়ারহোল্ডারদের মধ্যে বণ্টন না করে অংশবিশেষ ভবিষ্যতের জন্য মূলধন হিসেবে জমা রাখে।

ক. বাণিজ্যিক ব্যাংকের পরোক্ষ উদ্দেশ্য কোনটি? ১
খ. ব্যাংক কীভাবে বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২
গ. মেঘলা ব্যাংকের তহবিলের উৎস কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. মেঘলা ব্যাংক-এর প্রধান কার্যাবলি বিশ্লেষণ কর। ৪

১০। কোম্পানি আইনের আওতায় গঠিত হয় গোমতী ব্যাংক। জনাব শরীফের ঢাকায় ইলেকট্রনিকসের একটি ব্যবসায় রয়েছে। তিনি গোমতী ব্যাংকে হিসাব খোলেন যাতে তিনি অর্থ জমা ও উত্তোলন করতে পারেন এবং প্রয়োজনে ঋণ নিতে পারেন। ব্যাংকটি জনাব শরীফের পক্ষে ব্যবসায়িক বিভিন্ন চুক্তিও সম্পাদন করে থাকে।

ক. কোন প্রতিষ্ঠান বাংলাদেশে মুদ্রা প্রচলন করে? ১
খ. স্কুল ব্যাংকিং কী? ব্যাখ্যা কর। ২
গ. মালিকানাভিত্তিক শ্রেণি অনুযায়ী 'গোমতী ব্যাংক' কোন ধরনের ব্যাংক? বর্ণনা কর। ৩
ঘ. ব্যাংক গ্রাহকদের প্রেক্ষাপটে গোমতী ব্যাংকের উদ্দেশ্য বিশ্লেষণ কর। ৪

১১। জনাব সোহাগ উদ্বৃত্ত অর্থ ব্যাংক হিসাবে জমা রাখেন। একটি সুপারশপে কেনাকাটা শেষে তিনি একটি বিশেষ কার্ডের মাধ্যমে মূল্য পরিশোধ করেন। কার্ডের বিপরীতে তার ব্যাংক হিসাবে কোনো টাকা জমা ছিল না।

ক. মেয়াদি আমানতের সর্বনিম্ন মেয়াদ কত? ১
খ. ডিপিএস (DPS) কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব সোহাগের ব্যবহৃত কার্ডটির ধরন বর্ণনা কর। ৩
ঘ. গ্রাহক হিসেবে জনাব সোহাগের ক্ষেত্রে ব্যাংক আমানতের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ঘ | ৩ | গ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | খ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | খ | ২০ | গ | ২১ | খ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ঘ |

## সৃজনশীল

### ফিন্যান্স অংশ

**প্রশ্ন ▶ ০১** 'ক' অর্থায়ন ব্যবস্থায় দেশের সার্বিক উন্নয়নে বিভিন্ন খাতসমূহে অর্থ ব্যয় করা হয়। এই অর্থ ব্যবস্থায় প্রথমে ব্যয়ের পরিমাণ নির্ধারণ করে সে অনুযায়ী তহবিল সংগ্রহের লক্ষমাত্রা ঠিক করা হয়। পক্ষান্তরে 'খ' অর্থায়ন ব্যবস্থায় আমদানি ও রপ্তানির খাতসমূহ বিশ্লেষণ এবং এ সংক্রান্ত ঘাটতি ব্যবস্থাপনা আলোচিত হয়।

ক. অর্থায়ন কী নিয়ে কাজ করে? ১

খ. অর্থায়নের উপযুক্ততার নীতি কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'ক' অর্থায়ন ব্যবস্থাপনায় অর্থায়নের ধরন বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের 'ক' অর্থায়ন ব্যবস্থাপনার মাধ্যমে বাণিজ্য ঘাটতি নিরসন করা যায়– মূল্যায়ন কর। ৪

#### ১নং প্রশ্নের উত্তর

**ক** অর্থায়ন তহবিল ব্যবস্থাপনা নিয়ে কাজ করে।

**খ** উপযুক্ততার নীতি বলতে স্বল্পমেয়াদি উৎস থেকে চলতি মূলধন এবং দীর্ঘমেয়াদি উৎস থেকে স্থায়ী মূলধন সংগ্রহের নীতিকে বুঝায়।

এ নীতি অনুসারে ব্যবসায়ের যেসব ব্যয় নিয়মিত হয় সেগুলো স্বল্পমেয়াদী উৎস থেকে সংগ্রহ করা হয়। এবং বিভিন্ন স্থায়ী ব্যয় যেমন– মেশিন ক্রয়, দালানকোঠা নির্মাণ প্রভৃতি ব্যয়ের জন্য দীর্ঘমেয়াদি উৎস ব্যবহার করা হয়। সাধারণত বাণিজ্যিক ব্যাংক, বিনিয়োগ ব্যাংক ও বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান এ দীর্ঘমেয়াদি অর্থ দেয়। ব্যবসায়ের দৈনন্দিন ব্যয় নির্বাহে যদি দীর্ঘমেয়াদি উৎস ব্যবহার করা হয় তাহলে প্রতিষ্ঠানের দায় বেড়ে যায়। ফলে প্রতিষ্ঠান দেউলিয়া ঘোষিত হতে পারে। তাই প্রতিষ্ঠান মূলধন সংগ্রহের ক্ষেত্রে উপযুক্ততার নীতি অনুসরণ করে।

**গ** উদ্দীপকের 'ক' অর্থায়ন হচ্ছে সরকারি অর্থায়ন।

প্রতিটি সরকারের একটি অর্থ ব্যবস্থাপনা আছে। একটি সরকারের প্রেক্ষাপটে তার বার্ষিক ব্যয় কোন কোন খাতে কী পরিমাণে হবে এবং সেই অর্থ কোন কোন উৎস থেকে সংগ্রহ করা যাবে, তা সরকারি অর্থায়নে আলোচনা করা হয়। সরকারকে দেশের সার্বিক উন্নয়নে অনেক খাতসমূহে অর্থ ব্যয় করতে হয়। যেমন : রাস্তাঘাট, সেতু, সরকারি হাসপাতাল, শিক্ষাপ্রতিষ্ঠান, আইন শৃঙ্খলা ও প্রতিরক্ষা ইত্যাদি। এই ব্যয় নির্বাহের জন্য সরকারকে বিভিন্ন উৎস হতে অর্থ সংগ্রহ করতে হয়। যেমন : আয়কর, মূল্য সংযোজন কর, আমদানি ও রপ্তানি শুল্ক সঞ্চয়পত্র, ট্রেজারি বিল ইত্যাদি।

উদ্দীপকে 'ক' অর্থ ব্যয় করা হয়। এই অর্থব্যবস্থায় প্রথমে ব্যয়ের পরিমাণ নির্ধারণ করে সে অনুযায়ী তহবিল সংগ্রহ করে লক্ষমাত্রা ঠিক করা হয়।

সুতরাং বলা যায় যে, এটি মূলত সরকারি অর্থায়ন। সরকারি অর্থায়নের মূল লক্ষ্য হচ্ছে সমাজকল্যাণ।

**ঘ** উদ্দীপকে 'খ' অর্থায়ন (আন্তর্জাতিক অর্থায়ন) ব্যবস্থাপনার মাধ্যমে বাণিজ্য ঘাটতি নিরসন করা যায়।

এ অর্থায়নে আমদানি-রপ্তানি খাত এবং বাণিজ্য ঘাটতি নিয়ে আলোচনা করা হয়। আমদানির পরিমাণ রপ্তানি অপেক্ষা বেশি হলে নিজ দেশ হতে অর্থ বিদেশে চলে যায়। আবার, রপ্তানির পরিমাণ আমদানি অপেক্ষা বেশি হলে বিদেশ থেকে নিজ দেশে অর্থ আসে। আমদানির চেয়ে রপ্তানি কম হলে বাণিজ্য ঘাটতি দেখা দেয়।

উদ্দীপকে 'খ' অর্থায়ন ব্যবস্থা আমদানি ও রপ্তানি খাতসমূহ বিশ্লেষণ করে। এ অর্থায়ন ব্যবস্থা বাণিজ্য ঘাটতি নিয়েও আলোচনা করে। অর্থাৎ, 'খ' অর্থায়ন ব্যবস্থাপনার ধরন হলো আন্তর্জাতিক অর্থায়ন।

বাংলাদেশে প্রচুর পরিমাণ খাদ্যসামগ্রী, কাঁচামাল, মেশিনারিজ, ঔষধ ইত্যাদি আমদানি করা হয়। আবার, বাংলাদেশ থেকে পাটজাত দ্রব্য, তৈরি পোশাক, কৃষিজাত দ্রব্য ইত্যাদি রপ্তানি করা হয়। রপ্তানি থেকে আমদানি বেশি হয় বলে আমাদের দেশে প্রতি বছর বিরাট অঙ্কের বাণিজ্য ঘাটতি দেখা যায়। এ ঘাটতি পূরণে উদ্দীপকের 'খ' এর মতো আন্তর্জাতিক অর্থায়ন কাজ করে। আন্তর্জাতিক অর্থায়ন এ ঘাটতি পূরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে। এ অর্থায়ন বাণিজ্য ঘাটতির সাথে প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স সমন্বয় করে। এভাবেই উদ্দীপকের 'খ' নামক আন্তর্জাতিক অর্থায়ন ব্যবস্থাপনা বাণিজ্য ঘাটতি নিরসন করে।

**প্রশ্ন ▶ ০২** ABC কোম্পানি লিমিটেড ১৮% হারে ৮০ লক্ষ টাকা ৫ বছর মেয়াদি বন্ড বিক্রয় করে মূলধন সংগ্রহ করে এবং উক্ত মেয়াদকালীন সময়ে নগদ আন্তঃপ্রবাহ না থাকায় কোম্পানিটি দেনা পরিশোধে ব্যর্থ হয়।

ক. কোন বাজারে সহজে শেয়ারে ক্রেতা পাওয়া যায়? ১

খ. ঝুঁকিমুক্ত আয় কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ABC কোম্পানির সৃষ্ট ঝুঁকির ধরন বর্ণনা কর। ৩

ঘ. ABC কোম্পানি লিমিটেডের ক্ষেত্রে ঝুঁকির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

#### ২নং প্রশ্নের উত্তর

**ক** সেকেন্ডারি মূলধনি বাজারে সহজে শেয়ার ক্রেতা পাওয়া যায়।

**খ** যে প্রকৃত আয় সবসময় প্রত্যাশিত আয়ের সমান হয়, তাকে ঝুঁকিমুক্ত আয় বলে।

কোনো দেশের সরকার কর্তৃক ইস্যুকৃত ট্রেজারি বিল ও ট্রেজারি বন্ড থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত আয় হিসাবে গণ্য হয়। এসব খাতে বিনিয়োগ থেকে নির্দিষ্ট হারে আয় পাওয়া যায়। ঝুঁকিমুক্ত আয় ঝুঁকি প্রিমিয়াম পাওয়ার কোনো সুযোগ থাকে না।

**গ** উদ্দীপকে ABC কোম্পানির সৃষ্ট ঝুঁকিটি হলো আর্থিক ঝুঁকি।

ঋণকৃত মূলধন মেয়াদ শেষে সুদসহ ফেরত প্রদানের অক্ষমতাই হলো আর্থিক ঝুঁকি। বহিস্থ উৎস থেকে অর্থায়নের ফলে এ ঝুঁকির সৃষ্টি হয়। ঋণ মূলধনের জন্য সুদ প্রদান করা বাধ্যতামূলক। প্রতিষ্ঠান এ দায় পরিশোধে ব্যর্থ হলে আর্থিক ঝুঁকি দেখা দেয়।

উদ্দীপকে বলা হয়েছে যে, ABC কোম্পানি লিমিটেড ১৮% হারে ৮০ লক্ষ টাকা ৫ বছর মেয়াদি বন্ড বিক্রয় করে মূলধন সংগ্রহ করে এবং উক্ত মেয়াদকালীন সময়ে নগদ আন্তঃপ্রবাহ না থাকার কোম্পানিটি দেনা পরিশোধে ব্যর্থ হয়। কারণ, আমাদের সেকেন্ডারি মূলধনি বাজারে যত সহজে শেয়ারের ক্রেতা পাওয়া যায়, তত সহজে বন্ড ডিবেঞ্চারের ক্রেতা পাওয়া যায় না। তাই ক্ষেত্রে বিনিয়োগ নগদান করা সময়সাধ্য ও ব্যয়বহুল হয়ে ওঠে।

**ঘ** ABC কোম্পানি লিমিটেডের ঝুঁকির তাৎপর্য নিচে বিশ্লেষণ করা হলো–

উদ্দীপকে বলা হয়েছে যে, ABC কোম্পানি লিমিটেড ১০% হারে ৮০ লক্ষ টাকা ৫ বছর মেয়াদি বন্ড বিক্রয় করে মূলধন সংগ্রহ করে এবং উক্ত মেয়াদকালীন সময়ে নগদ আন্তঃপ্রবাহ না থাকায় কোম্পানিটি দেনা পরিশোধে ব্যর্থ হয়।

যেকোনো কোম্পানির সাফল্য তথা সার্বিক উদ্দেশ্য সাধনে ঝুঁকির প্রভাব রয়েছে। পূর্বেই বলা হয়েছে প্রত্যাশার বাইরে কোনো কিছু ঘটার সম্ভাবনাকেই ঝুঁকি বলে। ফলে ব্যবসা প্রতিষ্ঠানের পরিকল্পনা প্রণয়নের সময়েই ভবিষ্যতের সম্ভাব্য ঘটনাসমূহ বিচার বিশ্লেষণ করে সেই অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করলে অপ্রত্যাশিত ঝুঁকি হতে বাঁচা যায়।

ব্যবসায় প্রতিষ্ঠানের মুনাফা অর্জন নির্ভর করে পণ্যের বাজার চাহিদার উপর। ফলে ব্যবসায় শুরু করার আগেই প্রতিটি প্রতিষ্ঠানের বাজার চাহিদা সম্পর্কিত বিচার বিশ্লেষণ করে বাস্তবসম্মত চাহিদার অনুমান করে সেই অনুযায়ী ব্যবসায় পরিচালনা ও বাস্তবায়ন করতে হয়। বাজারের প্রকৃত চাহিদার অনুযায়ী চাহিদা থেকে কম বা বেশি হতে পারে। কোনো কারণে প্রকৃত বিক্রয় অনুমেয় থেকে খুব কম হলে পর্যাপ্ত মুনাফা অর্জন সম্ভব হয় না।

উপরোক্ত আলোচনা হতে বলা যায় যে, উদ্দীপকে বিনিয়োগকারীর জন্য উক্ত বন্ড বিক্রয় বা শেয়ার আয় থেকে প্রায় আয় বা তার উদ্যোগটি একটি ঝুঁকিবহুল উদ্যোগ হিসেবে গণ্য হবে।

**প্রশ্ন ▶ ০৩** জনাব আজাদ তার অবসরকালীন সুবিধার ২৫,০০,০০০ টাকা 'তিতাস ব্যাংক' ৮% হারে ১০ বছরের জন্য স্থায়ী হিসাবে জমা রাখার সিদ্ধান্ত গ্রহণ করেন। অপরদিকে 'বিজনা ব্যাংক' তাকে ৯% হারে উক্ত টাকার মাসিক চক্রবৃদ্ধি প্রস্তাব করে।

ক. অর্থের সময়মূল্যের মূল কারণ কী? ১
খ. অর্থের সুযোগ ব্যয় কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আজাদ মেয়াদান্তে তিতাস ব্যাংক থেকে কত টাকা পাবেন? ৩
ঘ. জনাব আজাদের কোন ব্যাংকে টাকা রাখা অধিকতর যুক্তিযুক্ত? যুক্তি দাও। ৪

### ৩নং প্রশ্নের উত্তর

**ক** অর্থের সময়মূল্যের মূল কারণ হলো সুদের হার।

**খ** কোনো একটি প্রকল্পে অর্থ বিনিয়োগ করার ফলে অন্য কোনো প্রকল্পে অর্থ বিনিয়োগের সুযোগ ত্যাগ করাকেই অর্থের সুযোগ ব্যয় বলা হয়।

প্রত্যেকটি প্রকল্পেরই সুযোগ ব্যয় থাকে। কেননা বিনিয়োগকারীকে একটি প্রকল্পে বিনিয়োগ করতে হলে অন্য একটি প্রকল্পের বিনিয়োগ থেকে প্রাপ্ত মুনাফার হারকে ত্যাগ করতে হয়। অর্থের সময়মূল্যের সূত্র ব্যবহার করে সুযোগ ব্যয় নির্ণয় করা যায়।

**গ** মেয়াদান্তে 'তিতাস ব্যাংক' থেকে প্রাপ্ত টাকার পরিমাণ :

দেওয়া আছে,

বর্তমান মূল্য, (PV) = ২৫,০০,০০০ টাকা
সুদের হার, (i) = ৮% = ০.০৮
বছরে চক্রবৃদ্ধির সংখ্যা, (m) = ১২ বার [∵ মাসিক চক্রবৃদ্ধি]
সময় (n) = ১০ বছর

আমরা জানি,

$$\text{ভবিষ্যৎ মূল্য, (FV)} = PV (১ + i)^{n}$$
$$= ২৫,০০,০০০ \times (১ + ০.০৮)^{১০}$$
$$= ২৫,০০,০০০ \times ২.১৫৮৯২$$
$$= ৫৩,৯৭,৩০০ \text{ টাকা}$$

∴ 'তিতাস ব্যাংকে' অর্থ জমা রাখলে মেয়াদ শেষে আজাদ সাহেব ৫৩,৯৭,৩০০ টাকা পাবেন।

**ঘ** জনাব আজাদের যে ব্যাংকে টাকা রাখা অধিক যুক্তিযুক্ত তা নির্ধারণ করতে 'বিজনা ব্যাংক' এর ভবিষ্যৎ মূল্য নির্ণয় করতে হবে :

দেওয়া আছে,

বর্তমান মূল্য, (PV) = ২৫,০০,০০০ টাকা
সুদের হার, (i) = ৯% = ০.০৯
বছরে চক্রবৃদ্ধির সংখ্যা, (m) = ১২ বার [মাসিক চক্রবৃদ্ধি]
সময় (n) = ১০ বছর

আমরা জানি,

$$\text{ভবিষ্যৎ মূল্য, FV} = (PV) \left(১ + \frac{i}{m}\right)^{n \times m}$$
$$= ২৫,০০,০০০\left(১ + \frac{০.০৯}{১২}\right)^{১০ \times ১২}$$
$$= ২৫,০০,০০০ \times ২.৪৫১৩৬$$
$$= ৬১,২৮,৪০০ \text{ টাকা}$$

∴ জনাব আজাদ মেয়াদান্তে তিতাস ব্যাংক থেকে ৫৩,৯৭,৩০০ টাকা পাবেন। অন্যদিকে, তিনি বিজনা ব্যাংক থেকে মেয়াদ শেষে ৬১,২৮,৪০০ টাকা পাবেন অর্থাৎ (৬১,২৮,৪০০ − ৫৩,৯৭,৩০০) = ৭,৩১,১০০ টাকা বেশি পাবেন। তাই জনাব আজাদের বিজনা ব্যাংকে টাকা জমা রাখা উচিত।

**প্রশ্ন ▶ ০৪** সুমি এন্ড ব্রাদার্স এর গড় মুনাফার হার ৪০% লক্ষমাত্রায় নির্ধারণ করা হলো। এ লক্ষ্যে ৩ বছর মেয়াদি একটি প্রকল্পে ১২,০০,০০০ টাকা বিনিয়োগ করলো। আগামী ৩ বছরের প্রাক্কলিত বিক্রয় যথাক্রমে ৭ লক্ষ, ৮ লক্ষ এবং ৯ লক্ষ টাকা। অনুমিত হয় যে, প্রতি বছর বিক্রয়ের ৪০% চলতি খরচ হবে। প্রাক্কলিত বার্ষিক অবচয় ১,০০,০০০ টাকা এবং কর হার ৩০%।

ক. মূলধন বাজেটিং এর ব্যর্থতার দায়ভার নিতে হয় কাকে? ১
খ. পণ্য বৈচিত্র্যায়ণ কী? ব্যাখ্যা কর। ২
গ. সুমি এন্ড ব্রাদার্সের প্রকল্পের নিট মুনাফা নির্ণয় কর। ৩
ঘ. গড় মুনাফার হারের ভিত্তিতে সুমি এন্ড ব্রাদার্সের প্রকল্পটিতে বিনিয়োগ যথার্থ হয়েছে কি-না তা মূল্যায়ন কর। ৪

### ৪নং প্রশ্নের উত্তর

**ক** মূলধন বাজেটিং-এর ব্যর্থতার দায়ভার নিতে হয় প্রতিষ্ঠানের অর্থ ব্যবস্থাপককে।

**খ** একই ব্যবসায়ে বিভিন্ন প্রকার পণ্য সমাহার ঘটিয়ে ঝুঁকি কমানোর ব্যবস্থাকে বলা হয় পণ্য বৈচিত্র্যায়ণ।

ব্যবসায়ের ভবিষ্যৎ সর্বদাই অনিশ্চিত থাকে। ব্যবসায়ে বৈচিত্র্যকরণ নিশ্চিত করতে পারলে ঝুঁকি কমে। কেননা একটি পণ্য থেকে ক্ষতি হলে অন্য পণ্যের মুনাফা দিয়ে তা পুষিয়ে নেওয়া সম্ভব হয়। তাই ঝুঁকি বণ্টনের মাধ্যমে সফলতা নিশ্চিত করতে পণ্য বৈচিত্র্যায়ণের প্রয়োজন।

**গ** সুমি এন্ড ব্রাদার্সের প্রকল্পের নিট মুনাফা নির্ণয় :

| পরিমাণ (টাকায়) | | | |
|---|---|---|---|
| বিবরণ | বছর-১ | বছর-২ | বছর-৩ |
| ক্রয় | ৭,০০,০০০ | ৮,০০,০০০ | ৯,০০,০০০ |
| চলতি খরচ (বিক্রয়ের ৪০%) | (২,৮০,০০০) | (৩,২০,০০০) | (৩,৬০,০০০) |
| অবচয় | (১,০০,০০০) | (১,০০,০০০) | (১,০০,০০০) |
| করযোগ্য মুনাফা | ৩,২০,০০০ | ৩,৮০,০০০ | ৪,৪০,০০০ |
| কর (৩০%) | (৯৬,০০০) | (১,১৪,০০০) | (১,৩২,০০০) |
| নিট মুনাফা | ২,২৪,০০০ | ২,৬৬,০০০ | ৩,০৮,০০০ |

∴ নিট মুনাফা যাত্রাক্রমে ২,২৪,০০০, ২,৬৬,০০০ এবং ৩,০৮,০০০ টাকা।

**ঘ** সুমি এন্ড ব্রাদার্স এর গড় মুনাফার হার নির্ণয় :

$$\text{গড় নিট মুনাফা} = \frac{২,২৪,০০০ + ২,৬৬,০০০ + ৩,০৮,০০০}{৩} \text{ টাকা}$$

$$= \frac{৭,৯৮,০০০}{৩} \text{ টাকা}$$

$$= ২,৬৬,০০০ \text{ টাকা।}$$

$$\text{গড় বিনিয়োগ} = \frac{১২,০০,০০০ + ০}{২} = ৬,০০,০০০ \text{ টাকা}$$

আমরা জানি,

$$\text{গড় মুনাফার হার} = \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$$

$$= \frac{২,৬৬,০০০}{৬,০০,০০০} \times ১০০$$

∴ মুনাফার হার = ৪৪.৩৩৩%

অতএব, গড় মুনাফার হারের ভিত্তিতে সুমি এন্ড ব্রাদার্সের বিনিয়োগটি যথার্থ হয়েছে।

**প্রশ্ন ▶ ০৫** জনাব মুত্তাকিন A ও B দুটি প্রকল্পে তার মূলধন বিনিয়োগ করেছেন। কিন্তু মূলধনের অপর্যাপ্ততার কারণে তিনি একটি প্রকল্পের কার্যক্রম বন্ধ করে দেয়ার সিদ্ধান্ত নেন। প্রকল্প দুটির বিগত ৪ বছরের আয়ের পরিমাণ নিম্নরূপ :

| সাল | প্রকল্প | |
|---|---|---|
| | A | B |
| ২০১৮ | ২৪% | ১২% |
| ২০১৯ | ২৩% | ১৭% |
| ২০২০ | − ৯% | ১৫% |
| ২০২১ | ২২% | ১৬% |

ক. ব্যবসায় প্রতিষ্ঠানের মুনাফা অর্জন কীসের উপর নির্ভর করে? ১
খ. তারল্য ঝুঁকি কী? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প A এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. কোন প্রকল্পটি বন্ধ করে দেয়া উচিত এবং কেন? যুক্তি দাও। ৪

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায় প্রতিষ্ঠানের মুনাফা অর্জন নির্ভর করে পণ্যের বাজার চাহিদার উপর।

**খ** একজন বিনিয়োগকারী যদি প্রত্যাশিত মূল্যে বাজারে শেয়ার, বন্ড, বা ডিবেঞ্চার বিক্রি করতে না পারে তখন তারল্য ঝুঁকি সৃষ্টি হয়।

বিনিয়োগকারী শেয়ার, বন্ড বা ডিবেঞ্চারের বিনিয়োগের পর নগদ অর্থের প্রয়োজন অনুভব করতে পারেন। কিন্তু কোনো কারণে যদি বিনিয়োগকারী সহজে এবং উপযুক্ত মূল্যে এ বিনিয়োগকৃত অর্থ নগদে রূপান্তর করতে না পারে তখন তারল্য ঝুঁকি সৃষ্টি হয়। এ ধরনের ঝুঁকি আর্থিক বাজারে আকার ও কাঠামোর উপর নির্ভর করে।

**গ** প্রকল্প 'A' এর আদর্শ বিচ্যুতি নির্ণয় :

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয়–গড়) | ব্যবধানের বর্গ |
|---|---|---|---|
| ২০১৮ | ২৪ | (২৪ − ১৫) = ৯ | ৮১ |
| ২০১৯ | ২৩ | (২৩ − ১৫)= ৮ | ৬৪ |
| ২০২০ | − ৯ | (− ৯ − ১৫) = − ২৪ | ৫৭৬ |
| ২০২১ | ২২ | (২২ − ১৫) = ৭ | ৪৯ |
| যোগফল = | ৬০% | ব্যবধানের বর্গের যোগফল = | ৭৭০ |
| গড় আয় | (৬০ ÷ ৪) = ১৫% | ব্যবধানের বর্গের গড় = $= \frac{৭৭০}{(n - ১)} = \frac{৭৭০}{(৪ - ১)}$ | = ২৫৬.৬৭ |

$$\therefore \text{ আদর্শ বিচ্যুতি} = \sqrt{২৫৬.৬৭}$$
$$= ১৬.০৩\%$$

অতএব A প্রকল্পের আদর্শ বিচ্যুতি ১৬.০৩%

**ঘ** উদ্দীপকের যে প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত তা জানতে হলে দুটি প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করতে হবে।

'B'প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় :

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয়–গড়) | ব্যবধানের বর্গ |
|---|---|---|---|
| ২০১৮ | ১২ | (১২ − ১৫) = − ৩ | ৯ |
| ২০১৯ | ১৭ | (১৭ − ১৫)= ২ | ৪ |
| ২০২০ | ১৫ | (১৫ − ১৫) = ০ | ০ |
| ২০২১ | ১৬ | (১৬ − ১৫) = ১ | ১ |
| যোগফল = | ৬০% | ব্যবধানের বর্গের যোগফল = | ১৪ |
| গড় আয় | (৬০ ÷ ৪) = ১৫% | ব্যবধানের বর্গের গড় $= \frac{১৪}{(n - ১)} = \frac{১৪}{(৪ - ১)}$ | = ৪.৬৭ |

$$\therefore \text{ B প্রকল্পের আদর্শ বিচ্যুতি} = \sqrt{৪.৬৭}$$
$$= ২.১৭\%\text{।}$$

উদ্দীপকের A প্রকল্পের আদর্শ বিচ্যুতি ১৬.০৩% এবং গড় আয় ১৫% (গ হতে)। B প্রকল্পের আদর্শ বিচ্যুতি ২.১৭% এবং গড় আয় ১৫%। এ ক্ষেত্রে B প্রকল্পটি অধিক আয়যুক্ত এবং কম ঝুঁকিবহুল এবং A প্রকল্পের আয় কম এবং এটি বেশি ঝুঁকিবহুল। তাই A প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত।

**প্রশ্ন ▶ ০৬** মামুন এন্ড ব্রাদার্সের হাতে দুটি প্রকল্প আছে। প্রতিটি প্রকল্পে প্রাথমিক বিনিয়োগের পরিমাণ ১,১২,০০০ টাকা। প্রকল্পের মেয়াদ ৫ বছর এবং প্রকল্পদ্বয়ের নগদ আন্তঃপ্রবাহের পরিমাণ নিম্নরূপ :

| বছর | নগদ আন্তঃপ্রবাহ | |
|---|---|---|
| | প্রকল্প-ক | প্রকল্প-খ |
| ১ | ৪০,০০০ | ৩০,০০০ |
| ২ | ৬০,০০০ | ৪০,০০০ |
| ৩ | ৪০,০০০ | ২৫,০০০ |
| ৪ | ৫৫,০০০ | ৫০,০০০ |
| ৫ | ৫০,০০০ | ৭০,০০০ |

ক. মূলধন বাজেটিং এর পদ্ধতি কয়টি? ১
খ. পে-ব্যাক পিরিয়ড পদ্ধতি কেন এত জনপ্রিয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে প্রকল্প 'ক' এর পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩
ঘ. পে-ব্যাক সময় বিবেচনায় কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত? মতামত দাও। ৪

### ৬নং প্রশ্নের উত্তর

**ক** মূলধন বাজেটিং এর পদ্ধতি চারটি।

**খ** প্রকল্পে বিনিয়োগকৃত টাকা কত দিনে ফেরত আসবে তা নির্ণয় করার জন্য যে পদ্ধতি ব্যবহার করা হয় তাকে পে-ব্যাক পদ্ধতি বলে।

ব্যবসায়ের বিনিয়োগ বা প্রকল্প থেকে আগত আন্তঃপ্রবাহগুলো যদি সমান হয় তবে বিনিয়োগ কৃত টাকাকে বার্ষিক নগদ প্রবাহ দিয়ে ভাগ করলে পে-ব্যাক সময় নির্ণয় করা যায়। তাই এটি বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের একটি জনপ্রিয় পদ্ধতি।

**গ** 'ক' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় :

প্রকল্প-ক

| বছর | বার্ষিক নগদ প্রবাহ (টাকায়) | ক্রমযোজিত নগদ প্রবাহ (টাকায়) |
|---|---|---|
| ০ | − ১,১২,০০০ | − ১,১২,০০০ |
| ১ | ৪০,০০০ | − ৭২,০০০ |
| ২ | ৬০,০০০ | − ১২,০০০ |
| ৩ | ৪০,০০০ | ২৮,০০০ |
| ৪ | ৫৫,০০০ | ৮৩,০০০ |
| ৫ | ৫০,০০০ | ১,৩৩,০০০ |

$$\therefore \text{পে-ব্যাক সময়} = ২ + \frac{১২,০০০}{৪০,০০০} \text{ বছর} = (২ + ০.৩০) \text{ বছর}$$
$$= ২.৩০ \text{ বছর}$$

**ঘ** পে-ব্যাক সময় বিবেচনায় যে প্রকল্পটি গ্রহণ করা উচিত তা নির্ণয় করতে 'খ' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করতে হবে।
'খ' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় :

| বছর | বার্ষিক নগদ প্রবাহ (টাকায়) | ক্রমযোজিত নগদ প্রবাহ (টাকায়) |
|---|---|---|
| ০ | − ১,১২,০০০ | − ১,১২,০০০ |
| ১ | ৩০,০০০ | − ৮২,০০০ |
| ২ | ৪০,০০০ | − ৪২,০০০ |
| ৩ | ২৫,০০০ | − ১৭,০০০ |
| ৪ | ৫০,০০০ | − ৩৩,০০০ |
| ৫ | ৭০,০০০ | ১,০৩,০০০ |

$$\therefore \text{পে-ব্যাক সময়} = ৩ + \frac{১৭,০০০}{৫০,০০০} \text{ বছর} = (৩ + ০.৩৪) \text{ বছর}$$
$$= ৩.৩৪ \text{ বছর}$$

∴ 'ক' প্রকল্পের পে-ব্যাক সময় ২.৩০ বছর। ['গ' নং হতে]
এবং 'খ' প্রকল্পের পে-ব্যাক সময় ৩.৩৪ বছর। আর যে প্রকল্পের পে-ব্যাক সময় যত কম, সেটি তত বেশি গ্রহণযোগ্য এবং সেজন্য আমাদের 'ক' প্রকল্পটি গ্রহণ করা উচিত।

## ব্যাংকিং অংশ

**প্রশ্ন ▶ ০৭** নিচে দুইটি ব্যাংকের কার্যাবলি দেওয়া হলো :

| ব্যাংক | কার্যাবলিসমূহ |
|---|---|
| ক | মুদ্রা প্রচলন ও ঋণ নিয়ন্ত্রণ করে। |
| খ | বিনিয়োগের আকার, মেয়াদ হার, উৎপাদনশীলতা ও লাভজনকতা বিবেচনা করে ঋণ প্রদান করে। |

ক. ঝুঁকিবহুল ব্যবসায় কোনটি? ১
খ. ব্যাংক কীভাবে কর্মসংস্থান করে? ২
গ. কার্যভিত্তিক শ্রেণিবিভাগের ভিত্তিতে উদ্দীপকের 'ক' ব্যাংকের ধরন বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের 'খ' ব্যাংকের ক্ষেত্রে ব্যাংকিং ব্যবসার মূলনীতি বিশ্লেষণ কর। ৪

### ৭নং প্রশ্নের উত্তর

**ক** ঝুঁকিবহুল ব্যবসায় হলো ব্যাংকিং ব্যবসায়।

**খ** ব্যাংক হচ্ছে কর্মসংস্থান সৃষ্টির অন্যতম হাতিয়ার।

ব্যাংক তার কার্যাবলি সম্পাদনের জন্য প্রচুর লোক নিয়োগ দেয়। এছাড়া ব্যাংকের সাহায্যে দেশে বিভিন্ন বাণিজ্যিক ও শিল্প কারখানা গড়ে ওঠে। এসব স্থানে প্রচুর লোকের কাজের সুযোগ তৈরি হয়। ফরে দেশে বেকারত্ব হ্রাস পায়। আর এভাবেই ব্যাংক কর্মসংস্থান সৃষ্টি করে থাকে।

**গ** কার্যভিত্তিক শ্রেণিবিভাগের ভিত্তিতে উদ্দীপকের 'ক' ব্যাংকটি হলো কেন্দ্রীয় ব্যাংক। নিচে কেন্দ্রীয় ব্যাংকের ধরন বর্ণনা করা হলো–

কেন্দ্রীয় ব্যাংক দেশের সব ব্যাংকের পরিচালক ও নিয়ন্ত্রক। গোটা ব্যাকিং ব্যবস্থার প্রাণকেন্দ্র। কেন্দ্রীয় ব্যাংক মুদ্রাবাজারকে সুসংগঠিত আকারে পরিচালিত করার উদ্দেশ্যেই গঠিত। সাধারণত মুদ্রা প্রচলন, অর্থ সরবরাহ তথা ঋণ নিয়ন্ত্রণের বিশেষ ক্ষমতা ও দায়িত্বে কেন্দ্রীয় ব্যাংক নিয়োজিত। যেমন বাংলাদেশে 'বাংলাদেশ ব্যাংক', ইংল্যান্ডে 'ব্যাংক অব ইংল্যান্ড' জাপানে 'ব্যাংক অব জাপান' কেন্দ্রীয় ব্যাংক হিসেবে কার্যরত রয়েছে।

উপরোক্ত আলোচনা হতে বলা যায় যে, উদ্দীপকে উল্লিখিত 'ক' ব্যাংকটি হলো কেন্দ্রীয় ব্যাংক এটি দেশের সার্বিক উন্নয়নে ভূমিকা পালন করে থাকে।

**ঘ** উদ্দীপকের 'খ ব্যাংক' ব্যাংকিং ব্যবসায়ের বিনিয়োগ ও ঋণ মঞ্জুরের নীতি মেনে চলে।

ব্যাংকিং ব্যবসায়ের ঝুঁকি মোকাবিলা করার জন্য ব্যাংক কতগুলো মৌলিক নীতিমালা অনুসরণ করে। বিনিয়োগের নীতি অনুযায়ী ব্যাংক বিনিয়োগের আকার, মেয়াদ ও সুদের হার যাচাই করে অর্থ বিনিয়োগ করে। ঋণ মঞ্জুর নীতি অনুযায়ী ব্যাংক ঋণদানের পূর্বে প্রকল্পের উৎপাদনশীলতা ও লাভজনকতা যাচাই করে।

উদ্দীপকে 'ক' ব্যাংক মুদ্রা প্রচলন ও ঋণ নিয়ন্ত্রণ করে। অন্যদিকে, 'খ' ব্যাংক বিনিয়োগের আকার, মেয়াদ, সুদের হার, উৎপাদনশীলতা ও লাভজনকতা বিবেচনা করে ঋণ প্রদান করে।

ব্যাংক আমানতকারীকে জমাকৃত অর্থে ওপর নির্দিষ্ট হারে সুদ প্রদান করে। এই সুদ হলো ব্যাংকের বিনিয়োগ থেকে প্রাপ্ত আয়ের একটি অংশ। বিনিয়োগ থেকে সুষ্ঠু নগদ প্রবাহ সৃষ্টি করতেই 'খ' ব্যাংক বিনিয়োগের আকার, মেয়াদ ও সুদের হার বিবেচনা করে। আবার ব্যাংক গ্রাহকের জমাকৃত অর্থের নিরাপত্তা নিশ্চিত করে। তাই 'খ' ব্যাংক ঋণদানের পূর্বে ঋণ মঞ্জুরের নীতি অনুযায়ী বিনিয়োগের উৎপাদনশীলতা ও লাভজনকতা যাচাই করে। এ নীতির কারণেই ব্যাংক অনুৎপাদনশীল ও অনিশ্চিত খাতে ঋণ মঞ্জুর করে না। তাই বলা যায়, উদ্দীপকের 'খ' ব্যাংক বিনিয়োগ নীতি ও ঋণ মঞ্জুরের নীতি অনুসরণ করে।

**প্রশ্ন ▸ ০৮** জনাব কামাল চালের ব্যবসায় করেন। তিনি ব্যাংকে একটি হিসাব খোলেন যার মাধ্যমে তিনি ঋণ সুবিধার পাশাপাশি ইলেকট্রনিক ব্যাংকিং সেবা নিতে পারেন। ব্যাংকটি কেন্দ্রীয় ব্যাংকের অধীনস্ত একটি ব্যাংক।

ক. ব্যাংকিং ব্যবসায়ের তহবিলের মূল উৎস কী? ১
খ. ইন্টারনেট ব্যাংকিং কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব কামাল ব্যাংকে যে হিসাব খুলেছেন তার ধরন বর্ণনা কর। ৩
ঘ. গ্রাহক হিসাবে জনাব কামালের ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে বিবেচ্য বিষয় মূল্যায়ন কর। ৪

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যাংকিং ব্যবসায় তহবিলের মূল উৎস হলো ব্যাংক আমানত।

**খ** ইন্টারনেট ব্যাংকিং একটি ব্যাংকিং সেবা বা পদ্ধতি, যার মাধ্যমে উন্নতর ইলেকট্রনিক প্রযুক্তি ব্যবহার করে অতিদ্রুত, নির্ভর এবং ব্যাপক সেবা দেওয়া সম্ভব।

ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে মুহূর্তেই লেনদেন করা সম্ভব এবং এতে ২৪ ঘণ্টা ব্যাংকিং সুবিধা পাওয়া যায়। ইন্টারনেট ব্যাংকিং প্রাচীন ব্যাংকিং পদ্ধতি, শ্রএ্যানির্ভর, সীমিত সেবা সম্বলিত মনথর ও কাগজপত্রের জমাকৃত গতানুগতিক ব্যাংকিং পদ্ধতির অবসান ঘটায়।

**গ** জনাব কামাল যে ব্যাংক হিসাব খুলেছেন তা হলো চলতি হিসাব।

যে হিসাবের মাধ্যমে প্রতিদিন বা সপ্তাহে যতবার খুশি টাকা জমা রাখা যায় এবং প্রয়োজনমতো চাহিবামাত্র যতবার খুশি টাকা উত্তোলন করা যায়, তাকে চলতি হিসাব বলে। ব্যবসায়ীদের জন্য এ হিসাব সুবিধাজনক এবং এ হিসাবে সাধারণত কোনো সুদ প্রদান করা যায় না। এই হিসাবে জমাতিরিক্ত টাকা উত্তোলন করা যায়।

উদ্দীপকে বলা হয়েছে যে, জনাব কামাল চালের ব্যবসায় করেন। তিনি ব্যাংকে একটি হিসাব খোলেন যার মাধ্যমে তিনি ঋণ সুবিধার পাশাপাশি ইলেকট্রনিক ব্যাংকিং সেবা নিতে পারেন।

উপরোক্ত আলোচনা হতে বলা যায় যে, জনাব কামালের ব্যাংক হিসাবটি হলো চলতি হিসাব। এ হিসাবে টাকা জমা, উত্তোলন এবং প্রয়োজনে ঋণ গ্রহণ করা যায়।

**ঘ** উদ্দীপকের আলোকে জনাব কামালের ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে গ্রাহকের বিবেচ্য বিষয়সমূহ মূল্যায়ন করা হলো–

আমানতকারী সাধারণত হিসাব খোলার পূর্বে তার ব্যবসায়িক কেন্দ্রস্থল বা নিজস্ব বাসস্থান ইত্যাদির সাথে ব্যাংকের অবস্থান বিবেচনা করে থাকে এবং আমানতকারী সাধাণত হিসাব খোলার পূর্বে তার ব্যবসায়িক কেন্দ্রস্থল বা নিজস্ব বাসস্থান ইত্যাদির সাথে ব্যাংকের অবস্থান বিবেচনা করে থাকে। ব্যাংকের কর্মচারীদের দক্ষতা ব্যাংকে হিসাব খোলার একটি অন্যতম বিবেচ্য বিষয় হিসেবে বিবেচিত ব্যাংক বহুমুখী সেবা প্রদান করে হিসাব খোলার ক্ষেত্রে সে ব্যাংকই উপযোগী। একটি ব্যাংকের সকল শাখা বৈদেশিক মুদ্রা বিনিময়ে অংশগ্রহণ করতে পারে না। যে ব্যাংক বৈদেশিক মুদ্রা বিনিময়ে অনুমতিপ্রাপ্ত সেই ব্যাংকেই হিসাব খোলা উচিত। ব্যাংকের সুনাম হিসাব খোলার ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করে থাকে। যে ব্যাংক সবার পরিচিত এবং অনেক দিনের পুরাতন, সেই ব্যাংকের 'সুনাম' ভালো। অধিক শাখাসম্পন্ন ব্যাংক গ্রাহকের জন্য উপযোগী। বাংলাদেশ ব্যাংক দেশের কেন্দ্রীয় ব্যাংক হিসেবে ভালো ভালো বাণিজ্যিক ব্যাংককে তালিকাভুক্ত ব্যাংক হিসাবে স্বীকৃতি দেয়। যেসব ব্যাংকের ঋণ প্রদানের নীতি অপেক্ষাকৃত নমনীয়, সেসব ব্যাংক অপেক্ষাকৃত পছন্দনীয়। যে ব্যাংকের আমানতের সুদ তুলনামূলকভাবে উচ্চ এবং ঋণের সুদ তুলনামূলকভাবে স্বল্প তা গ্রাহকদের নিকট বেশি গ্রহণীয়।

উপরে উদ্দীপকের আলোকে ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে গ্রাহকের বিবেচ্যগুলোর প্রতিফলন হয়েছে।

**প্রশ্ন ▸ ০৯** 'মেঘলা ব্যাংক' রুবি কোম্পানিকে একটি মেশিন ক্রয়ের সময় জাপানের কিয়াম এন্টারপ্রাইজকে অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা করে দেয়। উক্ত ব্যাংক রুবি কোম্পানির একটি বিলের অর্থ মেয়াদ পূর্তির পূর্বেই পরিশোধ করে দেয়। তাছাড়া কোম্পানির মূল্যবান দলিল নিরাপত্তার জন্য মেঘলা ব্যাংকে জমা রাখে। মেঘলা ব্যাংক অর্জিত মুনাফার সবটুকু শেয়ারহোল্ডারদের মধ্যে বণ্টন না করে অংশবিশেষ ভবিষ্যতের জন্য মূলধন হিসেবে জমা রাখে।

ক. বাণিজ্যিক ব্যাংকের পরোক্ষ উদ্দেশ্য কোনটি? ১
খ. ব্যাংক কীভাবে বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২
গ. মেঘলা ব্যাংকের তহবিলের উৎস কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. মেঘলা ব্যাংক-এর প্রধান কার্যাবলি বিশ্লেষণ কর। ৪

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** বাণিজ্যিক ব্যাংকের পরোক্ষ উদ্দেশ্যটি হলো জনকল্যাণ।

**খ** বাণিজ্যিক ব্যাংক অর্থ ও অর্থের মূল্যে পরিমাপযোগ্য দলিল দ্বারা বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে।

চেক, ক্রেডিট কার্ড, ব্যাংক ড্রাফট, পে-অর্ডার ইত্যাদি হলো ব্যাংক সৃষ্ট বিনিময় মাধ্যম। এই সব দলিল ও উপকরণ দ্বারা সহজে অর্থ লেনদেন করা যায়। উপরোক্ত দলিল ও উপকরণের প্রচলন ঘটিয়ে বাণিজ্যিক ব্যাংক বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে।

**গ** উদ্দীপকের মেঘনা ব্যাংকটি হচ্ছে 'বাণিজ্যিক ব্যাংক'। নিম্নে বাণিজ্যিক ব্যাংকের তহবিলের উৎস ব্যাখ্যা করা হলো–

বাণিজ্যিক ব্যাংক সাধারণত নিম্নলিখিত উৎস তেকে তার তহবিল সংগ্রহ করে থাকে। এর কিছু বহিস্থ উৎস আর কিছু অভ্যন্তরীণ উৎস।

ব্যাংকের প্রাথমিক ও প্রধান উৎস হচ্ছে পরিশোধিত মূলধন। অংশীদারি কারবারি প্রতিষ্ঠান হলে মালিকগণ নিজেরা মূলধন সরবরাহ করে এবং যৌথ মূলধনি প্রতিষ্ঠান হলে শেয়ার ইস্যু করে মূলধন গঠন করা হয়। প্রতিবছর মুনাফার একটি অংশ শেয়ারহোল্ডার বা মালিকগণের মধ্যে বণ্টন না করে ভবিষ্যতের জন্য সঞ্চয় করে রাখা হয় তাকে সংরক্ষিত তহবিল বলে। এই অর্থ ভবিষ্যতে মূলধন হিসেবে ব্যবহার করা হয়ে থাকে। বাণিজ্যিক ব্যাংকের তহবিলের একটি গুরুত্বপূর্ণ বাহ্যিক উৎস

হচ্ছে আমানত। ব্যাংক বিভিন্ন মেয়াদে আমানত গ্রহণ করে থাকে, যা আমানতকারীরা একত্রে তুলে নেয় না, ফলে ব্যাংক এ অর্থ ঋণ অথবা বিনিয়োগ হিসেবে ব্যবসায়ে খাটিয়ে মুনাফা অর্জন করে থাকে। বাণিজ্যিক ব্যাংকসমূহ কেন্দ্রীয় ব্যাংক এবং অন্যান্য বাণিজ্যিক ব্যাংকগুলো হতে ঋণ নিতে পারে। আবার সিকিউরিটি বা ঋণপত্র বিক্রয় করেও মুদ্রা বাজার হতে তহবিল সংগ্রহ করে থাকে।

অতএব, উপরিউক্ত উৎস দ্বারা বাণিজ্যিক ব্যাংকের তহবিল সংগৃহীত হয়।

**ঘ** মেঘনা ব্যাংকের ন্যায় বাণিজ্যিক ব্যাংকগুলোর প্রধান কার্যাবলির মধ্যে রয়েছে আমানত গ্রহণ ও ঋণদান, আমদানি-রপ্তানিতে সাহায্য ইত্যাদি।

বাণিজ্যিক ব্যাংক মুনাফা অর্জনের লক্ষ্যে পরিচালিত হয়। মুনাফা অর্জনের জন্য এ ব্যাংক প্রধানত আমানত গ্রহণ করে তা ঋণ হিসেবে প্রদান করে। এছাড়া গ্রাহকের প্রয়োজন অনুযায়ী বিনিময়ের মাধ্যম সৃষ্টি, অছি হিসেবে কাজ করা, বিনিময় বিল ভাঙানোর মতো কার্যাবলি সম্পন্ন করে।

উদ্দীপকের 'মেঘলা ব্যাংক' রুবি কোম্পানিকে একটি মেশিন ক্রয়ের সময় জাপানের 'কিয়াম' এন্টারপ্রাইজকে অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা করে দেয়। উক্ত ব্যাংক রুবি কোম্পানির একটি বিলের অর্থ মেয়াদপূর্তির পূর্বেই পরিশোধ করে দেয়। তাছাড়া কোম্পানির মূল দলিলপত্র নিরাপত্তার জন্য মেঘলা ব্যাংকে জমা রাখে। মেঘলা ব্যাংকের ন্যায় বাণিজ্যিক ব্যাংক আমদানি-রপ্তানিতে প্রত্যয়পত্র ইস্যু করে সহায়তা করে। এটি বাণিজ্যিক ব্যাংকের প্রধান কার্যাবলি আমদানি-রপ্তানিতে সাহায্য কাজকে নির্দেশ করে। রুবি কোম্পানিকে মেয়াদের পূর্বে বিলের অর্থ পশিোধের মাধ্যমে মেঘলা ব্যাংক বিনিময় বিল ভাঙানোর কার্যাবলি সম্পন্ন করেছে। তাছাড়া মেঘলা ব্যাংক রুবি কোম্পানিকে লকার সেবাও প্রদান করেছে। তাই বলা যায়, উল্লিখিত সেবাগুলোই বাণিজ্যিক ব্যাংক হিসেবে মেঘলা ব্যাংকের প্রধান কার্যাবলি।

**প্রশ্ন ▸ ১০** কোম্পানি আইনের আওতায় গঠিত হয় গোমতী ব্যাংক। জনাব শরীফের ঢাকায় ইলেকট্রনিকসের একটি ব্যবসায় রয়েছে। তিনি গোমতী ব্যাংকে হিসাব খোলেন যাতে তিনি অর্থ জমা ও উত্তোলন করতে পারেন এবং প্রয়োজনে ঋণ নিতে পারেন। ব্যাংকটি জনাব শরীফের পক্ষে ব্যবসায়িক বিভিন্ন চুক্তিও সম্পাদন করে থাকে।

ক. কোন প্রতিষ্ঠান বাংলাদেশে মুদ্রা প্রচলন করে? ১
খ. স্কুল ব্যাংকিং কী? ব্যাখ্যা কর। ২
গ. মালিকানাভিত্তিক শ্রেণি অনুযায়ী 'গোমতী ব্যাংক' কোন ধরনের ব্যাংক? বর্ণনা কর। ৩
ঘ. ব্যাংক গ্রাহকদের প্রেক্ষাপটে গোমতী ব্যাংকের উদ্দেশ্য বিশ্লেষণ কর। ৪

### ১০নং প্রশ্নের উত্তর

**ক** বাংলাদেশ ব্যাংক বাংলাদেশে মুদ্রা প্রচলন করেন।

**খ** স্কুল পর্যায়ের ছাত্র-ছাত্রীদেরকে সঞ্চয়ে উৎসাহিত করার জন্য ব্যাংক যে বিশেষ হিসাবের সুযোগ দেয় তাকে স্কুল ব্যাংকিং বলা হয়।

স্কুল ব্যাংকিং এর ক্ষেত্রে স্কুলে ব্যাংকের শাখা খোলা হয়। শিক্ষার্থীরা উক্ত শাখায় স্কুল সঞ্চয়ী হিসাব খুলে তাদের সঞ্চিত টাকা জমা রাখতে পারে। এটি ছাত্র-ছাত্রীদের মধ্যে মিতব্যয়িতা ও সঞ্চয় প্রবণতা তৈরি করে।

**গ** মালিকানাভিত্তিক শ্রেণি অনুযায়ী 'গোমতী ব্যাংক' হলো একটি 'যৌথ মূলধনি কোম্পানি ব্যাংক'।

কোম্পানি আইনের আওতায় যে ব্যাংকের মূলধন গঠিত হয় এবং পরিচালিত ও নিয়ন্ত্রিত হয় তাকে যৌথ মূলধনি কোম্পানি ব্যাংক বলা হয়। উদ্দীপকে বলা হয়েছে যে, কোম্পানি আইনের আওতায় গঠিত হয় গোমতী ব্যাংক। জনাব শরীফের ঢাকায় ইলেকট্রনিকসের একটি ব্যবসায় রয়েছে। তিনি গোমতী ব্যাংকে হিসাব খোলেন যাতে তিনি অর্থ জমা ও উত্তোলন করতে পারেন এবং প্রয়োজনে ঋণ নিতে পারেন। ব্যাংকটি জনাব শরীফের পক্ষে ব্যবসায়িক চুক্তিও সম্পাদন করে থাকে।

যৌথ মূলধনী ব্যাংক হচ্ছে একটি মালিকানাভিত্তিক ব্যাংক। এটি সাধারণত যৌথভাবে মূলধন গঠন করে থাকে এবং এটি যৌথ মালিকানায় পরিচালিত এবং নিয়ন্ত্রিত হয়।

**ঘ** ব্যাংক গ্রাহকদের প্রেক্ষাপটে গোমতী ব্যাংকের উদ্দেশ্য হলো আমানত গ্রহণ এবং প্রতিনিধি ও অছি হিসেবে কাজ করা।

ব্যাংকের মালিক, ব্যবস্থাপক, গ্রাহক ও সরকার হলো ব্যাংকের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন পক্ষ। ব্যাংক তার গ্রাহকদের প্রেক্ষাপটে বিভিন্ন উদ্দেশ্য বাস্তবায়ন করে। গ্রাহকের পক্ষে ব্যাংক আমানত সংগ্রহ করে ও অর্থের নিরাপত্তা দেয়। এছাড়াও ব্যাংক উপদেষ্টা ও পরামর্শদাতা, প্রতিনিধি ও অছি, অর্থ স্থানান্তর ইত্যাদি কাজ সম্পন্ন করে।

উদ্দীপকে জনাব শরীফ একজন ইলেকট্রনিক পণ্যের ব্যবসায়ী। গোমতী ব্যাংকে তার একটি হিসাব রয়েছে। উক্ত হিসাবের বিপরীতে তিনি অর্থ জমা ও উত্তোলন করতে পারেন। তার প্রয়োজনে ঋণও গ্রহণ করতে পারেন। ব্যাংকটি জনাব শরীফের পক্ষে বিভিন্ন ব্যবসয়িক চুক্তিতে অংশগ্রহণ করে থাকে।

ব্যাংক গ্রাহকের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় সংগ্রহ করে বিভিন্ন ধরনের আমানত সৃষ্টি করে। জনাব শরীফও তার ব্যাংক হিসাবে অর্থ জমা দিয়ে আমানত গঠনে সহায়তা করেছে। এ আমানতের বিপরীতে তিনি ব্যাংকিং সেবা, ঋণ সুবিধা, সুদ আয় ইত্যাদি সুবিধা ভোগ করতে পারবেন। আবার, ব্যাংক সেবার মূল্য গ্রহণের বিনিময়ে গ্রাহকের প্রতিনিধি ও অছি হিসেবে কাজ করে। তারই অংশ হিসেবে গোমতী ব্যাংক জনাব শরীফের পক্ষে ব্যবসায়িক চুক্তিতে অংশগ্রহণ করে। তাই বলা যায়, উদ্দীপকের গোমতী ব্যাংক জনাব শরীফের পক্ষে আমানত সংগ্রহ এবং প্রতিনিধি ও অছি হিসেবে কাজ করেছে।

**প্রশ্ন ▸ ১১** জনাব সোহাগ উদ্বৃত্ত অর্থ ব্যাংক হিসাবে জমা রাখেন। একটি সুপারশপে কেনাকাটা শেষে তিনি একটি বিশেষ কার্ডের মাধ্যমে মূল্য পরিশোধ করেন। কার্ডের বিপরীতে তার ব্যাংক হিসাবে কোনো টাকা জমা ছিল না।

ক. মেয়াদি আমানতের সর্বনিম্ন মেয়াদ কত? ১
খ. ডিপিএস (DPS) কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব সোহাগের ব্যবহৃত কার্ডটির ধরন বর্ণনা কর। ৩
ঘ. গ্রাহক হিসেবে জনাব সোহাগের ক্ষেত্রে ব্যাংক আমানতের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** মেয়াদি আমানতের সর্বনিম্ন মেয়াদ এক মাস।

**খ** যে হিসাবের মাধ্যমে প্রতি মাসে নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট পরিমাণ টাকা জমা দিতে হয়, তাকে ডিপোজিট স্কিম পেনশন বা (DPS) বলে।

এভাবে দীর্ঘমেয়াদে জমাকৃত অর্থ মেয়াদ শেষে এককালীন সুদসহ ফেরত দেওয়া হয়। যেমন– প্রতিমাসে ১০০, ২০০ বা ৫০০ টাকা থেকে যেকোনো অঙ্কের সাপ্তাহিক বা মাসিক ভিত্তিতে এ হিসাবে জমা হতে পারে। পরবর্তীতে একটি নির্দিষ্ট মেয়াদান্তে সুদসহ জমাকারীকে ফেরত দেওয়া হয়। মুদ্রা বিনিয়োগকারীদের জন্য এটি বিশেষ গুরুত্ব বহন করে।

**গ** উদ্দীপকের জনাব সোহাগের ব্যবহৃত কার্ডটি হচ্ছে ক্রেডিট কার্ড।

এটা একধরনের ইলেকট্রনিক প্লাস্টিক কার্ড, যা ব্যাংক তার গ্রাহকের জন্য ইস্যু করে থাকে। এই কার্ডের মাধ্যমে নগদ টাকা ছাড়াই গ্রাহক কেনাকাটা করতে পারে এবং প্রয়োজনে এটিএম মেশিন থেকে নগদ টাকা উত্তোলন করতে পারে। হিসাবে জমা না থাকলেও ক্রেডিট কার্ডের মাধ্যমে বাকিতে মালামাল ক্রয় করার সুযোগ থাকে।

উদ্দীপকে সোহাগ উদ্বৃত্ত অর্থ ব্যাংক হিসাবে জমা রাখেন। একটি সুপারশপে কেনাকাটা শেষে তিনি একটি বিশেষ কার্ডের মাধ্যমে মূল্য পরিশোধ করেন। কার্ডের বিপরীতে তার ব্যাংকে কোনো টাকা জমা ছিল না। এটি হলো ক্রেডিট কার্ড, ক্রেডিট কার্ড একধরনের ব্যক্তিগত ঋণ, যা নির্দিষ্ট সময়ান্তে গ্রাহককে সুদসহ পরিশোধ করতে হয়। এ ক্ষেত্রে ব্যাংকে হিসাব থাকার বাধ্যবাধকতা নেই।

**ঘ** উদ্দীপকের জনাব সোহাগের ক্ষেত্রে ব্যাংক আমানত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

ব্যাংক আমানতের মাধ্যমে গ্রাহকরা তাদের উদ্বৃত্ত অর্থ নিরাপদে সংরক্ষণ করতে পারেন। এছাড়া ব্যাংক আমানত ঝুঁকিহীন বিনিয়োগের অন্যতম একটি মাধ্যম। এই আমানতে বিনিয়োগের বিপরীতে গ্রাহক নির্দিষ্ট হারে সুদ পেয়ে থাকে।

উদ্দীপকের জনাব সোহাগ তার উদ্বৃত্ত অর্থ ব্যাংকে জমা রাখেন। একটি সুপার শপে গিয়ে তিনি প্রয়োজনীয় পণ্য কেনাকাটা করেন। কেনাকাটার বিল তিনি তার একটি বিশেষ কার্ডের মাধ্যমে পরিশোধ করেন। উক্ত কার্ডের বিপরীতে তার ব্যাংক হিসাবে কোনো টাকা জমা ছিল না।

ব্যাংক আমানত গ্রাহকের প্রেক্ষাপটে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ব্যাংক আমানতের মাধ্যমে জনাব সোহাগের মতো গ্রাহক অর্থের নিরাপদ সংরক্ষণ নিশ্চিত করতে পারে। উদ্বৃত্ত অর্থ ব্যাংক আমানতের মাধ্যমে ঝুঁকিহীনভাবে বিনিয়োগ করে মুনাফা অর্জন করতে পারে। এছাড়া ব্যবসায় কর্মকাণ্ডে জড়িত গ্রাহকগণ ব্যাংক আমানতের মাধ্যমে বিভিন্ন মেয়াদে ঋণ নিতে পারেন। এতে ব্যবসায়িক কর্মকাণ্ড সক্রিয় রাখা সহজ হয়। এছাড়া একজন সাধারণ গ্রাহকও আমানতের মাধ্যমে সাধারণ ব্যাংকিং সেবা নিতে পারেন। তাই বলা যায়, সোহাগের মতো গ্রাহকদের জন্য ব্যাংক আমানতের গুরুত্ব অনেক।